মার্কিন যুক্তরাষ্ট্রে ১৯৭৭-এ প্রথম এই পলিসি চালু হয়। পরিবর্তনশীল জীবন বীমা হলো এক ধরনের ''পূর্ণ জীবন'' পলিসি যাতে মৃত্যুর কারণে বেনিফিট ও নগদ মূল্য ওঠানামা করে যেখানে প্রিমিয়াম দেওয়া হয়েছে সেই বিশেষ বিনিয়োগ আমানতে বিনিয়োগ পারফরমেন্সের ভিত্তিতে।এই ভাবে পলিসি সুদের হার বা ন্যূনতম নগদ মূল্যের নিরিখে কোনো গ্যারান্টি দেয় না। **তাত্ত্বিকভাবে বললে নগদ মূল্য শূন্যে নেমে যেতে পারে, সেক্ষেত্রে পলিসি বাতিল হয়ে যাবে।**

প্রচলিত নগদ মূল্যের পলিসির সঙ্গে পার্থক্য সুস্পষ্ট। একটা প্রচলিত নগদ মূল্য পলিসির একটা ফেস অ্যামাউন্ট থাকে যা পলিসির মেয়াদকাল জুড়েই থেকে যায়। নগদ মূল্য বাড়ে প্রিমিয়াম দিয়ে এবং একটা নির্দিষ্ট হারে সুদের বিনিময়ে। পলিসির ব্যাকিং সম্পত্তি একটা **সাধারণ বিনিয়োগ আমানতের** অংশ হয় যেখানে বীমাকারক এর গ্যারান্টি করা পন্যের তহবিল বজায় রাখে। এই সম্পত্তিগুলি সুরক্ষিত বিনিয়োগের পোর্টফোলিওতে বসানো থাকে। বীমাকারক সেইভাবে এই অ্যাকাউন্টের সম্পত্তির উপর বলিষ্ঠ হারে রিটার্নের আশা করতে পারেন।

উলটোদিকে একটা পরিবর্তনশীল জীবন বীমা নীতির পলিসি মজুতের প্রতিনিধিত্বকারী সম্পত্তি রাখা হয় একটা **পৃথক তহবিলে** যা এর সাধারণ বিনিয়োগ আমানতের অংশ হয় না। মার্কিন যুক্তরাষ্ট্রে একে একটা পৃথক আমানত বলা হয় আবার কানাডায় এটা হলো একটা বিযুক্ত আমানত। বেশিরভাগ পরিবর্তনশীল পলিসিগুলিই পলিসিহোল্ডারদের বিভিন্ন পৃথক আমানত থেকে বাছাই করে নেওয়ার ও অন্তত এক বছর পর তাঁদের সেই পছন্দ বদলানোর সুযোগ দেয়।

সংক্ষেপে, একটা পলিসি রয়েছে যাতে নগদ মূল্য জীবন বীমা কোম্পানির একটা আলাদা আমানতে জমা করা হয়, এবং মৃত্যুর কারণে নেনিফিট ও নগদ মূল্য বিনিয়োগের অভিজ্ঞতার নিরিখে ওঠানাম করে। এই পলিসি একটা ন্যূনতম মৃত্যুকালীন সুবিধা দেয় যার জন্য মৃত্যুহার এবং খরচের ঝুঁকি বহন করে বীমা কোম্পানিই। প্রচলিত পূর্ণ জীবন বীমার আওতায় প্রিমিয়ামগুলি স্থায়ী থাকে। প্রচলিত পূর্ণ জীবন পলিসির সঙ্গে এর মৌলিক পার্থক্য হলো এর বিনিয়োগ ফ্যাক্টর।

যাঁরা তাদের পছন্দ মতো তহবিল ভাণ্ডারে তাঁদের সম্পত্তি বিনিয়োগ করতে চান এবং তাঁদের পোর্টফোলিওর অনুকূলবিনিয়োগকর্মক্ষমতা থেকে সরাসরি বিনিয়োগ পেতে চান তাঁদের কাছে পরিবর্তনশীল জীবন বীমা পছন্দসই বাছাই হয়ে দাঁড়িয়েছে। এগুলি কেনার জন্য প্রধান শর্ত হলো ক্রেতাকে অবশ্যই পলিসির বিনিয়োগ ঝুঁকি বহন করতে সক্ষম ও ইচ্ছুক হবেন। এ থেকেই বোঝা যায় যে পরিবর্তনশীল জীবন বীমা পলিসিগুলি সাধারণত সেই সব মানুষেরই কেনা উচিত, ইক্যুইটি/ঋণ বিনিয়োগ ও বাজারের ওঠানামা সম্পর্কে যাঁদের জানাবোঝা আছে এবং যাঁরা এব্যাপারে স্বচ্ছন্দ। এর জনপ্রিয়তা অবশ্যই বিনিয়োগ বাজারের পরিস্থির উপরেই নির্ভর করে – বাজার যখন তেজি থাকে তখন বাড়ে আবার স্টক ও বন্ড পড়ে গেলে কমে যায়। পরিবর্তনশীল জীবন বীমার বিপণনের সময় বাজারের এই চঞ্চলতা মাথায় রাখতে হবে।

### ii. ইউনিট সংযুক্ত বীমা

ইউনিট সংযুক্ত প্ল্যানগুলি ইউলিপ নামেও পরিচিত। অনেক বাজারেই প্রচলিত প্ল্যানগুলিকে সরিয়ে দিয়ে এই ইউলিপ অন্যতম জনপ্রিয় ও উল্লেখযোগ্য পন্য হিসেবে উঠে এসেছে। গ্রেট ব্রিটেনে এই প্ল্যানগুলি চালু হয়েছে একটা স্থিতিশীল বিনিয়োগ পরিস্থিতির মধ্যে যার ফলস্বরূপ জীবন বীমা কোম্পানিগুলি সাধারণ ইক্যুইটি লাভ করেছে এবং বড় মূলধনী বৃদ্ধি ও লাভ হয়েছে। ইক্যুইটিতে

আরো বেশি বিনিয়োগের প্রয়োজন অনুভূত হয়েছে এবং আরো কার্যকরী ও ন্যায়সঙ্গত পদ্ধতিতে পলিসিহোল্ডারদের বেনিফিট দিতে পেরেছে।

প্রচলিতগুলির সঙ্গে মুনাফা (অংশগ্রহণকারী) পলিসিগুলি জীবন বীমা অফিসের বিনিয়োগ পারফরম্যান্সের কিছু সংযোগ করার সুযোগ দেয়। এই সংযোগ যদিও প্রত্যক্ষ নয়। পলিসিহোল্ডারের বোনাস নির্ভর করে সম্পত্তি ও দায়বদ্ধতার পর্যায়ক্রমিক (সাধারণত বার্ষিক) মূল্যায়ন এবং ঘোষিত উদ্বৃত্তের উপর, যা মূল্যনির্ধারণ আহিলকারির বিবেচনার উপর নির্ভর করে।

মূল্যনির্ধারণ প্রক্রিয়ার জটিলতা হলো চুক্তির অধীনে দেওয়া গ্যারান্টির জন্য ভাতা। ফলে বোনাস বীমাকারীর ঘোষিত সম্পত্তির মুল্যে সরাসরি প্রতিফলিত হয় না। এমনকি উদ্বৃত্ত ঘোষণার পরও জীবন বীমাকারক বোনাস বরাদ্দ নাও করতে পারে কিন্তু সেটাকে মুক্ত সম্পত্তি হিসেবে তৈরি করতে পারে যা বিকাশ ও সম্প্রসারণে কাজে লাগানো যায়।

এই সব কারণেই পলিসি সঙ্গে যুক্ত বোনাস খুবই সতর্ক ও দুরবর্তী উপায়ে বিনিয়োগ পারফরমেন্সকে অনুসরণ করে।

প্রথাগত পলিসিগুলি চালিত হয় যে মৌলিক যুক্তিতে তা হলো সময়ের সাথে মসৃণ বিনিয়োগ রিটার্ন। প্রান্তিক বোনাস ও যৌগিক বোনাস যেখানে বিনিয়োগকারীদের ইক্যুইটি ও অন্য উচ্চ ফলনশীল বিনিয়োগের সুবিধার একটা বড় অংশ ভোগের সুযোগ দেয়, তারপরও এগুলি জীবন বীমা অফিসের বিচার বিবেচনার উপর নির্ভরশীল থাকে, তারাই এই বোনাসগুলি ঘোষণা করে। বোনাস আবার সাধারণত বছরে একবারই ঘোষণা করা হয় কারণ মূল্যায়ণ করা হয় কেবলমাত্র বার্ষিক ভিত্তিতেই। তাই সম্পদের মূল্যের প্রতিদিনের ওঠানামা রিটার্নে কোনো প্রতিফলন ফেলবে না।

ইউনিট সংযুক্ত পলিসিগুলি উপরের এই উভয় সীমাবদ্ধতাই অতিক্রম করতে সাহায্য করে। **এই চুক্তিগুলির অধীনে বেনিফিটগুলি পুরোপুরি বা আংশিকভাবে নির্ধারতি হয় পেমেন্টের তারিখে পলিসিহোল্ডারের আমানতে জমা ইউনিটগুলির মূল্য দিয়ে।**

ইউনিট সংযুক্ত পলিসিগুলি এইভাবে একজন জীবন বীমাকারকের বিনিয়োগ পারফরমেন্সের বেনিফিটের উপর সরাসরি ও তত্‌ক্ষণাত্‌ নগদীকরণের সুযোগ করে দেয়। ইউনিটগুলি সাধারণত হয় একটা নির্দিষ্ট অনুমোদিত ইউনিট ট্রাস্টের অথবা কোম্পানির তত্ত্বাবধানে একটা বিচ্ছিন্ন (অভ্যন্তরীণ) তহবিলের। একটা একক প্রিমিয়াম দিয়ে বা নিয়মিত প্রিমিয়াম প্রদান করে ইউনিটগুলি কেনা যেতে পারে।

গ্রেট ব্রিটেন ও অন্যান্য বাজারে এই পলিসিগুলি বিকশিত হয়েছেএবং একটা সংযুক্ত বীমা উপাদান সহ বিনিয়োগ যান হিসেবে অবস্থান নির্ণয় করেছে। এগুলির কাঠামো লক্ষ্যণীয়ভাবেই প্রথাগত নগদ মূল্য চুক্তির থেকে আলাদা। আগেই আমরা বলেছি, পরেরগুলো হলো বান্ডলড। মেয়াদ, খরচ ও সঞ্চয় উপাদানের নিরিখে এগুলি অস্বচ্ছ। উলটোদিকে ইউনিট সংযুক্ত চুক্তিগুলি হলো আনবান্ডলড। বীমার জন্য প্রদেয় চার্জের নিরিখে সেগুলির কাঠামো স্বচ্ছ এবং খরচের উপাদন স্পষ্টভাবে নির্ধারিত থাকে।

**ডায়াগ্রাম 2 : প্রিমিয়ামের ব্রেক-আপ**




প্রিমিয়াম থেকে একবার চার্জ বাদ দেওয়া হয়ে গেলে আমানতের বাকিটা ও এর থেকে যে আয় ইউনিটে বিনিয়োগ হয়। এই ইউনিটগুলির মূল্য মূল কিছু পূর্ব-নির্ধারিত পারফরমেন্সের সূচনার নিরিখে স্থির হয়।

**মূল পয়েন্ট হলো যে এই মূল্য নির্ধারিত হয় একটা নিয়ম বা সূত্র মেনে যা আগে থেকেই ঠিক করা থাকে। সাধারণত ইউনিটগুলির মূল্য দেওয়া হয় নিট সম্পদ মূল্য (এনএভি) দিয়ে, যা সম্পদের মার্কেট ভ্যালু বা বাজার দরকে প্রতিফলিত করে যেখানে তহবিল বিনিয়োগ করা হয়। দুজন স্বাধীন মানুষ সূত্র মেনে একই বেনিফিট পেতে পারে।**

পলিসিহোল্ডার বেনিফিটগুলি এইভাবে জাতীয় বীমা কোম্পানির অনুমান ও বিচক্ষণতার উপর নির্ভর করে না।

ইউনিট সংযুক্ত পলিসিগুলির একটা স্নেহসঞ্চারক বৈশিষ্ট্য হলো বিভিন্ন ধরনের তহবিলের মধ্যে থেকে বাছাই করা সুবিধা, ইউনিট হোল্ডাররা যা ব্যবহার করতে পারেন। প্রত্যেকটা তহবিলের মিশ্র সম্পদের একটা ভিন্ন পোর্টফোলিও থাকে। বিনিয়োগকারীরা এইভাবে ঋণ, সুষম ও ইক্যুইটি তহবিল- একগুচ্ছ বাছাইয়ের মধ্য থেকে তাঁদের পছন্দ বেছে নেন। একটা ঋণ তহবিল বলতে বোঝায় সেই বিনিয়োগ যার অধিকাংশটাই গিল্ট ও বন্ডের মতো ঋণপত্রে প্রিমিয়াম। একটা ইক্যুইটি ফান্ড সেই ইউনিটগুলিকে বোঝায় যেগুলি প্রধানতই ইক্যুইটি আকারে। এই সমস্ত নানা ধরনের ক্যাটাগরির মধ্যে অন্য ধরনের বাছাইও থাকতে পারে।

| ইক্যুইটি তহবিল | ঋণ তহবিল | সুষম তহবিল | মূলধনী বাজার তহবিল |
|---|---|---|---|
| এই তহবিল অর্থের প্রধাণ অংশই বিনিয়োগ করে ইক্যুইটি ও ইক্যুইটি সম্পর্কিত সরঞ্জামে। | এই তহবিল অর্থের প্রধাণ অংশ বিনিয়োগ করে সরকারী বন্ড, কর্পোরেট বন্ড, ফিক্সড ডিপোজিট প্রভৃতিতে। | এই তহবিলটি বিনিয়োগ করে ইক্যুইটি ও ঋণ সরঞ্জামের একটা মিশ্রণে। | এই তহবিলটি অর্থ বিনিয়োগ করে মূলত সেই সরঞ্জাম যেমন ট্রেজারি বিল, সার্টিফিকেট অব ডিপোজিট, কমার্সিয়াল পেপার প্রভৃতিতে। |

একটা বৃদ্ধি তহবিল, প্রধানত বৃদ্ধি স্টকে বিনিয়োগ বা একটা সুষম তহবিল যা আয়ের চাহিদা ও মূলধনী লাভের মধ্য ভারসাম্য আনে তেমন বাছাইগুলির মধ্য থেকেও একজন একটাকে বাছাই করতে পারেন। আবার একজন সেক্টোরাল তহবিলও বাছতে পারেন যেখানে বিনিয়োগ করা হয় কেবলমাত্র নির্দিষ্ট ক্ষেত্র ও শিল্পেই। নির্বাচিত প্রত্যেকটি বাছাই-ই একজনের ঝুঁকির প্রোফাইল ও বিনিয়োগের চাহিদাকে প্রতিফলিত করে। এক বা একাধিক তহবিলের পারফরমেন্স যদি ঠিক মতো না হয় তাহলে এক ধরনের তহবিল থেকে আরেক ধরনের তহবিলে পরিবর্তন করার সুযোগও রয়েছে।

এই সমস্ত বাছাইগুলিও একটা যোগ্যতা বহন করে। একটা কার্যকরী পোর্টফোলিও রক্ষার প্রত্যাশার সময় জীবন বীমাকারক ইউনিট মূল্যের ব্যাপারে কোনো গ্যারান্টি দেন না।

এছাড়াও প্রচলিত প্ল্যান থেকে ভিন্নভাবে ইউনিট সংযুক্ত পলিসিগুলি আশ্বাস করা অর্থের উপর নয়,এগুলি কাজ করে একটা ন্যূনতম প্রিমিয়ামের ভিত্তিতে। বীমাকৃত সিদ্ধান্ত নেন নিয়মিত সময় অন্তরে তিনি যে পরিমাণ প্রিমিয়াম দিতে চান সে ব্যাপারে। **বীমার কভারটা হলো প্রদত্ত প্রিমিয়মের একটা গুণিতক।** বেশি ও কম কভারের মধ্যে থেকে বাছাই করার সুযোগ আছে বীমাকৃতের। প্রিমিয়ামের মধ্যে দুটো উপাদান থাকতে পারে – একটা গ্যারান্টিড তহবিলে (গ্রেট ব্রিটেনে স্টার্লিং তহবিল নামে পরিচিত)একটা মেয়াদী উপাদান বসানো যেতে পারে যা মৃত্যুর ক্ষেত্রে একটা ন্যূনতম কভার দেয়। প্রিমিয়ামের বাকিটা ব্যবহৃত হয় ইউনিট কিনতে যা মূলধনী বাজারে বিশেষ করে স্টক মার্কেটে বীমাকারক বিনিয়োগ করেছেন। মৃত্যুর ক্ষেত্রে বেনিফিটটা আশ্বস্ত মূল্য বা একজনের আমানতে থাকা তহবিল মূল্যের থেকে বেশি হবে। তহবিল মূল্য হলো ব্যক্তিগত আমানতে ইউনিটের সংখ্যার সঙ্গে ইউনিট মূল্যের গুণফল।

*নিজেকে যাচাই করুন* **2**

নিচের কোন বিবৃতিটি বেঠিক?

I. পরিবর্তনশীল জীবন বীমা একটি অস্থায়ী জীবন বীমা পলিসি
II. পরিবর্তনশীল জীবন বীমা একটি স্থায়ী জীবন বীমা পলিসি
III. পলিসির একটা নগদ মূল্য আমানত থাকে
IV. পলিসি মৃত্যুকালীন বেনিফিটের একটা ন্যূনতম নিশ্চয়তা দেয়

**সারসংক্ষেপ**

- জীবন বীমা পলিসির ক্ষেত্রে উদ্বেগের একটা সমালোচনামূলক পয়েন্ট হলো প্রতিযোগিতামূলক হারে ফেরত দেওয়ার ইস্যুটি যা আর্থিক বাজারের অন্যান্য সম্পদের সঙ্গে তুলনা করা যায়।
- প্রবনতাগুলির কিছু যা থেকে অপ্রচলিত জীবন বীমা পন্যের উর্ধ্বগতি আনতে পারে, তার মধ্যে পড়ে আনবান্ডলিং, বিনিয়োগ সংযুক্তি ও স্বচ্ছতা।
- সর্বজনীন জীবন বীমা হলো এক প্রকারের স্থায়ী জীবন বীমা, যার বৈশিষ্ট্য হলো এর নমনীয় প্রিমিয়াম, নমনীয় ফেস অ্যামাউন্ট ও মৃত্যুর ক্ষেত্রে বেনিফিটের পরিমাণ এবং এর মূল্য বিষয়ের আনবান্ডলিং।

- পরিবর্তনশীল জীবন বীমা হলো এক ধরনের ''পূর্ণ জীবন'' পলিসি যাতে মৃত্যুর কারণে বেনিফিট ও নগদ মূল্য ওঠানামা করে যেখানে প্রিমিয়াম দেওয়া হয়েছে সেই বিশেষ বিনিয়োগ আমানতের বিনিয়োগ পারফরমেন্সের ভিত্তিতে।
- ইউনিট সংযুক্ত প্ল্যানগুলি ইউলিপ নামেও পরিচিত। অনেক বাজারেই প্রচলিত প্ল্যানগুলিকে সরিয়ে দিয়ে এই ইউলিপ অন্যতম জনপ্রিয় ও উল্লেখযোগ্য পন্য হিসেবে উঠে এসেছে।
- ইউনিট সংযুক্ত প্ল্যানগুলিএকজন জীবন বীমাকারকের বিনিয়োগ পারফরমেন্সের বেনিফিটের উপর সরাসরি ও তৎক্ষণাৎ নগদীকরণের সুযোগ করে দেয়।

## মূল পরিভাষা

1. সর্বজনীন জীবন বীমা
2. পরিবর্তনশীল জীবন বীমা
3. ইউনিট সংযুক্ত বীমা
4. নিট সম্পদ মূল্য

## নিজেকে যাচাইয়ের উত্তরসমূহ

### উত্তর 1

সঠিক পছন্দ হলো II

সর্বজনীন জীবন বীমা হলো একটি অপ্রচলিত জীবন বীমা পন্য।

### উত্তর 2

সঠিক বাছাই হলো I

''পরিবর্তনশীল জীবন বীমা একটি অস্থায়ী জীবন বীমা পলিসি''-এই বিবৃতিটি বেঠিক।

সঠিক বিবৃতিটি হলো ''পরিবর্তনশীল জীবন বীমা একটি স্থায়ী জীবন বীমা পলিসি''।

## আত্মদর্শন প্রশ্নসমূহ

### প্রশ্ন 1

সম্পদের আন্ত-সময়গত বন্টন বলতে কী বোঝায়?

I. সঠিক সময় না আসা পর্যন্ত সম্পদের বন্টন স্থগিত
II. সময়ে সম্পদের বন্টন
III. সম্পদের অস্থায়ী বরাদ্দ
IV. সম্পদ বরাদ্দের বহুমুখীকরণ

### প্রশ্ন 2

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি প্রচলিত জীবন বীমা পন্যের একটা সীমাবদ্ধতা?

I. এই পলিসিগুলির উপর ফলন চড়া
II. প্রত্যর্পণ মূল্যে পৌঁছানোর স্পষ্ট ও দৃশ্যমান পদ্ধতি
III. সুনির্দিষ্ট নগদ ও সঞ্চয় মূল্যের উপাদান
IV. রিটার্নের হার বের করা সহজ নয়

**প্রশ্ন 3**

প্রথম কোথায় সর্বজনীন জীবন বীমা পলিসি চালু হয়েছিল?

I. মার্কিন যুক্তরাষ্ট্র
II. গ্রেট ব্রিটেন
III. জার্মানি
IV. ফ্রান্স

**প্রশ্ন 4**

নিম্নলিখিতগুলির মধ্যে কারা সবচেয়ে বেশি পরিবর্তনশীল জীবন বীমা কিনতে পারেন?

I. নির্দিষ্ট রিটার্ন চান এমন মানুষ
II. যাঁরা ঝুঁকি বিমুখ ও ইক্যুইটি নিয়ে নাড়াচাড়া করেন না এমন মানুষ
III. জানে বোঝেন এমন মানুষ যাঁরা ইক্যুইটির বিষয়ে সাবলীল
IV. সাধারণভাবে তরুণ

**প্রশ্ন 5**

ইউলিপ সম্পর্কে নিম্নলিখিত বিবৃতিগুলির কোনটি সঠিক?

I. ইউনিটগুলির মূল্য আগে থেকে নির্দিষ্ট করা একটা সূত্র দিয়ে নির্ধারিত হয়
II. বীমাকারকই বিনিয়োগের ঝুঁকি বহন করেন
III. এগুলির মেয়াদ, খরচ ও সঞ্চয় সরঞ্জামের নিরিখে ইউলিপ অস্বচ্ছ
IV. ইউলিপগুলি হলো বান্ডলড পন্য

**প্রশ্ন 6**

নিচের সবগুলিই পরিবর্তনশীল জীবন বীমার বৈশিষ্ট্য, ব্যতিক্রমটা হলো:

I. নমনীয় প্রিমিয়াম প্রদান
II. নগদ মূল্য গ্যারান্টিকৃত নয়
III. পলিসি মালিকই বেছে নেন কোথায় সঞ্চয় মহুত বিনিয়োগ করা হবে
IV. মৃত্যুকালীন ন্যূনতম বেনিফিটের গ্যারান্টি আছে

**প্রশ্ন 7**

সর্বজনীন জীবন বীমা সম্পর্কে নিচের কোনটা সঠিক?

বিবৃতি I: এটা পলিসি মালিককে প্রদান অদলবদল করার অনুমতি দেয়
বিবৃতি II:পলিসি মালিককে কিছু বাজার ভিত্তিক সূচকে বাঁধা রিটার্নের হারে আয় করার সুযোগ দেয়।

I. I সত্য

II. II সত্য
III. I এবং II উভয়ই সত্য
IV. I এবং II উভয়ই মিথ্যা

**প্রশ্ন 8**

ইউলিপ সম্পর্কে নিম্নলিখিতগুলির মধ্যে সবকটিই সঠিক, ব্যতিক্রম হলো:

I. বিভিন্ন ধরনের তহবিলের মধ্যে থেকে ইউনিট হোল্ডার বাছাই করে নিতে পারেন
II. জীবন বীমাকারক ইউনিট মূল্যের জন্য গ্যারান্টি দেন
III. একটা একক প্রিমিয়াম প্রদান করে বা নিয়মিত প্রিমিয়াম প্রদান করে ইউনিটগুলি কেনা যেতে পারে
IV. ইউলিপ পলিসির কাঠামো বীমা খরচ উপাদানের নিরিখে স্বচ্ছ

**প্রশ্ন 9**

আইআরডিএ-র নিয়ম অনুযায়ী একটা বীমা কোম্পানি ভারতে অনুমোদিত অপ্রচলিত সঞ্চয় জীবন বীমা পন্যেগুলির মধ্যে কোনটা দিতে পারে?

পছন্দ I: ইউনিট সংযুক্ত বীমা প্ল্যান
পছন্দ II: পরিবর্তনশীল বীমা প্ল্যান

I. শুধুমাত্র I
II. শুধুমাত্র II
III. I এবং II উভয়ই
IV. I –ও নয়, II–ও নয়

**প্রশ্ন 10**

জীবন বীমা পন্যের আনবান্ডলিং বলতে কী বোঝায়?

I. বন্ডের সঙ্গে জীবন বীমা পন্যের সংশ্লেষণ
II. ইকুইটির সঙ্গে জীবন বীমা পন্যের সংশ্লেষণ
III. সুরক্ষা ও সঞ্চয় উপাদানের মিশ্রণ
IV. সুরক্ষা ও সঞ্চয় উপাদানের বিচ্ছেদ

---

**আত্ম-দর্শন প্রশ্নের উত্তর সমূহ**

**উত্তর 1**

সঠিক উত্তরটি হলো II.

সম্পদের আন্ত-সময়গত বন্টন বলতে বোঝায় সময়ে সম্পদ বন্টন

**উত্তর 2**

সঠিক উত্তরটি হলো IV

প্রচলিত জীবন বীমা পন্যেরিটার্নের হার বের করা সহজ নয়।

**উত্তর 3**

সঠিক উত্তরটি হলো I

সর্বজনীন বীমা পলিসি প্রথম চালু হয়েছিল মার্কিন যুক্তরাষ্ট্রে।

**উত্তর 4**

সঠিক উত্তরটি হলো III

জানেন বোঝেন এমন মানুষ যাঁরা ইক্যুইটির বিষয়ে সাবলীল, সবচেয়ে বেশি তাঁরাই পরিবর্তনশীল জীবন বীমা কিনতে পারেন।

**উত্তর 5**

সঠিক উত্তরটি হলো III

মেয়াদ, খরচ ও সঞ্চয় সরঞ্জামের নিরিখে ইউলিপ স্বচ্ছ।

**উত্তর 6**

সঠিক উত্তরটি হলো I

পরিবর্তনশীল জীবন বীমায় প্রিমিয়াম প্রদান নির্দিষ্ট এবং অনমনীয় নয়।

**উত্তর 7**

সঠিক উত্তরটি হলো III

উভয় বিবৃতিই সত্য। প্রিমিয়াম প্রদানের নমনীয়তা হলো সর্বজনীন জীবন বীমার একটা বৈশিষ্ট্য। এই আকারের জীবন বীমা পলিসি মালিককে কিছু বাজার ভিত্তিক সূচকে বাঁধা রিটার্নের হারে আয় করার সুযোগ দেয়।

**উত্তর 8**

সঠিক উত্তরটি হলো II

ইউলিপের ক্ষেত্রে জীবন বীমাকারক ইউনিট মূল্যের কোনো গ্যারান্টি দেন না।

**উত্তর 9**

সঠিক উত্তরটি হলো III

আইআরডিএ-র নিয়ম অনুযায়ী ভারতে অনুমোদিত অপ্রচলিত সঞ্চয় জীবন বীমা পন্যের মধ্যে ইউনিট সংযুক্ত বীমা প্ল্যান ও পরিবর্তনশীল বীমা প্ল্যান অন্তর্ভুক্ত।

**উত্তর 10**

সঠিক উত্তরটি হলো IV

সুরক্ষা ও সঞ্চয় উপাদানের বিচ্ছেদ বলতে বোঝায় জীবন বীমা পন্যের আনবান্ডলিং।

# অধ্যায় 10

# জীবন বীমার আবেদন

**অধ্যায়ের ভূমিকা**

জীবন বীমা কোনো ব্যক্তিকে তার অকাল মৃত্যু থেকে শুধুমাত্র সুরক্ষাই দেয় না। পাশাপাশি এর আরো প্রয়োগ রয়েছে। পরিসমাপ্তি বীমা সুবিধা সম্পর্কে বিশ্বাস তৈরি করতেও এটা প্রয়োগ করা হতে পারে; এটাকে এমন একটা পলিসি তৈরি করতে কাজে লাগানো যেতে পারে যা কোনো শিল্পের মূল কর্মীদের কভার দেবে এবং বন্ধকীগুলির পরিশোধের জন্যও ব্যবহার করা যেতে পারে। জীবন বীমার এই বিভিন্ন ধরনের প্রয়োগগুলি সম্পর্কে আমরা সংক্ষেপে বর্ণনা দেবো।

**শিক্ষার ফলাফল**

| |
|---|
| A. জীবন বীমার আবেদন |

## A. *জীবন বীমার আবেদন*

### 1. বিবাহিত মহিলার সম্পত্তি আইন

একটা জীবন বীমা পলিসিতে ট্রাস্টের ধারণাটার প্রয়োজন হলো অ্যান্যুইটি সহ একটা জীবন বীমা পলিসির আওতায় বেনিফিটেরস্থানান্তর / উত্তরাধিকার উপর এস্টেট ডিউটির প্রয়োগ। ভারতে এস্টেট ডিউটি বিলোপ হওয়ায় ট্রাস্টের ধারণাটা বেশিদিন চলতে পারেনি, বিষয়টা বিস্তারিতভাবে বোঝার জন্য এটা উপকারী।

বিবাহিত মহিলার সম্পত্তি আইন, ১৮৭৪-র ৬ ধারা একটা জীবন বীমা পলিসির আওতায় স্ত্রী ও সন্তানদের সুরক্ষার সুবিধা দেয়। বিবাহিত মহিলার সম্পত্তি আইন, ১৮৭৪-র ৬ ধারা একটা ট্রাস্টের গঠনের সুযোগ দেয়।

**ডায়াগ্রাম 1 : এমডব্লিউপি আইনের আওতায় উপভোক্তা**




এটি উপস্থাপন করে যে একজন বিবাহিত পুরুষ তাঁর নিজের জীবনের উপর করা একটিবীমা কীভাবে তাঁর পলিসিকে প্রভাবিত করছে, এবং ফেস হিসেবে যাদের প্রকাশ করা আছে তাঁর স্ত্রী, অথবা তাঁর স্ত্রী এবং সন্তানদের, অথবা এদের যে কোনো কারোর বেনিফিটের জন্য, স্বার্থ অনুযায়ী যা প্রকাশিত সেটিকে সুনিশ্চিত করতে এবং তাঁর স্ত্রী, অথবা তাঁর স্ত্রী এবং সন্তানদের, অথবা এদের যে কাউকে ট্রাস্ট হিসেবে গণ্য করতে হবে, এবং যতদিন ট্রাস্টের কোনো আপত্তি থাকবে না, ততদিন পর্যন্ত, সেটি স্বামীর, অথবা তাঁর ঋণদাতাদের নিয়ন্ত্রণাধীন বিষয় থাকবে, অথবা তাঁর এস্টেটের অংশ হয়ে থাকবে।

#### a) এমডব্লিউপি আইনের অধীনে একটা পলিসির বৈশিষ্ট্য

i. প্রতিটি পলিসি একটা পৃথক ট্রাস্টে থাকবে। হয় স্ত্রী নয়তো সন্তান (১৮বছরের বেশি বয়স) একজন ট্রাস্টি হতে পারেন।

ii. পলিসিটি আদালতের ক্রোক, ঋণদাতা এবং এমনকি জীবন বীমাকারকেরও নিয়ন্ত্রণের বাইরে থাকবে।

iii. ক্লেইম অর্থ ট্রাস্টিদের দেওয়া হবে।

iv. পলিসিটি প্রত্যর্পণ করা যায় না এবং মনোনয়ন বা নিয়োগও অনুমোদিত নয়।

v. পলিসির আওতায় বেনিফিট বা সুবিধাগুলি নিতে ও সেগুলির ব্যবস্থাপনার জন্য পলিসিহোল্ডার যদি কোনো বিশেষ ট্রাস্টি নিয়োগ না করেন, পলিসির আওতায় সুরক্ষিত রাশি প্রদেয় হবে রাষ্ট্রের সরকারী ট্রাস্টির, যেখানকার অফিসে বীমা কার্যকরী ছিল সেই দেশে।

### b) বেনিফিটসমূহ বা সুবিধাসমূহ

ট্রাস্টটি গড়ে তোলা হয় একটি অনড়, অ-সংশোধনযোগ্য ট্রাস্ট ডিডের অধীনে, এবং এক বা একাধিক বীমা পলিসি পোষণ করতে পারে। জীবন পলিসির অধীনে বেনিফিট হওয়ায়, ট্রাস্টটি যাতে সঠিকভাবে পরিচালিত হতে পারে তারজন্য একজন ট্রাস্টিকে নিয়োগ করা খুবই গুরুত্বপূর্ণ। বীমা পলিসিগুলিকে পোষণ করার জন্য একটি ট্রাস্ট গড়ে তোলার মাধ্যমে, পলিসিধারক পলিসির অধীনে থাকা এবং জীবন বীমাকৃতের মৃত্যুর পর তাঁর অধিকার ছেড়ে দেন। ট্রাস্টি বীমা থেকে আয় করা অর্থ বিনিয়োগ করেন এবং এক বা একাধিক বেনিফিশিয়ারিসের হয়ে ট্রাস্টটি পরিচালনা করেন।

যদিও সাধারণত এটি একটি প্রথা যে ট্রাস্ট গড়ে তোলা হয় স্বামী/স্ত্রী এবং তাঁদের সন্তানদের বেনিফিটের জন্য, কিন্তু অন্য যে কোনো আইনী ব্যক্তি এর বেনিফিশিয়ারিস হতে পারেন। যখন কোনো বেনিফিশিয়ারি নাবালক থাকে সেসময় একটি ট্রাস্ট গঠন করা সুনিশ্চিত করে যে পলিসির আয়টি সঠিকভাবে বিনিয়োগ করা হয়েছে এবং ভবিষ্যৎ ঋণদাতাদের বিরুদ্ধে বেনিফিটকেও তাসুনিশ্চিতকরে।

## 2. কী ম্যান ইনস্যুরেন্স বা গুরুত্বপূর্ণ ব্যক্তি বীমা

কী ম্যান ইনস্যুরেন্স হলো বীমা ব্যবসার একটি গুরুত্বপূর্ণ ধরন।

**সংজ্ঞা**

***কী ম্যান ইনস্যুরেন্সকে বর্ণনা করা যেতে পারে এমন একটি বীমা পলিসি হিসেবে যেখানে ব্যবসার একজন গুরুত্বপূর্ণ ব্যক্তির মৃত্যু অথবা বর্ধিত অযোগ্যতার ফলে উদ্ভুত ব্যবসায়ে আর্থিক ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ করার জন্য যা নেওয়া হয়।***

এটিকে সহজভাবে বলতে গেলে,কী ম্যান ইনস্যুরেন্স হলো একটি জীবন বীমা যা ব্যবহার করা হয় ব্যবসায় সুরক্ষার উদ্দেশ্যে। পলিসিটির মেয়াদ সেই গুরুত্বপূর্ণ ব্যক্তির ব্যবসায়ে ব্যবহারযোগ্যতার সময়ের বেশি সময়কালের জন্য বর্ধিত হয় না। কী ম্যান ইনস্যুরেন্স পলিসিগুলি সাধারণত ব্যবসার মালিকানাধীনে থাকে এবং এর লক্ষ্য হলো মূল আয় উৎপাদকের ক্ষতির ফলে ব্যবসায়ে যে ক্ষতি হয় তার ক্ষতিপুরণ করা এবং যাতে ব্যবসাটি চালিয়ে যাওয়া যায় তা সহজতর করা। কী ম্যান ইনস্যুরেন্স কখনোই আসল যে ক্ষতি হয়েছে তার ক্ষতিপূরণ দেয় না কিন্তু বীমা পলিসিতে নির্দিষ্ট করা নির্ধারিত আর্থিক সমষ্টি দিয়ে তার ক্ষতিপূরণ করে।

অনেক ব্যবসায়ে একজন প্রধান ব্যক্তি থাকেন যিনি অধিকাংশ লাভের জন্য দায়িত্বে থাকেন, অথবা তাঁর অনন্য এবং বদল করা কঠিন এমন কিছু দক্ষতা যেমন মেধা সম্পত্তি থাকে যা সংগঠনের জন্য খুবই গুরুত্বপূর্ণ। একজন নিয়োগকারী কোনো একজন কর্মচারী যাঁর জ্ঞান, কাজ অথবা সার্বিক

অবদানকে কোম্পানির ক্ষেত্রে অনন্য মূল্যবান বলে বিবেচিত করা হয় তারজন্য একটি জীবন অথবা স্বাস্থ্যের কী পার্সন ইনস্যুরেন্স পলিসি নিতে পারেন।

একজন নিয়োগকারী এমনটা করেন খরচের (যেমন সাময়িক সাহায্য ভাড়া করা অথবা একজন উত্তরাধিকার নিয়োগ করা) এবং ক্ষতির (যেমন ব্যবসার লেনদেন করার ক্ষমতা কমে যাওয়া যতোক্ষণ না উত্তরাধিকার প্রশিক্ষিত হচ্ছেন) ভারসাম্য করার জন্য যা একজন নিয়োগকারী তাঁর একজন মূল ব্যক্তিকে হারানোর ফলে ভোগ করেন।

কী ম্যান হলো একটি মেয়াদী বীমা পলিসি যেখানে একজন প্রধান ব্যক্তির নিজের আয় নয় বরং আশ্বাসিত মূলধন কোম্পানির লাভজনকতার সঙ্গে যুক্ত। এটি কর যোগ্য যেহেতু সমগ্র প্রিমিয়ামটিকে দেখা হয় ব্যবসায়িক খরচ হিসেবে। প্রধান ব্যক্তির মৃত্যুর ফলে, বেনিফিটটি কোম্পানিকে দেওয়া হয়। ব্যক্তিগত বীমা পলিসির মতো নয়,কী ম্যান ইনস্যুরেন্সে মৃত্যুর বেনিফিটটি আয় হিসেবে করযোগ্য।

বীমাকারী ব্যবসার অডিট করা আর্থিক বিবৃতিগুলি দেখবেন এবং আশ্বাসিত রাশির পরিমাপ করার জন্য দায়ের করা আয়কর রিটার্ণও দেখবেন। সাধারণত,কী ম্যান ইনস্যুরেন্সের যোগ্য হওয়ার জন্য কোম্পানিটিকে অবশ্যই লাভজনক হতে হবে। কিছু ঘটনার ক্ষেত্রে, ভালো মতো তহবিল থাকা কিন্তু অলাভজনক কোম্পানির ক্ষেত্রে বীমাকারীরা ব্যতিক্রম করেন।

### a) একজন কী ম্যান কে হতে পারেন?

একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি যে কেউ হতে পারেন যিনি সরাসরি ব্যবসাটির সঙ্গে যুক্ত আছেন এবং যাঁর ক্ষতিতে ব্যবসায়ে আর্থিক টানাটানি দেখা দিতে পারে। উদাহরণস্বরূপ, সেই ব্যক্তি কোম্পানির ডিরেক্টর হতে পারেন, পার্টনার হতে পারেন, একজন গুরুত্বপূর্ণ সেলস ব্যক্তি হতে পারেন, গুরুত্বপূর্ণ প্রকল্পের ম্যানেজার, অথবা এমন একজন যাঁর নির্দিষ্ট দক্ষতা অথবা জ্ঞান আছে যেটি কোম্পানটির কাছে বিশেষভাবে মূল্যবান।

### b) বীমাযোগ্য লোকসান

নিম্নলিখিত ক্ষতিগুলি হলো সেইগুলি যার জন্য কী পার্সন ইনস্যুরেন্স থেকে ক্ষতিপুরণ পাওয়া সম্ভব:

i. বর্ধিত পর্বের সঙ্গে সম্পর্কযুক্ত লোকসান যখন একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি কাজ করতে অক্ষম ছিলেন, সেই সময়ে অস্থায়ী কর্মীর ব্যবস্থা করতে এবং প্রয়োজন পড়লে একটা বদলির জন্য নিয়োগ ও প্রশিক্ষণের অর্থ যোগাতে

ii. মুনাফাকে সুরক্ষিত করতে বীমা। উদাহরণস্বরূপ, বিক্রি হারানোর জন্য হারানো আয়, ওই গুরুত্বপূর্ণ ব্যক্তি যুক্ত এমন কোনো প্রকল্পের বিলম্বা বা তা বাতিল হওয়ার ফলে লোকসান, সম্প্রসারণের সুযোগের লোকসান, বিশেষজ্ঞ দক্ষতা বা জ্ঞানের অপচয়

## 3. মর্টগেজ রিডিম্পশান ইনস্যুরেন্স (এমআরআই)

ধরুন আপনি একটা সম্পত্তি কিনতে একটা ঋণ নিয়েছেন। ঋণ ব্যবস্থাপনার অংশ হিসেবে ব্যাঙ্কের মর্টগেজ রিডিম্পশান ইনস্যুরেন্সের জন্য আপনাকে অর্থ প্রদান করতে হবে।

### a) এমআরআই কী?

এটা হলো এমন একটা বীমা পলিসি যা গৃহ ঋণ গ্রহীতাদের আর্থিক সুরক্ষা প্রদান করে। একজন বন্ধকদাতা মূলত এই নিম্নগামী মেয়াদী জীবন বীমা পলিসি নিয়ে থাকে বন্ধকী ঋণ পুরোপুরি শোধ করার আগে যদি তিনি মারা যান তার অবশিষ্ট অংশ শোধ করার জন্য। এটাকে একটা ঋণ সুরক্ষা পলিসিও বলা যেতে পারে। বয়স্ক মানুষের জন্য এটা উপযুক্ত তাঁদের উপর যাঁরা নির্ভরশীলরা তাঁরা যাতে পলিসিহোল্ডারের অপ্রত্যাশিত মৃত্যুর ক্ষেত্রে ঋণ শোধ করতে সাহায্য পেতে পারে।

**b) বৈশিষ্ট্য**

এই পলিসি প্রত্যর্পণ মূল্য বা ম্যাচিওরিটি সুধিধা বহন করে। এই পলিসির অধীনে কভার করা বীমা প্রতি বছর কমে যায়, অন্যদিকে মেয়াদী বীমা পলিসিতে অবশ্য কভার করা বী গোটা পলিসি পর্বজুড়ে অপরিবর্তনীয় থাকে।

*নিজেকে যাচাই ৭*

মর্টগেজ রিডিম্পশান ইনস্যুরেন্সের পেছনে লক্ষ্য কী?

I. বন্ধকীর হার সস্তা করতে সাহায্য করা
II. গৃহঋণ গ্রহীতাদের জন্য আর্থিক সুরক্ষা প্রদান
III. বন্ধকী সম্পত্তির মূল্য রক্ষা
IV. খেলাপের ক্ষেত্রে উচ্ছেদ এড়ানো

---

## সারাংশ

- বিবাহিত মহিলার সম্পত্তি আইন, ১৮৭৪-র ৬ধারা একটা জীবন বীমা পলিসির আওতায় স্ত্রী ও সন্তানদের সুরক্ষার সুবিধা দেয়।
- এমডব্লিউপি আইনের আওতায় কার্যকরী পলিসি আদালতের ক্রোক, ঋণদাতা ও এমনকি জীবন বীমাকারকদের নিয়ন্ত্রণের বাইরে থাকবে।
- কী ম্যান ইনস্যুরেন্স হলো বীমা ব্যবসার একটা গুরুত্বপূর্ণ ধরন। এটাকে একটা বীমা পলিসি হিসেবে বর্ণনা করা যেতে পারে যেটা একটা ব্যবসায়িক প্রতিষ্ঠান নিয়েছে সেই আর্থিক লোকসানের ক্ষতিপূরণের জন্য যা কোনো মৃত্যু থেকে ব্যবসার সঙ্গে জড়িত একজন গুরুত্বপূরণ সদস্যের বর্ধিত ক্ষমতা থেকে হতে পারে।
- মর্টগেজ রিডিম্পশান বীমা বা বন্ধকী পরিশোধ বীমা, একজন বন্ধকদাতা মূলত এই নিম্নগামী মেয়াদী জীবন বীমা পলিসি নিয়ে থাকে বন্ধকী ঋণ পুরোপুরি শোধ করার আগে যদি তিনি মারা যান তার অবশিষ্ট অংশ শোধ করার জন্য।

## মূল পরিভাষা

1. বিবাহিত মহিলার সম্পত্তি আইন
2. কীম্যান বা গুরুত্বপূর্ণ মানুষের বীমা

## নিজেকে যাচাইয়ের উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক বাছাই হলো II.

***এমআরআই গৃহ ঋণ গ্রহীতাদের জন্যও আর্থিক সুরক্ষা দেয়।***

## আত্ম-দর্শন প্রশ্নসমূহ

**প্রশ্ন 1**

কীম্যান ইনস্যুরেন্স পলিসির আওতায় বীমাকৃত রাশি সাধারনত নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি সংযুক্ত?

I. কীম্যানের আয়
II. ব্যবসায়িক মুনাফা
III. ব্যবসার ইতিহাস
IV. মুদ্রাস্ফীতি সূচক

**প্রশ্ন 2**

মর্টগেজ রিডিম্পশন ইনস্যুরেন্স বা বন্ধকী পরিশোধ বীমা (এমআরআই)-কে________আওতায় শ্রেণীকরণ করা যায়।

I. উর্ধ্বগামী শর্তের জীবন বীমার
II. নিম্নগামী শর্তের জীবন বীমার
III. পরিবর্তনশীল জীবন বীমা
IV. সর্বজনীন জীবন বীমা

**প্রশ্ন 3**

নিচের কোন লোকসানগুলি কীম্যান ইনস্যুরেন্সের আওতায় কভার করা হয়?

I. সম্পত্তি চুরি
II. যখন সেই কী পার্সন বা গুরুত্বপূর্ণ ব্যক্তি কাজ করতে পারছেন না সেই পর্বের সঙ্গে সম্পর্কিত লোকসান
III. সাধারণ দায়বদ্ধতা
IV. ভুল-ক্রটির ফলে লোকসান

**প্রশ্ন 4**

এমডব্লিউপি আইনের আওতায় একটা পলিসি কার্যকরী। পলিসির আওতায় বেনিফিট বা সুবিধাগুলি নিতে ও সেগুলির ব্যবস্থাপনার জন্য পলিসিহোল্ডার যদি কোনো বিশেষ ট্রাস্টি নিয়োগ না করেন, পলিসির আওতায় সুরক্ষিত রাশি প্রদেয় হবে _____________-কে।

I. নিকটতম আত্মীয়
II. রাষ্ট্রের সরকারী ট্রাস্টি
III. বীমাকারক
IV. বীমাকৃত

**প্রশ্ন 5**

মহেশ ঋণে নেওয়া মূলধন দিয়ে ব্যবসা চালান। তাঁর অকাল মৃত্যুর পর, সমস্ত ঋণদাতারাই মহেশের সম্পত্তি দখলে সর্বোত্তম চেষ্টা করছে। নিচের কোন সম্পত্তিটা ঋণদাতাদের ধরাছোঁয়ার বাইরে থাকবে?

I. মহেশের নামে থাকা সম্পত্তি
II. মহেশের ব্যাঙ্ক আমানত
III. এমডব্লিউপি আইনের ৬ ধারার আওতায় কেনা মেয়াদী জীবন বীমা পলিসি
IV. মহেশের মালিকানায় থাকা মিউচুয়াল ফান্ড

**প্রশ্ন 6**

এমডব্লিউপি আইনের মামলা সম্পর্কে নিচের বাছাইটি সঠিক?

বিবৃতি I: ম্যাচিওরিটি ক্লেইমের চেক দেওয়া হয় পলিসিহোল্ডারকে
বিবৃতি II: ম্যাচিওরিটির ক্লেইমের চেক দেওয়া হয় ট্রাস্টিকে

I. I সত্য
II. II সত্য
III. I এবং II উভয়ই সত্য
IV. I –ও নয়, II –ও সত্য নয়

**প্রশ্ন 7**

এমডব্লিউপি আইনের মামলা সম্পর্কে নিচের বাছাইটি সঠিক?

বিবৃতি I: মৃত্যুর ক্লেইমের নিষ্পত্তি করা হয় নমিনির পক্ষে
বিবৃতি II: মৃত্যুর ক্লেইমের নিষ্পত্তি করা হয় ট্রাস্টির পক্ষে

I. I সত্য
II. II সত্য
III. I এবং II উভয়ই সত্য
IV. I –ও নয়, II –ও সত্য নয়

**প্রশ্ন 8**

অজয় তাঁর কর্মচারীদের জন্য বীমার প্রিমিয়াম দেন। নিচের কোন বীমা প্রিমিয়ামটা কর্মচারীদের ক্ষতিপূরণ দেওয়ার হিসেবে ছাড়যোগ্য হিসেবে বিবেচিত হবে না?

বাছাই I: কর্মচারীকে প্রদেয় সুবিধা সহ স্বাস্থ্য বীমা
বাছাই II:অজয়কে প্রদেয় সুবিধা সহ কীম্যান জীবন বীমা

I. I সত্য

II. II সত্য
III. I এবং II উভয়ই সত্য
IV. I –ও নয়, II –ও সত্য নয়

**প্রশ্ন 9**

সুদ চাপানোর অভ্যাস সেই ঋণগ্রহীতাদের উপর যাঁরা জামানত হিসেবে সম্পত্তিকে ঘোষণা করেছে কিন্তু সেই সম্পত্তির দখলদারি ছেড়ে দিয়েছে, এটাকে বলে_____________।

I. জামানত
II. বন্ধকী
III. সুদের কারবার
IV. দায়বন্ধন

**প্রশ্ন 10**

নিম্নলিখিতগুলির মধ্যে কোন পলিসি গৃহ ঋণ গ্রহীতাদের সুরক্ষা দিতে পারে।

I. জীবন বীমা
II. অক্ষমতা বীমা
III. মর্টগেজ রিডিম্পশান ইনস্যুরেন্স
IV. সাধারণ বীমা

---

## আত্ম-দর্শন প্রশ্নের উত্তর

**উত্তর 1**

সঠিক বাছাই হলো II
কীম্যান ইনস্যুরেন্স পলিসির আওতায় বীমাকৃত রাশি সাধারনত ব্যবসায়িক মুনাফার সঙ্গে যুক্ত।

**উত্তর 2**

সঠিক বাছাই হলো II

মর্টগেজ রিডিম্পশন ইনস্যুরেন্স বা বন্ধকী পরিশোধ বীমা (এমআরআই)-কে নিম্নগামী শর্তের জীবন বীমার আওতায় শ্রেণীকরণ করা যায়।

**উত্তর 3**

সঠিক বাছাই হলো II

যখন কী পার্সন বা গুরুত্বপূর্ণ ব্যক্তি কাজ করতে পারছেন না সেই পর্বের সঙ্গে সম্পর্কিত লোকসানকে কভার দেয় কীম্যান ইনস্যুরেন্স।

**উত্তর 4**

সঠিক বাছাই হলো II

এমডব্লিউপি আইনের আওতায় একটা পলিসি কার্যকরী। পলিসির আওতায় বেনিফিট বা সুবিধাগুলি নিতে ও সেগুলির ব্যবস্থাপনার জন্য পলিসিহোল্ডার যদি কোনো বিশেষ ট্রাস্টি নিয়োগ না করেন, পলিসির আওতায় সুরক্ষিত রাশি প্রদেয় হবে রাষ্ট্রের সরকারী ট্রাস্টিকে।

**উত্তর 5**

সঠিক বাছাই হলো III

এমডব্লিউপি আইনের ৬ ধারার আওতায় কেনা মেয়াদী জীবন বীমা পলিসি ঋণদাতাদের ধরাছোঁয়ার বাইরে থাকবে

**উত্তর 6**

সঠিক বাছাই হলো II

ম্যাচিওরিটি ক্লেইমের চেক দেওয়া হয় ট্রাস্টিকে।

**উত্তর 7**

সঠিক বাছাই হলো II

মৃত্যুর ক্লেইমের নিষ্পত্তি করা হয় ট্রাস্টির পক্ষে।

**উত্তর 8**

সঠিক বাছাই হলো II
অজয়কে প্রদেয় সুবিধা সহ কীম্যান জীবন বীমাকর্মচারীদের ক্ষতিপূরণ দেওয়ার হিসেবে ছাড়যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

**উত্তর 9**

সঠিক বাছাই হলো II
সুদ চাপানোর অভ্যাস সেই ঋণগ্রহীতাদের উপর যাঁরা জামানত হিসেবে সম্পত্তিকে ঘোষণা করেছে কিন্তু সেই সম্পত্তির দখলদারি ছেড়ে দিয়েছে, এটাকে বলে বন্ধকী।

**উত্তর 10**

সঠিক বাছাই হলো III

মর্টগেজ রিডিম্পশান ইনস্যুরেন্স গৃহ ঋণ গ্রহীতাদের সুরক্ষা দিতে পারে।

# অধ্যায় 11

# জীবন বীমার মূল্য ও মূল্য নির্ধারণ

**অধ্যায়ের ভূমিকা**

এই অধ্যায়ের লক্ষ্য হলো শিক্ষার্থীকে জীবন বীমা চুক্তির মূল্য নিরুপণ ও সুবিধার সঙ্গে জড়িত মৌলিক উপাদানের সঙ্গে পরিচিত করানো। প্রথমে আলোচনা করবো সেই উপাদানগুলি নিয়ে যা প্রিমিয়ম গঠন করে এবং তারপর আলোচনা করবো উদ্বৃত্ত ও বোনাসের ধারণা নিয়ে।

**শিক্ষার ফলাফল**

A. বীমার মূল্য নিরুপণ – মৌলিক উপাদান
B. উদ্বৃত্ত ও বোনাস

## A. *বীমার মূল্য নিরূপণ - মৌলিক উপাদান*

### 1. প্রিমিয়াম

সাধারণ ভাষায় মেয়াদী প্রিমিয়াম সেই মূল্য উল্লেখ করে যা একটা বীমা পলিসি কেনার জন্য এক বীমাকৃত প্রদান করে থাকে। সাধারণত এটাকে প্রকাশ করা হয় প্রতি হাজার টাকা বীমাকৃত রাশির প্রিমিয়ামের হার হিসেবে। এই প্রিমিয়ামের হারগুলি পাওয়া যায় বীমা কোম্পানির দেওয়া রেট টেবিলের আকারে।

**ডায়াগ্রাম 1: প্রিমিয়াম**




এই টেবিলগুলিতে ছাপানো হারগুলি পরিচিত ''অফিস প্রিমিয়াম'' হিসেবে। সাধারণত এগুলি বার্ষিক প্রিমিয়াম স্তরের হয় যা প্রতি বছরে দিতে হয়। বেশিরভাগ ক্ষেত্রে পুরো মেয়াদ জুড়েই এগুলি একই রকম হয় এবং এগুলিকে একটি বার্ষিক হার হিসেবে প্রকাশ করা হয়।

**উদাহরণ**

***একটা প্রদত্ত বয়সের জন্য একটা কুড়ি বছরের এনডাওমেন্ট পলিসির জন্য প্রিমিয়াম যদি ৪৮০০টাকা হয়, তার মানে কুড়ি বছর ধরে প্রতি বছর ৪,৮০০টাকা করে দিতে হবে।***

কিছু পলিসিতে যদিও এটাও সম্ভব যে শুধুমাত্র প্রথম কয়েক বছরই প্রিমিয়াম দিতে হয়। কোম্পানিগুলির আবার একক প্রিমিয়াম চুক্তিও রয়েছে যেখানে চুক্তি শুরুর সময় মাত্র একটাই প্রিমিয়ম দিতে হয়। এই পলিসিগুলি সাধারণত বিনিয়োগ ভিত্তিক হয়।

### 2. ছাড়সমূহ

জীবন বীমা কোম্পানিগুলি প্রদেয় প্রিমিয়ামের উপর নির্দিষ্ট ধরনের ছাড় দিতে পারে। এই ধরনের দুটো ছাড় হলো:

- ✓ বীমাকৃত রাশির জন্য

✓ প্রিমিয়ামের ধরনের জন্য

### a) বীমাকৃত রাশির জন্য ছাড়

যাঁরা বেশি বীমাকৃত রাশির পলিসি কেনে **বীমাকৃত রাশির জন্য** তাঁদের ছাড় দেওয়া হয়। বীমাকারক যখন চড়া দামের পলিসি পরিবেশন করেন তখন সেখান থেকে পাওয়া লাভের থেকে এই ছাড়টা ক্রেতাকে দেওয়া হয়। এর জন্য কারণটা খুবই সরল। একজন বীমাকারক যখন ৫০,০০০টাকা বা ৫,০০,০০০টাকার একটা পলিসির কাজ করে, দুটোর জন্যই প্রচেষ্টা একই হবে এবং পরবর্তীকালে এই পলিসিগুলির প্রসেসিংয়ের খরচও সমান হবে। কিন্তু বেশি বীমাকৃত রাশি আরো প্রিমিয়াম আনবে এবং তাই লাভও আরো হবে।

### b) প্রিমিয়ামের ধরনের জন্য ছাড়

একইভাবে **প্রিমিয়ামের ধরনের জন্যও** একটা ছাড় দেওয়া হতে পারে। জীবন বীমা কোম্পানিগুলি প্রিমিয়াম দিতে দেয় বার্ষিক, অর্ধ-বার্ষিক, তিন মাস অন্তর বা মাসিক ভিত্তিতে। যত ঘন ঘন হবে প্রিমিয়ামের ধরন, ততই পরিষেবার খরচ বাড়বে। বার্ষিক ও অর্ধ-বার্ষিকের ক্ষেত্রে প্রিমিয়াম সংগ্রহ ও তার হিসেবনিকেষ বছরে মাত্র একবারই করতে হয়, আবার তিন মাস অন্তর ও মাসে মাসে প্রিমিয়াম দেওয়া মানে তার প্রকিয়া ঘন ঘন হবে। অর্ধ-বার্ষিক বা বার্ষিক প্রিমিয়াম এইভাবে তিন মাস অন্তর ও মাসে মাসে প্রিমিয়ামের থেকে প্রশাসনিক খরচ কমায়। তার ওপর, বার্ষিক প্রিমিয়ামে বীমাকারক সেই অর্থ সারা বছর ধরে কাজে লাগাতে পারে ফলে তার উপর সুদ পায়। তাই বীমাকারক এগুলির উপর ছাড় দিয়ে বার্ষিক বা অর্ধ-বার্ষিক প্রিমিয়াম প্রদানকে উৎসাহ যোগায়। অতিরিক্ত প্রশাসনিক খরচ সামলাতে তাঁরা মাসিক প্রিমিয়ামে খানিকটা বেশি চার্জ করতে পারে।

## 3. অতিরিক্ত চার্জ

বাড়তি ঝুঁকি রয়েছে, লক্ষ্যণীয় ভাবে যুক্ত নয় এমন বীমাকৃত ব্যক্তিদের একটি গোষ্ঠীর জন্য ট্যাবুলার প্রিমিয়াম চার্জ করা হয়। এই ধরনের ব্যক্তিরা **স্ট্যান্ডার্ড লাইভ্স** হিসেবে পরিচিত এবং চার্জের হার সাধারণ হার হিসেবে পরিচিত।

যা থেকে জীবনের ঝুঁকি রয়েছে, এমনহৃদযন্ত্রের অসুখ বা ডায়াবেটিসের মতো নির্দিষ্ট স্বাস্থ্য সমস্যায় ভুগছেন কোনো ব্যক্তি যদি বীমার প্রস্তাব করেন, তবে এই ধরনের একটা জীবনকে সাব-স্ট্যান্ডার্ড হিসেবে বিবেচনা করা হবে, অন্যান্য স্ট্যান্ডার্ড জীবনের সঙ্গে তুলনায়, বীমাকারক এর জন্য একটা হেল্থ এক্সট্রা হিসেবে অতিরিক্ত প্রিমিয়াম চাপাতে পারেন। একইভাবে যাঁরা সার্কাস অ্যাক্রোবাটের মতো বিপজ্জনক পেশায় যুক্ত তাঁদের উপরও একটা অতিরিক্ত পেশাগত চার্জ বসানো হতে পারে। এই অতিরিক্ত চার্জগুলি প্রিমিয়ামে ঢুকবে যা ট্যাবুলার প্রিমিয়াম থেকে বেশি হবে।

আবার, একজন বীমাকারক একটি পলিসির আওতায় নির্দিষ্ট কিছু অতিরিক্ত সুবিধাও দিতে পারেন, যা একটা অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে পাওয়া যাবে।

### উদাহরণ

একজন জীবন বীমাকারক একটা ডাবল অ্যাক্সিডেন্ট বেনিফিট বা ডিএবি (যদি দুর্ঘটনায় মৃত্যু হয় ক্লেইম হিসেবে প্রদেয় বীমাকৃত রাশি দ্বিগুণ হয়)দিতে পারেন। এর জন্য প্রতি হাজার বীমাকৃত রাশি পিছু এক টাকা অতিরিক্ত প্রিমিয়াম চার্জ করা হতে পারে।

***একইভাবে প্রতি হাজার বীমাকৃত রাশি পিছু এক টাকা অতিরিক্ত প্রিমিয়াম চার্জদিয়ে একটা সুবিধা পাওয়া যেতে পারে যা পার্মানেন্ট ডিজাবিলিটি বেনিফিট (পিডিবি) নামে পরিচিত।***

## 4. প্রিমিয়াম নির্ধারণ

আসুন এখন আমরা দেখি জীবন বীমাকারকরা সেই হারে পৌঁছায় যা প্রিমিয়াম টেবলে দেওয়া আছে। এই কাজটা করেন একজন আহিলকারী (অ্যাকচিয়োরী)। মেয়াদী বীমা, পূর্ণ জীবন ও এনডাওমেন্টের মতো প্রচলিত জীবন বীমা পলিসির ক্ষেত্রে প্রিমিয়াম ঠিক করাতে নিম্নলিখিত উপাদানগুলি বিবেচনা করে:

- ✓ মৃত্যুহার
- ✓ সুদ
- ✓ ব্যবস্থাপনার খরচ
- ✓ ভাণ্ডার
- ✓ বোনাস লোডিং

**ডায়াগ্রাম 2: প্রিমিয়ামের উপাদান**




প্রথম দুই উপাদান নিয়ে গঠিত হয় নিট প্রিমিয়াম, সেখানে অন্য উপাদানগুলি গ্রস বা অফিস প্রিমিয়ম তৈরি করতে নিট প্রিমিয়ামে লোড হয়।

### a) মৃত্যুহার ও সুদ

মৃত্যুহার হলো প্রিমিয়ামের প্রথম উপাদান। ‘‘মর্টালিটি টেবল’’ ব্যবহার করে এটা নির্ধারিত হয়, যা বিভিন্ন বয়সের মৃত্যুহারের একটা অনুমান দেয়।

**উদাহরণ**

৩৫বছরের মৃত্যুহার যদি ০.০০৩৫ হয়, এটা বলতে বোঝায় প্রতি ১০০০মানুষ যাঁরা ৩৫বছর বয়সে জীবিত, ৩.৫জন (প্রতি ১০,০০০-এ ৩৫জন) ৩৫ ও ৩৬বছরের মাঝে মারা যেতে পারেন।

বিভিন্ন বয়সের মৃত্যুহার খরচ হিসেব করতে টেবলটা ব্যবহার করা হতে পারে। উদাহরণস্বরূপ ৩৫বছরের জন্য হার ০.০০৩৫ মানে বীমার খরচ ০.০০৩৫x ১০০০ (বীমাকৃত রাশি) = প্রতি হাজার বীমাকৃত রাশি পিছু ৩.৫০টাকা

উপরের খরচটাকে ''রিস্ক প্রিমিয়াম'' বলা হতে পারে। বেশি বয়সের জন্য রিস্ক প্রিমিয়াম বেশি হবে।

---

বিভিন্ন বয়সের জন্য ব্যক্তিগত রিস্ক প্রিমিয়ামগুলি যোগ করে আমরা ক্লেইমের খরচ পেতে পারি যা ৩৫ থেকে ৫৫বছরের একটা গোটা পর্ব বা মেয়াদের জন্য প্রদানযোগ্য। এই ক্লেইমগুলির মোট খরচ একটা পলিসির আওতায় আমাদের ভবিষ্যৎ দায়বদ্ধতা দেয়, অন্যভাবে বললে এটাই আমাদের বলে দেয় ক্লেইম দিতে আমাদের কত টাকা লাগবে যা ভবিষ্যতে বাড়বে।

''নিট প্রিমিয়াম''-এ পৌঁছাতে প্রথম পদক্ষেপ হলো ভবিষ্যতের ক্লেইম মূল্যের বর্তমান মূল্য অনুমান করা। বর্তমান মূল্য অনুমান করার কারণ হলো যে আমরা বের করার চেষ্টা করছি ভবিষ্যতে যেটা ঘটতে পারে সেই ক্লেইম মেটাতে আজকে আমাদের হাতে কত থাকা উচিত। বর্তমান মূল্য অনুমান করার এই প্রক্রিয়া আমাদের প্রিমিয়াম নির্ধারণের পরবর্তী উপাদানে নিয়ে আসে, যাকে বলা হয় ''সুদ''।

সুদ হলো শুধুমাত্র ছাড়ের সেই হার যা ভবিষ্যতের ক্লেইম প্রদান করতে বর্তমান মূল্যের উপর পৌথছাতে হবে।

**উদাহরণ**

পাঁচ বছর পর বীমার খরচ চালাতে আমাদের যদি প্রতি হাজারে ৫টাকা লাগে এবং আমারা যদি সুদের হার ৬% ধরে নিই, পাঁচ বছর বাদে প্রদেয় ৫টা দাঁড়াবে ৫x ১/৯১.০৬)$^{৫}$ = ৩.৭৪

৬%-র বদলে আমরা যদি ১০% ধরি, বর্তমান মূল্য তখন দাঁড়াবে মাত্র ৩.১০। অন্যভাবে বললে সুদের হার বেশি ধরলে বর্তমান মূল্য কম হবে।

---

মৃত্যুহার ও সুদের উপর আমাদের সমীক্ষা থেকে দুটো প্রধান সিদ্ধান্তে আমরা আসতে পারি

- ✓ মৃত্যুহার টেবলে মৃত্যুহার বেশি হলে, প্রিমিয়ামও বেশি হবে
- ✓ অনুমিত সুদের হার বেশি হলে প্রিমিয়াম কম হবে

আহিলকারীদের সতর্ক ও সামান্য পরিমিত হওয়ার ঝোঁক থাকে এবং সাধারণত তাঁরা তাঁদের বাস্তব অভিজ্ঞতার থেকে বেশি হারে মৃত্যুহার ধরেন। তাঁরা তাঁদের বিনিয়োগ যত আয়ের প্রত্যাশা করেন তার চেয়ে কমই সুদের হার অনুমান করেন।

**নিট প্রিমিয়াম**

সমস্ত ভবিষ্যৎ ক্লেইমের দায়বদ্ধতার ছাড়যুক্ত বর্তমান মূল্য ‘‘নিট সিঙ্গল প্রিমিবাম’’ দেয়। নিট সিঙ্গল প্রিমিয়াম থেকে আমরা ‘‘নিট লেভেল অ্যানুয়াল প্রিমিয়াম’’ পেতে পারি। এটা হলো নিট সিঙ্গল প্রিমিয়াম যা এমনভাবে লেভেল করা হয় যাতে প্রিমিয়াম দেওয়ার সময়কালে প্রদেয় হয়।

**গ্রস প্রিমিয়াম**

**ডায়াগ্রাম 3 : লোডিংয়ের পরিমাণ নির্ধারণ করতে পথনির্দেশক নীতি**




গ্রস প্রিমিয়াম হলো নেট প্রিমিয়াম ও লোডিং নামে মূল্যের যোগফল। লোডিংয়ের মূল্য নির্ধারণের সময় তিনটি বিবেচনা বা পথনির্দেশক নীতি মাথায় রাখতে হবে:

**i. পর্যাপ্ততা**

সমস্ত পলিসির মোট লোডিং কোম্পানির মোট অপারেটিং খরচের কভার করতে পর্যাপ্ত হতে হবে। এর একটা সুরক্ষা মার্জিন দেওয়া উচিত এবং শেষ পর্যন্ত কোম্পানিকে এর লাভ বা উদ্বৃত্ত দেওয়া উচিত।

**ii. ইকুইটি**

প্ল্যানের ধরন, বয়স ও মেয়াদ ইত্যাদির উপর নির্ভর করে খরচ ও সুরক্ষা মার্জিন প্রভৃতি বিভিন্ন ধরনের পলিসির মধ্যে ন্যায়সঙ্গতভাবে বন্টিত হওয়া উচিত। ধারণাটা হলো প্রত্যেক শ্রেণীর পলিসির তার নিজস্ব খরচের জন্য অর্থ প্রদান করা উচিত যাতে যতটা সম্ভব একটা শ্রেণীর পলিসির অন্যকে সাহায্য করতে না হয়।

**iii. প্রতিযোগিতামূলক**

ফলস্বরূপ গ্রস প্রিমিয়ামগুলি কোম্পানিকে প্রতিযোগিতায় তার অবস্থান উন্নতি করতে সক্ষম করে। লোডিং যদি খুব বেশি হয়, তাহলে পলিসি খুবই দামী হয়ে যাবে এবং লোকে তা কিনবে না।

**b) খরচ ও ভাণ্ডার**

জীবন বীমাকারকদের বিভিন্ন ধরনের অপারেটিং খরচ তোলার দায় থাকে, এর মধ্যে রয়েছে:

- ✓ এজেন্টদের প্রশিক্ষণ ও নিয়োগ
- ✓ এজেন্টদের কমিশন

- ✓ কর্মীদের বেতন
- ✓ অফিসের জায়গা
- ✓ অফিসের স্টেশনারি
- ✓ বিদ্যুৎ মাসুল
- ✓ অন্যান্য বিবিধ প্রভৃতি

এই সবগুলি দিতে হয় বীমাকারকের সংগৃহীত প্রিমিয়াম থেকে। এই খরচগুলিও নিট প্রিমিয়ামকেই বইতে হয়।

একজন জীবন বীমাকারক দুই ধরনের খরচ বহন করে:

i. প্রথমটি চুক্তির প্রারম্ভিক পর্যায়ে বহন করতে হয়, এটা পরিচিত **"নতুন ব্যবসার খরচ"** নামে

ii. দ্বিতীয় ধরনের খরচ পরবর্তী বছরগুলিতে বহন করতে হয়, এটাকে বলে **"রিনিউয়াল খরচ"।**

প্রারম্ভিক বা নতুন ব্যবসার খরচ বিপুল হতে পারে। আইন অনুযায়ীও জীবন বীমাকারককে একটা নির্দিষ্ট মার্জিন ভাণ্ডার হিসেবে ধরে রাখতে হয় যা নিশ্চিত করে যে তারা তাদের বাধ্যবাধকতা পূরণ করতে পারবে, এমনকি যদি তাদের বাস্তব অভিজ্ঞতাও তারা যেমনটা আন্দাজ করেছে তার থেকেও খারাপ হলেও। ভাণ্ডার হিসেবে রাখার জন্য মার্জিনের সঙ্গে প্রারম্ভিক খরচ সাধারণত প্রাপ্ত প্রারম্ভিক প্রিমিয়ামের থেকে বেশি হয়।

এইভাবে কোম্পানি একটা টানাটানির মধ্যে পড়ে, যেটা নতুন ব্যবসার টানাটানি নামে পরিচিত। প্রারম্ভিক খরচগুলি শুধুমাত্র পরবর্তী বার্ষিক প্রিমিয়াম থেকে উদ্ধার করা হয়। একটা উপলক্ষ হলো যে খরচ পুষিয়ে নেওয়ার আগে প্রারম্ভিক বছরগুলিতে বেশি সংখ্যায় তাদের পলিসি বাতিল বা তামাদি হয়ে গেলে জীবন বীমাকারকরা সেই ধাক্কা সামলাতে পারেন না। নতুন ব্যবসার টানাটানির আরেকটা উপলক্ষ হলো মুনাফা করার আগে জীবন বীমা কোম্পানিগুলির কয়েক বছরের একটা জেস্টেশন পিরিয়ড বা গর্ভধারণ পর্ব প্রয়োজন হয়।

খরচের ধরনের উপর নির্ভর করে খরচগুলি বিভিন্ন উপায়ে নির্ধারিত হয়।

i. উদাহরণস্বরূপ, এজেন্সি ম্যানেজার / ডেভেলপমেন্ট অফিসারদের কমিশন ও ইনসেন্টিভগুলি সাধারণত ঠিক করা হয় আয় করা প্রিমিয়ামের একটা অংশ হিসেবে।

ii. অন্যদিকে, মেডিক্যাল পরীক্ষাকারীর ফি ও পলিসি স্ট্যাম্পের মতো খরচগুলি পলিসির বীমাকৃত রাশি বা ফেস ভ্যালুর পরিমাণের উপর অদলবদল হয় এবং বীমাকৃত রাশির সঙ্গে সম্পর্কযুক্ত হয়।

iii. তৃতীয় ক্যাটাগোরির খরচ হলো বেতম বা খরচের মতো আনুষঙ্গিক খরচপত্র যা সাধারণত কার্যকলাপের পরিমাণের উপর অদলবদল হয় যা কত সংখ্যক পিলিসি চলছে তার উপর নির্ভর করে। পলিসির সংখ্যার হিসেবে ব্যবসার পরিমাণ যত বড় হয়, আনুষঙ্গিক খরচপত্রও তত বেশি হয়।

উপরের শ্রেণীবিভাগের ভিত্তিতে একটা নিট প্রিমিয়ামের সাধারণ লোডিংয়ের তিনটি অংশ হবে

i. প্রিমিয়ামের একটা শতাংশ

ii. প্রতি '১০০০ বীমাকৃত রাশি' (বা ফেস অ্যামাউন্ট)-এর জন্য একটা অপরিবর্তনীয় পরিমাণ যা নিট প্রিমিয়ামের সঙ্গে যুক্ত হয়
iii. পলিসি প্রতি একটা অপরিবর্তনশীল পরিমাণ

**তামাদি ও সম্ভাবনা**

নিট প্রিমিয়াম ও খরচের জন্য লোডিংয়ের নকশা করা হয় বেনিফিটের অনুমিত খরচ কভার করতে এবং পলিসির মেয়াদকালীন জীবন বীমাকারকের যে খরচ হয় তা মেটাতে। বীমাকারক লাগাতারভাবে ঝুঁকির মুখে পড়েন যার আসল অভিজ্ঞতা চুক্তির নকশার পর্যায়ের আন্দাজের থেকে আলাদা হতে পারে।

ঝুঁকির একটা উৎস হলো তামাদি ও প্রত্যাহার। একটা তামাদি মানে পলিসিহোল্ডার প্রিমিয়াম প্রদান বন্ধ করে। প্রত্যাহারের ক্ষেত্রে, পলিসিহোল্ডার পলিসি প্রত্যর্পণ করে এবং পলিসির অর্জিত নগদ মূল্য থেকে একটা পরিমাণ পেয়ে যায়।

তামাদি একটা গুরুতর সমস্যা তৈরি করতে পারে কারণ এগুলি সাধারণত হয় প্রথম তিন বছরের মধ্যে, সাধারণত সব থেকে বেশি এই ঘটনা ঘটে চুক্তির প্রথম বছরেই। জীবন বীমাকারকরা একটা লোডিং করে নেয় এই লিকেজের আন্দাজ করে।

জীবন বীমাকারকদের সেই পরিস্থিতির জন্য তৈরি থাকতে হবে যার ভিত্তি হবে একটা আন্দাজ যাতে তারা স্থির করবে আসল অভিজ্ঞতার থেকে তাদের প্রিমিয়াম সংগ্র কত কম হতে পারে। দুটো কারণ থেকে এই ধরনের সম্ভাবনা তৈরি হতে পারে।

i. প্রথমত তাঁদের আন্দাজটাই বেঠিক হতে পারে। যেমন জীবন বীমাকারকরা এমন একটা মৃত্যুহার টেবিল ব্যবহার করলে যা বর্তমান মৃত্যুহারকে প্রতিফলিত করে না অথবা পর্যাপ্তভাবে মূদ্রাস্ফীতিকে বিবেচনা করে না।

ii. দ্বিতীয়ত এলোপাথাড়ি ওঠানামা থাকতে পারে যা অনুমান আশানুরূপ মিলতে নাও পারে।

তিনটি উপায় রয়েছে যেখানে উপরের ঝুঁকিগুলি সামলানো যায়।

i. তারা এটা ক্রেতার ঘাড়ে চাপিয়ে দিতে পারে, উদাহরণস্বরূপ, ইউলিপ-এর মতো বিনিয়োগ-সংযুক্ত পন্যের ক্ষেত্রে কম রিটার্নের ঝুঁকি মেটাতে হয় ক্রেতাকেই।

ii. দ্বিতীয় উপায়টা হলো একজন রিইনসিওরারের কাছে পলিসিটা রিইনসিওর করানো। এক্ষেত্রে মৃত্যুহারের ঝুঁকি সেই রিইনসিওরার বহন করে।

iii. তৃতীয় ও আরো সাধারণ ব্যবহৃত উপায়টা হলো প্রিমিয়ামে একটা লোডিং মার্জিন জুড়ে দেওয়া, যা প্রত্যাশিত ও বাস্তব অভিজ্ঞতার মধ্যে বিচ্যুতিটা শুষে নিতে সাহায্য করে।

**c) মুনাফা পলিসি ও বোনাস লোডিং নিয়ে**

আসুন আমরা শুনি মুনাফা পলিসির উত্থান নিয়ে আহিলকারী ব্রায়ান করবি কী বলছেন।

''প্রায় দুশো বছর আগে, জীবন বীমার শুরুর দিকে, প্রধান অনিশ্চয়তা ছিল মৃত্যুহার। সমাধান হিসেবে বেছে নেওয়া হয়েছিল অত্যধিক প্রিমিয়াম চার্জ করাকে। অবশ্যই তারা জানতো না যে

সেগুলি আগাম অত্যধিক ছিল যাতে স্বচ্ছলতা হবে আন্দাজ করা হয়েছিল, এবং তারপর যখন পর্যাপ্ত অভিজ্ঞতা জমা হলো, প্রিমিয়াম কী হওয়া উচিত তা মূল্যায়ন করতে, তখন পলিসিহোল্ডারদের এই বাড়তিটা বা তার খানিকটা ফেরত দিতে বোনাস যুক্ত করার পথ নেওয়া হলো। আজকাল আমরা যে মুনাফা পলিসি ইস্যু করি সেই প্রথার উৎসটাই হলো এটা...''

মুনাফায় অংশগ্রহণ আরো একটি উপাদানের সূচনা করে যাকে বলা হয় প্রিমিয়ামে **"বোনাস লোডিং"।** এই ধারণাটা হল প্রিমিয়ামের মধ্যে মুনাফার একটা মার্জিন ঢোকানো যাতে তা অভাবিত সম্ভাবনার খারাপ প্রভাব থেকে রাখতে একটা বাড়তি ব্যবস্থা হিসেবে কাজ করে এবং উদ্বৃত্ত বন্টনের পলিসি শেয়ার (বোনাস হিসেবে) প্রদান করা হয়। এই বোনাস লোডিং বৈশিষ্ট্যটা হলো একটা কারণে , যে কারণে জীবন বীমাকারকদের দীর্ঘমেয়াদী স্বচ্ছলতা ও মুলধনের পর্যাপ্ততা নিয়ে আত্মবিশ্বাস থাকে।

অঙ্কের ভাষায় বললে আমরা বলতে পারি যে:

**গ্রস প্রিমিয়াম = নিট প্রিমিয়াম + খরচের জন্য লোডিং + সম্ভাবনার জন্য লোডিং + বোনাস লোডিং**

উপরের সম্মিলিত লোডিংকে আমরা যদি গ্রস প্রিমিয়াম (জিপি)-র কে শতাংশ বলে ধরি, আমরা গ্রস প্রিমিয়াম বের করতে পারি, ধরে নিচ্ছি নেট প্রিমিয়াম (এনপি) হিসেবে

**জিপি = এনপি + কে (জিপি)**

উদাহরণস্বরূপ যদি একটা এনডাওমেন্ট পলিসির জন্য নিট সিঙ্গল প্রিমিয়াম হয় ৩৮০টাকা এবং লোডিং ফ্যাক্টর কে হয় ৫০% তবে গ্রস প্রিমিয়াম হবে ৭৬০টাকা।

*নিজেকে যাচাই ৭*

একটা পলিসি তামাদি বলতে কী বোঝায়?

I. পলিসিহোল্ডার একটা পলিসির জন্য প্রিমিয়াম প্রদান সম্পূর্ন করেছে
II. পলিসিহোল্ডার একটা পলিসির জন্য প্রিমিয়াম প্রদান বন্ধ করেছে
III. পলিসি ম্যাচিওর হয়েছে
IV. পলিসিটি বাজার থেকে প্রত্যাহৃত হয়েছে

## B. *উদ্বৃত্ত ও বোনাস*

### 1. উদ্বৃত্ত ও বোনাস নির্ধারণ

প্রত্যেক জীবন বীমা কোম্পানি তার সম্পদ ও দায়বদ্ধতার একটা পর্যায়ক্রমিক মূল্যায়ন করবে আশা করা যায়। এই ধরনের মূল্যায়নের দুটি উদ্দেশ্য রয়েছে:

i. বীমাকারকের আর্থিক পরিস্থিতি নিরূপণ করতে, অন্যভাবে বললে বীমাকারক ঋণ পরিশোধ করতে সক্ষম না অক্ষম তা নির্ধারণ করতে
ii. পলিসিহোল্ডার / শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টান করার জন্য উপলব্ধ উদ্বৃত্ত নির্ধারণ করতে

**সংজ্ঞা**

***উদ্বৃত্ত হলো দায়বদ্ধতার উপর সম্পদের অতিরিক্ত মূল্য। যদি সেটা ঋণাত্মক হয় তবে সেটা টানাটানি অবস্থা বলে পরিচিত হয়।***

আসুন এখন আমরা দেখি জীবন বীমায় উদ্বৃত্তের ধারণা কীভাবে একটা ব্যবসায়িক প্রতিষ্ঠানের লাভের থেকে আলাদা।

সাধারণভাবে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির লাভ সম্পর্কে দুটো ধারণা থাকে। হিসেবের দিক দিয়ে, লাভ নির্ধারিত হয় প্রদত্ত একটা হিসেব পর্বের জন্য **খরচের উপর আয়ের উদ্বৃত্ত**কে, এটা লাভ ও ক্ষতির হিসেবের অংশ। লাভ আবার ব্যবসায়িক প্রতিষ্ঠানের ব্যালান্স শিটেরও অংশ হয় – এটাকে নির্ধারিত করা হতে পারে **দায়বদ্ধতার উপর সম্পদের উদ্বৃত্ত** হিসেবে। ব্যালান্স শিটে লাভ-ক্ষতির অঙ্কের লাভকেও তুলে ধরে। উভয় ক্ষেত্রেই লাভের স্বীকৃতির জন্য একটা এক্স-পোস্ট অ্যাপ্রোচ নেওয়া হয়।

**উদাহরণ**

২০১৩-র ৩১শে মার্চ XYZ ফার্মের লাভ বা মুনাফাকে ধরা হয় সেই তারিখে তার খরচ বাদ দিয়ে আয়কে বা দায়বদ্ধতা বাদ দিয়ে তার সম্পদকে।

***উভয় ক্ষেত্রেই, মুনাফাটা স্পষ্টভাবে নির্ধারিত ও জানা।***

জীবন বীমা মূল্যায়নের ক্ষেত্রেও কি আমরা একই যুক্তি প্রয়োগ করতে এবং দায়বদ্ধতা ও সম্পদ নির্ধারণ করতে পারি?

এই ধরনের একটি ক্ষেত্রে, উদ্বৃত্তকে নির্ধারিত করা হয় এইভাবে

**উদ্বৃত্ত = সম্পদ – দায়বদ্ধতা**

পলিসিসমূহের একটা ব্লকের জন্য যেখানে দায়বদ্ধতা বাড়তে পারে, সেটা নির্ধারিত হয় ভবিষ্যতের ক্লেইমের বর্তমান মূল্য হিসেবে, এই পলিসিগুলি থেকে নেওয়া প্রিমিয়ামের বর্তমান মূল্য থেকে খরচ ও অন্যান্য প্রত্যাশিত পরিশোধ বাদ দিয়ে।

**ডায়াগ্রাম 4: সম্পদের মূল্যায়নের উপায়**




সম্পদের মূল্যায়ন করা হয় এই তিনটি উপায়ের একটিতে

i. **বুক ভ্যালুতে**

এটা হলো সেই মূল্য যা দিয়ে জীবন বীমাকারক তার সম্পদ কিনেছে বা অর্জন করেছে

ii. **বাজার দর বা মার্কেট ভ্যালুতে**

জীবন বীমাকারকের সম্পদের বাজারে মূল্য

iii. **ছাড়যুক্ত বর্তমান মূল্য**

বিভিন্নসম্পদ থেকে ভবিষ্যতে আয় প্রবাহের আনুমানিক হিসাব ও বর্তমানে সেগুলিকে ছাড় দেওয়া

সমস্যাটা হলো কেউই দায়বদ্ধতার সঠিক মান বসাতে পারে না কারণ ভবিষ্যতে কী হবে কেউই তার অবিকল পূর্বাভাস করতে পারে না। দায়বদ্ধতার মান নির্ভর করে মৃত্যুহার, সুদ, খরচ ও স্থিতিশীলতার মতো বেশ কিছু ফ্যাক্টর সম্পর্কে আন্দাজের উপর যা ভবিষ্যতের দায়বদ্ধতার বর্তমান মূল্যে অনুমান করে করা হয়। এই কারণেই জীবন বীমায় আমরা মুনাফার বদলে উদ্বৃত্ত পরিভাষাটি ব্যবহার করি।

এইভাবেই উদ্বৃত্ত হলো একটা কাজ, কীভাবে সম্পদ ও দায়বদ্ধতার মূল্যায়ন করা হবে।

i. একজন জীবন বীমাকারক মূল্যায়নের ক্ষেত্রে খুবই রক্ষণশীল হলে দায়বদ্ধতাকে অতিরিক্ত মূল্য হিসেবে ধরা হবে, আবার উল্টোদিকে সম্পদের মূল্য কম করে ধরা হবে। ফলস্বরূপ ঘোষিত উদ্বৃত্ত কম হবে। এর মানে বর্তমান পলিসিহোল্ডারদের মধ্যে বন্টনের জন্য উপলব্ধ বোনাস কমে যাবে। কিন্তু এটা বীমাকারককে আর্থিকভাবে বেশ স্বচ্ছলতা দেবে। এর কারণে ঘোষিত উদ্বৃত্তের তুলনায় বাস্তব উদ্বৃত্ত বেশি হবে এবং তাই এই উচ্চ বিধান ভবিষ্যতের জন্য ধরে রাখা হবে। এটা ভবিষ্যতের পলিসিহোল্ডারদের সুবিধা করবে।

ii. অন্যদিকে সম্পদ ও দায়বদ্ধতার মূল্যায়ন যদি খোলা মনে করা হয়, এর ফল উলটো হবে। ভবিষ্যতের পলিসিহোল্ডারদের বিনিময়ে বর্তমান পলিসিহোল্ডাররা সুবিধা পাবেন।

বর্তমান ও ভবিষ্যৎ পলিসিহোল্ডারদের মধ্যে জীবন বীমা কোম্পানিকে সঠিক ভারসাম্য রাখতে হয়।

## 2. উদ্বৃত্ত বন্টন

আন্দাজের তুলনায় জীবন বীমাকারকের বাস্তব অভিজ্ঞতা ভালো হলে উদ্বৃত্ত তৈরি হয়। মুনাফা চুক্তির আওতায় জীবন বীমাকারক এই অনুকূল ফাঁক (বাস্তব ও প্রত্যাশিত ফলের মধ্যে) –এর সুবিধা পলিসিহোল্ডারদের দিতে বাধ্য কারণ সেই পলিসিহোল্ডাররা চুক্তি করে মুনাফায় ভাগ নিতে সম্মত হয়েছেন এবং মুনাফা পলিসি হিসেবে এগুলি কিনেছেন।

একই সময়ে, উদ্বৃত্তও একটা উৎস যেখান থেকে কোম্পানির মৌলিক মূলধন (এর ইকুইটি বা নিট মূল্য) এর মধ্যে বাড়তে পারে। এই অর্থে একজন জীবন বীমাকারকের উদ্বৃত্ত একটা সাধারণ কোম্পানির মুনাফার সঙ্গে একইরকম, তবে কোম্পানির মুনাফা বন্টন করা হয় না কিন্তু নিজেদের হাতে ধরে রোখা হয়। এগুলি পরিচিত 'ধরে রাখা উপার্জন' হিসেবে। এগুলি কোম্পানিকে আর্থিক স্বচ্ছলতা দেয়।

আসুন এখন আমরা দেখি নির্ধারতি উদ্বৃত্ত কীভাবে বন্টিত হবে

### a) ঋণ পরিশোধ ক্ষমতার প্রয়োজনীয়তা

প্রথমত, দায়বদ্ধতার উপর সম্পদের বাড়তির একটা অংশ ধরে রাখতে হবে যাতে ভবিষ্যতে অভাবিত কোনো প্রতিকূল পরিস্থিতিতে পলিসিহোল্ডারদের রক্ষা করতে। ঋণপরিশোধক্ষমতার মার্জিনকে দায়বদ্ধতার উপর সম্পদের বাড়তির একটা অংশ হিসেবে বলা যেতে পারে বিশেষভাবে যেটা সরিয়ে রাখা হয় প্রত্যাশিত ও বাস্তব অভিজ্ঞতার মধ্যে অভাবিত বিচ্যুতি মেটানো একটা সুরক্ষা হিসেবে।

### b) মুক্ত সম্পদ

বরাদ্দ না হওয়া (বন্টনের জন্য) উদ্বৃত্ত রাখার আরেকটা উদ্দেশ্য হলো মুক্ত সম্পদের স্তর বাড়ানো। মুক্ত সম্পদগুলি ভারমুক্ত হয়। অন্যভাবে বললে দায়বদ্ধতা মেটাতে এগুলির প্রয়োজন নেই। জীবন বীমাকারকরা এইভাবে এগুলিকে স্বাধীনভাবে ব্যবহার করতে পারে। জীবন বীমাকারকদের দুটো কারণে এই ধরনের মুক্ত সম্পদ ধরে রাখা জরুরী।

i. প্রথমত নতুন ব্যবসায় অর্থ যোগান দিতে কোম্পানিগুলির মূলধনের প্রয়োজন হয়। আমরা ইতোমধ্যেই দেখেছি নতুন ব্যবসার সঙ্কটেতাঁদের কীভাবে অর্থের যোগান দেওয়ার প্রয়োজনীয়তা হয়।

ii. মুক্ত সম্পদ জীবন বীমাকারীকে তাঁর বিনিয়োগের কৌশল স্থির করার জন্য উদ্দেশ্য সাধনের উপায় এবং স্বাধীনতা দেয় অনেক বেশি। যে সব কোম্পানির উষ্চ এবং অনেক বেশি প্রতিযোগিতামূলক রিটার্ণ উৎপন্ন করার প্রয়োজনীয়তা এবং দেওয়ার বিষয় আছে তাদের কাছে এটি খুবই গুরুত্বপূর্ণ।

প্রথমত কোম্পানিগুলির নতুন ব্যবসায় অর্থ ঢালার জন্য মূলধন প্রয়োজন। আমরা আগেই দেখেছি নতুন ব্যবসার টানাটানিতে তাদের কীভাবে অর্থের যোগান দিতে হয়। বিভাজ্য উদ্বৃত্ত একবার ঘোষণা হয়ে গেলে, পরবর্তী ইস্যুটা হলো জীবন বীমার পলিসিহোল্ডারদের মধ্যে সেগুলির বিতরণ নির্ধারণ করা (যদি কোনো শেয়ারহোল্ডার থাকে তাহলে একটা অংশ তাদের মদ্যে বিতরণ করার জন্য ছেড়ে দিয়ে)। ভারতে এই উদ্দেশ্যে জনপ্রিয় পদ্ধতিটি হলো ''বোনাস মেকানিজম''-এর মাধ্যমে যেখানে

উদ্বৃত্ত ভাগ করে দেওয়া হয় বোনাসের আকারে। গ্রেট ব্রিটেন, ভারত ও আরো অন্যান্য দেশে এই ব্যবস্থাটাই জনপ্রিয়।

### 3. বোনাস

বোনাস প্রদান করা হয় একটা চুক্তির অধীনে প্রদেয় মৌলিক বেনিফিটের সঙ্গে একটা অতিরিক্ত হিসেবে। সাদারণত এটা মূল বীমাকৃত রাশি বা বার্ষিক মূল পেনশনের সঙ্গে একটা অতিরিক্ত হিসেবে আসে। উদাহরণস্বরূপ এটাকে প্রকাশ করা হয় প্রতি হাজার বীমাকৃত রাশিতে ৬০টাকা করে (বা বীমাকৃত রাশির ৬০%)বলে।

বোনাসের সবচেয়ে সাধারণ ধরণ হল **পূর্বাবস্থা সংক্রান্ত বোনাস।** চুক্তির গোটা মেয়াদ জুড়েই কোম্পানি প্রতি বছর এই ধরনের অতিরিক্ত বোনাস ঘষণা করতে পারে। একবার ঘোষণা হয়ে গেলে সেটা যুক্ত হয়ে যাবে এবং সেটা আর ফিরিয়ে নেওয়া যাবে না। এগুলি কোম্পানির দায়বদ্ধতার অংশ গঠন করে। এগুলিকে বলা হয় ‘পূর্বাবস্থা সংক্রান্ত’ বোনাস কারণ পলিসিহোল্ডাররা কেবলমাত্র তখনই সেটা পেতে পারেন যখন মৃত্যু হলে বা ম্যাচিওর করলে চুক্তিটা যখন ক্লেইমযোগ্য হয়।

প্রত্যর্পণের ক্ষেত্রেও বোনাস দেওয়া হতে পারে। এই ধরনের ক্ষেত্রে প্রায়শই বোনাস পাওয়ার যোগ্য হতে এটা নির্ধারিত করা থাকে যে চুক্তিটা একটা নির্দিষ্ট মেয়াদ (ধরুন ৫ বছর) ধরে চালু থাকতে হবে।

### পূর্বাবস্থা সংক্রান্ত বোনাসের ধরন

**ডায়াগ্রাম 5: পূর্বাবস্থা সংক্রান্ত বোনাসের ধরন**




#### i. সরল পূর্বাবস্থা সংক্রান্ত বোনাস

এটা হলো একটা বোনাস যা চুক্তির অধীনে মূল নগদ বেনিফিটের একটা শতাংশ দিয়ে প্রকাশ করা হয়। ভারতে এর উদাহরণ, এটা ঘোষণা করা হয় প্রতি হাজার বীমাকৃত রাশি পিছু একটা পরিমাণ হিসেবে।

### ii. চক্রবৃদ্ধি বোনাস

এখানে কোম্পানি মূল বেনিফিট একটা শতাংশ ও ইতোমধ্যে জুড়ে যাওয়া বোনাসকে বোনাস বলে প্রকাশ করে। এইভাবে এটা হলো একটা বোনাসের উপর বোনাস। এটা প্রকাশের উপায় হতে পারে মূল বীমাকৃত রাশির ৮% হারে, সঙ্গে ইতোমধ্যে জুড়ে যাওয়া বোনাস।

### iii. প্রান্তিক বোনাস

নাম থেকেই বোঝা যাচ্ছে, এই বোনাস চুক্তিতে জোড়ে শুধুমাত্র চুক্তি সমাপ্তির সময়েই (মৃত্যু বা ম্যাচিউরিটির মাধ্যমে)। শুধুমাত্র আসন্ন বছরের ক্লেইমের জন্য বোনাস ঘোষিত হয়, পরবর্তী বছরের কোনো প্রতিশ্রুতি ছাড়াই (পূর্বাবস্থা সংক্রান্ত বোনাসের ক্ষেত্রে)। এইভাবে ২০১৩-র ঘোষিত প্রান্তিক বোনাস শুধুমাত্র প্রযোজ্য হবে ২০১৩-২৪সালে করা ক্লেইমের উপরই এবং কোনোভাবেই পরবর্তী বছরগুলির জন্য নয়।

সবশেষে, প্রান্তিক বোনাস নির্ভর করে চুক্তির মেয়াদের উপর, এবং মেয়াদ বাড়লে এটা বাড়ে। এইভাবেই ২৫বছর ধরে চলা একটা চুক্তির জন্য প্রান্তিক বোনাস ২৫বছর ধরে চলা একটা চুক্তির তুলনায় বেশি হবে।

শেয়ার ও সম্পত্তিতে বিনিয়োগ বাড়ার ফলে যে বিপুল পরিমাণ অনাদায়ী বৃদ্ধি নিয়ে কী করা যাই সেই সমস্যার সমাধান হিসেবে প্রান্তিক বোনাসের আবির্ভাব হয়েছিল (গ্রেট ব্রিটেনে)। এগুলিকে দিয়ে দিতে এবং সময়ের সঙ্গে সংযুক্ত করতে জীবন বীমা কোম্পানিগুলি এই বোনাসগুলি ধরে রাখার যে সমস্যা তার সমাধান করেছে। পলিসিহোল্ডারদের মধ্যে ইক্যুইটি অর্জ করার একটা উপায় হয়ে উঠেছে এগুলি।

## 4. অবদান পদ্ধতি

উদ্বৃত্ত বিতরণের আরেকটি পদ্ধতি হলো ‘‘অবদান’’ বা ‘‘কন্ট্রিবিউশন’’ পদ্ধতি, এটি উত্তর আমেরিকায় গ্রহণ করেছে। এই পদ্ধতিতে বিবেচনা করা হয় উদ্বৃত্তের তিনটি উৎসকে – অতিরিক্ত সুদ, মৃত্যুহার সঞ্চয় এবং খরচ ও অন্যান্য লোডিংয়ের নিরিখে বর্ধিত সঞ্চয়কে।

এইভাবেই মৃত্যুহার, স্বার্থ ও খরচের নিরিখে বছরগুলি ধরে যা হওয়ার প্রত্যাশা ও যা বাস্তবে ঘটেছে তার মাঝের পার্থক্যটাই হয়ে যায় উদ্বৃত্ত।

ঘোষিত ডিভিডেন্টগুলি নিম্নলিখিত চারটি উপায়ের একটি ব্যবহার করে ঘোষিত হয়

i. এটা নগদে ডিভিডেন্ট হিসেবে দেওয়া হতে পারে

ii. এমন আকারে অ্যাডজাস্ট করা যাতে ভবিষ্যতের প্রিমিয়াম কমে যায়

iii. তৃতীয় পদ্ধতিটা হলো অ-খেসারতযোগ্য পরিশোধিত সংযোজন পলিসির সঙ্গে কিনতে দিয়ে

iv. সবশেষে ডিভিডেন্ডগুলি সুদসহ পলিসির জমা টাকার সঙ্গে একত্রিত হয়ে যেতে পারে। পলিসিহোল্ডারের পছন্দ অনুযায়ী বা চুক্তির শেষে এটা তুলে নেওয়া যেতে পারে।

## 5. ইউনিট সংযুক্ত পলিসি

ii. **প্রিমিয়াম ফিরত (আরওপি) পরিকল্পনা:** কিছু ক্ষেত্রে মেয়াদ সময়ে পরিশোধিত প্রমিয়াম পলিসি সম্পূর্ণ হবার পর ফিরত দেওয়া হয়।

iii. **ইউনিট লিঙ্কড ইনসুরেন্স প্লান (ইলিপ):** ইউলিপের ক্ষেত্রে, বীমাকারী পুঁজি মূল্য সম্পূর্ণতা দাবি হিসেবে পরিশোধ করেন।

iv. **Money-back Planটাকা ফিরত পরিকল্পনা:** টাকা ফিরত পলিসিতে বীমাকারী পলিসি মেয়াদে জীবদ্দশা সুবিধা রেখে সম্পূর্ণতা দাবি পরিশোধ করেন।

দাবি পরিশোধের পর বীমা চুক্তি স্থগিত করা হয়।

### e) মৃত্যুর দাবি

যদি বীমাকৃত ঘটনাক্রমে বা অন্য ভাবে তার পলিসির মেয়াদ শেষের আগে মারা যান, বীমাকারী সঞ্চিত বোনাস, যদি থাকে সহ আশ্বস্ত অর্থ দেন, যথাক্রমে কম পরিশোধিত অর্থ যেমন বাকি থাকা পলিসি ঋণ এবং সুদসহ প্রিমিয়াম। এটি **মৃত্যু ক্ষেত্রে সুবিধা**, যেটি মনোনীত

বা স্বত্বনিয়োগী বা আইনত যা পরিস্থিতি থাকবে তাকে পরিশোধ করা হয়। মৃত্যু ক্ষেত্রে দাবি মৃত্যুর ফলে চুক্তি সমাপ্তকে সূচিত করে।

মৃত্যু ক্ষেত্রে দাবি হয়তো:

- ✓ শীঘ্র (তিন বছরের কম পলিসি সময়কাল) বা
- ✓ বিলম্ব (তিন বছরের বেশী)

মনোনীত ব্যক্তি বা স্বত্বনিয়োগী বা আইনগত উত্তরাধিকারীকে বীমাকৃতের মৃত্যুর কারণ, তারিখ এবং মৃত্যুর জায়গা অবগত করতে হবে।

### i. মৃত্যুর জন্য দাবির ক্ষেত্রে উপস্থাপিত ফর্ম



দাবির নথি

নিম্নলিখিত ফর্ম দাবি প্রক্রিয়াকরণের সুবিধার্থে সঙ্গে বিমা সুবিধাভোগীকে জমা দিতে হবে:

- ✓ স্বত্বনিয়োগীর দ্বারা দাবি ফর্ম
- ✓ কবর বা শবদাহ সার্টিফিকেট
- ✓ চিকিৎসাধীন চিকিৎসকের শংসাপত্র
- ✓ হাসপাতালের শংসাপত্র
- ✓ নিয়োগকর্তার শংসাপত্র
- ✓ দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে প্রয়োজন হয়, প্রথম তথ্য প্রতিবেদন (এফআইআর), তল্লাস প্রতিবেদন, ময়নাতদন্ত প্রতিবেদন, অন্তিম প্রতিবেদনের মত পুলিশ প্রতিবেদনের আদালত প্রত্যায়িত প্রতিলিপি।
- ✓ পৌরসভা কতৃপক্ষ ইত্যাতি দ্বারা প্রদত্ত মৃত্যু শংসাপত্র মৃত্যুর প্রমান হিসেবে

**রেখাচিত্র 3 : মৃত্যু ক্ষেত্রে দাবির জন্য উপস্থাপিত ফর্ম**




### ii. মৃত্যুর দাবি অস্বীকৃতি

মৃত্যু দাবি পরিশোধ বা অস্বীকৃত হতে পারে। দাবি প্রক্রিয়াকরণের সময়, যদি বিমাকারী সনাক্ত করেন যে উপস্থাপক কোন ভুল বিবৃতি তৈরি করেছেন বা পলিসি প্রাসঙ্গিক বস্তুগত ঘটনা চাপা রেখেছেন, সেক্ষেত্রে চুক্তি অকার্যকর হয়ে যাবে। পলিসির অধীনে সব সুবিধা বাজেয়াপ্ত করা হবে।

### iii. অনুচ্ছেদ 45: অবিতর্কনীয় ধারা

তবে এই শাস্তি বীমা আইন, ১৯৩৮- এর **অনুচ্ছেদ ৪৫-এর** নিয়মাধীন।

**গুরুত্বপূর্ণ**

**অনুচ্ছেদ 45 বিবৃত করে:**

কোনো জীবন বীমা যে তারিখে এটি শুরু হওয়ার দু বছর পর মেয়াদ শেষের পর  বীমাকারী দ্বারা যে পটভূমিতে প্রস্তাব তৈরী করা হয়েছে সে সম্পর্কি প্রশ্ন উত্থাপন করেন বা স্বাস্থ পরীক্ষণকারী অফিসারের প্রতিবেদন, বা বিচারক, বা বীমাকৃতের বন্ধু, বা কোনো নথি যা পলিসি প্রচলনের দিকে নিয়ে যায়, তা ভুল বা অসত্য ছিল, বীমাকারী না দেখানো পর্যন্ত এই ধরনের বিবৃতিতে গুরুত্বপূর্ণ বিষয় বা অপ্রকাশিত সত্য যেগুলো প্রকাশ করা গুরুত্বপূর্ণ এবং পলিসিধারী দ্বারা এটি প্রতারণার জন্য  তৈরী করা হয়েছে এবং বিবৃতি তৈরী করার সময় পলিসিধারী জানতেন যে এটি মিথ্যা বা এটি একটি অপ্রকাশিত সত্য যেটি প্রকাশ করা গুরুত্বপূর্ণ।

**ব্যাখ্যা:**

যদি একজন পলিসিধারী পলিসি প্রদানের ২ বছর পর্যন্ত যে কোনো সময় গুরুত্বপূর্ণ ঘটনা অপ্রকাশিত রাখেন, বীমাকারী দ্বারা অস্বীকৃত  সম্পন্ন হতে পারে যদি প্রস্তাবিত গুরুত্বপূর্ণ ঘটনা মিথ্যা হয়।

২ – বছর গ্রাহকের জন্য অপেক্ষা এবং লক্ষ্যের সময়। এই সময়ের পর, বীমাকারীকে প্রমাণ করতে হবে যে পলিসিধারী একটি প্রতারণামূলক বিবৃতি দিয়েছেন এবং গুরুত্বপূর্ণ ঘটনা অপ্রকাশিত রেখেছেন এবং তিনি জানতেন যে প্রদত্ত বিবৃতিটি মিথ্যা। শুধু প্রমাণ পাওয়ার পর ২ বছর সময়ের পরে একটি পলিসি পরিত্যাগ করতে পারেন।

**iv. মৃত্যু অনুমান**

কখনও কখনও একজন ব্যক্তির হদিস সম্পর্কে কোনো তথ্য না পাওয়ায় তাকে নিরুদ্দিষ্ট বলে রিপোর্ট করা হয়। এই ক্ষেত্রে সাত বছর তার  খোজঁ না পেলে ভারতীয় প্রমাণ আইন মৃত্যু অনুমানের ব্যবস্থা নেয়। যদি মনোনীত বা উত্তরাধিকারীরা দাবি করে যে বীমাকৃত নিখোঁজ এবং অবশ্যই মৃত বলে গণ্য করতে হবে, বীমাকারী আদালতের ডিক্রির জন্য জোর করেন। এটি প্রয়োজনীয় যে আদালত মৃত্যু অনুমানের ডক্রি না দেওয়া পর্যন্ত প্রমিয়াম পরিশোধ করতে হবে। বীমাকারী হয়তে ছাড়ের বিষয় হিসেবে সাত বছরের প্রিমিয়াম পরিত্যাগ করতে পারেন।

---

## 4. জীবন বীমা পলিসির সম্পর্কে দাবি পদ্ধতি

আইআরডিএ (পলিসিধারীর স্বার্থের  সুরক্ষা) আইন, ২০০২ নিম্নলিখিত উপলব্ধ করে:

**বিধি ৪: একটি জীবন বীমা পলিসি সম্পর্কে দাবি পদ্ধতি**

i. একটি জীবন বীমা পলিসি সাধারণত দাবিদারের দাবি সমর্থনে যা যা **প্রাথমিক নথি** জমা করার প্রয়োজন তা বিবৃত করে।

ii. জীবন বীমা কোম্পানি দাবি গ্রহণের পর **অবিলম্বে দাবি প্রক্রিয়াভুক্ত** করেন। যদি কোন প্রশ্নের বা অতিরিক্ত নথির প্রয়োজন হয় যতটা সম্ভব, **দাবি প্রাপ্তির 15 দিনের মধ্যে**, একবারে এবং আংশিক ভাবে নয়, উত্থাপিত হবে।

iii. সমস্ত প্রাসঙ্গিক কাগজপত্র এবং ব্যাখ্যা প্রাপ্তি তারিখের **৩০ দিনের মধ্যে** বীমা পলিসির দাবি পূরণ করা হবে বা প্রাসঙ্গিক কারণে প্রতিরোধ করা হবে। যাইহোক, যেখানে দাবি পরিস্থিতিতে বীমা কোম্পানির মতে একটি তদন্ত পরোয়ানা দেওয়া হয়েছে, সেখানে এটা শুরু এবং যত শীঘ্র সম্ভব তদন্ত সম্পন্ন করা হবে। যেখানে বীমা কোম্পানির মতে একটি দাবি পরিস্থিতিতে একটি তদন্ত পরোয়ানা জরুরী,  এই ধরনের তদন্ত শুরু এবং যত শীঘ্র সম্ভব সম্পন্ন করতে হবে, যেকোনো ক্ষেত্রে দাবি প্রদানের ৬ মাস বেশী নয়।

iv. আইনের ৪৭ অনুচ্ছেদ অনুযায়ী, যেখানে দাবী পরিশোধের জন্য তৈরী কিন্তু প্রদত্ত ব্যক্তির সঠিক সনাক্তকরণের অভাবে পরিশোধ করা যাচ্ছে না, জীবন বীমাকারী প্রদত্ত ব্যক্তির সুবিধার্থে পরিমাণটি রেখে দিতে পারেন এবং এই ধরনের পরিমাণ নির্ধারিত ব্যাঙ্কের সেভিংস

অ্যাকাউন্টে প্রযোজ্য সুদের হার উপার্জন করবে (সমস্ত কাগজ এবং তথ্য জমা করার ৩০ দিন পর কার্যকরী হবে)

v. যেখানে সাব-রেগুলেশন (৪) ছাড়া অন্য কোনো কারণে বীমাকারী দ্বারা দাবি প্রক্রিয়ার বিলম্ব হলে, জীবন বীমা কোম্পানী **দাবি পরিমাণের উপর সুদ প্রদান করবে সেই হারে যেটি ব্যাঙ্কের হারের উপর ২%,** আর্থিক বছরের শুরুতে প্রচলিত যখন দাবি পর্যালোচনা করা হয়।

## 5. এজেন্টের ভূমিকা

একজন এজেন্ট সঠিকভাবে দাবি ফর্ম ভর্তি এবং বিমাকারীর অফিসে এই জমা দেওয়া সাহায্যে মনোনীত ব্যক্তি / আইনগত উত্তরাধিকারী বা সুবিধাভোগীক যথাসম্ভব সেবা প্রদান করবে।

দায়িত্ব পালনের ছাড়া , এরকম পরিস্থিতি থেকে উৎপন্ন সুনামের সাহায্য মৃত পরিবার থেকে ভবিষ্যতে ব্যবসা বা সুপারিশ ঘটার জন্য এজেন্টের প্রচুর সুযোগ বিদ্যমান থাকে।

*আত্ম পরীক্ষা* **1**

নিম্নোক্ত বিবৃতির কোনটি দাবি ধারাকে সবচেয়ে ভাল ব্যাখ্যা করে? সবচেয়ে উপযুক্ত বিকল্পটি চয়ন করুন।

I. দাবি হল একটি অনুরোধ যেটি চুক্তি অনুযায়ী প্রতিশ্রুতি পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত
II. দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী প্রতিশ্রুতি পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত
III. দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী দায়িত্ব পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত
IV. দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী দায়িত্ব পূর্ণ করা যা বীমাকৃত করা উচিত

---

***সারাংশ***

- দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী প্রতিশ্রুতি পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত
- দাবি জীবদ্দশায় দাবি বা মৃত্যুর ক্ষেত্রে দাবি হতে পারে। যেখানে বীমাকৃতের মৃত্যুর পর মৃত্যুর ক্ষেত্রে দাবি উত্থাপিত হয়, জীবদ্দশায় দাবি যেকোনো এক বা একাধিক ঘটনায় ঘটতে পারে।
- জীবদ্দশা দাবি পরিশোধের জন্য, বিমাকারীকে নিরুপণ করতে হবে যে পলিসি নির্ধারিত শর্ত অনুযায়ী ঘটনাটি ঘটেছে।
- নিম্নলিখিত পরিশোধ পলিসি মেয়াদ সময় ঘটতে পারে:
    - ✓ জীবদ্দশায় সুবিধা পরিশোধ
    - ✓ পলিসি সমর্পণ
    - ✓ রাইডার সুবিধা
    - ✓ সম্পূর্ণতা দাবি
    - ✓ মৃত্যুর ক্ষেত্রে দাবি
- বীমা আইনের অনুচ্ছেদ ৪৫ (অবিতর্কনীয় ধারা) বীমাকৃতকে বীমাকারী দ্বারা দাবি প্রত্যাখ্যান থেকে সুরক্ষা প্রদান করে, এই শর্তে যে বীমাটি দু-বছর সম্পূর্ণ করেছে এবং বীমাকৃত কোনো গুরুত্বপূর্ণ তথ্য গোপন রাখেন নি।

- আইআরডিএ (পলিসিধারীর স্বার্থ সুরক্ষা) আইন, ২০০২ এর অধীনে, আইআরডিএ বীমাকৃত বা সুবিধাভোগী দাবির সুরক্ষা / রক্ষার ক্ষেত্রে প্রবিধান দেয়।

---

**আত্ম পরীক্ষার উত্তর**

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল **II.**

দাবি হল একটি চাহিদা যেটি চুক্তি অনুযায়ী প্রতিশ্রুতি পূর্ণ করা যা বীমাকারীর করা উচিত।

---

**আত্ম-পরীক্ষণ প্রশ্নাবলী**

**প্রশ্ন 1**

নিচে পিলিসির তালিকা দেওয়া হল। কোন ধরনের পলিসির অধীন, দাবি পরিশোধ পর্যায়ক্রমিক পরিশোধের আকারে তৈরি করা হয় তা সনাক্ত করুন?

I. টাকা-ফেরত পলিসি
II. ইউনিট লিঙ্ক ইনসুরেন্স পলিসি
III. প্রমিয়াম ফেরত পলিসি
IV. টার্ম বীমা পলিসি

**প্রশ্ন 2**

মহেশ গুরুতর অসুস্থতা রাইডার সহ জীবন বীমা পলিসি কিনেছেন। তিনি করনের সম্পূর্ণ স্বার্থে স্বত্বনিয়োগ করেছেন। মহেশ হার্ট অ্যাটাকে ভুগছেন এবং গুরুতর অসুস্থতা রাইডারের অধীনে ৫০,০০০ টাকা দাবি করেছেন। এই ক্ষেত্রে কাকে পরিশোধ দেওয়া হবে?

I. মহেশ
II. করন
III. পরিশোধ সমান ভাবে মহেশ এবং করনকে ভাগ করে দেওয়া হবে
IV. দুটোর কোনোটাই নয় কারণ মহেশ হার্ট অ্যাটাকে ভুগছেন এবং করনের স্বার্থে পলিসি স্বত্বনিয়োগ করা হয়েছে

**প্রশ্ন 3**

প্রবীনের গাড়ি দুর্ঘটনায় মৃত্যু হয়েছিল। মৃত্যুর ক্ষেত্রে দাবির জন্য নির্ভরশীলরা নথি উপস্থাপন করে। নিচের নথির কোনটি অতিরিক্ত নথি হিসেবে স্বাভাবিক মৃত্যু তুলনায় দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে জমা দেওয়া প্রয়োজন।

I. কবর বা শবদাহের শংসাপত্র
II. চিকিৎসাধীন চিকিৎসকের শংসাপত্র
III. নিয়োগকর্তার শংসাপত্র
IV. অনুসন্ধান প্রতিবেদন

**প্রশ্ন 4**

নীচের মৃত্যুর ক্ষেত্রে দাবি ক্ষেত্রে কোনটি প্রাথমিক মৃত্যু ক্ষেত্রে দাবি হিসাবে গণ্য করা হবে?

I. পলিসি সময়ের তিন বছরের মধ্যে যদি বীমাকৃতের মৃত্যু হয়
II. পলিসি সময়ের পাঁচ বছরের মধ্যে যদি বীমাকৃতের মৃত্যু হয়
III. পলিসি সময়ের সাত বছরের মধ্যে বীমাকৃতের মৃত্যু হয়
IV. পলিসি সময়ের দশ বছরের মধ্যে বীমাকৃতের মৃত্যু হয়

**প্রশ্ন 5**

নীচে দেওয়া জীবদ্দশার দাবি সূত্রপাত হবার কিছু ঘটনা। নীচের কোন বিবৃতিটি ঠিক নয়?

I. দাবি টার্ম বীমা পলিসির সম্পূর্ণতায় পরিশোধিত হয়েছে
II. টাকা-ফিরত পলিসির গুরুত্বপূর্ণ পর্যায়ে পৌঁছানোর পর প্রদেয় কিস্তি
III. পলিসিতে রাইডার সুবিধা হসেবে গুরুতর অসুস্থতায় দাবি পরিশোধ করা হয়
IV. পলিসিধারী দ্বারা প্রত্যার্পণ মূল্য মেয়াদি পলিসি প্রত্যার্পণের পর পরিশোধ করা হয়

**প্রশ্ন 6**

টাকা-ফিরত পলিসিতে পরিশোধ করা হয় গুরুত্বপূর্ণ পর্যায় শ্রেণীবদ্ধ করা হবে কোন ধরনের দাবির অধীনে?

I. মৃত্যুর ক্ষেত্রে দাবি
II. সম্পূর্ণতা দাবি
III. জীবদ্দশায় পর্যায়বৃত্ত দাবি
IV. প্রত্যার্পণ দাবি

**প্রশ্ন 7**

শঙ্কর ১০ বছরের ইউনিট লিঙ্কড ইনসুরেন্স পরিকল্পনা কেনে। যদি সে পলিসি সম্পূর্ণতায় মারা যায় নিচের কোনটি পরিশোধ করা হবে?

I. আশ্বস্ত কম মূল্য বা পুঁজি মূল্য
II. আশ্বস্ত বেশী মূল্য বা পুঁজি মূল্য
III. ব্যাঙ্কের গচ্ছিত সঞ্চয়ের চেয়ে ২% বেশী সুদসহ প্রিমিয়াম পরিশোধ করা হবে
IV. প্রত্যার্পণ মূল্য

**প্রশ্ন 8**

দাবির শ্রেণীবিভাগ(শীঘ্র বা বিলম্ব) উপর ভিত্তি করে, বিষমটি বাছাই করুন?

I. রম্যা টার্ম বীমা পরিকল্পনা ক্রয়ের ৬ মাস পর মারা যায়
II. মনোজ টার্ম বীমা পরিকল্পনা ক্রয়ের দেড় বছর পর মারা যায়
III. ডেভিড টার্ম বীমা পরিকল্পনা ক্রয়ের আড়াই বছর পর মারা যায়
IV. প্রবীন টার্ম বীমা পরিকল্পনা ক্রয়ের সাড়ে পাঁচ বছর পর মারা যায়

**প্রশ্ন 9**

বীমাকৃতের মৃত্যুর ঘটনায় সব নির্ভরশীলকে সাধারণ মৃত্যুর ক্ষেত্রে দাবির জন্য নিচের তালিকাভুক্ত তথ্য জমা করতে হবে। বিষমটি বাছাই করুন যেটি দুর্ঘটনায় মৃত্যুর জন্য অতিরিক্তভাবে জমা করা প্রয়োজন।

I. তদন্ত প্রতিবেদন
II. দাবি ফর্ম
III. কবর বা শবদাহের শংসাপত্র
IV. হাসপাতালের শংসাপত্র

**প্রশ্ন 10**

আইআরডিএ (পলিসিধারকের স্বার্থ সুরক্ষা) আইন, ২০০২ অনুযায়ী, জীবন বীমা পলিসির অধীনে দাবি পরিশোধ বা প্রতিরোধ করা হবে, সমস্ত দরকারী কাগজ প্রাপ্তি এবং প্রয়োজনীয় ব্যাখ্যার তারিখের ৩০ দিনের মধ্যে।

I. ৭দিন
II. ১৫ দিন
III. ৩০ দিন
IV. ৪৫ দিন

---

**আত্ম-পরীক্ষণ প্রশ্নাবলী**

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল I.

টাকা-ফেরত পলিসির ক্ষেত্রে পরিশোধ পর্যায়ক্রমিক পরিশোধ আকারে তৈরি করা হয়।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল II.

এই ক্ষেত্রে পুরো ৫০,০০০ টাকা করনকে দেওয়া হবে কারণ সম্পূর্ণ ভিত্তিতে করনের স্বার্থে স্বত্বনিয়োগ করা হয়েছে।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল IV.

স্বাভাবিক মৃত্যু বা দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে স্বত্বনিয়োগীর দ্বারা দাবি ফর্ম, কবর বা শবদাহের শংসাপত্র, চিকিৎসাধীন চিকিৎসকের শংসাপত্র, হাসপাতাল শংসাপত্র, নিয়োগকর্তার শংসাপত্র ইত্যাদি নথি জমা করা প্রয়োজন।

প্রথম তথ্য প্রতিবেদন (এফআইআর), তদন্ত প্রতিবেদন,য পোস্ট-মর্টেম প্রতিবেদন, অন্তিম প্রতিবেদন ইত্যাদি অতিরিক্ত নথি স্বাভাবিক মৃত্যুর তুলনায় দূর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে প্রদান করা হয়।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল I.

যদি বীমাকৃত পলিসি মেয়াদের তিন বছরের মধ্যে মারা যায় তাহলে মৃত্যুর ক্ষেত্রে দাবি মৃত্যুর ক্ষেত্রে শীঘ্র দাবি হিসেবে আচরণ করা হবে।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল I.

বিকল্প ক-টি ঠিক নয়। টার্ম বীমা পলিসির সম্পূর্ণতায় কোনো দাবি পরিশোধ করা হয় না।

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল III.

টাকা-ফিরত পলিসিতে গুরুত্বপূর্ণ পর্যায়ে পৌঁছানোর পর পরিশোধকে জীবদ্দশায় পর্যায়বৃত্ত দাবি অধীনে শ্রেণীবদ্ধ করা যায়।

**উত্তর 7**

সঠিক বিকল্পটি হল II.

যদি শঙ্কর ইউলিপ পলিসির সম্পূর্ণতার আগে মারা যায়, আশ্বস্ত পরিমাণের বেশী বা পুঁজি মূল্য পরিশোধ করা হবে।

**উত্তর 8**

সঠিক বিকল্পটি হল IV.

বিকল্প ঘ হল অদ্ভুত বাছাই কারণ এটি বিলম্ব দাবি হিসেবে গ্রাহ্য হবে। বিকল্প ক, খ এবং গ শীঘ্র দাবি হিসেবে  গ্রাহ্য হবে।

**উত্তর 9**

সঠিক বিকল্পটি হল I.

তদন্ত প্রতিবেদন দুর্ঘটনায় মৃত্যুর জন্য অতিরিক্ত ভাবে জমা করা প্রয়োজন। অন্যান্য নথি যেমন দাবি ফর্ম, কবর বা শবদাহের শংসাপত্র, হাসপাতাল শংসাপত্র বীমাকৃতের মৃত্যুর ঘটনায় সব নির্ভরশালীকে জমা করতে হবে।

**উত্তর 10**

সঠিক বিকল্পটি হল III.

***আইআরডিএ (পলিসিধারকের স্বার্থ সুরক্ষা) আইন, ২০০২ অনুযায়ী, জীবন বীমা পলিসির অধীনে দাবি পরিশোধ বা প্রতিরোধ করা হবে, সমস্ত দরকারী কাগজ প্রাপ্তি এবং প্রয়োজনীয় ব্যাখ্যার তারিখের ৩০ দিনের মধ্যে।***

# অধ্যায় 3
# স্বাস্থ্য বীমা

# অধ্যায় 17

# স্বাস্থ্য বীমার ভূমিকা

অধ্যায়ের ভূমিকা

যত সময় যাচ্ছে বীমার কীভাবে বিবর্তন হচ্ছে সেই সম্পর্কে এই অধ্যায়ে আপনাকে বলা হবে। স্বাস্থ্য পরিষেবা কী, স্বাস্থ্য পরিষেবার স্তর ও স্বাস্থ্য পরিষেবার ধরন সম্পর্কেও আপনাকে বুঝিয়ে দেওয়া হবে। ভারতের স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা ও কোন কোন বিষয়গুলি তাকে প্রভাবিত করে সে সম্পর্কে আপনি জানতে পারবেন। পরিশেষে, এই অধ্যায়ে আপনাকে ব্যাখ্যা করে বুঝিয়ে দেবে ভারতে কীভাবে স্বাস্থ্য বীমা বিকশিত হচ্ছে এবং ভারতে স্বাস্থ্য বীমা বাজারের বিভিন্ন কোম্পানি সম্পর্কেও আপনাকে জানানো হবে।

**শিক্ষার ফলাফল**

A. স্বাস্থ্য পরিষেবা কী
B. স্বাস্থ্য পরিষেবার স্তর
C. স্বাস্থ্য পরিষেবার ধরন
D. ভারতের স্বাস্থ্য ব্যবস্থায় প্রভাবকারী বিষয়গুলি
E. স্বাস্থ্য পরিষেবা-স্বাধীনতার সময় থেকে অগ্রগতি
F. স্বাস্থ্য বীমার বাজার

এই অধ্যায় পড়ার পর, আপনি সক্ষম হবে:

1. বীমার কীভাবে বিকাশ হচ্ছে, তা বুঝতে।
2. স্বাস্থ্য পরিষেবার ধারণা এবং স্বাস্থ্য পরিষেবার ধরন ও স্তর ব্যাখ্যা করতে।
3. ভারতে স্বাস্থ্য পরিষেবায় প্রভাবকারী বিষয়গুলি ও স্বাধীনতার পর যা অগ্রগতি হয়েছে তা উপলব্ধি করতে।
4. ভারতে স্বাস্থ্য বীমার বিবর্তন নিয়ে আলোচনা করতে।
5. ভারতের স্বাস্থ্য বীমার বাজার জানতে।

## A. স্বাস্থ্য পরিষেবা কী

''স্বাস্থ্যই সম্পদ'', এই কথা আপনারা শুনেছেন। কিন্তু কখনও কি জানার চেষ্টা করেছেন স্বাস্থ্য বলতে বাস্তবে কী বোঝায়? 'স্বাস্থ্য' বা 'হেল্থ' শব্দটি এসেছে 'হোয়েল্থ' শব্দ থেকে, যার মানে হলো 'শরীরের সুস্থতা'।

প্রাচীন কালে স্বাস্থ্যকে 'স্বর্গীয় উপহার' বলে বিবেচনা করা হতো এবং বিশ্বাস করা হতো, অসুস্থতা হলো সংশ্লিষ্ট ব্যক্তির কৃত পাপের ফল। হিপোক্র্যাটস (460 থেকে 370 খ্রীষ্ট-পূর্বাব্দ)-ই প্রথম অসুস্থতার পেছনের কারণগুলি সামনে নিয়ে আসেন। তাঁর কথা অনুযায়ী, অসুখ নানা কারণে হতে পারে, তারসঙ্গে পরিবেশ, নিকাশী, ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা ও খাদ্যাভ্যাসের সম্পর্ক থাকতে পারে।

হিপোক্র্যাটসের আগে বহু শতাব্দী ধরেই চালু ছিল ভারতীয় আয়ুর্বেদ ব্যবস্থা, আয়ুর্বেদে স্বাস্থ্যকে চারটি তরল: রক্ত, হলুদ পিত্ত, কালো পিত্ত ও শ্লেষ্মার একটা সূক্ষ্ম ভারসাম্য হিসেবে বিবেচনা করা হয় এবং মনে করা হয় এই তরল পদার্থগুলির মধ্যে ভারসাম্যহীনতার কারণেই অসুখ হয়। ভারতীয় চিকিৎসার জনক সুশ্রুতের জটিল অস্ত্রোপচারের কৃতিত্ব রয়েছে, সেইসময়ে পাশ্চাত্যে এই অস্ত্রোপচারের ধারণা একেবারেই অজানা ছিল।

সময়ের সাথে সাথে আধুনিক চিকিৎসাবিজ্ঞান এক জটিল বিজ্ঞানে বিবর্তিত হয়েছে এবং আধুনিক চিকিৎসা কেবলমাত্র আর অসুস্থতার চিকিৎসাতেই থেমে না থেকে বরং তার মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে রোগ প্রতিরোধ ও জীবনের মানোন্নয়নও। **1948** সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা স্বাস্থ্যের যে সংজ্ঞা দিয়েছে সেটাই একটি সর্বজনগ্রাহ্য সংজ্ঞা; এতে বলা হয়েছে, ''স্বাস্থ্য হলো পূর্ণাঙ্গ শারীরিক, মানসিক, ও সামাজিক কল্যাণের একটি পরিস্থিতি এবং তা নিছকই রোগের অনুপস্থিতি নয়।'' এটাই লক্ষ্য করার যে আয়ুর্বেদের মতো ভারতীয় চিকিৎসা ব্যবস্থা প্রাচীন কাল থেকেই স্বাস্থ্যের এই পূর্ণাঙ্গ রূপকেই একত্রীভূত করেছে।

সংজ্ঞা

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু): স্বাস্থ্য হলো পূর্ণাঙ্গ শারীরিক, মানসিক, ও সামাজিক কল্যাণের একটি পরিস্থিতি এবং তা নিছকই রোগের অনুপস্থিতি নয়।

---

### স্বাস্থ্যের নির্ধারক

সাধারণভাবে মনে করা হয়ে থাকে নিম্নলিখিত বিষয়গুলিই কোনো স্বতন্ত্র ব্যক্তির স্বাস্থ্য নির্ধারণ করে:

#### a) লাইফস্টাইল সংক্রান্ত বিষয়

লাইফস্টাইল সংক্রান্ত বিষয়গুলির মধ্যে সেগুলিই পড়ে যার বেশিরভাগেরই নিয়ন্ত্রণ থাকে সংশ্লিষ্ট ব্যক্তির হাতে যেমন সীমার মধ্যে ব্যায়াম করা ও খাওয়াদাওয়া, দুশ্চিন্তা দূর করা ও সুস্বাস্থ্যকর বিষয় পছন্দ করা; এবং ধূমপান, মাদক সেবন, অসুরক্ষিত যৌন সম্পর্ক ও শুধু বসে থাকার মতো লাইফস্টাইল (ব্যায়াম ছাড়া)-এর মতো কু-অভ্যাস ও খারাপ লাইফস্টাইল থেকে ক্যান্সার, এইডস, হাইপারটেনশন ও ডায়াবেটিসের মতো রোগের ঝুঁকি থাকে।

এই ধরনের আচরণ নিয়ন্ত্রণ করতে (যেমন মাদক সেবনের জন্য জামিন–অযোগ্য কারাবাসের দণ্ড দিয়ে, তামাকজাত পণ্যে চড়া হারে কর চাপিয়ে) সরকার যদিও গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়, কিন্তু লাইফস্টাইল সংক্রান্ত বিষয় থেকে আসা রোগগুলি নিয়ন্ত্রণ করে সিদ্ধান্তকারী ভূমিকা পালন করা একজন ব্যক্তিগত দায়িত্বই।

**b) পরিবেশগত বিষয়**

স্বাস্থ্যের জন্য নিরাপদ পানীয় জল, নিকাশী ও পুষ্টি হলো অত্যন্ত গুরুত্বপূর্ণ, এগুলির অভাবে বিশ্বজুড়েই, বিশেষ করে উন্নয়নশীল দেশগুলিতেই স্বাস্থ্য সংক্রান্ত গুরুতর সমস্যা তৈরি হচ্ছে। ইনফ্লুয়েঞ্জা, চিকেন পক্স প্রভৃতির মতো সংক্রামক ব্যাধি ছড়িয়ে পড়ে অপরিষ্কার ও অপরিচ্ছন্নতার কারণে, ম্যালেরিয়া ও ডেঙ্গুর মতো রোগ ছড়ায় খারাপ নিকাশী পরিবেশের জন্য, কিছু রোগের কারণ আবার একেবারের পরিবেশগত বিষয় যেমন, কারখানায় কাজ করেন যে শ্রমিকরা তাঁদের পেশাগত ঝুঁকির কারণে রোগের সম্ভাবনা বেশি থাকে, যেমন অ্যাসবেস্টস তৈরির কারখানায় কর্মরত শ্রমিক। আবারকয়লা খনির শ্রমিকদের থাকে ফুসফুসের রোগ হওয়ার সম্ভাবনা।

**c) জিনগত বিষয়**

জিনের মাধ্যমে বাবা–মা'র থেকে সন্তানদের মধ্যে রোগ চলে যেতে পারে। এই ধরনের জিনগত কারণ থেকে দুনিয়াজুড়ে মানুষের মধ্যে জাতি, ভৌগোলিক অবস্থান ও এমনকি সম্প্রদায়ের ভিত্তিতেও ভিন্ন ভিন্ন রোগের প্রবনতা দেখা যায়।

স্পষ্টতই একটা দেশের সামাজিক ও অর্থনৈতিক সেই দেশের মানুষের স্বাস্থ্যের উপর নির্ভর করে। একটা সুস্থ জনগণ শুধুমাত্র অর্থনৈতিক কার্যকলাপে উৎপাদনশীল শ্রমশক্তিরই যোগান দেয়, তাই নয়, তাছাড়াও ভারতের মতো উন্নয়নশীল দেশের পক্ষে যে সব অতি গুরুত্বপূর্ণ তেমন মূল্যবান সম্পদ বাঁচায়। একটা ব্যক্তিগত স্তরে, অসুস্থ শরীরের কারণ্ রুটিরুজির লোকসান হতে পারে, দৈনন্দিন আবশ্যিক কাজগুলি করতে অসুবিধা হতে পারে এবং মানুষকে দারিদ্র্যের দিকে ঠেলে দেয়, এমনকি আত্মহত্যার দিকেও ঠেলে দেয়।

তাই বিশ্বজুড়েই সরকার তার দেশের মানুষের সুস্থতা ও স্বাস্থ্য পরিষেবায় বেশ কিছু পদক্ষেপ নেয় এবং এটাই নিশ্চিত করে যাতে সমস্ত নাগরিকের কাছে স্বাস্থ্য পরিবারের সুযোগ পৌঁছাতে পারে ও তা নাগালের মধ্যে থাকে।

এতে একটাই প্রশ্ন উঠে আসে যে বিভিন্ন পরিস্থিতির জন্য কি ভিন্ন ভিন্ন ধরনের স্বাস্থ্য পরিষেবার প্রয়োজন।

## B. *স্বাস্থ্য পরিষেবার স্তর*

স্বাস্থ্য পরিষেবা আর কিছুই নয়, এটা হলো মানুষের স্বাস্থের উন্নতি, তা বজায় রাখা, তাতে নজর দেওয়া বা সেই স্বাস্থ্যের পুনরুদ্ধার করতে সরকার সহ বিভিন্ন এজেন্সি ও প্রদানকারীর দেওয়া একগুচ্ছ পরিষেবা। স্বাস্থ্য পরিষেবাকে কার্যকরী হতে হলে অবশ্যই তা হতে হবে

- মানুষের চাহিদার উপযুক্ত
- সমন্বিত
- পর্যাপ্ত
- সহজলভ্য
- সামর্থ্যের মধ্যে

মানুষের স্বাস্থ্য জনে জনে আলাদা হয়। সব ধরনের স্বাস্থ্য সমস্যার জন্য একই ধরনের পরিকাঠামো বানানো সম্ভবও নয় আবার তার প্রয়োজনও নেই। স্বাস্থ্য পরিচর্যার সুবিধা হওয়া উচিত জনসংখ্যা যে যে রোগগুলি বেশি ঘটছে বা যার সম্ভাবনা বেশি সেই অনুযায়ী। যেমন, এক বছরে একজন মানুষের অনেকবার জ্বর হতে পারে, ঠাণ্ডা লাগতে পারে, সর্দি হতে পারে, ত্বকে অ্যালার্জি হতে পারে, তবে ঠাণ্ডা লাগা বা সর্দি কাশি হওয়ার তুলনায় তাঁর হেপাটাইটিস বি-তে ভোগার সম্ভবান কম।

একইভাবে, ওই একই ব্যক্তির হেপাটাইটিস বি-এর তুলনায় ক্যানসার বা হৃদরোগের মতো জটিল অসুখে ভোগার সম্ভাবনাও কম। তাই যে কোনো জায়গায় তা সে গ্রাম হোক, বা জেলা কিংবা একটা রাজ্য, সেখানে স্বাস্থ্য পরিষেবার সুবিধাগুলি সেই এলাকার বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা বিষয় যাকে সূচক বলা হয় তার ভিত্তিতে হওয়া উচিত, যেমন:

- ✓ জনসংখ্যার পরিমাণ
- ✓ মৃত্যু হার
- ✓ অসুস্থতার হার
- ✓ অক্ষমতার হার
- ✓ মানুষের সামাজিক ও মানসিক স্বাস্থ্য
- ✓ পরিবেশগত বিষয় যেমন যদি সেই জায়গাটা একটা খনি এলাকা হয় অথবা এক শিল্পাঞ্চল
- ✓ সম্ভাব্য স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী ব্যবস্থা যেমন হার্টের ডাক্তার হয়তো একটা গ্রামে পাওয়া যাবে না  কিন্তু জেলা সদরে থাকতে পারে
- ✓ কতটা স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থা ব্যবহৃত হতে পারে
- ✓ আর্থ-সামাজিক বিষয় যেমন সামর্থ্য

উপরের বিষয়গুলির ভিত্তিতে সরকার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্তরের স্বাস্থ্য পরিচার্যা কেন্দ্র বানানো ও অন্যান্য পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নেয় যাতে জনগণের কাছে  উপযুক্ত স্বাস্থ্য পরিষেবা উপলব্ধ হয় এবং তা সামর্থ্যের মধ্যে থাকে।

## C. *স্বাস্থ্য পরিষেবার ধরন*

স্বাস্থ্য পরিষেবাকে বিস্তৃতভাবে নিম্নরূপে ভাগ করা যায়:

### 1. প্রথম স্বাস্থ্য পরিষেবা

প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা বলতে সেই পরিষেবাগুলিকে বোঝায় যা ডাক্তার, নার্স ও অন্যান্য ছোট ক্লিনিক দিয়ে থাকে, অসুখ করলে রোগীরা প্রথমে এখানেই যোগাযোগ করেন। এই কারণেই এটাকে প্রথম স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী বলা হয় কারণ একটা স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে সমস্ত রোগীর প্রথম যোগাযোগ কেন্দ্র এটাই।

উন্নত দেশে, এই প্রথম স্বাস্থ্য পরিষেবাতেই আরো নজর দেওয়া হয় যাতে স্বাস্থ্য সমস্যাটা আরো ছড়িয়ে পড়া, জটিল হওয়া ও দীর্ঘস্থায়ী বা তীব্র হওয়ার আগেই তা সামাল দেওয়া যায়। প্রথম স্বাস্থ্য পরিচর্যা প্রতিষ্ঠান সুরক্ষামূলক স্বাস্থ্য পরিষেবা, টীকাকরণ, সচেতনতা, মেডিক্যাল পরামর্শ প্রভৃতির উপরও নজর দেয় এবং যখন দরকার পড়ে তখন পরবর্তী পর্যায়ের বিশেষজ্ঞের কাছে রোগীকে পাঠায়।

উদাহরণস্বরূপ, যদি একজন জ্বরের জন্য একজন ডাক্তারের কাছে যান এবং প্রথম রোগনির্ণয়েই ডেঙ্গু জ্বরের ইঙ্গিত থাকে, সেই প্রথম স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী তাঁকে কিছু ওষুধ প্রেসক্রাইব করবেন তবে বিশেষ চিকিৎসার জন্য সেই রোগীকে একটা হাসপাতালে ভর্তির জন্য পাঠাতেও পারেন। বেশিরভাগ প্রথম পরিচর্যার ক্ষেত্রে চিকিৎসক একজন 'পারিবারিক চিকিৎসকের' মতো কাজ করেন, যাঁর কাছে ছোটখাটো যে কোনো অসুখবিসুখের জন্য পরিবারের সকলেই গিয়ে থাকেন।

এই পদ্ধতিটি চিকিৎসককে জিনগত বিষয়ের ভিত্তিতে উপসর্গের জন্য পরামর্শ দিতেও সাহায্য করে এবং তাঁকে উপযুক্ত মেডিক্যাল পরামর্শ দিতে সুবিধা করে দেয়। উদাহরণস্বরূপ, বাবা-মা'র ডায়াবেটিস থাকলে চিকিৎসক একজন রোগীকে অল্প বয়স থেকেই যতটা সম্ভব ডায়াবেটিস এড়ানোর মত লাইফস্টাইলের প্রতি নজর দিতে বলবেন।

একটা দেশের স্তরে, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র সরকারী ও বেসরকারী কেউ বানিয়ে থাকে। সরকারী প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র তৈরি হয় জনসংখ্যার ভিত্তিতে এবং কোনো না কোনো আকারে তা গ্রাম স্তর পর্জন্ত থাকে।

### 2. দ্বিতীয় স্বাস্থ্য পরিষেবা

দ্বিতীয় স্বাস্থ্য পরিষেবা বলতে বোঝায় কোনো মেডিক্যাল বিশেষজ্ঞ বা অন্য কোনো স্বাস্থ্য পেশাজীবীর দেওয়া স্বাস্থ্য পরিষেবা যাঁর সাধারণত রোগীর সঙ্গে প্রথম সাক্ষাৎ নয়। এর মধ্যে একটা গুরুতর অসুখের জন্য একটা স্বল্প সময়ের জন্য তীক্ষ্ণ চিকিৎসার প্রয়োজনীয়তাও রয়েছে, প্রায়শই (তবে অপরিহার্য নয়) ইন-পেশেন্ট হিসেবে থাকতে হয়, এর মধ্যে ইন্টেন্সিভ কেয়ার সার্ভিস, অ্যাম্বুলেন্সের সুবিধা, প্যাথলজি, ডায়াগনোসিস ও অন্যান্য মেডিক্যাল পরিষেবা অন্তর্ভুক্ত।

বেশিরভাগ সময়েই প্রথম স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী / প্রাথমিক চিকিৎসকই দ্বিতীয় পরিচার্যাকারীর কাছে রোগীকে পাঠান। কিছু ক্ষেত্রে এই দ্বিতীয় পরিচার্যাকারী সমন্বিত পরিষেবা দেওয়ার জন্য একটা 'ইন-হাউস' প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র চালিয়ে থাকেন।

বেশিরভাগ ক্ষেত্রেই, জনসংখ্যার মাপ অনুসারে দ্বিতীয় পরিচার্যাকারী তালুক / ব্লক স্তরে হাজির থাকে।

### ৩. তৃতীয় স্বাস্থ্য পরিষেবা

তৃতীয় স্বাস্থ্য পরিষেবা হলো বিশেষ পরামর্শমূলক স্বাস্থ্য পরিষেবা, সাধারণত এটা হলো ইনপেশেন্টদের জন্য এবং প্রথম বা দ্বিতীয় পরিচর্যাকারীদের পাঠানো রোগীদের জন্য। তৃতীয় স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীরা থাকে মূলত রাজ্য রাজধানী ও কিছু জেলা সদরে।

তৃতীয় স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর উদাহরণ হলো যাঁদের কাছে দ্বিতীয় স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সুযোগের থেকেও উন্নত মেডিক্যাল সুবিধা ও মেডিক্যাল পেশাজীবী রয়েছে। যেমন অঙ্কোলজি (ক্যানসারের চিকিৎসা), অঙ্গ প্রতিস্থাপনের সুবিধা, অতি ঝুঁকির প্রসবের জন্য বিশেষজ্ঞ প্রভৃতি।

এটা লক্ষ্য করতে হবে যে পরিচর্যার স্তর বেড়ে যাওয়ার ফলে পরিচর্যার সঙ্গে জড়িত খরচও বেড়ে যায়। মানুষ যেখানে প্রথম পরিচর্যার জন্য আপেক্ষিকভাবে সহজেই খরচ বহন করতে পারেন, দ্বিতীয় পর্যায়ে গেলে সেই খরচ বহন তাঁদের পক্ষে কষ্টের হয় এবং যখন সেটা তৃতীয় পর্যায়ে আসে সেই খরচ বহন আরও বেশি কঠিন হয়ে পড়ে। এক দেশ থেকে আরেক দেশ, গ্রাম থেকে শহরে পরিচর্যার বিভিন্ন স্তরের জন্য পরিকাঠামোও ভিন্ন ভিন্ন হয়, সেখানে এর উপর আর্থ–সামাজিক প্রভাবও কাজ করে।

## D. *ভারতের স্বাস্থ্য ব্যবস্থায় প্রভাবকারী বিষয়গুলি*

ভারতীয় স্বাস্থ্য ব্যবস্থা বহু সমস্যা ও চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে এবং লাগাতার সেই সমস্যা চলেছে। এগুলি স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থার চৌহদ্দি ও প্রকৃতিতে প্রভাবিত করেছে এবং ব্যক্তিগত স্তর ও কাঠামোগত স্তরে স্বাস্থ্য পরিষেবা সংস্থার চাহিদাতেও প্রভাব ফেলেছে। নিচে এগুলি নিয়েই আলোচনা করা হলো:

**1. ডেমোগ্রাফিক বা জনসংখ্যা সম্পর্কিত প্রবনতা**

a) বিশ্বে দ্বিতীয় বৃহত্তম জনসংখ্যার দেশ হলো ভারত।

b) এটা আমাদের জনসংখ্যার বৃদ্ধির সঙ্গে সম্পর্কিত সমস্যার মুখোমুখি দাঁড় করিয়েছে।

c) দারিদ্র্যের স্তরও চিকিৎসার জন্য মানুষের খরচ করার ক্ষমতায় প্রভাব ফেলেছে।

**2. সামাজিক প্রবনতা**

a) নগরায়ন বৃদ্ধি বা গ্রাম থেকে মানুষ শহর এলাকায় চলে আসায় স্বাস্থ্য পরিষেবা দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে।

b) মূলত চিকিৎসার সুবিধার অভাবের পাশপাশি তার জন্য সাধ্যের অভাবের কারণে গ্রামীণ এলাকায় স্বাস্থ্য একটা সমস্যা।

c) আরো বসে থাকার মতো লাইফস্টাইলের দিকে চলে যাওয়ায় নিজেদের ব্যায়ামের চাহিদা কমে গিয়ে ডায়াবেটিস ও উচ্চ রক্ত চাপের মতো নতুন ধরনের রোগের প্রবনতা বেড়ে চলেছে।

**3. আয়ু**

a) আয়ু বলতে বোঝায় আজকে যে শিশু জন্মাচ্ছে তার কত বছর বেঁচে থাকার আশা রয়েছে, সেটাই।

b) স্বাধীনতার সময় এই আয়ু ছিল 30বছর, এখন সেটাই বেড়ে হয়েছে 60বছর, তবে দীর্ঘ আয়ুর গুণমান সম্পর্কিত বিষয়গুলিতে নজর দেওয়া হয়নি।

c) এটাই 'সুস্থ আয়ু'র একটা নতুন ধারণ নিয়ে এসেছে।

d) এর জন্য প্রয়োজন 'বয়স্ক' (বৃদ্ধ বয়স সম্পর্কিত) অসুখের জন্য পরিকাঠামো তৈরি।

## E. স্বাস্থ্য পরিষেবা-স্বাধীনতার সময় থেকে অগ্রগতি

স্বাস্থ্য পরিষেবার নীতি সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার ব্যস্ততার মধ্যেও সরকার স্বাস্থ্য বীমা প্রকল্প নিয়ে এসেছে। কেবলমাত্র তারপরই বীমা কোম্পানিগুলি তাদের নিজস্ব স্বাস্থ্য বীমা পলিসি নিয়ে এসেছে। এখানে ব্যাখ্যা করা হলো ভারতে কীভাবে স্বাস্থ্য বীমার বিকাশ ঘটেছে:

### a) এমপ্লয়িজ স্টেট ইনসুরেন্স স্কিম

ভারতে আনুষ্ঠানিকভাবে স্বাস্থ্য বীমা চালু হয়েছিল এমপ্লয়িজ স্টেট ইনসুরেন্স স্কিম শুরুর মাধ্যমে, 1947-এ দেশ স্বাধীন হওয়ার পরপরই ইএসআই অ্যাক্ট 1948 চালু হয়ে। এই প্রকল্পটির প্রচলন হয়েছিল সংগঠিত বেসরকারী ক্ষেত্রে কর্মরত শ্রমিকদের জন্য এবং নিজস্ব ডিস্পেন্সরি ও হাসপাতালে একটা নেটওয়ার্কের মাধ্যমে সর্বাঙ্গীণ স্বাস্থ্য পরিষেবার যোগান দিয়ে।

ইএসআইসি (এমপ্লয়িজ স্টেট ইনসুরেন্স কর্পোরেশন) হলো রুপায়নকারী সংস্থা যারা নিজেদের হাসপাতাল ও ডিস্পেন্সরি চালায় এবং যেখানে নিজস্ব ব্যবস্থা পর্যাপ্ত নয় সেখানে সরকারী/বেসরকারী পরিষেবা প্রদানকারীর সঙ্গে বন্দোবস্তও করে রাখে।

15,000 টাকা পর্যন্ত উপার্জন এমন সমস্ত শ্রমিকই এই সাহায্যকারী প্রকল্পের আওতায় পড়েন যেখানে কর্মচারী ও নিয়োগকর্তা বেতনের উপর যথাক্রমে 1.75% ও 4.75% দিয়ে থাকে; মেডিক্যাল খরচের 12.5% দেয় রাজ্য সরকার।

এর মধ্যে অন্তর্ভুক্ত সুবিধাগুলি হলো:

a) ইএসআইএস কেন্দ্রে নিখরচায় সর্বাঙ্গীন স্বাস্থ্য পরিষেবা

b) মাতৃত্বকালীন সুবিধা

c) বিকলাঙ্গতা জনিত সুবিধা

d) অসুস্থতা ও সন্তান জন্মের জন্য মজুরির লোকসান পোষাতে নগদ ক্ষতিপূরণ

e) কর্মীর মৃত্যুর ক্ষেত্রে শেষকৃত্যের খরচ।

এর সঙ্গে অতিরিক্ত হিসেবে জুড়ে যায় স্বীকৃত মেডিক্যাল অ্যাটেন্ডন্ট ও বেসরকারী হাসপাতাল থেকে নেওয়া পরিষেবাও। 2012-র মার্চ পর্যন্ত ইএসআইএস 6 কোটি 55লক্ষেরও বেশি সুবিধাভোগীকে সুবিধা দিয়েছে।

### b) সেন্ট্রাল গভর্নমেন্ট হেল্থ স্কিম

ইএসআইএস-এর পরই আসে সেন্ট্রাল গভর্নমেন্ট হেল্থ স্কিম (সিজিএইচএস), অবসরপ্রাপ্ত ও পরিবারের সদস্য সহ সরকারী কাজে কর্মরত কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য এটি চালু হয় 1954সালে। এর উদ্দেশ্য ছিল কর্মচারী ও তাঁদের পরিবারকে সমন্বিত চিকিৎসা পরিষেবা দেওয়া এবং এর আংশিক খরচ কর্মচারীরা নিজেই বহন করেন তবে অধিকাংশটাই করে নিয়োগকর্তা (কেন্দ্রীয় সরকার)।

সিজিএইচএস-এর নিজস্ব ডিস্পেন্সরি, পলিক্লিনিক ও প্যানেলভুক্ত বেসরকারী হাসপাতালের মাধ্যমে এই পরিষেবা দেওয়া হয়ে থাকে।

এতে কভার করা হয় সব ধরনের ওষুধ, অ্যালোপ্যাথি ব্যবস্থায় ইমার্জেন্সি পরিষেবা, বিনে পয়সার ওষুধ, প্যাথোলজি ও রেডিওলজি, সঙ্কটজনক রোগীর বাড়িতে গিয়ে রোগী পরীক্ষা, বিশেষজ্ঞের পরামর্শ প্রভৃতি।

করমচারীর অবদান একেবারে নামমাত্র, যা বেতন কাঠামোর সঙ্গে যুক্ত– প্রতি মাসে 15 থেকে 150টাকার মধ্যে।

2010 সালে সিজিএইচএস-এর সদস্য সংখ্য ছিল 8লক্ষ পরিবারেরও বেশি, মোট সুবিধাভোগী[1]–র সংখ্যা ছিল 30লক্ষেরও বেশি।

### c) বাণিজ্যিক স্বাস্থ্য বীমা

বীমা শিল্পের রাষ্ট্রীয়করণের পরে ও আগেও কিছু নন-লাইফ বীমাকারী বাণিজ্যিক স্বাস্থ্য বীমা দিত। তবে শুরুতে এটা বীমাকারীর পক্ষে বেশিরভাগই লোকসানের ছিল, তাদের বড় বড় কর্পোরেট ক্লায়েন্ট পাওয়ার সম্ভাবনা খুবই সীমিত ছিল।

1986-সালেই ভারতীয় বাজারে ব্যক্তি ও তার পরিবারের জন্য প্রথম মনোপযোগী স্বাস্থ্য বীমা পণ্যটি চালু করে রাষ্ট্রীয় চার নন-লাইফ বীমা কোম্পানিই (এগুলি তখন জেনারেল ইনস্যুরেন্স কর্পোরেশন অব ইন্ডিয়ার সহায়ক সংস্থা ছিল) **মেডিক্লেইম** নামের এই পণ্যটি আনা হয়েছিল বার্ষিক একটা নির্দিষ্ট পরিমাণের হাসাপাতাল খরচ পরিশোধের জন্য, এতে সন্তান প্রসব, আগে থেকে থাকা রোগ প্রভৃতির মতো নির্দিষ্ট কিছু ব্যতিক্রম থাকতো।

তবে, বারংবার পুনর্বিবেচনার পর হাসপাতালে ভর্তি ক্ষতিপূরণ ভিত্তিক বার্ষিক চুক্তিই আজকেও ভারতে বেসরকারী স্বাস্থ্য বীমার সবচেয়ে জনপ্রিয় আকার, এখনও মেডিক্লেইমের বর্তমান সংস্করণই এগিয়ে রয়েছে। এই পণ্যটি এতই জনপ্রিয় যে বেসরকারী স্বাস্থ্য বীমা পণ্যগুলিকেও প্রায় সময়েই বেশিরভাগ লোক 'মেডিক্লেইম কভার' বলে ভুল করে থাকে, যদিও বীমাকারীর এই পণ্যের অন্য নাম থাকে।

2001সালে বীমাক্ষেত্রে বেসরকারী ক্ষেত্র এসেছে, স্বাস্থ্য বীমার অতিদ্রুত গতিতে বিকাশ হয়েছে তবে আজও একটা বিশাল চাহিদা বজায় রয়ে গেছে। কভারের ক্ষেত্রে যথেষ্ট বৈচিত্র্য, ব্যতিক্রম ও নতুন নতুন অ্যাড-অন কভার চালু হয়েছে, যেগুলি নিয়ে পরবর্তী অধ্যায়ে আলোচনা করা হবে।

ভারতীয় বাজারে আজ 300-রও বেশি স্বাস্থ্য বীমা পণ্য উপলব্ধ রয়েছে।

## F. স্বাস্থ্য বীমার বাজার

আজকের স্বাস্থ্য বীমা বাজারে অসংখ্য পক্ষ রয়েছে যাদের কেউ স্বাস্থ্য পরিষেবার সুযোগ দিয়ে থাকে এদের বলা হয় পরিষেবা দাতা, অন্যরা বীমা পরিষেবা দেয় আবার বিভিন্ন মধ্যস্থতাকারীও রয়েছে। কেউ যেমন মৌলিক পরিকাঠামো তৈরি করে আবার অন্যরা সহায়তা সুবিধা প্রদান করে। এধের কেউ সরকারী ক্ষেত্রে রয়েছে, আবার অন্যরা রয়েছে বেসরকারী ক্ষেত্রে। নিচে এগুলিরই বিস্তারিত বর্ণনা দেওয়া হলো :

**A. পরিকাঠামো :**

**1. জনস্বাস্থ্য ক্ষেত্র**

জনস্বাস্থ্য ব্যবস্থা কাজ করে জাতীয়, রাজ্য, জেলা স্তরে ও খানিকটা পর্যন্ত গ্রাম স্তরেও। গ্রামে যেখানে জাতীয় স্বাস্থ্য নীতি রূপায়ন করতে হয় সেখানে কাজ করে এই ব্যবস্থা। গ্রাম সমাজ এবং সরকারী পরিকাঠামোর মধ্যে যোগসূত্র হিসেবে কাজ করে কমিউনিটি স্বেচ্ছাসেবকরা। এগুলির মধ্যে রয়েছেন:

a) **অঙ্গনওয়াড়ি কর্মী** (1000জনসংখ্যা পিছু 1জন), এঁরা মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের সুসংহত শিশু বিকাশ পরিষেবা প্রকল্প (আইসিডিএস) ও পুষ্টি সম্পূরক কর্মসূচীর অধীনে নথিভুক্ত হন।

b) **প্রশিক্ষিত ধাই (টিবিএ)** এবং **গ্রাম স্বাস্থ্য গাইড** (রাজ্যগুলির স্বাস্থ্য বিভাগের আগের প্রকল্প)

c) **আশা (**অ্যাক্রিডিটেড সোসাল হেল্থ অ্যাক্টিভিস্ট) স্বেচ্ছসেবক, এনআরএইচএম (জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন) কর্মসূচীর অধীনে কমিউনিটিই এই আশা কর্মীদের বাছাই করে। গ্রাম-স্তরে নতুন, স্বেচ্ছা স্বাস্থ্য কর্মীকে প্রশিক্ষণ দিয়ে গ্রামীণ এলাকায় স্বাস্থ্য ক্ষেত্রের সঙ্গে যুক্ত করানো হয়।

**সাব-সেন্টারগুলি** তৈরি করা হয়েছে প্রতি 5000জনসংখ্যা পিছু একটি করে (পার্বত্য এলাকা, আদিবাসী ও অনগ্রসর এলাকায় 3000জনসংখ্যা পিছু) এবং সেখানে একজন মহিলা স্বাস্থ্য কর্মী ও একজন পুরুষ স্বাস্থ্য কর্মী থাকেন, মহিলা স্বাস্থ্য কর্মীদের অক্সিলিয়ারি নার্স মিড-ওয়াইফ (এএনএম) বলা হয়ে থাকে।

**প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র,** 30000 জনসংখ্যা পিছু, অন্তত ছটা সাব-সেন্টারের রেফারেল ইউনিট হিসেবে এগুলি কাজ করে (পার্বত্য এলাকা, আদিবাসী ও অনগ্রসর এলাকায় 20000জনসংখ্যা পিছু)। সমস্ত পিএইচসি-তে আউটপেশেন্ট পরিষেবা দেওয়া হয়ে থাকে, এবং এগুলির বেশিরভাগেরই চার থেকে ছটি ইন-পেশেন্ট বেড থাকে। এখানে কর্মীদের মধ্য একজন মেডিক্যাল অফিসার ও 14জন প্যারা-মেডিক্যাল কর্মী থাকেন (যার মধ্যে রয়েছে একজন পুরুষ ও একজন মহিলা স্বাস্থ্য সহায়ক, একজন নার্স-মিডওয়াইফ, একজন ল্যাবোরেটরি টেকনিসিয়ান, একজন ফার্মাসিস্ট ও অন্যান্য সহায়ক কর্মী)।

**কমিউনিটি হেল্থ সেন্টার** হলো চারটি পিএইচসি-র প্রথম রেফারেল ইউনিট ও এখান থেকে বিশেষজ্ঞ পরিচর্যাও দেওয়া হয়ে থাকে। নিয়ম অনুযায়ী (প্রতি 1লক্ষ জনসংখ্যার জন্য) প্রত্যেক সিএইচসি-তে অন্তত 30টা বেড থাকতে হয়, একটা অপারেশন থিয়েটার, এক্স-রে মেশিন, লেবার

রুম ও ল্যাবোরেটরির সুবিধা থাকা উচিত এবং সেখানে অন্তত চারজন বিশেষজ্ঞ থাকা জরুরী যেমম, একজন সার্জন, একজন ফিজিশিয়ান, একজন গায়নোকলজিস্ট ও একজন শিশুরোগ বিশেষজ্ঞ, এদের সহায়তা করতে 21জন প্যারা-মেডিক্যাল ও অন্যন্য কর্মী থাকতে হবে।

**গ্রামীণ হাসপাতালও** তৈরি করা হয়েছে এবং এগুলির মধ্যে রয়েছে সাব-ডিস্ট্রিক্ট হাসপাতাল যাদের বলা হয় সাব-ডিভিশনাল / তালুক হাসপাতাল / স্পেশালিটি হাসপাতাল (মোটামুটি গোটা দেশে এমন হাসপাতালের সংখ্যা প্রায় 2000),

**স্পেশালিটি অ্যান্ড টিচিং হসপিটালের** সংখ্যা কম এবং এতে রয়েছে মেডিক্যাল কলেজ (বর্তমানে সংখ্যায় প্রায় 300) এবং অন্যান্য তৃতীয় পর্যায়ের রেফারেল সেন্টার। এগুলির বেশিরভাগই থাকে জেলা সদর ও শহর এলাকায় তবে এদের কয়েকটি অতি উচ্চ বিশেষজ্ঞ ও উন্নত মেডিক্যাল পরিষেবা দিয়ে থাকে।

সরকারের **অন্যান্য সংস্থা**, যেমন রেল, প্রতিরক্ষা ও একইরকমের বড় ডিপার্টমেন্ট (বন্দর/খনি প্রভৃতি) হাসপাতাল ও ডিস্পেন্সারিও স্বাস্থ্য পরিষেবা দেওয়ার ক্ষেত্রে বড় ভূমিকা পালন করে। যদিও এগুলির পরিষেবা সীমাবদ্ধ থাকে সংশ্লিষ্ট সংস্থার কর্মচারী ও তাঁদের উপর নির্ভরশীলদের মধ্যেই।

## 2. বেসরকারী পরিষেবা দাতা

ভারতে একটা বিশাল বড় বেসরকারী স্বাস্থ্য ক্ষেত্র রয়েছে, যারা তিন ধরনের স্বাস্থ্য পরিষেবাই জুগিয়ে থাকে- তৃতীয় পর্যায়ের পাশপাশি প্রথম, দ্বিতীয় পর্যায়ও।এগুলির মধ্যে রয়েছে স্বেচ্ছসেবী থেকে শুরু করে নট-ফর-প্রফিট সংস্থা ও ব্যাক্তি থেকে মুনাফার জন্য কর্পোরেট, ট্রাস্ট, সোলো প্র্যাক্টিশনার, স্বতন্ত্র বিশেষজ্ঞ পরিষেবা, ডায়াগনোস্টিক ল্যাবোরেটরি, ফার্মাসির দোকান ও স্বীকৃতিবিহীন পরিষেবাদাতা (কোয়াক ডাক্তার)। ভারতে প্রায় 77% অ্যালোপ্যাথিক (এমবিবিএস ও তার বেশি ডিগ্রিধারী) চিকিৎসক বেসরকারী ক্ষেত্রে প্র্যাক্টিস করছেন। ভারতে স্বাস্থ্য খাতে মোট যা ব্যয় হয় তার 75%-রও বেশি হলো বেসরকারী স্বাস্থ্য ব্যয়। সর্বভারতীয় স্তরে[2] সমস্ত আউটপেশেন্টের 82% এবং হাসপাতালে ভর্তি 52%-ই রয়েছে বেসরকারী ক্ষেত্রের দখলে।

ভারতেই সবচেয়ে বেশি সংখ্যক অন্যান্য মেডিসিন ব্যবস্থা (আয়ুর্বেদ / সিদ্ধা / ইউনানি / হোমিওপ্যাথি)-র স্বীকৃত প্র্যাক্টিশনার রয়েছেন, যার সংখ্যা 7লক্ষেরও বেশি। এগুলি বেসরকারী ক্ষেত্রের পাশাপাশি সরকারী ক্ষেত্রে দেখা যায়।

স্বাস্থ্য পরিষেবার লাভের জন্য আসা বেসরকারী পরিষেবা দাতা ছাড়াও এনজিও এ স্বেচ্ছাসেবী ক্ষেত্রে সমাজকে স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা যোগাতে যুক্ত রয়েছে।

অনুমান করা যায় 7000-এরও বেশি স্বেচ্ছাসেবী সংস্থা স্বাস্থ্য সম্পর্কিত কার্যকলাপে যুক্ত রয়েছে। বড় সংখ্যার দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের হাসপাতালও নন-প্রফিট সোসাইটি অথবা ট্রাস্ট হিসেবে নথিবদ্ধ রয়েছে এবং বীমাকৃত ব্যক্তিকে ইনপেশেন্ট পরিষেবা দিয়ে উল্লেখযোগ্য অবদান রাখে।

## 3. ফার্মাসিউটিক্যাল শিল্প

এবার আসা যাক ওষুধ ও স্বাস্থ্য সম্পর্কিত পণ্যের প্রদানকারীর বিষয়ে, ভারতে এক বিশাল ফার্মাসিউটিক্যাল শিল্প রয়েছে, 1950-এর 10কোটি টাকার সেই শিল্প আজ বেড়ে 55,000কোটি টাকার ব্যবসায় (রপ্তানি সহ) দাঁড়িয়েছে। এতে প্রায় 50লক্ষ মানুষেত কর্মসংস্থান জুড়ে রয়েছে এবং দেশে 6000-রও বেশি কারখানায় ওষুধ উৎপাদন হয়।

ফার্মা ক্ষেত্রটি যেহেতু রাসায়নিক মন্ত্রকের অধীন, কেন্দ্রীয় স্তরে তাই এই শিল্পে মূল্য নিয়ন্ত্রক হলো **ন্যাশনাল ফার্মাসিউটিক্যালস প্রাইসিং অথরিটি (এনপিপিএ)।** ওষুধের মধ্যে একটা সামান্য সংখ্যক (500বা তার বেশি ওষুধের মধ্যে 76) ওষুধের দাম নিয়ন্ত্রণে রয়েছে, বাকি ওষুধগুলির দাম ও উৎপাদন সেখানে ফ্রি-প্রাইসিং ব্যবস্থার অধীনে রয়েছে, তবে মূল্য নিয়ন্ত্রক এর ওপর সতর্ক নজর রাখে। রাজ্যের ড্রাগ কন্ট্রোলার একটা ফিল্ড বাহিনী সামলান, যাঁদের দিয়ে সংশ্লিষ্ট অঞ্চলে ওষুধের গুণমান ও দামের উপর নজরদারি করা হয়।

**B. বীমা দাতা :**

**বীমা কোম্পানিগুলি** বিশেষ করে সাধারণ বীমা ক্ষেত্র বড় মাপের স্বাস্থ্য বীমা পরিষেবার জোগান দেয়। আগেই এগুলির তালিকা দেওবা হয়েছে। সবচেয়ে উৎসাহব্যঞ্জক হলো স্বতন্ত্র স্বাস্থ্য বীমা কোম্পানির উপস্থিতি - আজ পর্যন্ত তেমন পাঁচটি সংস্থা রয়েছে- স্বাস্থ্য বীমা দাতা নেটওয়ার্ক বাড়াতে আগামী দিনে আরো কিছু আসছে।

**C. মধ্যস্থতাকারী :**

বীমা শিল্পের অংশ হিসেবে পরিষেবা দিচ্ছে এমন বহু মানুষ ও সংগঠনও স্বাস্থ্য বীমা বাজারের অংশ। এই ধরনের সমস্ত মধ্যস্থতাকারীই আইআরডিএ-র মাধ্যমে পরিচালিত হয়। এগুলির মধ্যে রয়েছে:

1. **ইনসুরেন্স ব্রোকার** এরা কোনো ব্যক্তি হতে পারেন অথবা করপোরেট সংস্থা। এই ব্রোকাররা স্বাধীনভাবে বীমা কোম্পানির কাজ করেন। তাঁরা সেই মানুষের কাছে প্রতিনিধি হয়ে যান যাঁরা বীমা চান এবং সম্ভাব্য সবচেয়ে ভালো প্রিমিয়ামের হারে সম্ভাব্য সবচেয়ে ভালো বীমা কভার সম্পর্কে এই ব্রোকাররাই তাঁদের বীমা কোম্পানির সঙ্গে যোগযোগ করিয়ে দেন। ক্ষতির সময় তাঁরা বীমাকৃত ব্যক্তিকে সহায়তা করে এবং বীমা ক্লেইম করিয়ে দেন। ব্রোকাররা এই ধরনের ব্যবসার কারবার করে এমন যে কোনো বীমা কোম্পানির সঙ্গেই বীমা ব্যবসা করতে পারেন। বীমা কমিশন হিসেবে বীমা কোম্পানিগুলি তাঁদের পুরস্কৃত করে।
2. **বীমা এজেন্টরা** সাধারণত কোনো ব্যক্তিই হন তবে কেউ কেউ কর্পোরেট এজেন্টও হতে পারেন। ব্রোকারদের মতো এজেন্টরা যে কোনো বীমা কোম্পানির বীমা নিয়ে কাজ করতে পারেন না তবে কেবলমাত্র সেই কোম্পানির হয়েই তাঁরা কাজ করতে পারেন যারা তাঁর এজেন্সি মঞ্জুর করেছেন। বর্তমান বিধি অনুযায়ী, একজন এজেন্ট শুধুমাত্র একটি সাধারণ বীমা কোম্পানি ও একটি জীবন বীমা কোম্পানির হয়েই কাজ করতে পারেন। তাঁদেরও বীমা কোম্পানিগুলি বীমা কমিশনের মাধ্যমে পারিশ্রমিক দেয়।
3. **থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর** হলো একটা নতুন ধরনের পরিষেবা প্রদানকারী, 2001 সাল থেকে এরা এই ব্যবসায় এসেছে। এদের বীমা বিক্রির অনুমোদন নেই তবে বীমা কোম্পানিগুলিকে এরা প্রশাসনিক পরিষেবা দিয়ে থাকে। একবার একটা বীমা পলিসি বিক্রি হয়ে গেলে বীমাকৃত ব্যক্তির বিস্তারিত বিবরণ নিযুক্ত একটি টিপিএ-র সঙ্গে শেয়ার করা হয় যারা তারপর ডেটাবেস তৈরি করে এবং বীমাকৃত ব্যক্তিকে হেল্থ কার্ড ইস্যু করে। এই হেল্থ কার্ড বীমাকৃত ব্যক্তিকে হাসপাতাল ও ক্লিনিকে ক্যাশলেস মেডিক্যাল ফেসিলিটি (তৎক্ষণাৎ নগদ টাকা না দিয়ে চিকিৎসা) পেতে সক্ষম করে। বীমাকৃত ব্যক্তি যদি ক্যাশলেস মেডিক্যাল ফেসিলিটি না ব্যবহার করেন, তাহলে তিনি বিল অনুযায়ী টাকা দেবেন এবং নিযুক্ত টিপিএ-র কাছ থেকে সেই টাকা পরিশোধ

চাইবেন। বীমা কোম্পানিগুলি তাদের সংশ্লিষ্ট ক্লেইমের জন্য টিপিএ-কে অর্থ দেয় এবং টিপিএ-গুলিকে ওই বীমা কোম্পানিই পারিশ্রমিক হিসেবে প্রিমিয়ামের একটা শতাংশ দিয়ে থাকে।

4. আইআরডিএ বিধি দ্বারা নিয়ন্ত্রিত একেবারেই নতুন ধরনের পরিষেবা প্রদানকারীর অন্যতম হলো ইনসুরেন্স ওয়েব এগ্রিগেটর বা বীমা ওয়েব সংযোগকারী। সম্ভাব্য ক্রেতার মুখোমুখি না হয়েই তাদের ওয়েবসাইট এবং/অথবা টেলিমার্কেটিংয়ের মাধ্যমে বীমাকারীর সঙ্গে চুক্তিবদ্ধ এই সংযোগকারী দূরনিয়ন্ত্রিত বিপণন বা ডিস্টেন্স মার্কেটিংয়ের মাধ্যমে বীমা ব্যবসার জন্য আবেদন করেন এবং বীমা নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতার মধ্যে আগ্রহ তৈরি করে। এগুলি তুলনার জন্য সেই ধরনের বীমা কোম্পানিগুলির পণ্যগুলি তুলে ধরে। অনলাইন পোর্টালের মাধ্যমে প্রিমিয়াম সংগ্রহ, প্রিমিয়াম দেওয়ার সময় মনে করিয়ে দেওয়া এবং পলিসি সংক্রান্ত বিভিন্ন ধরনের পরিষেবার মতো বীমাকারীর জন্য টেলিমার্কেটিং ও আউটসোর্সিংয়ের কাজ করার জন্য এরা আইআরডিএআই-র অনুমোদন চাইতে পারে। তাদের দেওয়া আউটসোর্সিংয়ের কাজের পাশাপাশি যত সংখ্যক লিডকে তারা ব্যবসায় পরিণত করতে পারে এবং বীমা পণ্যের প্রদর্শনের ভিত্তিতে বীমা কোম্পানিগুলি এদের পারিশ্রমিক দিয়ে থাকে।

5. বীমা বিপণন সংস্থাগুলি হলো আইআরডিএআই দ্বারা পরিচালিত মধ্যস্থতাকারীর সাম্প্রতিকতম উদাহরণ। এই ধরনের পণ্যের বিপণন, বিতরণ ও পরিষেবা দেওয়ার লাইসেন্সপ্রাপ্ত নিযুক্ত ব্যক্তিদের মাধ্যমে এরা নিম্নলিখিত কাজগুলি করতে পারে :

   বীমা বিক্রয় কার্যকলাপ: কর্তৃপক্ষকে অবগত করে যে কোনো সময়ে দুটি জীবন, দুটি সাধারণ এবং দুটি স্বাস্থ্য বীমা কোম্পানির বীমাপণ্য ইনসুরেন্স সেলস পার্সন (আইএসপি)-কে দিয়ে বিক্রি করা। সাধারণ বীমার ক্ষেত্রে, আইএমএফ কেবলমাত্র খুচরো লাইনে বীমা পণ্যের আবেদন ও সংগ্রহ করার অনুমোদন পেয়েছে, তা করতে হয় প্রদত্ত ফাইল অ্যান্ড ইউজ গাইডলাইন অনুযায়ী যেমন মোটর, স্বাস্থ্য, ব্যক্তিগত দুর্ঘটনা, পরিবার, দোকানদার ও সময়ে সময়ে কর্তৃপক্ষের অনুমোদিত অন্য বীমা পণ্য। বীমা কোম্পানীর সঙ্গে লিখিত অঙ্গীকারের কোন রকম পরিবর্তন করা যেতে পারে কেবলমাত্র কর্তৃপক্ষের আগাম অনুমোদনের ভিত্তিতে এবং বর্তমান পলিসিহোল্ডারকে পরিষেবা দেওয়ার উপযুক্ত ব্যবস্থার মাধ্যমেই।

   বীমা পরিষেবা কার্যকলাপ: এই পরিষেবা কার্যকলাপগুলি হবে কেবলমাত্র সেই বীমা কোম্পানির জন্য যার সঙ্গে বীমা পণ্যের অনুরোধ ও সংগ্রহের একটা চুক্তি থাকবে এবং নিম্নোক্তভাবে এক এক করে নামোল্লেখ করা থাকবে:

   a. বীমা কোম্পানির ব্যাক অফিসের কাজের দায়িত্ব নিয়ে, যেগুলি কর্তৃপক্ষের ইস্যু করা বীমা কোম্পানির আউটসোর্সিং কার্যকলাপ সম্পর্কে নির্দেশিকায় অনুমোদিত;

   b. ইনসুরেন্স রিপোজিটারির অনুমোদিত ব্যক্তি হয়ে;

   c. লাইসেন্সপ্রাপ্ত সার্ভেয়ার বা সমীক্ষক ও লোকসান মূল্যায়নকারীর ভূমিকা কাজে লাগিয়ে সমীক্ষা ও লোকসান মূল্যায়নের দায়িত্ব নেওয়া ;

   d. সময়ে সময়ে কর্তৃপক্ষের অনুমোদিত বীমা সংক্রান্ত অন্যান্য কার্যকলাপ।

**আর্থিক পণ্য বিতরণ :** ফিনান্সিয়াল সার্ভিস এক্সিকিউটিভ (এফএসই)=কে দিয়ে বিতরণ করতে, যারা আর্থিক আর্থিক পন্যের বিপণন, বিতরণ ও পরিষেবা দেওয়ার লাইসেন্সপ্রাপ্ত যেমন:

a. সেবি নিয়ন্ত্রিত মিউচুয়াল ফান্ড কোম্পানির মিউচুয়াল ফান্ড;

b. পিএফআরডিএ দ্বারা নিয়ন্ত্রিত পেনশন পণ্য;

c. সেবি লাইসেন্সপ্রাপ্ত বিনিয়োগ উপদেষ্টাদের মাধ্যমে বিতরিত অন্যান্য আর্থিক পণ্যগুলি;

d. আরবিআই নিয়ন্ত্রিত ব্যাঙ্ক/এনবিএফসি-র ব্যাঙ্কিং/আর্থিক পণ্য;

e. ভারত সরকারের ডাক বিভাগের নন-ইনসুরেন্স পণ্য;

f. সময়ে সময়ে কর্তৃপক্ষের অনুমোদিত অন্যান্য আর্থিক পণ্য বা কার্যকলাপ।

**D. অন্যান্য গুরুত্বপূর্ণ সংগঠন**

আরো কিছু সত্বা রয়েছে যাদের নিয়ে স্বাস্থ্য বীমা বাজারের অংশ তৈরি হয়, এবং সেগুলির মধ্যে রয়েছে:

1. **ইনসুরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অব ইন্ডিয়া (আইআরডিএআই)** এটা হলো সংসদে আইন পাস করে তৈরি করা বীমা নিয়ন্ত্রক যা বীমা বাজারের সমস্ত ব্যবসা ও পক্ষকে নিয়ন্ত্রণ করে। এটা 2000 সালে এসেছে এবং এদের উপর শুধুমাত্র বীমা ব্যবসাকে নিয়ন্ত্রণের কাজই ন্যাস্ত হয়নি, পাশাপাশি এঁদের দেওয়া হয়েছে এই ব্যবসার বিকাশের কাজও।

2. **জেনারেল ইনসুরেন্স অ্যান্ড লাইফ ইনসুরেন্স কাউন্সিল,** এরা আইআরডিএআই-কে সুপারিশ করে তাদের সংশ্লিষ্ট জীবন ও সাধারণ বীমা ব্যবসা নিয়ন্ত্রণের জন্য।

3. আইআরডিএ 2009সালে স্থাপন করে ইনসুরেন্স ইনফর্মেশন ব্যুরো অব ইন্ডিয়া এবং এটি হলো 20সদস্যের পরিচালন পরিষদ সহ একটি রেজিস্ট্রিকৃত সোসাইটি, যার বেশিরভাগ সদস্যই বীমা ক্ষেত্র থেকে আসা। বীমা ক্ষেত্রের জন্য এরা সংগ্রহ করে বিশ্লেষণ করে বিভিন্ন ক্ষেত্র-স্তরের রিপোর্ট তৈরি করে যাতে ব্যবসায়িক কৌশল তৈরি করতে ও মূল্য নির্ধারণ সহ বিভিন্ন সিদ্ধান্ত বৈজ্ঞানিক ও তথ্য নির্ভরভাবে নেওয়া সম্ভব হয়। পলিসি বা নীতি তৈরি করার জন্যও এরা নিয়ন্ত্রক ও সরকারকে গুরুত্বপূর্ণ তথ্য যুগিয়ে থাকে। বীমা শিল্পের উপকারের জন্য এই ব্যুরো পাক্ষিক ও এককালীন বহু রিপোর্ট তৈরি করেছে।

   আইআইবি সেন্ট্রাল ইন্ডেক্স সার্ভার পরিচালনা করে, এই সার্ভারটি বিভিন্ন বীমা রিপোজিটারদের মধ্যে একটা নোডাল পয়েন্ট হিসেবে কাজ করে এবং একটা নতুন অ্যাকাউন্ট তৈরির পর্যায়ে ডিম্যাট অ্যাকাউন্টের ডি-ডুপ্লিকেশনে বা প্রতিলিপি ঠেকাতে সাহায্য করে। প্রত্যেকটি পলিসির লেনদেন সম্পর্কিত তথ্য একজন বীমাকারী ও বীমা রিপোজিটারির মধ্যে ট্রান্সমিশন/রাউটিংয়ের জন্য একটা এক্সচেঞ্জ হিসেবেও কাজ করে এই সেন্ট্রাল ইন্ডেক্স সার্ভার।

   স্বাস্থ্য বীমা ক্ষেত্রে পরিষেবাদানকারী 'দ্য প্রেফার্ড প্রোভাইডার নেটওয়ার্কে' হাসপাতালগুলির নাম তালিকাবদ্ধ করে ইতিমধ্যেই আইআইবি তার হসপিটাল ইউনিক আইডি মাস্টার প্রোগ্রাম চালু করেছে।

   আইআইবি-র সর্বশেষ উদ্যোগটা হলো টিপিএ, বীমাকারী ও হাসপাতালগুলির সংযোগকারী একটা স্বাস্থ্য বীমা গ্রিড রক্ষণাবেক্ষণ করা। এই উদ্যোগের উদ্দেশ্য হলো স্বাস্থ্য বীমা ক্ষেত্রকে এমন একটা ব্যবস্থা নিয়ে হাজির করা যেখানে চিকিৎসার খরচ ও স্বাস্থ্য বীমা পণ্যের কার্যকরী মূল্য নির্ধারণে স্বচ্ছতার মাধ্যমে একটা বীমা ক্লেইমের ব্যবস্থাপনার সুযগ থাকে।

4. **শিক্ষা প্রতিষ্ঠান** যেমন ইনসুরেন্স ইনস্টিটিউট অব ইন্ডিয়া এবং ন্যাশনাল ইনসুরেন্স অ্যাকাডেমি, এরা বিভিন্ন ধরনের বীমা ও ম্যানেজমেন্ট সম্পর্কিত প্রশিক্ষণ দিয়ে থাকে এবং হবু এজেন্টদের প্রশিক্ষণ দিতে বেসরকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ব্যবস্থা করে।
5. **মেডিক্যাল প্র্যাক্টিশনাররাও** বীমা কোম্পানি ও টিপিএ–গুলিকে ঝুঁকি গ্রহণের সময় সহায়তা করে সম্ভাব্য ক্লায়েন্টের স্বাস্থ্য বীমা ঝুঁকির মূল্যায়ন করে এবং জটিল ক্লেইমের ক্ষেত্রে বীমা কোম্পানিগুলিকে পরামর্শ দিয়ে।
6. **আইনী সত্বা** যেমন ইনসুরেন্স ওমবাডসম্যান, ক্রেতা আদালতের পাশাপাশি দায়রা আদালতও স্বাস্থ্য বীমা বাজারে একটা ভূমিকা পালন করে যখন ক্রেতার অভিযোগ প্রতিবিধানের সময় আসে তখন এগুলিই দায়িত্ব পালন করে।

## সারাংশ

a) বহু শতাব্দী আগে থেকেই কোনো না কোনো আকারে বীমা ছিলই, তবে এর আধুনিকা আকারটা শুধুমাত্র কয়েক শতাব্দীর পুরোনো। ভারতের বীমা সরকারী নিয়ন্ত্রণের বিভিন্ন পর্যায়ের মধ্যে দিয়ে গেছে।

b) নাগরিকদের স্বাস্থ্য খুবই গুরুত্বপূর্ণ বিষয় হওয়ায় সরকার একটা উপযুক্ত স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা তৈরি করতে মুখ্য ভূমিকা পালন করে।

c) প্রদত্ত স্বাস্থ্য পরিষেবার স্তর দেশের জনসংখ্যার সঙ্গে সম্পর্কিত বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে।

d) যে স্তরের মেডিক্যাল মনোযোগ জরুরী তার ভিত্তিতে তিন ধরনের স্বাস্থ্য পরিষেবা রয়েছে, সেগুলি হলো প্রথম, দ্বিতীব ও তৃতীয় পর্যায়। প্রত্যেক স্তরে স্বাস্থ্য পরিষেবার খরচ বাড়তে থাকে, তাই তৃতীয় স্তরই হলো সবচেয়ে বেশি খরচের।

e) ভারতে সামনে নিজস্ব অদ্ভুত কিছু চ্যালেঞ্জ রয়েছে যেমন জনসংখ্যা বৃদ্ধি ও নগরায়ন যার জন্য উপযুক্ত স্বাস্থ্য পরিষেবা জরুরী।

f) সরকারই প্রথম স্বাস্থ্য বীমার প্রকল্প নিয়ে এসেছিল, পরে বেসরকারী বীমা কোম্পানিগুলি তার বাণিজ্যিকীকরণ করেছে।

g) স্বাস্থ্য বীমার বাজারটা তৈরি হয়েছে অনেকগুলি পক্ষ নিয়ে, কেউ পরিকাঠামো দেয়, কেউ আবার বীমা পরিষেবার যোগান দেয়, মধ্যবর্তী যেমন ব্রোকার, এজেন্ট ও থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর, এরাও স্বাস্থ্য বীমা ব্যবসায় পরিষেবা দিয়ে থাকে এবং এছাড়াও রয়েছে অন্য নিয়ন্ত্রক, শিক্ষামূলকের পাশাপাশি কিছু আইনী সত্বা, তারাও তাদের ভূমিকা পালন করে।

## মূল পরিভাষা

a) স্বাস্থ্য পরিষেবা
b) বাণিজ্যিক বীমা
c) রাষ্ট্রীয়করণ
d) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের স্বাস্থ্য পরিষেবা

e) মেডিক্লেইম
f) ব্রোকার
g) এজেন্ট
h) থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেশন
i) আইআরডিএ
j) ওমবাডসম্যান

# অধ্যায় 18

## বীমা দলিল রচনা

**অধ্যায়ের ভূমিকা**

বীমা শিল্পে, আমরা অসংখ্য ফর্ম, নথি প্রভৃতি নিয়ে নাড়াচাড়া করি। এই অধ্যায় একটা বীমা চুক্তিতে বিভিন্ন নথি ও তার গুরুত্ব সম্পর্কে আমাদের জানাবে। এই অধ্যায়টি প্রতিটি ফর্মের সঠিক প্রকৃতি সম্পর্কেও একটা সম্যক জ্ঞান দেবে, কীভাবে সেটা পূরণ করতে হয় এবং নির্দিষ্ট তথ্য চাওয়ার পেছনে কারণগুলি কী কী সেই সম্পর্কে।

**শিক্ষার ফলাফল**

A. প্রোপোজাল ফর্ম
B. প্রস্তাব স্বীকার (আন্ডাররাইটিং)
C. প্রস্পেক্টাস
D. প্রিমিয়াম প্রাপ্তি
E. পলিসি নথি
F. শর্ত ও ওয়ারান্টি
G. এনডোর্সমেন্ট বা সত্যায়ন
H. পলিসির ব্যাখ্যা
I. রিনিউয়াল নোটিস
J. মানি লন্ডারিং বিরোধী এবং ‘নো ইওর কাস্টোমার’ বা ‘আপনার গ্রাহককে জানুন’ নির্দেশিকা

এই অধ্যায় অধ্যয়নের পর আপনার সক্ষম হওয়া উচিত:

a) প্রোপোজাল ফর্মের বিষয়বস্তু ব্যাখ্যা করতে।
b) প্রস্পেক্টাসের গুরুত্ব বর্ণনা করতে।
c) প্রিমিয়াম প্রাপ্তি ও বীমা আইন, 1938-এর 64B ধারা ব্যাখ্যা করতে।
d) বীমা পলিসি নথির বয়ান ও শর্ত ব্যাখ্যা করতে।
e) পলিসির শর্ত, ওয়ারান্টি ও এন্ডোর্সমেন্ট বা সত্যায়ন নিয়ে আলোচনা করতে।
f) এন্ডোর্সমেন্ট বা সত্যায়ন কেন ইস্যু করা হয় তা উপলব্ধি করতে।
g) আইনী আদালতে পলিসির বয়ানকে কীভাবে দেখা হয় তা বুঝতে।
h) রিনিউয়াল নোটিস কেন ইস্যু করা হয় তা উপলব্ধি করতে।
i) মানি লন্ডারিং কী এবং নো ইওর কাস্টোমার নির্দেশিকা সম্পর্কে একজন এজেন্টকে কী করতে হয় তা জানতে।

## A. *প্রোপোজাল ফর্ম*

আগেই যেমন বলা হয়েছে, বীমা হলো একটি চুক্তি যাকে একটি লেখায় পর্যবসিত করে পলিসিতে নিয়ে আসা হয়। বীমার নথিপত্রকরণ পলিসিটি চালু করার মধ্যেই সীমাবদ্ধ নয়। যেহেতু তার মধ্যে অনেক মধ্যস্থতাকারী যেমন দালাল এবং এজেন্ট যাঁরা সেগুলি চালনা করেন তাঁরা আছেন, এটি সম্ভব যে একজন বীমাকৃত এবং তাঁর বীমাকারীর মধ্যে কোনোদিনই দেখা নাও হতে পারে।

একটি বীমা কোম্পানি তাঁর ক্রেতা এবং সেই পুরুষ/মহিলার বীমার চাহিদা সম্পর্কে জানতে পারেন একমাত্র সেই ক্রেতা যে নথিপত্র জমা দিয়েছেন তার মাধ্যমে। এমন নথিপত্র বীমাকারীকে তাঁর ঝুঁকিটি সম্পর্কেও ভালো করে জানতে সাহায্য করে। সেই কারণে, বীমাকৃত এবং বীমাকারীর মধ্যে বোঝাপড়া এবং স্বচ্ছতা নিয়ে আসার উদ্দেশ্যে নথিপত্রকরণ প্রয়োজনীয়। এখানে নির্দিষ্ট কিছু নথিপত্র আছে যা বীমা ব্যবসায় রীতিমাফিক ব্যবহার করা হয়।

বীমার এজেন্ট, যিনি ক্রেতার সবচেয়ে কাছের ব্যক্তি হন, তাঁকে ক্রেতার সামনাসামনি হতেই হয় এবং এর সঙ্গে জড়িত সব নথিপত্র সম্পর্কে সবরকম সন্দেহ দূর করার জন্য ব্যাখ্যা করতে হয় এবং সেগুলি পুরণে সেই পুরুষ/মহিলাকে সাহায্য করতে হয়। বীমার সঙ্গে জড়িত সব নথিপত্রের উদ্দেশ্য এবং বীমায় ব্যবহৃত নথিপত্রে থাকা তথ্যের গুরুত্ব এবং প্রাসঙ্গিকতা এজেন্টকে অবশ্যই বুঝতে হবে।

### 1. প্রোপোজাল ফর্ম

নথিপত্রকরণের প্রাথমিক পর্যায় সাধারণত হলো প্রস্তাব ফরমটি যার মাধ্যমে বীমাকৃত জানান:

- ✓ সেই পুরুষ/মহিলা কে
- ✓ সেই পুরুষ/মহিলার কোন ধরণের বীমার চাহিদা রয়েছে
- ✓ সেই পুরুষ/মহিলা কোনটির বীমা করতে চাইছেন তার বিস্তারিত এবং
- ✓ কত সময়ের জন্য তা চাইছেন

বিস্তারিতের অর্থ হলো বীমার বিষয় বস্তুর আর্থিক মূল্য এবং প্রস্তাবিত বীমার সঙ্গে সম্পর্কিত **উপাদানগত বিষয়ক তথ্য।**

#### a) বীমাকারীর দ্বারা ঝুঁকির মূল্যায়ন

**i.** ঝুঁকির পরিপ্রেক্ষিতে বীমাকারীর যাবতীয় যে আবশ্যিক তথ্যের প্রয়োজন তা জানানোর জন্য প্রস্তাবককেই প্রস্তাবের ফরমটি পুরণ করে দিতে হবে, সেটি করে দিতে হবে যাতে বীমাকারী সিদ্ধান্ত নিতে পারেন :

- ✓ বীমাটি গ্রহণ অথবা খারিজের অনুমোদন করা হবে কী না এবং
- ✓ ঝুঁকিটি গ্রহণ করার ঘটনার ক্ষেত্রে, যে কভারের অনুমতি দেওয়া হবে তার হার, শর্ত এবং শর্তাবলী নিশ্চিত করতে

প্রস্তাবের ফরমটির মধ্যে থাকে বীমার জন্য যে ঝুঁকির প্রস্তাব করা হয়েছে তা গ্রহণ করতে বীমা কোম্পানির জন্য কার্যকরী তথ্য। সবচেয়ে সরল বিশ্বাসের নীতি এবং আবশ্যিক তথ্য প্রকাশের কর্তব্যের শুরু হয় বীমার জন্য দেওয়া প্রস্তাব ফরমটি থেকে।

আবশ্যিক তথ্য প্রকাশের কর্তব্য পলিসিটির ধারণার আগে থেকেই দেখা দেয়, এবং বীমা চলাকালীন পুরো সময় পর্বটি ধরে তা চলে এবং এমনকী চুক্তিটি সম্পূর্ণ হয়ে যাওয়ার পরেও সেটি চলে।

**উদাহরণ**

ব্যক্তিগত দূর্ঘটনা পলিসির ক্ষেত্রে, যদি বীমাকৃত প্রস্তাবের ফরমটিতে ঘোষণা করেন যে তিনি গাড়ি সংক্রান্ত খেলা অথবা ঘোড়ায় চড়ার সঙ্গে যুক্ত নন, তবে তাঁকে চেষ্টা চালিয়ে যেতে হবে পলিসিটির গোটা সময় পর্ব ধরে এমন কোনো অভিযানের সঙ্গে নিজেকে যুক্ত না করতে। এটি হলো বীমাকারীর কাছে আবশ্যিক তথ্য কারণ এই তথ্যের উপর ভিত্তি করেই তিনি প্রস্তাবটি গ্রহণ করছেন এবং সেই অনুযায়ী ঝুঁকিটির মূল্য নির্ধারণ করছেন।

---

প্রস্তাব ফরমগুলি সাধারণত বীমা কোম্পানির নাম, লোগো, ঠিকানা এবং বীমা/পণ্যের শ্রেণী/ধরণ যা ব্যবহার করা হবে সেইসব সহ বীমাকারীই ছাপিয়ে দেন। প্রস্তাব ফরমটিতে একটি ছাপানো টীকা যুক্ত করা বীমা কোম্পানিগুলির জন্য বাধ্যতামূলক, যদিও এই সংক্রান্ত কোনো মাপকাঠি করা আকার বা অনুশীলন নেই।

**উদাহরণ**

এই ধরনের নোটের কয়েকটি উদাহরণ:

'ঝুঁকির মূল্যায়নের সময় বীমাকৃত যদি অত্যাবশ্যকীয় তথ্য অ-প্রকাশ করে রাখেন, বিভ্রান্তিমূলক তথ্য দেন, জালিয়াতি অথবা অসহযোগিতা করেন তাহলে পলিসির অধীনে যে কভার চালু করা হয়েছে সেটি খারিজ হয়ে যাবে',

'যতক্ষণ না প্রস্তাবটি কোম্পানি গ্রহণ করবে এবং পুরো প্রিমিয়াম না দেওয়া হয়ে যাবে সেই সময় পর্যন্ত কোম্পানি ঝুঁকিতে থাকবে না'।

---

**প্রস্তাব ফর্ম ঘোষণা**: বীমা কোম্পানিগুলি সাধারণত প্রস্তাব ফর্মের শেষে একটি ঘোষণা যুক্ত করেন যা প্রস্তাবককে স্বাক্ষর করতে হয়। এটি বীমাকৃত যাতে ফরমটি সঠিকভাবে পূরণ করেন এবং যা তথ্য সেখানে দেওয়া হয়েছে সেটি বুঝে নিতে পারেন সেই কষ্টটি সুনিশ্চিত করার জন্য করা হয়, যাতে ক্লেইম করার সময় কোনোরকম তথ্যের ভুল প্রতিনিধিত্বের ভিত্তিতে মতনৈক্য হওয়ার সুযোগ না থাকে।

এটি একইসঙ্গে বীমাকৃতের প্রতি সর্বাধিক সরল বিশ্বাস এবং যাবতীয় আবশ্যিক তথ্য প্রকাশ করার মূল নীতির উপর জোর দেওয়ার কাজও করে।

এই ঘোষণাটি সর্বাধিক সরল বিশ্বাসের নীতির সাধারণ আইনটিকে সর্বাধিক সরল বিশ্বাসের চুক্তিগত কর্তব্যে পরিণত করে।

**ঘোষণার স্ট্যান্ডার্ড ফর্ম**

ওষুধ, ড্রাগ, চিকিৎসকের পর্যালোচনা ইত্যাদির আকারে যে হাসপাতালে ভর্তি থাকার পরবর্তী খরচ হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর হতে পারে।এই খরচের সঙ্গে অবশ্যই সঙ্গতি থাকতে হবে হাসপাতালে থাকার সময়ের চিকিৎসার সঙ্গে এবং সেটিকে স্বাস্থ্য পলিসির অধীনে কভার হতে হবে।

যদিও হাসপাতালে ভর্তি থাকার সময়ের প্রাক এবং পরবর্তী খরচ কভার করার সময়সীমার মধ্যে বীমাকারী থেকে বীমাকারী পার্থক্য হতে পারে, কিন্তু সবচেয়ে প্রচলিত হলো **হাসপাতালে ভর্তি থাকার প্রাক তিরিশ দিন এবং পরবর্তী ষাট দিন** পর্যন্ত কভার পাওয়া যায়।

পলিসির অধীনে যে কভার দেওয়ার অনুমোদন রয়েছে সেই সার্বিক বীমাকৃত রাশির অংশ হিসেবেই হাসপাতালে ভর্তি থাকার প্রাক এবং পরবর্তী খরচ দেওয়া হয়।

### a) ডমিসিলিয়ারি হসপিটালাইজেশন

পলিসিধারকরা যদিও সাধারণত এই সুবিধাটি ব্যবহার করেন না, একটি ব্যক্তিগত স্বাস্থ্য পলিসিতে এমনও ব্যবস্থা করা আছে যে হাসপাতালে ভর্তি না করেও বাড়িতে থেকেই যে চিকিৎসা করা হবে তার খরচ বহন করা হবে। যদিও, এর শর্ত হলো অসুস্থতাটির জন্য হাসপাতালে ভর্তি থাকারই প্রয়োজন আছে, কিন্তু রোগীর অবস্থাটি এমন যে তাঁকে হাসপাতালে স্থানান্তর করা সম্ভব হচ্ছে না অথবা হাসপাতালে স্থানসঙ্কুলানের জন্য তাঁকে ভর্তি করা সম্ভব হচ্ছে না।

এই কভারে **সাধারণত তিন থেকে পাঁচ দিনের** বাড়তি দফা থাকে যার অর্থ হলো প্রথম তিন থেকে পাঁচদিনের চিকিৎসার খরচ বীমাকৃতকেই বহন করতে হবে। নির্দিষ্ট কয়েকটি ক্রনিক অথবা প্রচলিত অসুস্থতা যেমন হাঁপানি, ব্রঙ্কাইটিস, ক্রনিক নেফ্রাইটিস এবং নেফ্রাইটিক সিন্ড্রোম, ডায়েরিয়া এবং গ্যাসট্রোএনটেরাইটিস সহ সব ধরণের ডিসেন্ট্রি, ডায়াবেটিস মেলিটাস এপিলেপসি, হাইপারটেনশন, ইনফ্লুয়েঞ্জা, কাশি এবং সর্দি, জ্বরের মতো অসুখের চিকিৎসা ডমিসিলিয়ারি ট্রিটমেন্টের আওতা থেকে বাদ রাখা হয়েছে।

### b) প্রচলিত বর্জন

হাসপাতালে ভর্তি থাকাকালীন ক্ষতিপুরণ পলিসির অদীনে কিছু প্রচলিত বর্জনগুলি নিচে দেওয়া হলো : স্বাস্থ্য বীমার মান নির্ধারণে আইআরডিএ-র নির্দেশিকা, বিশেষ করে পরিশিষ্ট IV-এ বিস্তারিতভাবে প্রস্তাবিত ব্যতিক্রমের ভিত্তিতেই এগুলি হয়। আইআরডিএআই ওয়েবসাইটে প্রাপ্ত নির্দেশিকার সঙ্গে নিজেকে ভালো ভাবে পরিচিত করাতে পরামর্শ দেওয়া হচ্ছে ছাত্রদের।

অবশ্যই একথা উল্লেখ করতে হবে যে ফাইল অ্যান্ড ইউজ অনুমোদিত শর্তাবলী অনুযায়ী যদি কোনো বর্জনকে ছাড় দেওয়া হয় এবং কোনো অতিরিক্ত বর্জন চাপানো নয়, তাহলে কাস্টোমার ইনফর্মেশন শিট ও পলিসিতে আলাদাভাবে সেকথা উল্লেখ করতেই হবে।

## 1. পূর্ব-উপস্থিত অসুখ

ব্যক্তিগত স্বাস্থ্য পরিকল্পনার অধীনে এটি প্রায় সুনিশ্চিতভাবেই বাদ থাকে নতুবা যেহেতু এর অর্থ হলো নিশ্চিত অসুস্থতাকে কভার দেওয়া যা বীমাকারীর পক্ষে অত্যন্ত ঝুঁকির বিষয় হিসেবে প্রতিপন্ন হতো। স্বাস্থ্য পলিসি গ্রহণ করার সময় কভারের আওতায় আসা প্রত্যেক বীমাকৃত ব্যক্তিকেই অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় যা প্রকাশ্যে জানাতে হবে তা হলো তাঁর কোনো পূর্ব অসুস্থতা/আঘাতের ইতিহাস রয়েছে কী না। এটিই বীমাকারীকে সাহায্য করবে বীমার প্রস্তাবটি গ্রহণ করা হবে কী না তা স্থির করতে।

### সংজ্ঞা

পূর্ব-উপস্থিত সম্পর্কে আইআরডিএ-এর মান নির্ধারণকারী বর্ণনা হলো এমন

''এমন যে কোনো অবস্থা, অসুস্থতা অথবা আঘাত অথবা তারসঙ্গে সম্পর্কিত অবস্থা(গুলি) যারজন্য বীমাকারীর দ্বারা প্রথম পলিসির অনুমোদন করার ৪৮মাস আগে যার লক্ষণ বা চিহ্ন ছিল এবং/অথবা সেটি নির্নয় করা হয়েছে, এবং/অথবা তারজন্য চিকিৎসাগত পরামর্শ/চিকিৎসা লাভ করেছেন।''

বহিষ্কৃতটি হলো: কোম্পানির সঙ্গে সেই মহিলা/পুরুষের প্রথম পলিসি হওয়ার সময় থেকে, পলিসিতে বর্ণনা করা এমন যে কোনো ধরণের পূর্ব-উপস্থিত অবস্থা যা ৪৮মাস পর্যন্ত লাগাতার বীমাকৃত ব্যক্তি

---

1. ওজন নিয়ন্ত্রণ কর্মসূচী/সরবরাহ/পরিষেবা
2. চশমা/কন্টাক্ট লেন্স/হিয়ারিং এইড বা শ্রবণ সহায়িকা প্রভৃতির খরচ
3. দাঁতের চিকিৎসার খরচ যার জন্য হাসপাতালে ভর্তি হতে হয় না
4. হর্মোন প্রতিস্থাপন
5. হোম ভিজিট চার্জ
6. বন্ধ্যাত্ব/সাবফার্টিলিটি/সহায়তায় গর্ভধারণ পদ্ধতি
7. অতিস্থূলতা (মরবিড অবেসিটি সহ)-র চিকিৎসা
8. সাইকিয়াট্রিক ও সাইকোসোম্যাটিক সমস্যা
9. প্রতিসরণজনিত ত্রুটির সংশোধনী অস্ত্রোপচার
10. যৌন রোগের চিকিৎসা
11. দাতা বাছাইয়ের চার্জ
12. অ্যাডমিশন/রেজিস্ট্রেশন চার্জ
13. মূল্যায়ন/রোগ নির্ণয়ের উদ্দেশ্যে হাসপাতালে ভর্তি
14. যে রোগের জন্য ভর্তি হয়েছে বা যে রোগ নির্ণয় হয়েছে তার সঙ্গে প্রাসঙ্গিক নয় এমন ইনভেস্টিগেশন/চিকিৎসার খরচ
15. রোগী যখন রেটেরো ভাইরাস নির্ণয় হয় এবং/অথবা এইচআইভি/এইডস প্রভৃতিতে ভোগেন, তার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সনাক্ত যে কোনো খরচ
16. স্টেম সেল প্রতিস্থাপন / অস্ত্রোপচার এবং মজুত করা
17. যুদ্ধ ও পারমাণবিক সংক্রান্ত কারণগুলি
18. রেজিস্ট্রেশন চার্জ, অ্যাডমিশন ফি, টেলিফোন, টেলিভিশনের খরচ, প্রসাধন প্রভৃতির মতো সমস্ত নন-মেডিক্যাল আইটেম
19. কোনো ক্লেইম করার জন্য বেশিরভাগ পলিসিতেই সাধারণভাবে পলিসি শুরুর থেকে 30দিনের একটা অপেক্ষমান পর্ব প্রযোজ্য হয়। এটা অবশ্য একটা দুর্ঘটনার কারণে হাসপাতালে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

**উদাহরণ**

হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচপাতির কভারের জন্য মীরা একটি স্বাস্থ্য বীমা পলিসি করিয়েছিলেন। পলিসিতে একটি শর্ত ছিল ৩০দিনের প্রাথমিক অপেক্ষার সময়পর্বের।

দূর্ভাগ্যজনকভাবে, তিনি পলিসিটি গ্রহণ করার ২০দিন পর, মীরার ম্যালেরিয়া হলো এবং ৫দিনের জন্য তাঁকে হাসপাতালে ভর্তি থাকতে হলো। তাঁকে বিরাট পরিমাণে হাসপাতালের বিল মেটাতে হলো।

যখন তিনি বীমা কোম্পানির কাছে তাঁর ব্যয় সম্পর্কে পরিশোধের জন্য বললেন, তাঁরা ক্লেইমটির পেমেন্ট দিতে অস্বীকার করলো। কারণ হাসপাতালে ভর্তি হওয়ার ঘটনাটি ঘটেছিল পলিসি গ্রহণ করার দিন থেকে ৩০দিনের অপেক্ষার সময়পর্বের মধ্যেই।

i. **অপেক্ষার সময় :** এটি এমন রোগের ক্ষেত্রে প্রযোজ্য যার জন্য সাধারণ চিকিৎসা পিছিয়ে দেওয়া এবং পরিকল্পনা করা যেতে পারে। পণ্যের উপর নির্ভর করে, অপেক্ষার সময়

এক/দুই/তিন বছর পর্যন্ত প্রযোজ্য হতে পারে। সেই রোগগুলি হলো ছানি, বিনাইন প্রস্ট্যাটিক হাইপারট্রফি, মেনোরোজিয়া অথবা ফাইব্রোমায়োমার কারণে হিস্টেরেকটমি, হার্ণিয়া, হাইড্রোসিল, কনজেনিটাল ইন্টারনাল রোগ, মলদ্বারে ফিসচুলা, অর্শ, সাইনাইটিস এবং তারসঙ্গে সম্পর্কিত রোগ, গলব্লাডার থেকে পাথর সরানো, গাউট এবং বাত, ক্যালকুলাস রোগ, গাউট এবং বাত, বয়সজনিত কারণে অস্টিওআর্থারাইটিস, অস্টিওপোরোসিস।

**c) উপলব্ধ কভারেজের বাছাই**

**i.** ব্যক্তিগত কভারেজ

বীমাকৃত একজন ব্যক্তি নিজেকে এবং তারসঙ্গে তাঁর পরিবারের সদস্য যেমন স্ত্রী, নির্ভরশীল সন্তান, নির্ভরশীল মা-বাবা, নির্ভরশীল শ্বশুর বা শাশুড়ি, নির্ভরশীল ভাই বা বোন ইত্যাদির জন্যও কভার পেতে পারেন। কিছু বীমাকারী আছেন যাঁদের কোনো বাধ্যবাধকতা নেই যে কোন নির্ভরশীলরা কভার পেতে পারেন। এমন নির্ভরশীল প্রত্যেকের জন্য একটি মাত্র পলিসির অধীনে কভার করা সম্ভব। শুধুমাত্র প্রতি বীমাকৃত ব্যক্তির জন্য পৃথক বীমাকৃত রাশি নির্দিষ্ট করতে হবে। এই ধরণের কভারে, পলিসিটি চলাকালীন প্রতি বীমাকৃত ব্যক্তি তাঁর জন্য নির্ধারিত বীমাকৃত রাশির সর্বাধিক পর্যন্ত ক্লেইম করতে পারেন। প্রতি বীমাকৃত ব্যক্তির জন্য তাঁর বয়স এবং যে পরিমাণ বীমাকৃত রাশি নির্বাচন করা হয়েছে এবং অন্যান্য রেটিং ফ্যাক্টর অনুযায়ী প্রিমিয়াম ধার্য করা হবে।

**ii. পারিবারিক ফ্লোটার**

পারিবারিক ফ্লোটার পলিসি হিসেবে পরিচিত বিকল্পে, স্ত্রী, নির্ভরশীল সন্তানরা এবং নির্ভরশীল মা-বাবাকে একটি একক বীমাকৃত রাশির প্রস্তাব দেওয়া হয় যা গোটা পরিবারের মধ্যেই ফ্লোট করবে।

**উদাহরণ**

একটি চারজনের পরিবার যদি ৫লক্ষ টাকার একটি ফ্লোটার পলিসি নেয়, এর অর্থ হলো পলিসিটি চলাকালীন সময়ে, পরিবারের একজনের বেশি সদস্যের ক্লেইম সংক্রান্ত দাবি মেটাবে অথবা একটি পরিবারের একজন সদস্যের বহু দাবি সংক্রান্ত ক্লেইম মেটাবে। এই সবকিছু মিলিয়ে কোনোভাবেই তা ৫লক্ষ টাকার বেশি কভারেজ হবে না। বীমার জন্য প্রস্তাবিত পরিবারের সবচেয়ে বেশি বয়সের ব্যক্তির বয়সের ভিত্তিতেই সাধারণত প্রিমিয়াম ধার্য করা হবে।

---

এই পলিসিগুলির অধীনে কভার এবং বাদ দেওয়ার বিষয়গুলি একইরকম হবে। বাজারে পারিবারিক ফ্লোটার পলিসিগুলি জনপ্রিয় হয়ে উঠছে। কারণ একটি সার্বিক বীমাকৃত রাশির অধীনে গোটা পরিবার কভার পেয়ে যায়। যুক্তিসঙ্গত প্রিমিয়ামে উচ্চতর স্তরে যা বাছাই করা যেতে পারে।

**d) বিশেষ বৈশিষ্ট্য**

আগের যে মেডিক্লেইম পণ্যগুলি ছিল তার অধীনে প্রাথমিক ক্ষতিপূরণের যে প্রস্তাবের সঙ্গে চলতি কভারেজে বেশ কিছু পরিবর্তন এবং নতুন মূল্য যুক্ত বৈশিষ্ট্য যোগ করা হয়েছে। আমাদের অবশ্যই এরকম কিছু পরিবর্তন নিয়ে আলোচনা করতে হবে। এটি মনে রাখা দরকার যে সব

কটি পণ্য নিম্নে উল্লিখিত সব কটি বৈশিষ্ট্য বহন করবে না, এবং এটি বীমাকারী থেকে বীমাকারী এবং পণ্য থেকে পণ্যের মধ্যে পার্থক্য থাকতে পারে।

## i. উপ সীমা এবং রোগ নির্ধারিত সীমা

কিছু পণ্যের ক্ষেত্রে রোগ নির্ধারিত সীমা আছে, যেমন, ক্যাটার্যাক্ট বা ছানি। কয়েকটির ক্ষেত্রে আবার বীমাকৃত রাশির সঙ্গে ঘরের ভাড়াকে সংযুক্ত করে উপ সীমা করা আছে, যেমন, প্রতিদিন ঘরের ভাড়া বীমাকৃত রাশির ১শতাংশ বা আইসিইউ-র ক্ষেত্রে বীমাকৃত রাশির ২শতাংশতে সীমাবদ্ধ করা আছে। অন্যান্য বিভাগের অধীনে খরচ যেমন আইসিইউ-র চার্জ, ওটি-র চার্জ এবং এমনকী শল্য চিকিৎসকের ফি-ও কী ধরণের ঘর নেওয়া হচ্ছে তারসঙ্গে যুক্ত থাকে। ঘরের ভাড়ার ক্ষেত্রে উর্ধ্ব সীমা থাকলে সেটি অন্যান্য বিভাগের ক্ষেত্রেও খরচও সীমাবদ্ধ করে দেয় এবং তারফলে হাসপাতালে ভর্তি থাকার সার্বিক খরচই কমে যায়।

## ii. কো-পেমেন্ট (লোকমুখে কো-পে বলে)

কো-পেমেন্ট হলো একটা স্বাস্থ্য বীমা পলিসির অধীনে খরচ ভাগাভাগির চাহিদা যাতে বলা হয় পলিসিহোল্ডার/বীমাকৃত গ্রহনীয় ক্লেইমের পরিমাণের একটা নির্দিষ্ট অংশ বহন করবেন। কো-পেমেন্ট বীমাকৃত রাশিকে কমিয়ে দেয় না।

বীমাকৃত যাতে তাঁর পছন্দ বাছাইয়ের ক্ষেত্রে সতর্ক থাকতে পারেন এবং স্বেচ্ছায় তাঁর সামগ্রিক হাসপাতাল খরচ কমাতে পারে তা এটা নিশ্চিত করে।

## iii. ডিডাক্টিবল বা বিয়োজ্য

ডিডাক্টিবল বা বিয়োজ্য হলো একটা স্বাস্থ্য বীমা পলিসির অধীনে খরচ ভাগাভাগির চাহিদা যাতে বলা হয় ক্ষতিপূরণ পলিসির ক্ষেত্রে কোনো নির্দিষ্ট পরিমাণ টাকার জন্য এবং হসপিটাল ক্যাশ পলিসির ক্ষেত্রে একটা নির্ধারিত দিন/ঘন্টার সুবিধা দেওয়ার জন্য দায়বদ্ধ থাকবে না বীমাকারী যা বীমা প্রযোজ্য হবে বীমাকারীর প্রদেয় সুবিধার আগে। ডিডাক্টিবল বা বিয়োজ্য বীমাকৃত রাশিকে কমিয়ে দেয় না।

বীমাকারীদের এটা নির্দিষ্ট করতে হয় যে বছর পিছু, জীবন পিছু বা ঘটনা পিছু বিয়োজ্য প্রযোজ্য হবে কিনা এবং প্রযোজ্য নির্ধারিত বিয়োজ্যের পরিমাণ।

**iv.** আইআরডিএআই দ্বারা নতুন বর্জন (এক্সক্লুশন) চালু হয়েছে এবং পরে তার মান নির্ধারিত হয়েছে :

- ✓ জেনেটিক রোগ এবং স্টেম সেল প্রতিস্থাপন/অস্ত্রোপচার।
- ✓ বাহ্যিক এবং বা দীর্ঘস্থায়ী চিকিৎসাগত/অ-চিকিৎসাগত যে কোনো ধরণের যন্ত্রপাতি যা ব্যবহার করা হয়েছে রোগ নির্ণয় এবং অথবা চিকিৎসার জন্য। এর অন্তর্ভুক্ত হলো সিপিএপি, সিএপিডি, ইনফিউশন পাম্প ইত্যাদি, চলার যন্ত্রপাতি যেমন যে কোনো ধরণের ওয়াকার, ক্রাচ, বেল্ট, কলার, ক্যাপ, স্প্লিন্টস, স্লিঙ্গস, ব্রেস, স্টকিং ইত্যাদি, ডায়াবেটিক ফুট ওয়্যার, গ্লুকোমিটার/থার্মোমিটার এবং একইরকম সম্পর্কিত

জিনিসপত্র ইত্যাদি এবং যেকোনো ধরণের চিকিৎসাগত যন্ত্রপাতি যা পরবর্তীকালে বাড়ি ইত্যাদিতে ব্যবহৃত হবে

- ✓ হাসপাতালের ধার্য করা যে কোনো ধরণের পরিষেবা চার্জ, সারচার্জ, অ্যাডমিশন ফি/রেজিস্ট্রেশনের চার্জ ইত্যাদি
- ✓ হাসপাতালে ভর্তির প্রাক অথবা পরবর্তী সময়কালে চিকিৎসকের বাড়িতে ভিজিটের চার্জ, অ্যাটেনড্যান্ট/ নার্সিংয়ের চার্জ

সাধারণ বর্জনীয় বিষয়গুলির মাননির্ধারণ করে দিয়েছে আইআরডিএআই। দয়া করে শেষে অতিরিক্ত সংযোজনটি দেখুন।

### v. জোন ভিত্তিক প্রিমিয়াম

সাধারণত, প্রিমিয়ামটি নির্ভর করে বীমাকৃত ব্যক্তির বয়স এবং বীমাকৃত রাশি যা নির্ধারিত করা হয়েছে তার উপর। ক্লেইমের উচ্চতর খরচের জন্য নির্দিষ্ট কিছু জোনে প্রিমিয়ামের পার্থক্য চালু করা হয়েছে, যেমন দিল্লি এবং মুম্বাইকে কয়েকটি বীমাকারী কিছু নির্দিষ্ট পণ্যের ক্ষেত্রে সবচেয়ে বেশি প্রিমিয়াম জোনের অন্তর্গত করেছে।

### vi. পূর্ব উপস্থিত রোগের কভারেজ

নিয়ন্ত্রণের প্রয়োজনের দৃষ্টিভঙ্গিতে, পূর্ব-উপস্থিত রোগ যা আগে বাদ দেওয়া হয়েছিল তা নির্দিষ্ট করে চার বছরের অপেক্ষার সময়ের জন্য উল্লেখ করা আছে। কিছু বীমা কোম্পানি তাদের বেশি প্রিমিয়ামের কিছু পণ্যের ক্ষেত্রে এই সময়কালটি কমিয়ে 2 এবং 3 বছর করেছে।

### vii. পুনর্নবীকরণ

কয়েকটি বীমাকারী আজীবনের পুনর্নবীকরণ চালু করেছে। এখন, আইআরডিএআই সব পলিসির জন্য এটিকে বাধ্যতামূলক করে দিয়েছে।

### viii. . ডে-কেয়ার প্রক্রিয়ার জন্য কভারেজ

চিকিৎসা বিজ্ঞানের উন্নতির ফলে বিরাট সংখ্যক প্রক্রিয়াই এখন ডে-কেয়ার বিভাগের অধীনে চলে এসেছে। আগে শুধুমাত্র সাতটি প্রক্রিয়া বিশেষভাবে ডে-কেয়ারের অধীনে উল্লেখিত ছিল- ছানি, ডি এবং সি, ডায়ালিসিস, কেমোথেরাপি, রেডিওথেরাপি, লিথোট্রিপসি এবং টনসিলেকটমি। এখন, ১৫০টিরও বেশি প্রক্রিয়া কভার করা হয় এবং তালিকাটি বেড়েই চলেছে।

### ix. প্রাক পলিসি চেক আপের খরচ

চিকিৎসাগত পরীক্ষার খরচ আগে সম্ভাব্য ক্রেতাই বহন করতেন। এখন বীমাকারী সেই খরচ পরিশোধ করে দেয়। তবে অবশ্যই যদি প্রস্তাবটি দায়গ্রহণের জন্য গৃহীত হয়। ৫০% থেকে ১০০শতাংশ পর্যন্ত এই পরিশোধের পার্থক্য হয়। এখন আইআরডিএআই বাধ্যতামূলক করে দিয়েছে যে স্বাস্থ্য পরীক্ষার খরচের অন্তত ৫০শতাংশ বীমাকারীকে বহন করতেই হবে।

### x. প্রাক এবং পরবর্তী হাসপাতাল কভারের সময়পর্ব

অধিকাংশ বীমাকারী বিশেষত তাঁদের বেশি প্রিমিয়ামের পণ্যগুলির ক্ষেত্রে হাসপাতালে ভর্তির কভারের প্রাক এবং পরবর্তী সময় বাড়িয়ে ৬০দিন এবং ৯০দিনের সময়পর্ব করেছে। কয়েকটি

বীমাকারী এই খরচগুলির পরিমাণ একটি নির্দিষ্ট শতাংশ পর্যন্ত ক্লেইমের পরিমাণের সঙ্গে যুক্ত করে দিয়েছে, যা সর্বোচ্চসীমার বিষয়াধীন।

### xi. অ্যাড অন কভার

বিভিন্ন নতুন অতিরিক্ত কভারকেই অ্যাড-অন কভার বলা হয়। কয়েকটি বীমাকারী এটি চালু করেছে। তারমধ্যে কয়েকটি হলো :

- ✓ **মাতৃত্বকালীন কভার :** ব্যক্তিগত পলিসির অধীনে আগে মাতৃত্ব কে কভার করা হোতো না। কিন্তু এখন বিভিন্ন ধরণের অপেক্ষমান সময়পর্ব সহ অধিকাংশ বীমাকারীই এর প্রস্তাব দিয়ে থাকেন।
- ✓ **গুরুতর অসুস্থতার কভার :** নির্দিষ্ট কিছু অসুস্থতা যেগুলি জীবন সংশয়মূলক এবং ব্যয়সাপেক্ষ চিকিৎসার যোগ্য, তারজন্য কিছু বেশি দামের পণ্যের অধীনে এই বিকল্পটি পাওয়া যায়।
- ✓ **বীমাকৃত রাশির পুনর্বহাল :** ক্লেইমের পেমেন্ট করার পর, বীমাকৃত রাশিটি (যা ক্লেইমটি দেওয়ার পর কমে যায়) বাড়তি প্রিমিয়াম দিয়ে পুনরায় তার মূল আকারে পুনর্বহাল করা যায়।
- ✓ **এওয়াইইউএসএইচ-এর জন্য কভারেজ-আয়ুর্বেদিক-ইউনানি-সিদ্ধা- হোমিওপ্যাথ :** কিছু পলিসি এওয়াইইউএসএইচ-এর চিকিৎসার খরচ বহন করে। একটি নির্দিষ্ট শতাংশ পর্যন্ত হাসপাতালে ভর্তি থাকার খরচ বহন করা হয়।

### xii. মূল্যযুক্ত কভার

মূল্য যুক্ত কভার কয়েকটি ক্ষতিপূরণ পণ্যের অন্তর্ভুক্ত আছে যার তালিকা নিচে দেওয়া হলো। এর সুবিধা বীমাকৃত রাশির সীমা পর্যন্ত পাওয়া যাবে। যা পলিসির প্রতিটি কভারের তালিকায় নির্দিষ্ট করা আছে। তবে এটি কোনোভাবেই সার্বিক বীমাকৃত রাশির থেকে বেশি হবে না।

- ✓ **বহির্বিভাগের রোগীর কভার:** যেমন আমরা জানি যে ভারতে স্বাস্থ্যবীমা পণ্যগুলি অধিকাংশ শুধুমাত্র হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচই কভার করে। কিছু কোম্পানি এখন কয়েকটি বেশি প্রিমিয়ামের পরিকল্পনার অধীনে সীমাবদ্ধ কিছু কভার বহির্বিভাগের রোগীদের খরচের ক্ষেত্রে দিয়ে থাকে।
- ✓ **হাসপাতালের ক্যাশ:** নির্দিষ্ট কিছু সময়ের জন্য হাসপাতালে ভর্তি থাকার সময়ের প্রতিদিনের খরচের একটি নির্দিষ্ট বৃহৎ অংশ দেওয়া হয়ে থাকে। সাধারণত এই সময়পর্বটি হলো ৭দিনের যার থেকে বাদ থাকে পলিসির বাদ দেওয়ার যোগ্য ২/৩দিন। সুতরাং, এই সুবিধা শুধুমাত্র তখনই পাওয়া যাবে যদি হাসপাতালে ভর্তি থাকার এই সময়পর্বটি বাদ দেওয়ার যোগ্য এই সময়পর্বের পরে হয়। এটি হাসপাতালে ভর্তি থাকার সময়ের ক্লেইমের অতিরিক্ত কিন্তু পলিসির সার্বিক বীমাকৃত রাশির মধ্যে অথবা একটি পৃথক উপ-সীমার মধ্যে।
- ✓ **রিকভারির সুবিধা:** বৃহৎ অংশের সুবিধা দেওয়া হয় যদি অসুস্থতা এবং/অথবা দুর্ঘটনার জন্য হাসপাতালে থাকার পুরো সময়পর্বটি ১০দিনের কম না হয়।

- ✓ **দাতার খরচ:** পলিসিতে যে শর্ত এবং শর্তাবলী বর্ণনা করা আছে সেই অনুযায়ী বড় কোনো অঙ্গ প্রতিস্থাপনের ঘটনায় পলিসিটি দাতার জন্য যা খরচ হয় তা পরিশোধ করে থাকে।
- ✓ **অ্যাম্বুলেন্সের পরিশোধ:** পলিসির তালিকাভুক্ত নির্দিষ্ট করা একটি সীমা পর্যন্ত বীমাকৃত/বীমাকৃত ব্যক্তি অ্যাম্বুলেন্সের জন্য যে খরচ করবেন তার খরচ বহন করা হবে।
- ✓ **সঙ্গে থাকা ব্যক্তির জন্য খরচ:** এটির লক্ষ্য হলো বীমাকৃত ব্যক্তির হাসপাতালে ভর্তি থাকার সময় যে সঙ্গী তাঁর সঙ্গে থাকবেন তাঁর খাবার, পরিবহনের খরচ কভার করা। বৃহৎ অংশের পেমেন্ট অথবা পরিশোধমূলক পেমেন্ট পলিসির শর্ত অনুযায়ী দেওয়া হয়ে থাকে, যা পলিসির তালিকা অনুযায়ী সীমা নির্ধারণ করা আছে।
- ✓ **পারিবারিক বর্ণনা:** কয়েকটি স্বাস্থ্য পণ্যে পরিবারের বর্ণনা একটি পরিবর্তনের মধ্যে দিয়ে গেছে। আগে, প্রাথমিক বীমাকৃত, স্ত্রী, নির্ভরশীল সন্তানকে কভার দেওয়ার অনুমতি ছিল। এখন অনেক পলিসি আছে যেখানে মা-বাবা এবং শ্বশুর-শাশুড়িও একই পলিসির অধীনে কভার পেতে পারেন।

## D. *টপ-আপ কভার বা হাই ডিডাক্টেবল বীমা প্ল্যান*

টপ-আপ কভার বা হাই ডিডাক্টেবল পলিসি নামেও পরিচিত। আন্তর্জাতিক বাজারে অধিকাংশ মানুষ উচ্চ কো-পে পলিসি অথবা কভার বিহীন রোগ অথবা চিকিৎসার জন্য অতিরিক্ত হিসেবে টপ-আপ কভার কেনেন। যদিও ভারতে, টপ আপ কভার প্রথমে চালু করার ক্ষেত্রে উচ্চ বীমাকৃত রাশির অভাব থাকাকেই মনে করা হয়, কিন্তু এখন আর ঘটনাটি তা নয়। দীর্ঘ সময় ধরে একটি স্বাস্থ্য পলিসির অধীনে ৫,০০,০০০টাকাই সর্বাধিক কভার পাওয়া যেতো। কেউ যদি বেশি মূল্যের কভার চাইতেন তবে তিনি বাধ্য হতেন দ্বিগুণ প্রিমিয়াম দিয়ে দুটি পলিসি কিনতে। এইকারণেই বীমাকারীদের দ্বারা টপ-আপ পলিসিগুলি জনপ্রিয় হয়েছিল, অধিকন্তু যা নির্দিষ্ট একটি পরিমাণের (যাকে বলা হয় সীমা) উচ্চ বীমাকৃত রাশি উপর কভার দিত।

এই পলিসিটি বরাবর কাজ করে একটি কম বীমাকৃত রাশির প্রাথমিক স্বাস্থ্য কভারের সঙ্গে এবং সেটি পাওয়া যায় তুলনামূলকভাবে যুক্তিসঙ্গত প্রিমিয়ামে। যেমন উদাহরণস্বরূপ, যে ব্যক্তিরা তাঁদের নিয়োগকর্তার দ্বারা কভারের সুবিধা পাচ্ছেন তাঁরাও অতিরিক্ত সুরক্ষার জন্য টপ-আপ কভারও বেছে নিতে পারেন(প্রথম পলিসির বীমাকৃত রাশিকে সীমা হিসেবে রেখে)। এটি নিজের জন্য এবং পরিবারের জন্য হতে পারে, যা দুর্ভাগ্যজনকভাবে বিপুল খরচের চিকিৎসার সময় কাজে লেগে যেতে পারে।

টপ-আপ পলিসির অধীনে ক্লেইম পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হতে হলে, চিকিৎসাগত খরচকে (অথবা সীমাকে) পরিকল্পনার অধীনে যে ডিডাক্টিবল স্তর বাছা হয়েছে তার বেশি হতে হবে এবং বেশি ডিডাক্টিবল পরিকল্পনার অধীনে পরিশোধটি হবে যে পরিমাণ খরচ হয়েছে সেটিই, যেমন, তা ডিডাক্টিবলের বেশি হবে

**উদাহরণ**

একজন ব্যক্তিকে তাঁর নিয়োগকর্তা ৩লক্ষ টাকার বীমাকৃত রাশির কভার করে দিয়েছেন। তিনি ঐ 3লক্ষের অতিরিক্ত পলিসি হিসেবে একটি ১০লক্ষ টাকার টপ-আপ নিতে পারেন।

যদি একবার হাসপাতালে ভর্তি হওয়ার খরচ 5লক্ষ টাকা হয়, প্রাথমিক যে পলিসিটি রয়েছে সেটি তিন লক্ষ টাকা পর্যন্ত কভার দেবে, কিন্তু বাকি দু লক্ষ টাকার ব্যালেন্স দেবে এই টপ-আপ পলিসি।

টপ-আপ পলিসি বেশ সস্তা এবং একক ১০লক্ষ টাকার একটি পলিসিতে খরচ একটি ১০লক্ষ টাকার টপ-আপ পলিসি (৩ লক্ষের অতিরিক্ত) তুলনায় অনেক বেশি হবে।

---

এই কভারগুলি ব্যক্তির ভিত্তিতে এবং পারিবারিক ভিত্তিতে পাওয়া যায়। এখন বাজারে পরিবারের প্রত্যেক সদস্যকে কভার করার জন্য ব্যক্তিগত বীমাকৃত রাশি বা পরিবারের সদস্যদের মধ্যে ফ্লোট করবে এমন একক বীমাকৃত রাশির প্রস্তাব পাওয়া যায়।

যদি টপ-আপ পরিকল্পনার ক্ষেত্রে এমন প্রয়োজন থাকে যে হাসপাতালে ভর্তির প্রতিটি ঘটনার সময় ডিডাক্টিবল পরিমাণটিকে বেশি হতে হবে, তাহলে সেই পরিকল্পনাকে বলা হয় **ক্যাটাস্ট্রোফ ভিত্তিক** উচ্চ ডিডাক্টিবল পরিকল্পনা। এর অর্থ হলো, উপরের উদাহরণে যেমন বলা হয়েছে, প্রত্যেকটি ক্লেইমকে অবশ্যই ৩লক্ষ টাকার বেশি হতে হবে।

যদিও যে টপ-আপ পরিকল্পনায় পলিসির সময়পর্বের মধ্যে পর পর হাসপাতালে ভর্তি হওয়ার পরও ডিডাক্টিবলের বেশি খরচের অনুমতি দেওয়া হয় তাকে বলা হয় অ্যাগ্রিগেট ভিত্তিক উচ্চ ডিডাক্টিবল পরিকল্পনা অথবা ভারতীয় বাজারে যার পরিচিতি হলো সুপার টপ-আপ। এর অর্থ হলো যে, উপরে যে উদাহরণ দেওয়া হয়েছে, প্রতিটি ক্লেইম যুক্ত করা হয় এবং যখন তা ৩লক্ষের বেশি হয়ে যায়, তখন টপ-আপ কভার ক্লেইমের টাকা দেওয়া শুরু করে।

হাসপাতালের ক্ষতিপূরণ পলিসিতে অধিকাংশ মান নির্ধারণকারী শর্তাবলীতে, শর্তে এবং বাদ দেওয়ার ব্যাপার এই পণ্যগুলিতে প্রযোজ্য হয়। কিছু বাজারে, যেখানে প্রাথমিক স্বাস্থ্য কভার সরকার দিয়ে থাকে, সেখানে সাধারণত বেশিরভাগ ক্ষেত্রে বীমাকারীরা শুধুমাত্র টপ-আপ কভার দেওয়ার ব্যাপারেই অনুমতি দেয়।

---

## E. ***বরিষ্ঠ নাগরিক পলিসি***

নির্দিষ্ট বয়স (যেমন, ৬০বছরের বেশি বয়সী মানুষ) পেরোনোর পর বরিষ্ঠ মানুষদের অনেক সময়ই কভারেজের আওতা থেকে বাদ দেওয়া হয়। এই পরিকল্পনাটি তাঁদের জন্যই নকশা করা। কভারেজের কাঠামো এবং বাদ দেওয়ার বিষয়গুলি অনেকটাই হাসপাতালে ভর্তি থাকার সময়ের পলিসির মতো।

কভারেজটি নির্ধারণ করা এবং অপেক্ষার সময়পর্বটি নিয়ে বয়স্ক মানুষদের অসুখের বিষয়টিতে বিশেষ নজর দেওয়া হয়েছে। বীমায় প্রবেশের বয়স অধিকাংশ হলো ৬০বছরের পরে এবং আজীবন তা পুনর্নবীকরণ করা যাবে। বীমাকৃত রাশির ব্যাপ্তি হলো ৫০,০০০ থেকে ৫,০০,০০০টাকা পর্যন্ত। নির্দিষ্ট কিছু অসুস্থতার ক্ষেত্রে অপেক্ষার সময়পর্বটি বিভিন্নভাবে প্রযোজ্য। উদাহরণ: একজন বীমাকারী ছানির জন্য হয়তো ১বছরের অপেক্ষার সময়পর্ব রেখেছে এবং অন্য কোনো বীমাকারীরা হয়তো অপেক্ষার সময়পর্বটিকে ২বছরের জন্য রেখেছে।

আবার হয়তো নির্দিষ্ট কোনো বীমাকারী নির্দিষ্ট কোনো অসুস্থতার ক্ষেত্রে অপেক্ষার সময়পর্ব রাখে না কিন্তু হয়তো অপর কোনো বীমাকারীর জন্য আছে, উদাহরণ: কিছু বীমাকারীর জন্য সাইনাসাইটিস হয়তো অপেক্ষার সময়পর্বের আওতায় পড়ে না কিন্তু আবার কয়েকটি বীমাকারী হয়তো এটিকে তাদের অপেক্ষার সময়পর্বের ধারার মধ্যে অন্তর্ভুক্ত করে রেখেছে।

কিছু পলিসিতে পূর্ব-উপস্থিত অসুখের জন্য হয়তো একটি অপেক্ষার সময়পর্ব অথবা সীমা নির্ধারণ করা আছে। হাসপাতালে ভর্তি থাকার সময়ের প্রাক-পরবর্তী খরচের ক্ষেত্রে হয় হাসপাতালের ক্লেইমের একটি শতাংশ দেওয়া হয় অথবা একটি উপ-সীমা দেওয়া হয়। এক্ষেত্রে যেটি বেশি হবে সেটিই দেওয়া হয়। কিছু পলিসিতে যেখানে খরচগুলি ৩০/৬০দিন বা ৬০/৯০দিনের নির্ধারিত সময়পর্বের মধ্যে হয় সেখানে তারা সাধারণ ক্ষতিপুরণ পরিকল্পনা অনুসরণ করে।

বরিষ্ঠ নাগরিক এমন বীমাকৃত ব্যক্তির জন্য আইআরডিএআই বিশেষ বিধান বাধ্যতামূলক করেছে:

1. বরিষ্ট নাগরিকদের অফার করা স্বাস্থ্য বীমা পণ্যের জন্য ধার্য প্রিমিয়াম হবে ন্যায্য, সমর্থনযোগ্য, স্বচ্ছ ও যথাযথভাবে প্রকাশিত।

2. প্রিমিয়ামের উপর কোনো আন্ডাররাইটিং লোডিং ফার্য করা হলে বীমাকৃতকে লিখিতভাবে তূা জানানো হবে এবং পলিসি শুরুর আগেই এই ধরনের লোডিংয়ের জন্য পলিসিহোল্ডারের থেকে নির্দিষ্ট সম্মতি নিয়ে নেওয়া হবে।

3. সমস্ত স্বাস্থ্য বীমাকারী এবং টিপিএ-কে বয়স্ক নাগরিকদের ক্লেইম ও অভিযোগ সংক্রান্ত সমস্ত ঘটনাকে সমাধানের জন্য আলাদা ব্যবস্থা রাখার প্রয়োজন।

## F. *স্থায়ী বেনিফিট কভার - হসপিটাল ক্যাশ, জটিল অসুখ*

স্বাস্থ্য বীমা পলিসিতে একজন বীমাকারীর সবচেয়ে বড়ো ঝুঁকি হলো পলিসির সুবিধাগুলির অপ্রয়োজনীয় এবং অযৌক্তিক  ব্যবহার। যখন জানা যায় যে রোগী একটি স্বাস্থ্য পলিসির কভারের অধীনে আছে, তখন চিকিৎসক, শল্য চিকিৎসকরা এবং হাসপাতালগুলি সেই রোগীদের অতিরিক্ত চিকিৎসা করার চেষ্টা করে। তারা হাসপাতালে থাকার সময়পর্বটিকে দীর্ঘায়িত করে, অপ্রয়োজনীয় রোগ নির্ণয়কারী পরীক্ষা এবং ল্যাবোরেটরির পরীক্ষা চালিয়ে যায় এবং তারফলে চিকিৎসার খরচ প্রয়োজনীয় পরিমাণের থেকেও বাড়িয়ে দেয়। বীমাকারীর খরচের উপর আরো একটি বিষয় প্রভাব ফেলে তা হলো ক্রমাগত চিকিৎসাগত খরচ বেড়ে যাওয়া, সাধারণত প্রিমিয়ামের হার বাড়ানোর তুলনায়ও বেশি।

এর উত্তর হলো সুবিধার নির্দিষ্ট কভার। বীমাকৃত ব্যক্তিকে পর্যাপ্ত সুরক্ষা দেওয়ার পাশাপাশি, সুবিধার নির্দিষ্ট কভার বীমাকারীকেও যুক্তিসঙ্গত সময়ের জন্য কার্যকরীভাবে তাঁর পলিসির দাম ঠিক করতে সাহায্য করে। এই পণ্যে, প্রতিটি ব্যবস্থার অধীনে সাধারণভাবে হওয়া চিকিৎসাগুলি যেমন,

ইএনটি, অপথ্যালমোলজি, ওবসটেট্রিকস এবং গায়নোকলজি, ইত্যাদির মতো চিকিৎসাগুলি তালিকাবদ্ধ করা আছে এবং পলিসি এই প্রত্যেকটির জন্য সর্বোচ্চ কতো টাকা দেওয়া হবে সেটিও বলা আছে।

উল্লিখিত চিকিৎসার জন্য যে পরিমাণ টাকাই বীমাকৃত খরচ করে থাকুন না কেন তিনিও ক্লেইমের পরিমাণ হিসেবে নির্দিষ্ট ঐ পরিমাণ টাকাই পাবেন। এই সমস্ত প্রতিটি চিকিৎসার জন্য যে প্যাকেজ চার্জ প্রদেয় রয়েছে সাধারণত তার ভিত্তি হলো এই ধরণের চিকিৎসার জন্য যুক্তিসঙ্গত কী পরিমাণ করচ হতে পারে তার একটি সমীক্ষা।

খরচের সবকটি উপাদান প্যাকেজ চার্জের মধ্যে অন্তর্ভুক্ত থাকে যেমন:

a) ঘর ভাড়া,
b) পেশাদারের ফি,
c) রোগ নির্ণয়কারী পরীক্ষা,
d) ওষুধ,
e) হাসপাতালে ভর্তি থাকার প্রাক-পরবর্তী খচর ইত্যাদি।

পণ্যের উপর নির্ভর করে প্যাকেজ চার্জের মধ্যে এমনকী খাবার, পরিবহন, অ্যাম্বুলেন্সের ভাড়া ইত্যাদিও অন্তর্ভুক্ত থাকতে পারে।

এই পলিসিগুলি পরিচালনা করা খুব সহজ কারণ ক্লেইম করার জন্য প্রমাণ হিসেবে হাসপাতালে ভর্তি থাকা এবং পলিসির অধীনে যে অসুস্থতাটি কভারের যোগ্য সেইগুলি জমা দিলেই যথেষ্ট।

কিছু পণ্যের প্যাকেজে নির্দিষ্ট সুবিধার কভারের সঙ্গে প্রতিদিনের টাকার সুবিধা পাওয়া যায়। কভারের আওতাভুক্ত এমন চিকিৎসার তালিকা ৭৫ থেকে ২০০টি পর্যন্ত বিস্তৃত হতে পারে। এই বিস্তৃত হওয়াটি নির্ভর করবে পণ্যটির মধ্যে এই চিকিৎসাগুলির সংজ্ঞার উপর।

পলিসিতে লেখা তালিকার মধ্যে যে অস্ত্রোপচার/চিকিৎসার উল্লেখ করা নেই তারজন্য নির্দিষ্ট একটি রাশি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। পলিসির সময়কালের মধ্যে বিভিন্ন চিকিৎসার জন্য বহু ক্লেইম করা যাবে। যদিও শেষ পর্যন্ত পলিসির অধীনে যে বীমাকৃত রাশি বাছাই করা হয়েছে তারমধ্যেই সীমাবদ্ধ থাকবে।

কয়েকটি নির্দিষ্ট সুবিধার বীমা পরিকল্পনা হলো:

- ✓ হাসপাতালের দৈনন্দিন নগদ বীমা পরিকল্পনা
- ✓ জটিল অসুস্থতা বীমা পরিকল্পনা

### 1. হাসপাতালের দৈনন্দিন নগদ বীমা পরিকল্পনা

#### a) প্রতিদিনের পরিমাণের সীমা

হাসপাতালে ভর্তি থাকার সময়ে প্রতিদিন বীমাকৃত ব্যক্তিকে হাসপাতালের নগদ কভারেজে একটি নির্দিষ্ট রাশি দেওয়া হয়। দৈনন্দিনের নগদ কভারেজ ভিন্ন হতে পারে (উদাহরণ হিসেবে) প্রতিদিন ১৫০০ থেকে ৫০০০টাকা অথবা তার বেশিও হতে পারে। দৈনন্দিন নগদ টাকা দেওয়ার ক্ষেত্রে একটি উচ্চ সীমা দেওয়া হয় প্রতি অসুস্থতা এবং একইসঙ্গে পলিসির সময়সীমার জন্য, সাদারণত যা একটি বার্ষিক পলিসি হয়।

#### b) টাকা দেওয়ার দিনের সংখ্যা

এই পলিসির কিছু আকারের মধ্যে, দৈনন্দিন নগদ দেওয়ার দিনের সংখ্যার সঙ্গে যুক্ত করা আছে যে অসুখটির জন্য চিকিৎসা করা হচ্ছে তার। চিকিৎসা এবং প্রতিটির ক্ষেত্রে কতো দিন থাকা হচ্ছে তার সময় বিস্তারিত তালিকা চুক্তির শর্তে দেওয়া আছে। এটি প্রত্যেক ধরণের প্রক্রিয়া/অসুস্থতার জন্য যে দৈনন্দিন নগদের সুবিধার অনুমতি দেওয়া আছে তাকে সীমাবদ্ধ করা।

**c) পৃথক কভার বা অ্যাড-অন কভার**

কিছু বীমাকারী যেমন প্রস্তাবেই হাসপাতালের দৈনন্দিন নগদের পলিসি একটি পৃথক পলিসি হিসেবে পাওয়া যায়, যখন, অন্য কিছু ক্ষেত্রে, এটি প্রচলিত ক্ষতিপুরণ পলিসিতে একটি অ্যাড-অন কভার। এই পলিসিগুলি বীমাকৃতকে আনুষঙ্গিক খরচের কভারে সাহায্য করে কারণ যেহেতু একটি নির্দিষ্ট রাশি দেওয়া হয় এবং এরসঙ্গে চিকিৎসার আসল খরচ সম্পর্কিত থাকে না। একটি ক্ষতিপুরণ ভিত্তিক স্বাস্থ্য বীমা পরিকল্পনার অধীনে পাওয়া অতিরিক্ত যে কোনো যে কভার পলিসির অধীনে দেওয়া হয় সেখানে এই নগদ দেওয়ারও অনুমতি আছে।

**d) সাপ্লিমেন্টারি কভার**

এই পলিসি প্রচলিত হাসপাতালের খরচের পলিসিকে সাপ্লিমেন্ট করতে পারে কারণ যেহেতু এটি সাশ্রয়কারী এবং আনুষঙ্গিক খরচের জন্য এবং ক্ষতিপুরণ পলিসির অধীনে যেমন বাদ দেওয়া, কো-পে ইত্যাদির ক্ষেত্রে যে খরচ দেওয়া হয় না তারও ক্ষতিপুরণ দেয়।

**e) কভারের অন্যান্য সুবিধা**

বীমাকৃতের দৃষ্টিভঙ্গী থেকে, এই পরিকল্পনাটির বেশ কয়েকটি সুবিধা আছে কারণ যেহেতু এটি একজন ক্রেতার কাছে ব্যাখ্যা করা সহজ এবং সেইকারণে এটি আরো সহজে বিক্রি করা যায়। হাসপাতালে ভর্তি থাকার সময়পর্বোর মধ্যে আসল খরচ যাই হোক না কেন, এই পলিসিটি চিকিৎসাগত মুদ্রাস্ফীতিকে জয় করে কারণ যেহেতু প্রতিদিন একটি নির্দিষ্ট রাশি দেওয়া হয়। একইসঙ্গে, এমন বীমার কভার গ্রহণ করা এবং ক্লেইমের মীমাংসা করা সত্যিই সহজ করে দেওয়া হয়েছে।

2. **জটিল অসুস্থতা পলিসি**

এই পণ্যটি **ভয়াবহ রোগের কভার** অথবা **ট্রমা কেয়ার কভার** হিসেবে পরিচিত।

চিকিৎসা বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে, মানুষ এখন বেশ কিছু বড় ধরণের অসুখ যেমন ক্যান্সার, স্ট্রোক, হৃদরোগ ইত্যাদি থেকেও বেঁচে যাচ্ছেন। আগে এমন রোগ হলে তার ফলাফল হতো মৃত্যু। আবার, এমন বড় ধরণের অসুস্থতা থেকে বেঁচে ফিরলে মানুষের আয়ুও যথেষ্ট পরিমাণে বেড়ে যায়। যদিও, একটি বড় ধরণের অসুস্থতা থেকে বেঁচে ফেরার পর চিকিৎসার জন্য বিপুল খরচ হয় যেমন তখন হয় আবার তেমনি চিকিৎসার পরবর্তী জীবনধারণের খরচও অনেক বেড়ে যায়। সেইকারণে জটিল অসুস্থতার শুরু হওয়ার অর্থ হলো একজন ব্যক্তির অর্থনৈতিক নিরাপত্তারও ঝুঁকিও বেড়ে যাওয়া।

a) জটিল অসুস্থতা পলিসি হলো এমন একটি সুবিধার পলিসি যেখানে নির্দিষ্টভাবে উল্লিখিত জটিল অসুস্থতা রোগ নির্ণয়ের পর একটি বড় রাশির অঙ্ক পাওয়ার সুবিধা থাকে।

b) এটি বিক্রি করা হয়

- ✓ একটি পৃথক পলিসি হিসেবে অথবা
- ✓ কয়েকটি স্বাস্থ্য পলিসিতে অ্যাড-অন হিসেবে অথবা
- ✓ কিছু জীবন বীমা পলিসিতে অ্যাড-অন কভার হিসেবে

ভারতে, জীবনের পলিসিগুলির উপর ভর করে বীমাকারীরা জটিল অসুস্থতার সুবিধাগুলি সবচেয়ে প্রচলিতভাবে বিক্রি করে এবং তারা দুটি ধরণের আকারে তা বিক্রি করে-দ্রুততর সিআই সুবিধা পরিকল্পনা এবং পৃথক সিআই সুবিধা পরিকল্পনা। যখন এই সুবিধাগুলি বিক্রি করা হয় সেসময় যে অসুখগুলি কভার করা হবে তার সুনির্দিষ্ট বর্ণনা এবং ভালো দায়গ্রহণ খুবই গুরুত্বপূর্ণ। বিভ্রান্তি দূর করার জন্য, ২০টি খুব প্রচলিত জটিল অসুস্থতার সংজ্ঞা আইআরডিএ স্বাস্থ্য বীমা মাননির্ধারণকারী নির্দেশিকার অধীনে দেওয়া আছে। (দয়া করে শেষে দেওয়া সংযোজনী দেখুন)।

যদিও, প্রতিকূল বাছাইয়ের সম্ভাবনা (অধিকাংশ যে মানুষদের এর মাধ্যমে প্রভাবিত হওয়ার সম্ভাবনা বেশি তারা এই বীমাটি নেয়) ইস্যু করার স্তরেই খুব বেশি এবং এটি গুরুত্বপূর্ণ হলো প্রস্তাবকের স্বাস্থ্যের অবস্থাটি নিশ্চিত করে নেওয়া। যথেষ্ট তথ্য না থাকার দরুণ, বর্তমানে জটিল অসুস্থতার পরিকল্পনার মূল্য নির্ধারণ করতে সাহায্য নেওয়া হচ্ছে রিইন্সুরার্সের তথ্যের মাধ্যমে।

c) জটিল অসুস্থতা হলো বড় ধরণের অসুস্থতা যারফলে শুধুমাত্র যে হাসপাতালে ভর্তি থাকার খরচ বেড়ে যাবে তা নয়, এরফলে বিকলাঙ্গতা, অঙ্গহানি, আয়েরও ক্ষতি ইত্যাদিও হতে পারে এবং হাসপাতালে ভর্তি হওয়ার পরেও দীর্ঘ পরিচর্যার প্রয়োজন হতে পারে।

d) জটিল অসুস্থতার এই পলিসিগুলি অনেক সময়ই হাসপাতালের ক্ষতিপুরণ পলিসির সঙ্গে অতিরিক্ত হিসেবে নেওয়ার জন্য সুপারিশ করা হয়, যাতে যে পরিবারের সদস্য এমন অসুখে আক্রান্ত হয়েছে সেই পরিবারটি পলিসির অধীনে যে ক্ষতিপুরণ দেওয়া হয় তা তাদের আর্থিক বোঝা কমিয়ে আনতে সাহায্য করতে পারে।

e) বীমাকারী এবং পণ্যের মধ্যে জটিল অসুস্থতার ক্ষেত্রে যে কভার দেওয়া হয় তার তারতম্য হতে পারে, কিন্তু সাদারণ যেগুলি অন্তর্ভুক্ত:

- ✓ নির্দিষ্ট তীব্রতার ক্যান্সার
- ✓ গভীর মায়োকারডিয়াল ইনফারকশন
- ✓ করোনারি আর্টারির অস্ত্রোপচার
- ✓ হৃদয়ের ভালভের প্রতিস্থাপন
- ✓ নির্দিষ্ট তীক্ষ্ণতার কোমা
- ✓ রেনাল ফেইলিওর
- ✓ স্ট্রোকের ফলে স্থায়ী লক্ষণ
- ✓ বড় অঙ্গ/বোন ম্যারো প্রতিস্থাপন
- ✓ মাল্টিপল স্ক্লেরোসিস
- ✓ মোটর নিউরন রোগ
- ✓ অঙ্গের স্থায়ী পক্ষাঘাত
- ✓ বড় দুর্ঘটনার কারণে স্থায়ী বিকলাঙ্গতা

জটিল অসুস্থতার তালিকাটি স্থির নয় এবং তা বিবর্ধিত হতেই থাকে। কয়েকটি আন্তর্জাতিক বাজারে বীমাকারীরা শর্তকে শ্রেণীবদ্ধ করে 'প্রধান' এবং 'অতিরিক্ত' হিসেবে, এমনকী

অ্যালঝেইমার রোগের মতো পরিস্থিতিতেও তারা কভার দিয়ে থাকে। কখনো 'মরণাপন্ন অসুস্থতা' ও এই কভারেজের আওতায় থাকে তবে অবশ্যই তারজন্য অনেক বেশি হারে প্রিমিয়াম দিতে হয়।

f) অধিকাংশ জটিল অসুস্থতার পলিসি যখন অসুখটির রোগনির্ণয়ের জন্য একটি বড় পরিমাণ টাকা দেয়, সেখানে এমন কয়েকটি পলিসি আছে যেগুলি খরচের পরিশোধের আকারে হাসপাতালে ভর্তি থাকার খরচ দেয়। কয়েকটি পণ্য উভয় কভারই যৌথভাবে প্রস্তাব দিয়ে থাকে, যেমন, ইন পেশেন্টের হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচের ক্ষতিপূরণ এবং পলিসিতে উল্লিখিত বড় কোনো রোগ নির্ণয় করা হলে থোক টাকা দেওয়া হয়।

g) জটিল অসুস্থতার পলিসি সাধারণত ২১ থেকে ৬৫বছর বয়সী ব্যক্তিদের জন্য উপলব্ধ।

h) এই পলিসির অধীনে যে বীমাকৃত রাশির প্রস্তাব দেওয়া হয় তা যথেষ্ট বেশি। কারণ এমন অসুখের সঙ্গে যে দীর্ঘ মেয়াদী পরিচর্যার জন্য যে আর্থিক বোঝার বিষয়টি জড়িয়ে আছে, সেটিই হলো এই পলিসিগুলির প্রাথমিক কারণ।

i) এই পলিসিগুলির অধীনে সাধারণত বীমাকৃত রাশির ১০০% জটিল অসুখটি নির্ণিত হওয়ার পর দিয়ে দেওয়া হয়। কিছু ক্ষেত্রে ক্ষতিপূরণের তারতম্য বীমাকৃত রাশির ২৫% থেকে ১০০% পর্যন্ত হতে পারে। সেটি নির্ভর করে পলিসির শর্ত এবং শর্তাবলী ও অসুস্থতার তীব্রতার উপর।

j) একটি মাপকাঠিকৃত শর্ত যা সব জটিল অসুস্থতার নীতিতে থাকে তা হলো এই পলিসির অধীনে কোনো সুবিধা পাওয়ার যোগ্য হতে হলে তা পলিসি শুরুর সময় থেকে ৯০দিনের অপেক্ষার সময়পর্বের পরই পাওয়া যাবে এবং অসুস্থতার রোগ নির্ণয়ের পর ৩০দিন বেঁচে থাকার ধারাটি। বেঁচে থাকার ধারাটি যুক্ত করা হয়েছে যাতে এই সুবিধাটি ''মৃত্যুর সুবিধা''র সঙ্গে বিভ্রান্তিকর না হয়ে যায়। এটিকে আরো বেশি করে ''বেঁচে থাকা (বাঁচা)র সুবিধা'' হিসেবে ব্যাখ্যা করা হয়, যা হলো, জটিল অসুস্থতার কারণে যে সব কঠিন অবস্থা আসে তাকে অতিক্রম করতে পারার জন্য যে সুবিধা দেওয়া হয়।

k) জটিল অসুস্থতার পলিসি নেওয়ার জন্য যে সমস্ত ৪৫ বছরের বেশী বয়সী ব্যক্তি ইচ্ছুক তাঁদের অবশ্যই কঠোর চিকিৎসাগত পরীক্ষার মধ্যে দিয়ে যেতে হবে। সাধারণত যেগুলি বর্জনীয় তা স্বাস্থ্য বীমা পণ্যের মতো একই, চিকিৎসাগত পরামর্শ নেওয়া অথবা অনুসরণ করতে ব্যর্থ হলে, অথবা অপেক্ষার সময়পর্বটিকে এড়ানোর লক্ষ্যে মেডিক্যাল চিকিৎসা পিছিয়ে দেওয়াও নির্দিষ্টভাবে বাদ দেওয়া হয়েছে।

l) পলিসিতে কভারকৃত যে কোনো একটি বা একাধিক রোগের জন্য বীমাকৃতকে বীমাকারী মাত্র একবারই ক্ষতিপূরণ দিতে পারে অথবা একাধিকবার অর্থ-পরিশোধ করতে পারে তবে সেটাও নির্দিষ্ট সীমিত সংখ্যক বার। একটা বীমার আওতায় কোনো বীমাকৃত ব্যক্তির সম্পর্কে একবার ক্ষতিপূরণ দেওয়া হয়ে গেলেই পলিসি সমাপ্ত হয়ে যায়।

m) জটিল ব্যধি পলিসিরও প্রস্তাব দেওয়া হয়ে থাকে গ্রুপগুলিকে বিশেষ করে কর্পোরেটদের যারা তাদের কর্মচারীদের জন্য পলিসি নেয়।

## G. *দীর্ঘ মেয়াদী পরিচর্যা বীমা*

প্রত্যাশিত আয়ু বেড়ে যাওয়ায় আজ বিশ্বে বয়স্ক মানুষের সংখ্যাও বাড়ছে। বয়স্ক জনসংখ্যা বাড়ার সাথে সাথেই বিশ্বজুড়ে দীর্ঘ মেয়াদী পরিচর্যা বীমারও গুরুত্ব বাড়ছে। বয়স্ক মানুষের দীর্ঘমেয়াদী পরিচর্যার প্রয়োজন এবং এরা যে কোনো ধরনের বিকলাঙ্গতা বা পঙ্গুত্বে আক্রান্ত হতে পারেন। দীর্ঘ মেয়াদী পরিচর্যা মানে হলো যাঁরা কোনো এক স্তরের সহায়তা ছাড়া নিজেদের দেখভাল করতে পারেন না এবং ভবিষ্যতে যাঁদের স্বাস্থ্য ভালো থাকবে না, তাঁদের জন্য সব ধরনের ধারাবাহিক কর্মী বা নার্সিং পরিচর্যা।

দীর্ঘমেয়াদী পরিচর্যার জন্য এখানে দু ধরণের পরিকল্পনা আছে:

a) পূর্ব-তহবিল পরিকল্পনা যেটি একজন স্বাস্থ্যবান বীমাকৃত কিনেছেন তাঁদের ভবিষ্যৎ চিকিৎসাগত খরচের জন্য এবং

b) যখন বীমাকৃতের দীর্ঘ মেয়াদী যত্নের প্রয়োজন হবে সেই সময় বিরাট অঙ্কের টাকার প্রিমিয়ামের বিনিময়ে জরুরী চাহিদার পরিকল্পনা কিনে রাখে।

বিকলাঙ্গতার তীব্রতা (বেঁচে থাকার সম্ভাব্য সময়সীমা) নির্ধারণ করে সুবিধার পরিমাণ। দীর্ঘ মেয়াদী পণ্যগুলির ভারতীয় বাজারে জনপ্রিয় হতে এখনো সময় লাগবে।

**ভবিষ্য আরোগ্য পলিসি**

প্রথম প্রি-ফান্ডেড বীমা পরিকল্পনা হলো ভবিষ্য আরোগ্য পলিসি যা বাজারে নিয়ে এসেছিল চারটি রাষ্ট্রায়ত্ত সংস্থার সাধারণ বীমা কোম্পানিগুলি। ১৯৯০সালে প্রথম চালু হয়েছিল, এর প্রাথমিক লক্ষ্য ছিল বীমাকৃত ব্যক্তির অবসরের পর তাঁর স্বাস্থ্যের যত্নের জন্য যত্ন নেওয়া, এরজন্য তিনি তাঁর উৎপাদনে সক্ষম জীবনকালে প্রিমিয়াম দেবেন। এটি জীবন বীমা পলিসি নেওয়ার মতো একইরকম ছিল। শুধু পার্থক্য হলো এটি মৃত্যুর পরিবর্তে ভবিষ্যতে তাঁর চিকিৎসাগত খরচ বহন করবে।

**a) ডেফার্ড মেডিক্লেইম**

পলিসিটি হলো একধরণের ডেফার্ড অথবা ভবিষ্যতের মেডিক্লেইম পলিসির মতো এবং মেডিক্লেইম পলিসির মতোই কভার দেয়। প্রস্তাবক তাঁর ২৫ থেকে ৫৫বছর বয়সের মধ্যে যে কোনো সময়ে এই প্রকল্পে যোগ দিতে পারেন।

**b) অবসরের বয়স**

গ্রাহক ৫৫ থেকে ৬০ বছরের মধ্যে তাঁর অবসরের বয়স বেছে নিতে পারেন। কিন্তু শর্ত হলো তাঁর যোগদানের দিনের থেকে তাঁর পছন্দ করা অবসরের বয়সের মধ্যে স্পষ্টতই ৪বছরের পার্থক্য থাকতে হবে। পলিসির অবসরের বয়সের অর্থ হলো প্রস্তাবটি সই করার সময় বীমাকৃত যে বয়স বাছাই করেছেন সেটি এবং পলিসির অধীনে সুবিধাগুলি পাওয়া শুরু করার লক্ষ্যে তালিকায় যা নির্দিষ্ট করা আছে। সেই বয়স এগিয়ে আনা যাবে না।

**c) অবসর-পূর্ব সময়**

অবসর-পূর্ব সময়ের অর্থ হলো প্রস্তাবটি গ্রহণ করার দিন থেকে শুরু হয়ে এবং তালিকায় যেমন নির্দিষ্ট করা আছে সেই পলিসির অবসরের বয়সে শেষ হয়। এই সময়পর্বের মধ্যে বীমাকৃত ইনস্টলমেন্ট/একক প্রিমিয়ামের পরিমাণ যেমন প্রযোজ্য তা দিতে থাকবেন। বীমাকৃতের একটি বিরাট অঙ্কের প্রিমিয়াম বা ইনস্টলমেন্টে দেওয়ার বাছাইয়ের সুযোগ আছে।

d) **প্রত্যাহার**

যদি, বীমাকৃতের অবসরের বয়সের আগে অথবা অবসরের যে বয়স তিনি বাছাই করেছেন তার যে কোনো একটির আগে তাঁর মৃত্যু হয় অথবা প্রকল্পটি থেকে প্রত্যাহার করে নেওয়ার ইচ্ছা প্রকাশ করেন, তবে প্রিমিয়ামের উপযুক্ত প্রত্যর্পণের অনুমতি দেওয়া হতে পারে। অবশ্য বিষয়টি পলিসির অধীনে যদি কোনো ক্লেইম না করা হয় তাহলেই বিবেচিত হবে। যদি পুনর্নবীকরণে দেরি হয় তাহলে তার সন্তোষজনক ব্যাখ্যার ক্ষেত্রে সেখানে প্রিমিয়াম দেওয়ার জন্য ৭দিনের একটি অন্তর্বর্তী সময়পর্ব দেওয়া হয়।

e) **বরাদ্দকরণ**

প্রকল্পটি বরাদ্দকরণের জন্য প্রদান করে।

f) **বর্জন**

পূর্ব-উপস্থিত রোগ, ৩০দিনের অপেক্ষার সময়পর্ব এবং যেমন মেডিক্লেইমে নির্দিষ্ট কিছু অসুখের ক্ষেত্রে প্রথম বছরটি বাদ দেওয়া থাকে এই পলিসিটিতে সেরকম নেই। যেহেতু এটি একটি ভবিষ্যৎ মেডিক্লেইম পলিসি, সেই কারণে এটি যথেষ্ট যুক্তিসঙ্গত।

### g) গোষ্ঠী বীমার তারতম্য

পলিসি গোষ্ঠী ভিত্তিতেও পাওয়া যায়, সেক্ষেত্রে, গোষ্ঠীতে ছাড়ের যে সুবিধা আছে সেটি উপলব্ধ করা যায়।

---

## H. *কম্বি-প্রোডাক্ট*

কখনো, জীবন বীমা সংক্রান্ত পণ্যগুলি স্বাস্থ্য বীমা পণ্যগুলির সঙ্গে সংযুক্ত থাকে। প্যাকেজ পদ্ধতিতে আরো পণ্যকে তুলে ধরার এটি একটি ভালো উপায় যেখানে দুটি বীমা একসঙ্গে আসছে এবং একটি বোঝাপড়ায় প্রবেশ করছে।

সেইকারণে, **স্বাস্থ্য প্লাস জীবন সংযুক্ত পণ্যে**র অর্থ হলো একটি জীবন বীমা কোম্পানির জীবন বীমা কভার এবং একটি সাধারণ এবং/অথবা পৃথক স্বাস্থ্য বীমা কোম্পানির স্বাস্থ্য বীমার প্রস্তাব একযোগে পাওয়া।

পণ্যগুলি যৌথভাবে দুটি বীমাকারী পরিকল্পনা করে এবং তাকে বাজারজাত করে দুটি বীমাকারীর বন্টনকারী চ্যানেলের মাধ্যমে। যদিও, ক্লেইম মেটানোর সময় পলিসির যে ভাগটি আক্রান্ত হবে সেই নির্দিষ্ট বীমাকারীই তা মেটাবেন।

এই পণ্যগুলির ডিজাইন করেন দুজন বীমাকারী একযোগে এবং উভয় বীমাকারীরই বিতরণ চ্যানেলের মাধ্যমে এর বিপণন করা হয়। স্পষ্টতই এই দুই কোম্পানির টাই-আপের ফলেই এটা ঘটে এবং বর্তমান নির্দেশিকা অনুসারে এই ধরনের টাই-আপ যে কোনো সময়েই কেবলমাত্র অনুমোদিত একজন জীবন বীমাকারী ও একজন নন-লাইফ বীমাকারীর মধ্যেই। বিপণন, পলিসি পরিষেবা দান ও অভিন্ন খরচগুলি ভাগাভাগি করতে এই কোম্পানিগুলির মধ্যে একটা সমঝোতা পত্র স্বাক্ষরিত হতে হবে এবং পলিসি পরিষেবা দানের মাপকাঠি ও প্রিমিয়াম ট্রান্সমিশনেও এই সমঝোতা থাকতে হবে। বীমাকারীদের মধ্যে যে কেউ টাই-আপের জন্য আইআরডিএআই-র অনুমোদন চাইতে পারে। চুক্তিটা একটা দীর্ঘমেয়াদী প্রকৃতির হওয়া উচিত এবং ব্যতিক্রমী পরিস্থিতি ও আইআরডিএআই-র সন্তুষ্টি ছাড়া টাই-আপ থেকে প্রত্যাহার অনুমোদিত হবে না।

বিভিন্ন পরিষেবা দেওয়ার জন্য একটা সংযোগ বিন্দু হিসেবে পলিসি পরিষেবা সহজতর করায় একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে একটি লিড বীমাকারী হিসেবে কাজ করতে পারস্পরিকভাবে সম্মত হয় বীমা কোম্পানিগুলির একটি। লিড বীমাকারী আন্ডাররাইটিং ও পলিসি পরিষেবাকে সহজতর করতে একট বড় ভূমিকা পালন করে। তবে ক্লেইম ও কমিশন পরিশোধ সামলায় সংশ্লিষ্ট বীমাকারীরাই, পলিসির কোন সেকশন ক্ষতিগ্রস্থ হয়েছে তার ভিত্তিতে।

'কম্বি পণ্য' ফাইল করার সময়ে ইস্যু করা ফাইল ও ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে এবং পৃথক পৃথকভাবে অনুমতি নিতে হবে। উভয় ঝুঁকির প্রিমিয়াম উপাদান পলিসিহোল্ডারদের কাছে আলাদা আলাদাভাবে চিহ্নিত ও প্রকাশ করা হবে, প্রাক-বিক্রি এবং বিক্রি-পরবর্তী উভয় পর্যায়েই এবং পলিসি নথি, সেলস লিটারেচার প্রভৃতির মতো সমস্ত নথিতে তা থাকবে।

ব্যক্তিগত বীমা পলিসি হিসেবে এবং গ্রুপ বীমা ভিত্তি উভয়ভাবেই পণ্য ব্যবহার করা হতে পারে। তবে স্বাস্থ্য বীমা ফ্লোটার পলিসির ক্ষেত্রে, বিশুদ্ধ মেয়াদী জীবন বীমা কভারেজ পরিবারের অন্যতম রোজগেরে সদস্যের উপর অনুমোদিত হবে যিনি বীমাযোগ্য স্বার্থের স্বাস্থ্য বীমা পলিসির এবং সংশ্লিষ্ট বীমাকারীর আন্ডাররাইটিং বিধি অনুযায়ী একজন প্রস্তাবকও।

বীমাকৃতের কাছে ফ্রি লুক অপশানের সুযোগ থাকে এবং সামগ্রিকভাবে কম্বি পণ্যের ক্ষেত্রেও এটা প্রযোজ্য হয়। তবে কম্বি পণ্যের স্বাস্থ্য অংশের সংশ্লিষ্ট –নন-লাইফ/স্বতন্ত্র স্বাস্থ্য বীমা কোম্পানির কাছ থেকে পলিসিহোল্ডারের পুনর্নবীকরণের অধিকার থাকে।

উভয় বীমাকারীর প্রত্যক্ষ বিপণন চ্যানেল, ব্রোকার ও যৌগিক ব্যক্তিগত ও কর্পোরেট এজেন্টের মাধ্যমে কম্বি পণ্যের বিপণন করা যেতে পারে, তবে ব্যাঙ্ক রেফারেল ব্যবস্থার মাধ্যমে নয়। তবে যাঁরা কোনো বীমাকারীর পণ্যের বিপণনের জন্য অনুমোদিত নন তাঁরা মধ্যস্থতাকারী হতে পারেন না।

প্রোপোজাল ও সেলস লিটারেচারে নির্দিষ্ট কিছু প্রকাশ করতে হয় যেমন যে বৈশিষ্ট্যগুলিতে দুই বীমাকারী জড়িত নয়, কারা ক্লেইম নিষ্পত্তি করবে, উভয়ের পুনর্নবীকরণ সম্পর্কিত বিষয় অথবা বীমাকৃতের পছন্দমাফিক কভারের অন্যতম, পরিষেবার সুবিধা প্রভৃতি।

এই ব্যবসার পরিষেবায় তথ্যপ্রযুক্তিকে শক্তসমর্থ এবং বিজোড় হতে হবে, যার অর্থ হলো প্রয়োজন অনুযায়ী দুটো বীমাকারীর মধ্যে ডেটার ব্যাপক ইন্টিগ্রেশন হয় এবং আইআরডিএআই-তে ডেটা জেনারেশন করা যায়।

---

## I. *প্যাকেজ পলিসি*

একটি মাত্র তথ্যের অধীনে, প্যাকেজ অথবা আম্ব্রেলা কভার সংযুক্ত কভার দেয়।

উদাহরণ হিসেবে বলা যায়, ব্যবসার অন্যান্য শ্রেণীতে যেমন হাউসহোল্ডার পলিসি, শপকিপার্স পলিসি, অফিস প্যাকেজ পলিসি ইত্যাদিতে কভার আছে। যেখানে, একটি পলিসির অধীনে বিভিন্ন বাস্তবিক সম্পদ যেমন বাড়ি, সামগ্রী ইত্যাদির জন্য কভার খোঁজা হয়। এই ধরণের পলিসিগুলিতে একটি নির্দিষ্ট ব্যক্তিগত সীমানা বা দায়িত্বের কভারও অন্তর্ভুক্ত হয়।

স্বাস্থ্য বীমার প্যাকেজ পলিসির উদাহরণে সংযুক্তভাবে জটিল অসুস্থতা কভারের সুবিধার সঙ্গে ক্ষতিপূরণের পলিসি এবং এমনকী জীবন বীমা পলিসি এবং হাসপাতালে দৈনন্দিন নগদের সুবিধা সহ ক্ষতিপূরণের পলিসিও অন্তর্ভুক্ত।

ভ্রমণ বীমার ক্ষেত্রে, যে পলিসির প্রস্তাব করা হয় সেটিও একটি প্যাকেজ পলিসি। তারমধ্যে শুধু স্বাস্থ্য বীমা কভার করা থাকে না, একইসঙ্গে দুর্ঘটনাজনিত মৃত্যু/বিকলাঙ্গতার সুবিধার পাশাপাশি অসুস্থতা/দুর্ঘটনা, পরীক্ষিত মালপত্রের হারিয়ে যাওয়া বা দেরিতে আসা, পাসপোর্ট এবং ডকুমেন্ট হারিয়ে যাওয়া, সম্পদ/ব্যক্তিগত ক্ষতির জন্য তৃতীয় পক্ষের দায়বদ্ধতা, ভ্রমণ বাতিল হয়ে যাওয়া এবং এমনকী হাইজ্যাকের কভারের সুবিধাও থাকে।

## J. *গরিব অংশের জন্য মাইক্রো বীমা ও স্বাস্থ্য বীমা*

মাইক্রো-বীমা পণ্য নির্দিষ্টভাবে পরিকল্পনা করা হয়েছে গ্রামীণ এবং অসংগঠিত ক্ষেত্রের কম আয়ের ব্যক্তিদের সুরক্ষা দেওয়ার লক্ষ্য নিয়ে। কম আয়ের মানুষদের নিয়ে তৈরি হয়েছে আমাদের জনসংখ্যার একটা বড় অংশ এবং সাধারণত তাঁদের কোনো স্বাস্থ্য নিরাপত্তার কভার থাকে না। সেইকারণে, সাধ্যের মধ্যে থাকা প্রিমিয়াম সহ এই কম মূল্যের পণ্য এবং সুবিধার প্যাকেজ চালু করা হয়েছে যাতে এই মানুষদের সাহায্য করা যায়। তাঁরা যাতে প্রচলিত ঝুঁকিগুলির মোকাবিলা করতে পারেন এবং তার থেকে পুনরুদ্ধার করতে পারেন সেই লক্ষ্যে। মাইক্রো বীমাটি আইআরডিএ মাইক্রো বীমা নিয়ন্ত্রণ, ২০০৫-এর অধীনে।

এই পণ্যগুলিতে প্রিমিয়াম লাগে খুব কম এবং আইআরডিএ মাইক্রো বীমা নিয়ন্ত্রণ, ২০০৫-এর পরামর্শ অনুযায়ী সাধারণভাবে, বীমাকৃত রাশি ৩০,০০০টাকার কম হয়। এই কভারগুলি বেশিরভাগ বিভিন্ন সম্প্রদায়ের সংগঠন অথবা বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন (এনজিওগুলি) তাদের সদস্যদের জন্য নেয়। আইআরডিএ'এর গ্রামীণ এবং সামাজিক ক্ষেত্রের বাধ্যবাধকতায় আরো প্রয়োজন হয় যে বীমাকারীরা তাদের পলিসিগুলির একটি নির্দিষ্ট অনুপাত তারা মাইক্রো-বীমা পণ্য হিসেবে বিক্রি করবে। এর মাধ্যমে বীমা আরো বেশি মানুষের কাছে পৌঁছে যাবে।

সমাজের দরিদ্র অংশের মানুষদের চাহিদা পুরণ করার জন্য পিএসইউগুলি যে দুটি পলিসি নির্দিষ্টভাবে তৈরি করেছে তা নিচে বর্ণনা করা হোলো:

### 1. জন আরোগ্য বীমা পলিসি

নিম্নলিখিতগুলি জন আরোগ্য বীমা পলিসির বৈশিষ্ট্য:

a. সমাজের দরিদ্র অংশের মানুষকে সস্তায় চিকিৎসা বীমা দেওয়ার জন্য এই পলিসির পরিকল্পনা করা হয়েছে।

b. কভারেজটি ব্যক্তিগত মেডিক্লেইম পলিসির সাথে পাওয়া যায় শুধু ক্রমবর্ধমান বোনাস এবং মেডিক্যাল চেক- আপের সুবিধা এর মধ্যে অন্তর্ভুক্ত নয়।

c. ব্যক্তি এবং পরিবারের সদস্যরা পলিসিটি পেতে পারেন।

d. বয়সের সীমা হলো পাঁচ বছর থেকে ৭০বছর বয়স পর্যন্ত।

e. তিন মাস থেকে পাঁচ বছর বয়সের শিশুরাও কভার পেতে পারে যদি তাদের মা-বাবার মধ্যে একজন বা দুজনেই একইসময়ে কভারের আওতায় থাকেন।

f. মাথা পিছু বীমাকৃত রাশি সীমিত করা আছে ৫,০০০টকা পর্যন্ত এবং নিম্নলিখিত টেবিল অনুযায়ী প্রিমিয়াম দিতে হবে।

**টেবিল ২.১**

| বীমাকৃত ব্যক্তির বয়স | ৪৬বছর বয়স পর্যন্ত | ৪৬-৫৫ | ৫৬-৬৫ | ৬৬-৭০ |
|---|---|---|---|---|
| পরিবারের প্রধান | ৭০ | ১০০ | ১২০ | ১৪০ |
| স্ত্রী | ৭০ | ১০০ | ১২০ | ১৪০ |
| ২৫বছর পর্যন্ত নির্ভরশীল সন্তান | ৫০ | ৫০ | ৫০ | ৫০ |
| ২+১ নির্ভরশীল সন্তানের পরিবারের জন্য | ১৯০ | ২৫০ | ২৯০ | ৩৩০ |
| ২+২ নির্ভরশীল সন্তানের পরিবারের জন্য | ২৪০ | ৩০০ | ৩৪০ | ৩৮০ |

- আয়কর আইনের ৮০ডি ধারায় কর ছাড় পাওয়া যাবে প্রিমিয়ামের জন্য।
- এই পলিসির ক্ষেত্রে পরিষেবা কর প্রযোজ্য নয়।

2. **সর্বজনীন স্বাস্থ্য বীমা প্রকল্প (ইউএইচআইএস)**

এই পলিসিটি ১০০জনের একটি গোষ্ঠী বা তার বেশি পরিবারে পাওয়া যাবে। সাম্প্রতিক সময়ে, ব্যক্তিগত ইউএইচআইএস পলিসি জনগণের জন্য উপলব্ধ করা হয়েছে।

## সুবিধা

সার্বজনীন স্বাস্থ্য বীমা প্রকল্পের সুবিধার তালিকা নিম্নলিখিত:

- **চিকিৎসাগত পরিশোধ**

পলিসিটি হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচের পরিশোধ হিসেবে ৩০,০০০টাকা পর্যন্ত ব্যক্তি/পরিবারকে দেয় যা নিম্নলিখিত উপ সীমার অন্তর্গত।

**টেবিল 2.2**

| বিবরণ | সীমা |
|---|---|
| ঘর, থাকার খরচ | দৈনিক ১৫০টাকা পর্যন্ত |
| যদি আইসিইউ-তে ভর্তি হয় | দৈনিক ৩০০টাকা পর্যন্ত |
| শল্য চিকিৎসক, অ্যানাস্থেসিস্ট, পরামর্শদাতা, বিশেষজ্ঞের ফি, নার্সিংয়ের খরচ | প্রতি অসুস্থতা/আঘাত পিছু ৪,৫০০টাকা পর্যন্ত |
| অ্যানাস্থেসিয়া, রক্ত, অক্সিজেন, ওটির খরচ, ওষুধ, রোগ নির্ণয়ের পরীক্ষার উপাদান এবং এক্স-রে, ডায়ালিসিস, রেডিওথেরাপি, কেমোথেরাপি, পেস মেকারের খরচ, কৃত্রিম অঙ্গ ইত্যাদি | প্রতি অসুস্থতা/আঘাতের জন্য ৪,৫০০টাকা পর্যন্ত |
| যে কোনো একটি অসুস্থতার জন্য সামগ্রিক যে খরচ | ১৫,০০০টাকা পর্যন্ত |

- **ব্যক্তিগত দুর্ঘটনা কভার**

পরিবারের রোজগেরে প্রধানের (তালিকায় যেমন নাম আছে) যদি দুর্ঘটনায় মৃত্যু হয় তাহলে ২৫,০০০ টাকার কভারেজ পাওয়া যাবে

- **বিকলাঙ্গতার কভার**

খদি পরিবারের প্রধান রোজগেরে ব্যক্তি দুর্গটনা/অসুস্থতার জন্য হাসপাতলে ভর্তি হন তাহলে দৈনিক ৫০টাকা করে ক্ষতিপুরণ পাওয়া যাবে। এই ক্ষতিপুরণ দেওয়া হবে তিনদিনের অপেক্ষার সময়পর্বের পর হাসপাতালে ভর্তি থাকার সময়ে এবং তা সর্বোচ্চ ১৫দিন পর্যন্ত হবে।

- **প্রিমিয়াম**

**টেবিল ২.৩**

| **স্বত্বা** | **প্রিমিয়াম** |
|---|---|
| একজন ব্যক্তি জন্য | ৩৬৫টাকা প্রতি বছর |
| পাঁচজনের একটি পরিবারের জন্য (প্রথম তিনটি সন্তানসহ) | ৫৪৮টাকা প্রতি বছর |
| সাত জনের পরিবারের জন্য (প্রথম তিনটি সন্তান এবং নির্ভরশীল মা-বাবা সহ) | ৭৩০টাকা প্রতি বছর |
| বিপিএল তালিকাভুক্ত পরিবারের জন্য প্রিমিয়ামে ভরতুকি | দারিদ্র্য সীমার নিচে থাকা পরিবারগুলির জন্য সরকার প্রিমিয়ামে ভরতুকি দেবে |

## K. রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা যোজনা

সরকার আরো কয়েক ধরণের স্বাস্থ্য প্রকল্প চালু করেছে, তারমধ্যে কয়েকটি নির্দিষ্ট রাজ্যের ক্ষেত্রে প্রযোজ্য। জনগণের জন্য স্বাস্থ্য সুবিধাকে আরো প্রসারিত করতে, সরকার বীমা কোম্পানিগুলির সঙ্গে মিলে, রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা যোজনা রূপায়ণ করছে। দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী (বিপিএল) পরিবারগুলিকে যাতে স্বাস্থ্য বীমার কভারেজ দেওয়া যায়, তার দিকে লক্ষ্য রেখেই ভারত সরকারের শ্রম এবং কর্মনিয়োগ দপ্তর আরএসবিওয়াই চালু করেছে।

রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা যোজনার বৈশিষ্ট্যগুলি নিম্নলিখিত:

a. পরিবারে ফ্লোটারের ভিত্তিতে প্রতি বিপিএল পরিবার পিছু ৩০,০০০টাকা বীমাকৃত রাশি।

b. ব্যক্তিগত মেডিক্লেইম পলিসির লাইন মেনেই কভারেজ হয়। পুঞ্জীভূত বোনাস এবং মেডিক্যাল চেক-আপ বেনিফিট এর মধ্যে অন্তর্ভুক্ত নয়।

c. হাসপাতালে ভর্তি থাকার সময়ের স্বাস্থ্য পরিষেবা এবং শল্য চিকিৎসার বৈশিষ্ট্যগতভাবে দৈনিক-যত্নের ভিত্তিতে পরিষেবা দেওয়া যাবে তার কভারেজ পাওয়া যাবে।

d. যোগ্য সমস্ত স্বাস্থ্য পরিষেবায় ক্যাশলেস কভারেজের সুবিধা পাওয়া যাবে।

e. স্মার্ট কার্ডের ব্যবস্থা।

f. হাসপাতালে ভর্তি থাকার সময়ের পূর্ব ও পরবর্তী খরচ পাওয়া যাবে।

g. প্রতি ভিজিট পিছু ১০০টাকা করে পরিবহনের খরচ।

h. বীমাকারীকে কেন্দ্র এবং রাজ্য সরকার প্রিমিয়ামটি দিয়ে দেয়।

i. একটি প্রতিযোগিতামূলক নিলামের ভিত্তিতে বীমাকারীদের বাছাই করে রাজ্য সরকার।

j. সরকারী এবং বেসরকারী হাসপাতালের মধ্যে সুবিধাভোগীর বেছে নেওয়ার সুবিধা।

k. কেন্দ্র এবং রাজ্য সরকারকে ৩:১ অনুপাতের ভিত্তিতে প্রিমিয়ামটি বহন করতে হয়। কেন্দ্রীয় সরকার প্রতি পরিবার পিছু সর্বোচ্চ ৫৬৫টাকার অবদান দেবে।

l. রাজ্য সরকারের অবদান হলো: বার্ষিক প্রিমিয়ামের ২৫ শতাংশ এবং ৭৫০টাকার বেশি হলে সেই অতিরিক্ত প্রিমিয়াম।

m. নথিভুক্তকরণের ফি/পুনর্নবীকরণের ফি হিসেবে সুবিধাভোগীকে বছরে ৩০টাকা দিতে হবে।

n. প্রশাসনিক ব্যয় বহন করবে রাজ্য সরকার।

o. স্মার্ট কার্ডের খরচের অতিরিক্ত পরিমাণ ৬০টাকা প্রতি সুবিধাভোগী পিছু এই লক্ষ্যে পাওয়া যাবে।

p. স্মার্ট কার্ড দেওয়ার দিনের থেকে পরবর্তী মাসের প্রথম থেকে প্রকল্পটি কাজ করা শুরু করবে। সুতরাং, যদি কোনো জেলায় ফেব্রুয়ারি মাসের কোনো সময়ে যদি প্রাথমিক স্মার্ট কার্ডগুলি চালু করা হয়, তবে প্রকল্পটি শুরু হবে এপ্রিলের ১লা থেকে।

q. প্রকল্পটি এক বছর অর্থাৎ পরের বছরের ৩১শে মার্চ পর্যন্ত চলবে। নির্দিষ্ট ঐ জেলায় এটিই হবে প্রকল্পটি বাতিল হয়ে যাওয়ার দিন। সুতরাং, মধ্যবর্তী সময়েও যেসব কার্ড চালু করা হবে তাদেরও সেই বছরেরই ৩১শে মার্চ প্রকল্পটি বাতিলের দিন হবে।

ক্লেইমের মীমাংসা তালিকায় উল্লেখ করা টিপিএ'র মাধ্যমেই হবে অথবা বীমা কোম্পানি করবে। তালিকাভুক্ত হাসপাতালগুলির মাধ্যমে এই মীমাংসাগুলিকে যতোটা সম্ভব ক্যাশলেস করতে হবে।

কোনো একটি অসুস্থতার মানে মনে করা হবে একটানা অসুস্থতার সময় এবং এর অন্তর্গত হলো সর্বশেষ যেদিন হাসপাতালে ভর্তির পরামর্শ করা হয়েছে তার থেকে ৬০দিনের মধ্যে আবার তা হওয়া।

## L. প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা

দুর্ঘটনায় ব্যক্তিগত মৃত্যু ও পঙ্গুত্বকে বীমার কভার দিতে সম্প্রতি ঘোষিত পিএমএসবিওয়াই ব্যাপক আগ্রহ আকর্ষণ করেছে এবং এই প্রকল্পের বিস্তারিত বিবরণ হলো নিম্নরূপ:

কভারেজের সুযোগ: ব্যাঙ্কের 18 থেকে 70বছর বয়সী সমস্ত সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট হোল্ডাররা এতে যুক্ত হতে পারেন। অংশগ্রহণকারী ব্যাঙ্ককে অবশ্যই কোনো অনুমোদিত নন-লাইফ বীমাকারীর সঙ্গে টাই আপ করতে হবে যারা সেই ব্যাঙ্ককে কভারের জন্য একটা মাস্টার পলিসি অফার করবে। শুধুমাত্র একটা সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট রয়েছে এমন যে কেউ এই প্রকল্পে যুক্ত হতে পারবেন এবং তিনি যদি একাধিক ব্যাঙ্কে তালিকাবদ্ধ হন, তাহলেও তিনি অতিরিক্ত কোনো সুবিধা পাবেন না এবং অতিরিক্ত প্রিমিয়াম দিলে তা খোয়া যাবে। ব্যাঙ্ক অ্যাকাউন্টের জন্য প্রাথমিক কেওয়াইসি হবে আধার।

তালিকাভুক্তির প্রকারতা / মেয়াদ: কভারটা হবে 1লা জুন থেকে 31শে মে পর্যন্ত এক বছরের জন্য, এই পছন্দের জন্য দায়িত্বপ্রাপ্ত সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে নির্ধারিত ফর্মে প্রতি বছর 31শে মে'র মধ্যে অটো-ডেবিট প্রদানের অনুমোদন করতে হবে, প্রারম্ভিক বছরে এই সুযোগ 2015-র 31শে আগস্ট পর্যন্ত করা হয়েছে। প্রকল্প শুরুর প্রারম্ভেই ভারত সরকার এই প্রক্লেপের যোগদানেস সময়সীমা আরো তিন মাস বাড়িয়ে 2015-র 30শে নভেম্বর পর্যন্ত করেছে।

পূর্ণ বার্ষিক কিস্তি প্রদান করলে পরবর্তীকালে যোগদানের ক্ষেত্রে অনির্দিষ্ট মেয়াদের সুযোগ পাওয়া সম্ভব হতে পারে। আবেদনকারী এনরোলমেন্ট / অটো ডেবিটের জন্য একটা অনির্দিষ্ট / দীর্ঘতর পছন্দ বাছাই করতে পারেন, তবে অতীত অভিজ্ঞতার ভিত্তিতে প্রকল্পের চালুর শর্ত বদল হবে। কোনো সময়ে কেউ যদি প্রকল্প থেকে বেরিয়ে যান উপরোক্ত প্রকারে তিনি ভবিষ্যতে ফের যুক্ত হতে পারেন। বছর বছর যোগ্য ক্যাটাগোরিতে নতুন আসা বা বর্তমানে যোগ্য ব্যক্তিরা যাঁরা আগে যুক্ত হননি তাঁরা প্রকল্প চলাকালীন ভবিষ্যতে ঢুকতে পারেন না।

বীমার আওতায় সুবিধাগুলি নিম্নরূপ :

| সুবিধার টেবিল | বীমাকৃত রাশি |
|---|---|
| মৃত্যু | 2লক্ষ টাকা |
| উভয় চোখের অথবা উভয় হাতের সম্পূর্ণ ও অপ্রতিবিধেয় লোকসান বা একটি চোখের | 2লক্ষ টাকা |

| | |
|---|---|
| দৃষ্টিহানি ও হাত বা পা ব্যবহারের ক্ষতি | |
| একটা চোখের সম্পূর্ণ ও অপ্রতিবিধেয় লোকসান অথবা একটা হাত বা পা ব্যবহারের ক্ষতি | 1লক্ষ টাকা |

এসএমএস, ইমেল বা ব্যক্তিগত সাক্ষাতের মাধ্যমে জয়েনিং ও নমিনেশনের সুবিধা উপলব্ধ।

প্রিমিয়াম: বছরে সদস্য প্রতি 12/-টাকা। প্রত্যেক বার্ষিক কভারেজ মেয়াদের 1লা জুন তারিখে বা তার আগে ‘অটো ডেবিট’ ফেসিলিটির মাধ্যমে একটা কিস্তিতেই অ্যাকাউন্ট হোল্ডারের সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে প্রিমিয়ম কেটে নেওয়া হবে। তবে যদি কোথাও 1লা জুনের পর অটো ডেবিট হয় সেক্ষেত্রে যে মাসে অটো ডেবিট হবে তার পরবর্তী মাসের প্রথম দিন থেকে বীমার কভার শুরু হবে। যখন অটো ডেবিট পছন্দ দেওয়া হবে, বিশেষ করে প্রতি বছরের মে মাসে অংশগ্রহণকারী ব্যাঙ্ক প্রিমিয়ামের অর্থ কেটে নেবে এবং সেই মাসেই বীমা কোম্পানিকে সেই অর্থ পাঠিয়ে দেবে।

বার্ষিক ক্লেইম অভিজ্ঞতার ভিত্তিতে প্রিমিয়াম পুনর্বিবেচিত হয় তবে প্রথম তিন বছরে যাতে প্রিমিয়াম না বাড়ে তা নিশ্চিত করারও একটা প্রচেষ্টা হবে।

**কভার সমাপ্তি** : সদস্যের দুর্ঘটনা কভার সমাপ্ত হবে :

1. সদস্যের 70 বছর বয়স হতেই (নিকটতম জন্মদিনে) অথবা
2. ব্যাঙ্ক অ্যাকাউন্ট বন্ধ করা হলে বা বীমা চালু রাখার জন্য পর্যাপ্ত ব্যালান্স না থাকায়
3. একজন সদস্যের যদি একাধিক অ্যাকাউন্টের মাধ্যমে কভারকৃত হলে, বীমার কভার কেবলমাত্র একটিতেই সীমাবদ্ধ থাকবে এবং অন্যান্য কভারগুলি সমাপ্ত করে দেওয়া হবে এবং প্রিমিয়াম খোয়া যাবে।

বীমার কভার যদি কোনো টেকনিকাল কারণে বন্ধ হয়ে যায় যেমন নির্ধারিত দিনে অপর্যাপ্ত ব্যালান্স বা কোনো প্রশাসনিক ইস্যুর কারণে, পুরো বার্ষিক প্রিমিয়াম প্রাপ্ত হতেই সেটা আবার চালু হয়ে যাবে, তার জন্য শর্তগুলি পূরণ করতে হবে। এই মেয়াদকালের জন্য ঝুঁকি কভার আটকে থাকবে এবং ঝুঁকির কভার নতুন করে চালুর বিষয়টি একেবারেই বীমা কোম্পানির বিবেচনাধীন।

## M. প্রধানমন্ত্রী জন ধন যোজনা

একটা সাশ্রয়ী উপায়ে ব্যাঙ্কিং সঞ্চয় ও আমানত অ্যাকাউন্ট, রেমিটেন্স, ক্রেডিট, বীমা এবং পেনশনে ভারতীয় নাগরিকদের জন্য এই আর্থিক অন্তর্ভুক্তি প্রচারাভিযানটি 2014সালের 28শে আগস্ট ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুরু করেন। এক সপ্তাহের মধ্যে ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলায় একটি বিশ্বরেকর্ড তৈরি করেছে এই প্রকল্পটি। এর লক্ষ্যহলো ব্যাঙ্কিংয়ের মূল স্রোতে সর্বাধিক মানুষকে নিয়ে আসা

যে কোনো ব্যাঙ্কের শাখা বা বিজনেস করেসপন্ডেন্ট (ব্যাঙ্ক মিত্র) আউটলেটে একটা অ্যাকাউন্ট খোলা যায়। পিএমজেডিওয়াই অ্যাকাউন্টগুলি খোলা হচ্ছে জিরো ব্যালান্সে। তবে যদি অ্যাকাউন্ট-হোল্ডার চেক বই পেতে চান তবে তাঁকে ন্যূনতম ব্যালান্সের মাপকাঠি পূরণ করতে হবে।

**পিএমজেডিওয়াই প্রকল্পের আওতায় বিশেষ সুবিধা**

1. জমার উপর সুদ
2. 1লক্ষ টাকার দুর্ঘটনা বীমা
3. কোনো ন্যুনতম ব্যালান্স প্রয়োজন নেই।
4. 30,000/-টাকা পর্যন্ত জীবন বীমার কভার
5. ভারতজুড়ে সহজেই টাকা ট্রান্সফার
6. সরকারী প্রকল্পের উপভোক্তারা এই অ্যাকাউন্টগুলিতে সরাসরি বেনিফিট ট্রান্সফার পাবেন।
7. 6মাসের জন্য অ্যাকাউন্ট সন্তোষজনকভাবে চালানোর পর একটা ওভারড্রাফ্টের সুবিধা পাওয়া যাবে
8. পেনশন ও বীমা পণ্যের সুযোগ
9. দুর্ঘটনা বীমার কভার
10. রুপে কার্ড যেটি 45দিনের মধ্যে অন্তত একবার ব্যবহার করতেই হবে।
11. পরিবার পিছু মাত্র একটা অ্যাকাউন্টেই 5000/- টাকা পর্যন্ত ওভারড্রাফ্টের সুবিধা, পরিবারের মহিলাই অগ্রাধিকার পাবেন।

2015-র 13ই মে-র হিসেবে 16,918.91 কোটি টাকার ব্যালান্স সহ রেকর্ড সংখ্যক 15.59কোটি অ্যাকাউন্ট খোলা হয়েছে। এর মধ্যে 8.50 কোটি অ্যাকাউন্ট খোলা হয়েছে জিরো ব্যালান্সে।

## N. *ব্যক্তিগত দুর্ঘটনা ও বিকলাঙ্গতা কভার*

একটি অপ্রত্যাশিত দুর্ঘটনার ঘটনার কারণে যদি মৃত্যু এবং বিকলাঙ্গতা দেখা দেয় তাহলে **ব্যক্তিগত দুর্ঘটনা (পিএ)** কভারে ক্ষতিপূরণ পাওয়া যাবে। অনেক সময়ই এই পলিসিগুলি দুর্ঘটনার সুবিধার সাথে সাথে এক ধরণের চিকিৎসাগত কভারও দিয়ে থাকে।

একটি পিএ পলিসিতে, যেখানে মৃত্যুকালীন সুবিধার ক্ষেত্রে বীমাকৃত রাশির ১০০% দেওয়া হয়, সেখানে বিকলাঙ্গতার ক্ষেত্রে তারতম্য ঘটে। যদি স্থায়ীভাবে বিকলাঙ্গতা দেখা দেয় তবে বীমাকৃত রাশির নির্দিষ্ট শতাংশের বিচারে ক্ষতিপূরণ দেওয়া হয় এবং যদি অস্থায়ীভাবে বিকলাঙ্গতা দেখা দেয় তবে সাপ্তাহিক ক্ষতিপূরণ দেওয়া হয়।

সাপ্তাহিক ক্ষতিপূরণের অর্থ হলো বিকলাঙ্গতার প্রতি সপ্তাহে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ দেওয়া হবে। কতো সংখ্যক সপ্তাহের সর্বোচ্চ সীমার প্রেক্ষিতে এই ক্ষতিপূরণ দেওয়া হবে তা বিবেচনাধীন বিষয়।

### 1. কোন ধরণের বিকলাঙ্গতা কভার করা হয়

পলিসির অধীনে সাধারণত যে ধরণের বিকলাঙ্গতা কভার করা হয় তা হলো:

i. **স্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা (পিটিডি)** : এর অর্থ হলো আজীবনের জন্য সম্পূর্ণ অক্ষম হয়ে যাওয়া, যেমন, চারটি অঙ্গ-প্রত্যঙ্গের পক্ষাঘাত, কোমার অবস্থা, দুটি চোখ/দুটো হাত/দুটো পা অথবা একটি হাত এবং একটি চোখ অথবা একটি চোখ এবং একটি পা অথবা একটি হাত এবং একটি পা হারানো,

ii. **স্থায়ী আংশিক বিকলাঙ্গতা (পিপিডি)** : এর অর্থ হলো চির জীবনের জন্য আংশিকভাবে বিকলাঙ্গ হয়ে যাওয়া, যেমন, আঙুল, পায়ের আঙুল, ফ্যালাঞ্জেস ইত্যাদি হারিয়ে ফেলা

iii. **অস্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা (টিটিডি)** : এর অর্থ হলো একটি আংশিক সময়ের জন্য সম্পূর্ণ বিকলাঙ্গ হয়ে যাওয়া। এই বিভাগের কভারের উদ্দেশ্য হলো বিকলাঙ্গতার সময়ে আয়হীনতাকে কভার করা।

ক্রেতা পছন্দমতো বেছে নিতে পারেন শুধু মৃত্যুকালীন অথবা মৃত্যু তারসঙ্গে স্থায়ী বিকলাঙ্গতা অথবা মৃত্যু এবং তারসঙ্গে স্থায়ী বিকলাঙ্গতা এবং অস্থায়ী সার্বিক বিকলাঙ্গতার কভার।

### 2. বীমাকৃত রাশি

পিএ পলিসির জন্য বীমাকৃত রাশি সাধারণত স্থির করা হয় মোট মাসিক আয়ের উপর ভিত্তি করে। সাধারণত, মোট মাসিক আয়ের ৬০গুণ হয়। যদিও, কিছু বীমাকারী আয়ের স্তরের বিবেচনা না করে স্থায়ী পরিকল্পনার ভিত্তিতে বীমার প্রস্তাব দেয়। এই ধরণের পলিসিতে কভারের প্রতিটি বিভাগের জন্য বীমাকৃত রাশির পার্থক্য ঘটে, যেরকম পরিকল্পনা নেওয়া হবে সেই অনুযায়ী।

### 3. সুবিধা পরিকল্পনা

একটি সুবিধা পরিকল্পনা হিসেবে, পিএ পলিসি অবদান আকর্ষণ করে না। সেইকারণে, যদি একজন ব্যক্তি বিভিন্ন বীমাকারীর কাছে একাধিক পলিসি করেন, দুর্ঘটনাজনিত মৃত্যুর ঘটনার ক্ষেত্রে, পিটিডি অথবা পিপিডি, সব কটি পলিসির অধীনেই ক্লেইমের টাকা দেওয়া হবে।

### 4. কভারের প্রসার

এই পলিসিগুলি অনেক সময় চিকিৎসাগত খরচ কভার করার জন্য প্রসারিত করা হয়, দুর্ঘটনার পরে হাসপাতালে ভর্তি থাকার সময় যে চিকিৎসাগত এবং অন্যান্য খরচ হয়েছে তা পরিশোধ করার জন্য। একটি দুর্ঘটনা পরবর্তী ঘটনাবলীর জন্য যে চিকিৎসাগত/হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচপাতি হয়, বর্তমানে আমাদের যে স্বাস্থ্য পলিসি আছে সেটি দিয়েই এই খরচ মেটানো হয়। এই ধরণের পলিসিগুলি অসুস্থতা এবং তার চিকিৎসাতে কোনো কভার দেয় না এবং তার পরিবর্তে শুধুমাত্র দুর্ঘটনাজনিত অসুস্থতারই খরচপাতি দেয়।

### 5. মূল্য যুক্ত সুবিধা

ব্যক্তিগত দুর্ঘটনার সঙ্গে, অনেক বীমাকারী মূল্য যুক্ত সুবিধা যেমন দুর্ঘটনার কারণে হাসপাতালে ভর্তি হওয়ার ফলে যে খরচ হয় সেক্ষেত্রে হাসপাতালের নগদ, মৃতের পরিবহণ, নির্দিষ্ট রাশির শিক্ষার সুবিধা এবং সঠিক অথবা নির্দিষ্ট সীমার যেটি কম হবে সেই অনুযায়ী অ্যাম্বুলেন্সের খরচ দেওয়ারও প্রস্তাব করে।

### 6. বাদ দেওয়া

ব্যক্তিগত দুর্ঘটনার কভারের অধীনে প্রচলিত বাদ দেওয়াগুলি হলো:

i. পলিসিটির সূত্রপাতের আগে কোনো উপস্থিত বিকলাঙ্গতা ছিল কী না

ii. মানসিক ভারসাম্যতা অথবা কোনো অসুস্থতার ফলে মৃত্যু অথবা বিকলাঙ্গতা

iii. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যৌনব্যধি সংক্রান্ত অসুখ, যৌন রোগ, এডস অথবা মানসিক ভারসাম্যহীন হওয়ার কারণে।

iv. রেডিয়েশন, সংক্রমণ, দুর্ঘটনার কারণ ছাড়া বিষাক্ত হয়ে যাওয়ার ফলে মৃত্যু অথবা বিকলাঙ্গতা।

v. অপরাধমূলক উদ্দেশ্য নিয়ে বীমাকৃত ব্যক্তি বা তাঁর পরিবারের কেউ আইন ভঙ্গ করেন এবং তারফলে যদি কোনো আঘাত দেখা দেয় বা ঘটে থাকে।

vi. দুর্ঘটনাজনিত আঘাত যা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যোগ আছে অথবা যুদ্ধ, আক্রমণ, বিদেশী শত্রুর কাজ, যুদ্ধবিগ্রহ(সেখানে যুদ্ধ ঘোষণা করা হোক বা না হোক), গৃহ যুদ্ধ, বিদ্রোহ, বিপ্লব, উপবিপ্লব, প্রকাশ্যে বিদ্রোহ, সামরিক অথবা করায়ত্ত ক্ষমতা,

বাজেয়াপ্ত, বন্দী করা, গ্রেপ্তার, দমন এবং আটক করার সঙ্গে যুক্ত থাকার ফলে যদি মৃত্যু অথবা বিকলাঙ্গতা অথবা আঘাত ঘটে।

vii. বীমাকৃত ব্যক্তি যদি নিন্দনীয় হত্যা, যেমন, খুনের শিকার হন সেই ঘটনার ক্ষেত্রে। যদিও, বেশিরভাগ পলিসিতে, হত্যার ঘটনায় যেখানে বীমাকৃত নিজে কোনো অপরাধমূলক কাজকর্মের সঙ্গে জড়িত নন, সেখানে এমন ঘটনাকে দুর্ঘটনা বলে মনে করা হয় এবং পলিসির অধীনে কভারও দেওয়া হয়ে থাকে।

viii. শিশুর জন্ম, সন্তান সম্ভবা অথবা তার পরবর্তী পরিণামের কারণ, অবদান, অথবা বাড়িয়ে তোলা অথবা দীর্ঘায়িত করার জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, মৃত্যু/বিকলাঙ্গতা/হাসপাতালে ভর্তি।

ix. যখন বীমাকৃত/বীমাকৃত ব্যক্তি পেশাদার খেলোয়াড় হিসেবে অংশগ্রহণ করছে বা প্রশিক্ষণ নিচ্ছে, শান্তি বা যুদ্ধের সময় যে কোনো দেশের সেণা বা সশস্ত্র বাহিনীতে যোগ দিচ্ছেন।

x. ইচ্ছাকৃতভাবে নিজেকে আহত করা, আত্মহত্যা বা আত্মহত্যার চেষ্টা করা (সেটি প্রকৃতিস্থ বা অপ্রকৃতিস্থভাবে)

xi. মাদকদ্রব্য বা ড্রাগস এবং মদের অপব্যবহার

xii. বিমান অথবা বেলুন চালনার সঙ্গে যুক্ত থাকার সময়, বিশ্বের যে কোনো জায়গায় লাইসেন্সপ্রাপ্ত মাপকাঠিকৃত বিমান যাত্রী (ভাড়া দিয়ে অথবা অন্যভাবে) হিসেবে ছাড়া অন্য কোনোভাবে বিমানে বা বেলুনে চড়া, সেখান থেকে নামা বা ভ্রমণের সময়

বৈধ চালকের লাইসেন্স ছাড়া যে কোনো গাড়ি চালানোর ফলে যে ক্ষতি হবে সেটি কভারের আওতা থেকে বাদ থাকে নির্দিষ্ট পলিসিগুলিতে।

পিএ পলিসির জন্য ব্যক্তি, পরিবার এবং গোষ্ঠীকেও প্রস্তাব দেওয়া হয়।

**ফ্যামিলি প্যাকেজ কভার**

ফ্যামিলি প্যাকেজ কভার মঞ্জুর করা হতে পারে নিম্নোক্ত প্যাটার্নে:

- **রোজগেরে সদস্য (বীমাকৃত ব্যক্তি) ও তাঁর স্বামী বা স্ত্রী, যদি রোজগেরে হন :** ব্যক্তি হিসেবে স্বাভাবিক সীমাবদ্ধতার মধ্যে প্রত্যেকের জন্য কাঙ্খিত স্বাধীন মুলধনী বীমাকৃত রাশি।
- **স্বামী বা স্ত্রী (রোজগেরে সদস্য না হলে) :** সাধারণভাবে রোজগেরে সদস্যের বীমাকৃত রাশির 50শতাংশ। এর একটা নির্ধারিত উর্ধসীমা টানা যেতে পারে যেমন 1,00,000 টাকা বা 3,00,000 টাকা।
- **সন্তান (5 ও 25বছরের মধ্যে) :** সাধারণভাবে রোজগেরে সদস্যের বীমাকৃত রাশির 25শতাংশ। এরও একটা নির্ধারিত উর্ধসীমা থাকতে পারে যেমন সন্তান প্রতি 50,000 টাকা।

**গ্রুপ ব্যক্তিগত দুর্ঘটনা পলিসি**

গ্রুপ ব্যক্তিগত দুর্ঘটনা পলিসি হলো সাধারণত একটা বার্ষিক পলিসি যা কেবলমাত্র বার্ষিকীতেই পুরনর্নবীকরণ করার অনুমোদন পায়। যদিও নন-লাইফ ও স্বতন্ত্র স্বাস্থ্য বীমাকারীরা কোনো নির্দিষ্ট ইভেন্টে কভারেজ দিতে এক বছরের কম সময়ের জন্য গ্রুপ ব্যক্তিগত দুর্ঘটনা পলিসির প্রস্তাব দিতে পারে।

নিম্নোক্তগুলি হলো বিভিন্ন ধরনের গ্রুপ পলিসি :

- **নিয়োগকর্তা ও কর্মচারী সম্পর্ক**

  এই পলিসিগুলি ফার্ম, অ্যাসোসিয়েশন প্রভৃতিকে মঞ্জুর করা হয়:

  - নাম উল্লেখিত কর্মচারীদের কভার করতে
  - নাম উল্লেখিত নয় এমন কর্মচারীদের কভার করতে

- **নন এমপ্লয়ার-এমপ্লয়ি সম্পর্ক**

  এই পলিসিগুলি অ্যাসোসিয়েশন, সোসাইটি, ক্লাব প্রভৃতিকে মঞ্জুর করা হয়:

  - নাম উল্লেখিত সদস্যদের কভার করতে
  - নাম দিয়ে চিহ্নিত নয় এমন সদস্যদের কভার করতে

  (নোট : কর্মচারীদের আলাদাভাবে কভার দেওয়া যেতে পারে)

**হাড় ভেঙে যাওয়ার পলিসি এবং দৈনন্দিন কাজকর্ম হারানোর ক্ষতিপূরণ**

এটি একটি বিশেষ পিএ পলিসি। এই পলিসিটি পরিকল্পনা করা হয়েছে তালিকাভুক্ত অস্থিভঙ্গকে কভার দেওয়ার জন্য।

i. নির্দিষ্ট সুবিধা অথবা বীমাকৃত রাশির শতাংশ যা প্রতি অস্থিভঙ্গের সঙ্গে উল্লেখ করা আছে তা ক্লেইম করার সময় দেওয়া হয়

ii. কী ধরণের হাড় কভার করা আছে এবং কী ধরণের অস্থিভঙ্গ হয়েছে তার ধরণের উপর নির্ভর করে সুবিধার পরিমাণ কতোটা হবে।

iii. আরো বিস্তারিতভাবে বললে, সাধারণ অস্থিভঙ্গের তুলনায় মিশ্র অস্থিভঙ্গে বেশি শতাংশ হারে সুবিধা পাওয়া যাবে। আবার, আঙুলের হাড় ভাঙার সুবিধার তুলনায় অনেক বেশি শতাংশ হারে সুবিধা পাওয়া যাবে যদি ফেমার বোন (থাইয়ের হাড়) ভাঙে।

iv. এই পলিসিতে প্রতিদিনের কাজকর্ম হারালে সেক্ষেত্রেও পলিসিতে বর্ণনা করা নির্দিষ্ট সুবিধার কভার পাওয়া যায়, যেমন, খাওয়া, মল ত্যাগ, জামা কাপড় পরা, আত্মসংযম (মূত্র অথবা মল ধরে রাখার ক্ষমতা) অথবা অচলতার জন্য যাতে বীমাকৃত পুরষ/মহিলা তাঁর জীবনযাত্রা বজায় রাখার জন্য খরচের যন্ত্র নিতে পারেন।

v. এটি হাসপাতালের নগদের সুবিধার কভার এবং দুর্ঘটনাজনিত মৃত্যুর কভারও দেওয়া হয়। বীমাকৃত রাশির পার্থক্য এবং সুবিধা পাওয়ার জন্য বিভিন্ন পরিকল্পনা পাওয়া যায়।

## ০. *বৈদেশিক ভ্রমণ বীমা*

### 1. পলিসির জন্য প্রয়োজনীয়তা

ব্যবসা, ছুটি অথবা পড়াশোনার জন্য ভারতের বাইরে যাচ্ছেন এমন একজন ভারতীয় নাগরিক তাঁর বিদেশে থাককালীন সময়ে দুর্ঘটনা, আঘাত এবং অসুস্থতার ঝুঁকির মুখোমুখী হতে পারেন। চিকিৎসাগত যত্নের খরচ, বিশেষত, ইউএসএ এবং কানাডাতে খুবই বেশি এবং এই সমস্ত দেশে ভ্রমণরত ব্যক্তি যদি কোনো দূর্ভাগ্যজনক দুর্ঘটনা/অসুস্থতার সম্মুখীন হন তাহলে বড় ধরণের আর্থিক সমস্যা দেখা দিতে পারে। এমন কোনো দূর্ভাগ্যজনক পরিস্থিতিতে সুরক্ষা দেওয়ার জন্য, ভ্রমণ পলিসি এবং বিদেশে স্বাস্থ্য এবং দুর্ঘটনার পলিসি পাওয়া যায়।

### 2. কভারেজের সুবিধা

এমন পলিসি প্রাথমিকভাবে দুর্ঘটনা এবং অসুস্থতার সুবিধার জন্য করা হয়, কিন্তু অধিকাংশ পণ্য যা বাজারে পাওয়া যায় সেগুলিতে একটি পণ্যের মধ্যেই বেশ কয়েকটি কভার প্যাকেজ করা থাকে। যে কভারগুলি প্রস্তাব করা হয়:

i. দুর্ঘটনাজনিত মৃত্যু/বিকলাঙ্গতা
ii. অসুস্থতা/দুর্ঘটনার কারণে চিকিৎসাগত খরচ
iii. পরীক্ষিত ব্যাগের হারিয়ে যাওয়া
iv. পরীক্ষিত ব্যাগের দেরিতে আসা
v. পাসপোর্ট এবং তথ্যের হারিয়ে যাওয়া
vi. সম্পত্তি/ব্যক্তিগত ক্ষতির জন্য তৃতীয় পক্ষের দায়বদ্ধতা
vii. ভ্রমণ বাতিল
viii. হাইজ্যাকের কভার

### 3. পরিকল্পনার ধরণ

জনপ্রিয় পলিসিগুলি হলো বিজনেস এবং হলিডে প্ল্যান, স্টাডি প্ল্যান এবং এমপ্লয়মেন্ট প্ল্যান।

### 4. যারা এই বীমা দিতে পারেন

বিদেশ বা দেশীয় ভ্রমণ বীমা পলিসিগুলি কেবলমাত্র নন-লাইফ ও স্বতন্ত্র স্বাস্থ্য বীমা কোম্পানিগুলিই হয় একটা স্বতন্ত্র পণ্য হিসেবে নয়তো বর্তমান স্বাস্থ্য পলিসির একটা অ্যাড-অন হিসেবে অফার করতে

পারে, তবে অ্যাড-অন কভারের জন্য প্রিমিয়াম ফাইল অ্যান্ড ইউজ প্রক্রিয়ার অধীনে কর্তপক্ষের অনুমোদিত হতে হবে।

## 5. এই পলিসি কারা নিতে পারেন

একজন ভারতীয় নাগরিক যিনি ব্যবসার কাজে, ছুটিতে অথবা শিক্ষার জন্য বিদেশ ভ্রমণ করছেন তিনি এই পলিসি গ্রহণ করতে পারেন। ভারতীয় নিয়োগকর্তাদের কর্মচারীরা যাঁদের চুক্তির ভিত্তিতে বিদেশে পাঠানো হচ্ছে তাঁরা এর কভারের আওতাভুক্ত।

## 6. বীমাকৃত রাশি এবং প্রিমিয়াম

ইউএস ডলারে এই কভার দেওয়া হয় এবং সাধারণত তা ১০০,০০০ থেকে ৫০০,০০০ ইউএস ডলারের মধ্যে পরিবর্তিত হয়। এই বিভাগে থাকছে চিকিৎসার খরচ স্থানান্তর, প্রত্যাবাসন, যা হলো মূল বিভাগ। অন্যান্য বিভাগে এস.আই. হলো কম, দায়বদ্ধতার কভার আশা করা যায়। এমপ্লয়মেন্ট পরিকল্পনা ছাড়া, যেখানে একমাত্র ডলারেই প্রিমিয়াম দিতে হবে, বাকি ক্ষেত্রে ভারতীয় মুদ্রায় প্রিমিয়াম দেওয়া যাবে। সাধারণত প্ল্যানগুলি হলো দুধরণের:

- ✓ ইউএসএ/কানাডা বাদে বাকি সারা বিশ্ব
- ✓ ইউএসএ/কানাডা সহ বাকি সারা বিশ্ব

কিছু পণ্য আছে যেগুলি শুধুমাত্র এশীয় দেশগুলি, শেকনজেন দেশগুলি ইত্যাদির জন্য কভার দেয়।

### 1. কর্পোরেটের ঘন ঘন ভ্রমণকারীর প্ল্যান

যে কর্পোরেট/নিয়োগকর্তা তাঁদের কর্মচারী, যাঁরা ঘন ঘন ভারতের বাইরে ভ্রমণ করেন তাঁদের জন্য ব্যক্তিগতভাবে পলিসি নেন তাঁদের জন্য এটি একটি বার্ষিক পলিসি। এই কভার একজন ব্যক্তিও নিতে পারেন, যদি তিনি বছরে বহু বার বিদেশে যান। প্রতিটি ভ্রমণের সর্বোচ্চ সময়সীমার উপর এবং এক বছরে সর্বোচ্চ কতো সংখ্যক ভ্রমণ করা যাবে তার উপর সীমা স্থির করা আছে।

বর্তমানে একটি কভারের জনপ্রিয়তা খুব বাড়ছে। এই পলিসিটিতে বার্ষষিক ঘোষণা করতে হবে। যেখানে কোনো কোম্পানির কর্মচারীরা এক বছরে আনুমানিক কতোগুলি শ্রম দিবসে ভ্রমণ করতে পারেন তার ভিত্তিতে আগাম প্রিমিয়াম দিয়ে দেওয়া।

কর্মচারী পিছু ভ্রমণের দিনের সংখ্যা সাপ্তাহিক/পাক্ষিক হিসেবে ঘোষণা করা হয় এবং ঐ আগামের প্রেক্ষিতে প্রিমিয়াম স্থির করা হয়। পলিসিটি চলার সময় শ্রম দিবসের সংখ্যা বাড়ানোর ব্যবস্থাও করা আছে, যেহেতু এটি অতিরিক্ত আগাম প্রিমিয়াম প্রদানের উপর ব্যয় করা হয়।

উপরিউক্ত পলিসিগুলি শুধুমাত্র ব্যবসা এবং ছুটির ভ্রমণের ক্ষেত্রেই অনুমতি দেওয়া হয়।

ওএমপি'র অধীনে প্রচলিত যেগুলি বাদ দেওয়া হয় তার অন্তর্ভুক্ত হলো পূর্ব-উপস্থিত অসুখ। যে ব্যক্তির অসুস্থতা রয়েছেই তিনি বিদেশে চিকিৎসা নেওয়ার জন্য কভার পাবেন না।

এই পলিসিগুলির অধীনে স্বাস্থ্য সংক্রান্ত ক্লেইমগুলি সম্পূর্ণ ক্যাশলেস হবে। যেখানে প্রত্যেক বীমাকারী একটি আন্তর্জাতিক পরিষেবা প্রদানকারীর সঙ্গে যুক্ত হয়ে যায়। এই প্রদানকারীদের প্রধান দেশগুলির সঙ্গে নেটওয়ার্ক আছে যারা বিদেশে পলিসির পরিষেবা দিয়ে থাকে।

---

## P. *গ্রুপ স্বাস্থ্য কভার*

### 1. গ্রুপ পলিসি

অধ্যায়ে আগে যেমন ব্যাখ্যা করা হয়েছে যে গ্রুপ পলিসি নিতে পারেন একজন গোষ্ঠীর মালিক যিনি নিয়োগকর্তা, একটি সংগঠন, ব্যাঙ্কের ক্রেডিট কার্ড বিভাগ, যেখানে এই একটি পলিসির মাধ্যমেই পুরো গোষ্ঠীর প্রত্যেক ব্যক্তিই কভার পেতে পারেন।

যে কোনো বীমা কোম্পানিই গ্রুপ স্বাস্থ্য বীমা পলিসি অফার করতে পারে, এর জন্য এই ধরনের সমস্ত পণ্যগুলির এক বছরের পুনর্নবীকরণ চুক্তি থাকবে।

**গ্রুপ পলিসির বৈশিষ্ট্য-হাসপাতালে ভর্তি থাকার সময়ের সুবিধার কভার।**

### 1. কভারেজের সুযোগ

গ্রুপ স্বাস্থ্য বীমার সবচেয়ে প্রচলিত আকার হলো যে নিয়োগকারী পলিসিটি গ্রহণ করেন। এই পলিসিতে কর্মচারী এবং তাঁদের পরিবারের অন্তর্গত নির্ভরশীল স্ত্রী, সন্তান এবং মা-বাবা/শ্বশুর শাশুড়ি সকলেই অন্তর্ভুক্ত থাকেন।

### 2. টেলর-মেড কভার

গ্রুপের প্রয়োজন অনুযায়ী গ্রুপ পলিসিগুলিতে অনেক সময় টেলর-মেড কভারের সুবিধা পাওয়া যায়। সেই কারণে, ব্যক্তিগত পলিসিতে বেশ কয়েকটি প্রচলিত বাদ দেওয়ার বিষয়গুলিও, গ্রুপ পলিসির অধীনে কভার হিসেবে পাওয়া যায়।

### 3. মাতৃত্বকালীন কভার

গ্রুপ পলিসিতে অন্যতম সবচেয়ে প্রচলিত প্রসারিত যে কভারটি পাওয়া যায় তা হলো মাতৃত্বকালীন কভার। এখন কিছু বীমাকারী ব্যক্তিগত পলিসির অধীনেও এই কভার দিচ্ছে, কিন্তু তারজন্য অপেক্ষার সময়পর্ব হলোদুই থেকে তিন বছর পর্যন্ত। গ্রুপ পলিসিতে সাধারণত মাত্র নয় মাসের অপেক্ষার সময়পর্ব থাকে এবং এমনকী কিছু ক্ষেত্রে তাও তুলে দেওয়া হয়। মাতৃত্বকালীন কভারে শিশুর জন্মের জন্য হাসপাতালে ভর্তি থাকার সময় এবং তার অন্তর্গত সি-সেকশন জন্মদানেরও

কভার দেওয়া হয়ে থাকে। পরিবারের জন্য সামগ্রিক যে রাশি বীমাকৃত করা হয়েছে তার আওতায় ২৫,০০০ থেকে ৫০,০০০টাকার মধ্যে এই কভার সীমাবদ্ধ করা থাকে।

### 4. শিশুর কভার

শিশুরা সাধারণত ব্যক্তিগত স্বাস্থ্য বীমার অধীনে তিন মাস বয়স থেকে কভার পেয়ে থাকে। গ্রুপ পলিসিতে, শিশুদের একদিন বয়স থেকেই কভারেজ দেওয়া হয়ে থাকে, কখনো তা মাতৃত্বকালীন কভার সীমার মধ্যে সীমাবদ্ধ থাকে এবং কখনো তা পরিবারের জন্য বীমাকৃত রাশি অন্তর্ভুক্ত করার জন্য প্রসারিত করা হয়।

### 5. পূর্ব-উপস্থিত রোগ কভার করা হয়, অপেক্ষার সময়পর্ব মকুব

একটি টেলর-মেড গ্রুপ পলিসিতে বিভিন্ন বাদ দেওয়ার বিষয়গুলি যেমন পূর্ব-উপস্থিত রোগ, তিরিশ দিবের অপেক্ষার সময়, দুই বছরের অপেক্ষার সময়, জন্মগত রোগও হয়তো কভার করা হতে পারে।

### 6. প্রিমিয়ামের গণনা

গ্রুপ পলিলিসিতে যে প্রিমিয়াম ধার্য করা হয় তার ভিত্তি হলো গ্রুপটির সদস্যদের বয়সের রূপরেখা, গ্রুপটির সদস্য সংখ্যা এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো গ্রুপটির ক্লেইম করার অভিজ্ঞতা। অভিজ্ঞতা, উপরে উল্লেখ করা হয়েছে এমন অতিরিক্ত কভার যা গোষ্ঠীকে বিনা ব্যয়ে দেওয়ার ভিত্তিতে বছর বছর প্রিমিয়ামের যে পার্থক্য ঘটে, সেটি হয় গ্রুপের পলিসিধারকদের স্বার্থে। যাতে যে প্রিমিয়াম দেওয়া হয়েছে তার মধ্যেই ক্লেইমগুলি সামলাতে পারেন।

### 7. অ-নিয়োগকর্তার কর্মচারী গ্রুপ

ভারতে, নিয়ন্ত্রণকারী ব্যবস্থায় গ্রুপ বীমার কভার পাওয়ার উদ্দেশ্যেই প্রাথমিকভাবে একটি গ্রুপ গঠন করার ক্ষেত্রে কঠোর নিষেধাজ্ঞা রয়েছে। যখন নিয়োগকারী ছাড়া অন্য কাউকে গ্রুপ পলিসি দেওয়া হয়, তখন গ্রুপের মালিকের সঙ্গে তার সদস্যদের সম্পর্ক নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।

**উদাহরণ**

ব্যাঙ্ক তার সেভিংস ব্যাঙ্ক ধারক অথবা ক্রেডিট কার্ড ধারকদের জন্য যদি কোনো পলিসি নিতে চায় তবে তা একটি সমগোত্রীয় গোষ্ঠী গঠন করবে, যেখানে একটি বিরাট গোষ্ঠী তাদের নিজেদের চাহিদা মতো পরিকল্পনা করা টেলর-মেড পলিসির সুবিধা নিতে পারবে।

---

এখানে প্রতি অ্যাকাউন্ট ধারকদের যে প্রিমিয়াম সংগৃহীত হবে তা হয়তো খুবই কম হবে, কিন্তু একটি গোষ্ঠী হিসেবে বীমাকারী তার কাছ থেকে যে প্রিমিয়াম পাবে সেটি যথেষ্টই হবে এবং তার উপর ব্যাঙ্ক তার ক্রেতাদের জন্য উচ্চতর পলিসি এবং সেটিও ভালো প্রিমিয়ামের হারের আকারে মূল্য যুক্ত প্রস্তাব দেবে।

### 8. মূল্য নির্ধারণ বা প্রাইসিং

গোষ্ঠী পলিসিতে, গোষ্ঠীটির মাপের উপর নির্ভর করে এবং তার সঙ্গে গোষ্ঠীর ক্লেইমের অভিজ্ঞতার ভিত্তিতে প্রিমিয়ামে ছাড় পাওয়ারও সুবিধা আছে। গোষ্ঠী বীমা প্রতিকূল নির্বাচনের ঝুঁকি কমিয়ে দেয়, যেহেতু একটি সম্পূর্ণ গোষ্ঠী পলিসির অধীনে কভার পাচ্ছে এবং সেটি গোষ্ঠীর ধারককে আরো ভালো দরদাম করার সুযোগ করে দেয়। যাইহোক, সাম্প্রতিক সময়ে, এই ক্ষেত্রটি বড় অনুপাতের ক্ষতির মুখ দেখছে, তার প্রাথমিক কারণ হলো প্রতিযোগিতার কারণে প্রিমিয়ামের দাম অনেক কমিয়ে দেওয়া। যদিও, এরফলে কয়েকজন বীমাকারীর দেওয়া প্রিমিয়াম এবং কভারগুলি পর্যালোচনা করে দেখছে, কিন্তু এখনো এটি বলা খুব কঠিন যে পরিস্থিতি আগের থেকে শুধরেছে।

**9. প্রিমিয়াম প্রদান**

প্রিমিয়ামটি সম্পূর্ণভাবে নিয়োগকারী বা গোষ্ঠীর মালিক দিয়ে দিতে পারেন, তবে সাধারণত এটি কর্মচারী অথবা গোষ্ঠীর সদস্যদের অবদানের ভিত্তিতে হয়। যদিও, এটি বীমাকারীদের সঙ্গে একটি একক চুক্তি, যেখানে নিয়োগকারী/গোক্ষ্ঠীর মালিক প্রিমিয়ামটি সংগ্রহ করেন এবং সকল সদস্যকে কভার করে প্রিমিয়ামটি দেন।

**10. অ্যাড-অনের সুবিধা**

টেলর-মেড গ্রুপ পলিসি দাঁতের যত্ন, দৃষ্টির যত্ন এবং স্বাস্থ্য পরীক্ষা এবং কখনো, জটিল অসুস্থতার কভারও দিয়ে থাকে। এরজন্য অতিরিক্ত প্রিমিয়াম দিতে হয় বা এটি অভিনন্দনসূচক সুবিধা হিসেবেও পাওয়া যেতে পারে।

**বিশেষ দ্রষ্টব্য :**

আইআরডিএআই গোষ্ঠীর দুর্ঘটনা এবং স্বাস্থ্য কভারের অনুমতি দেওয়ার ক্ষেত্রে কিছু শর্ত রেখেছে। এটি করা হয়েছে কারণ যাতে জালিয়াতদের অবৈধ টাকা আয়ের গ্রুপ পলিসির প্রকল্পের হাত থেকে ব্যক্তিকে সুরক্ষা দেওয়া যায়।

সম্প্রতি যে সরকারী স্বাস্থ্য বীমা প্রকল্প এবং সর্বজনীন পণ্য চালু করেছে তাকেও গোষ্ঠী স্বাস্থ্য কভারের শ্রেণীর অন্তর্ভুক্ত করা যায় কারণ যেহেতু জনসংখ্যার একটি বিরাট অংশের জন্য সরকার এই পলিসিগুলি কিনেছে।

**সংজ্ঞা**

গোষ্ঠীর সংজ্ঞাকে সংক্ষিপ্তসার করা যায় নিম্নলিখিতভাবে:

a) একটি গোষ্ঠীতে এমন ব্যক্তিরাই থাকবেন যাঁদের উদ্দেশ্যের মধ্যে সাযুজ্য আছে, এবং গোষ্ঠীর সংগঠকের প্রতি গোষ্ঠীর অধিকাংশ সদস্যের সমর্থন থাকতে হবে যে তিনি তাঁদের হয়ে বীমার ব্যবস্থা করছেন।

b) শুধুমাত্র বীমার সুবিধা পাওয়ার প্রধান লক্ষ্য নিয়ে কোনো গোষ্ঠী তৈরি হতে পারবে না।

c) যে প্রিমিয়াম ধার্য করা হয়েছে এবং যেসব সুবিধা পাওয়া যাবে সেটি প্রত্যেক সদস্যকে স্পষ্ট করে জানিয়ে দিতে হবে।

d) গোষ্ঠী যে ছাড় পাবে তা ব্যক্তি সদস্যদেরকেও দিতে হবে এবং যে প্রিমিয়াম ধার্য করা হবে তা যেন বীমা কোম্পানিকে দেওয়া প্রিমিয়ামের থেকে বেশি না হয়।

## 2. কর্পোরেটের বাফার অথবা ফ্লোটার কভার

অধিকাংশ গ্রুপ পলিসিতে, নির্দিষ্ট বীমাকৃত রাশির প্রেক্ষিতে প্রত্যেক পরিবার কভারের আওতায় থাকে, এক লক্ষ টাকা থেকে পাঁচ লক্ষ টাকা পর্যন্ত পার্থক্য হতে পারে এবং কখনো তার বেশি । সেখানে এমন পরিস্থিতি দেখা দিতে পারে যেখানে পরিবারের জন্য বীমাকৃত রাশি শেষ হয়ে যেতে পারে, বিশেষত যদি পরিবারের কোনো একজন সদস্যের বড় কোনো অসুখ ঘটে। এমন পরিস্থিতিতে, এই বাফার কভারটি স্বস্তি দিতে পারে, যেখানে পরিবারের বীমাকৃত রাশির থেকে বেশি টাকা খরচ হয়ে যায় সেখানে এই বাফার পরিমাণটি থেকে তা মেটানো হয়।

সংক্ষিপ্তভাবে বললে, এই বাফার কভারে বীমাকৃত রাশির পরিমাণ দশ লক্ষ টাকা থেকে এক কোটি টাকা বা তার বেশিও পর্যন্ত বিস্তৃত হতে পারে। পরিবারের বীমাকৃত রাশি শেষ হয়ে গেলে, বাফার থেকে টাকা নেওয়া হয়। যদিও, এর ব্যবহার বড় কোনো অসুখ/ জটিল কোনো অসুখ যেখানে একবার হাসপাতালে ভর্তি হওয়ার ফলেই বীমাকৃত রাশি শেষ হয়ে গেছে, সেরকম ক্ষেত্রেই সীমাবদ্ধ।

এই বাফার থেকে প্রত্যেক সদস্য কতো পরিমাণ ব্যবহার করতে পারবেন তাও সীমাবদ্ধ করা আছে, অনেক সময়ই তা আসল বীমাকৃত রাশি পর্যন্ত হয়। এমন বাফার কভার মধ্যবর্তী মাপের পলিসিগুলির ক্ষেত্রে দেওয়া হয়ে থাকে এবং একজন বিচক্ষণ আণ্ডাররাইটার কখনোই কম পরিমাণের বীমাকৃত পলিসির জন্য এই কভার দেবে না।

## Q. *বিশেষ পণ্য*

### 1. **অসুখের কভার**

সাম্প্রতিক বছরগুলিতে, ভারতের বাজারে ক্যান্সার, ডায়াবেটিসের মতো অসুখের জন্য রোগ নির্দিষ্ট কভারের প্রচলন শুরু হয়েছে, তার বেশির ভাগটিই হয়েছে জীবন বীমা কোম্পানির মাধ্যমে। কভারটি দীর্ঘ মেয়াদী–৫বছর থেকে ২০বছরের জন্য এবং একটি কল্যাণমূলক সুবিধাও এর অন্তর্গত থাকে–বীমাকারীর দ্বারা নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য যে টাকা দেওয়া হয়। রক্তের শর্করা, এলডিএল, রক্তচাপ ইত্যাদির ভালো নিয়ন্ত্রণের জন্য একটি উৎসাহ ভাতাও পাওয়া যায়। ভাতাটি পলিসিটি চালিয়ে নিয়ে যাওয়ার দ্বিতীয় বছরে প্রিমিয়াম কমিয়ে দেওয়ার আকারে পাওয়া যায়। অপরদিকে, যদি এই নিয়ন্ত্রণ ভালো না হয় তবে উচ্চ হারে প্রিমিয়াম দিতে হবে।

### 2. **ডায়াবেটিক ব্যক্তিদের জন্য পরিকল্পিত পণ্য**

এই পলিসিটি ২৬ থেকে ৬৫ বছর বয়সী ব্যক্তিরা গ্রহণ করতে পারেন এবং এটি ৭০বছর বয়স পর্যন্ত পুনর্নবী করা যাবে। বীমাকৃত রাশির পরিমাপের প্রসার হলো ৫০,০০০টাকা থেকে ৫,০০,০০০টাকা পর্যন্ত। ঘর ভাড়ার উপর নিয়ন্ত্রণ প্রযোজ্য। ডায়াবেটিসের জটিলতা যেমন রেটিনোপ্যাথি (চোখ), কিডনি, ডায়াবেটিক ফুট, দাতার জন্য খরচ সহ কিডনি প্রতিস্থাপনের মতো ঘটনার ক্ষেত্রে হাসপাতালে ভর্তি থেকে চিকিৎসার কভারের দিকে লক্ষ্য রেখেই এই পণ্যের পরিকল্পনা করা হয়েছে।

### **নিজেকে যাচাই 1**

যদিও বীমাকারী থেকে বীমাকারী হাসপাতালে ভর্তি থাকার সময় পূর্বের খরচের কভারের সময়ের পার্থক্য ঘটে এবং তা পলিসিতে নির্দিষ্টও করা থাকে, হাসপাতালে ভর্তি থাকার সময় পূর্বের মধ্যে সবচেয়ে প্রচলিত কভার হলো ———।

I. পনেরো দিন
II. তিরিশ দিন
III. চল্লিশ দিন
IV. ষাট দিন

## R. *স্বাস্থ্য বীমা পলিসির মূল ধারাগুলি*

### 1. নেটওয়ার্ক প্রদানকারী

নেটওয়ার্ক প্রদানকারী বীমাকারী/ টিপিএ-র অধীনে যুক্ত আছে এমন হাসপাতাল/ নার্সিং হোম/ ডে কেয়ার সেন্টারের খোঁজ দেয় যারা বীমাকৃত রোগীদের ক্যাশলেস চিকিৎসার সুবিধা দিতে পারে। বীমাকারী/টিপিএরা এমন প্রদানকারীদের কাছ থেকে চার্জ এবং ফি'র ক্ষেত্রে অনুকূল ছাড় পাওয়ার জন্য দরাদরি করে। এরা ভালো স্তরের পরিষেবা দেওয়ার ব্যপারেও নিশ্চয়তা দেয়। রোগীদের এমন কোনো বাধ্যবাধকতা থাকে না যে তাঁদের নেটওয়ার্ক প্রদানকারীদের মাধ্যমেই যেতে হবে, কিন্তু সেখানে সাধারণত তাঁদের অনেক বেশি ফি ধার্য করা হয়।

### 2. নেটওয়ার্কের পছন্দসই প্রদানকারী (পিপিএন)

গুণগত চিকিৎসা এবং সেটিও সবচেয়ে ভালো হারে পাওয়া সুনিশ্চিত করার জন্য পছন্দসই হাসপাতালের নেটওয়ার্ক প্রদানকারী গড়ে তোলার বাছাই করতে পারবেন বীমাকারী। যখন এই গোষ্ঠীটি বীমাকারীর অভিজ্ঞতা, ব্যবহার এবং পরিচর্যা দেওয়ার খরচের ভিত্তিতে অল্প কয়েকটি সংখ্যায় সীমাবদ্ধ থাকে, তখন আমরা জানতে পারি, কাকে নেটওয়ার্কের পছন্দসই প্রদানকারী বলা হয়।

### 3. ক্যাশলেস পরিষেবা

অভিজ্ঞতায় দেখা গেছে, ঋণের অন্যতম কারণ হলো অসুস্থতার চিকিৎসা করার জন্য ধার করা। একটি ক্যাশলেস পরিষেবা বীমাকৃতকে সেই সুবিধা দেয় যেখানে তিনি তাঁর কভারের সীমার মধ্যে থেকে চিকিৎসাটি পেতে পারেন কিন্তু তারজন্য তাঁকে হাসপাতালকে কোনো টকা দিতে হয় না। তাঁকে শুধুমাত্র নেটওয়ার্কের মধ্যে থাকা হাসপাতালে যেতে হয় এবং সেখানে গিয়ে তাঁকে বীমার প্রমাণ হিসেবে মেডিক্যাল কার্ডটি দেখাতে হয়। বীমাকারী স্বাস্থ্য পরিষেবাটির জন্য ক্যাশলেস সুবিধাটি পাওয়ার জন্য অনুমতি দেয় এবং অনুমতিযোগ্য পরিমাণের জন্য নেটওয়ার্ক প্রদানকারীকে সরাসরি টাকা দিয়ে দেন। যদিও, বীমাকৃতকে পলিসি সীমার বাইরের পরিমাণের জন্য এবং পলিসির শর্ত অনুযায়ী যে সব খরচ দেওয়ার যোগ্য নয় তারজন্য টাকা দিতে হবে।

### 4. তৃতীয় পক্ষ প্রশাসক বা থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর (টিপিএ)

স্বাস্থ্য বীমার ক্ষেত্রে একটি বড় ধরণের পরিবর্তন হলো থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর বা টিপিএ চালু করা। সারা বিশ্বে বিভিন্ন বীমাকারীরা স্বাস্থ্য বীমার ক্লেইম সামলানোর জন্য স্বাধীন সংগঠনের পরিষেবা ব্যবহার করে। এই এজেন্সিগুলিই টিপিএ হিসেবে পরিচিত।

ভারতে, একজন বীমাকারী স্বাস্থ্য পরিষেবা দেওয়ার জন্য টিপিএ-কে নিযুক্ত করে, অন্যান্য বিষয়ের মধ্যে যার অন্তর্ভুক্ত হলো :

i. পলিসিধারককে একটি আইডেন্টিটি কার্ড দেওয়া যেটি তাঁর বীমা পলিসির প্রমাণ হিসেবে কাজ করবে এবং হাসপাতালে ভর্তির সময় কাজে লাগবে
ii. নেটওয়ার্কভুক্ত হাসপাতালগুলিতে ক্যাশলেস পরিষেবা দেওয়া
iii. ক্লেইমের প্রক্রিয়াকরণ করা

টিপিএরা হলো স্বাধীন পরিচিতি যাদের বীমাকারীরা নিযুক্ত করে স্বাস্থ্য ক্লেইমগুলির প্রক্রিয়াকরণ এবং চূড়ান্ত করার জন্য। টিপিএদের স্বাস্থ্য পলিসিধারকদের পরিষেবা দেওয়া শুরু হয় হাসপাতালে ভর্তির জন্য ইউনিক পরিচিতি পত্র দেওয়া থেকে ক্যাশলেসের ভিত্তিতে অথবা পরিশোধের ভিত্তিতে ক্লেইমগুলির মীমাংসা না হওয়া পর্যন্ত।

থার্ড পার্টি অ্যাডিমিনিস্ট্রটর চালু করা হয় ২০০১সাল থেকে। তাঁরা আইআরডিএআই থেকে লাইসেন্সপ্রাপ্ত এবং নিয়ন্ত্রিত এবং তাঁদের স্বাস্থ্য পরিষেবা দেওয়া বাধ্যতামূলক। টিপিএ হিসেবে যোগ্যতা অর্জন করার জন্য ন্যূনতম যে মূলধন এবং অন্যান্য যে বিভিন্ন শর্তের প্রয়োজন হয় তা আইআরডিএআই–তে নির্দেশিত আছে।

সেইকারণে এখন স্বাস্থ্যের ক্লেইমগুলির পরিষেবা বীমাকারীরা, সংগৃহীত প্রিমিয়ামের পাঁচ–ছয় শতাংশ পারিশ্রমিকে, টিপিএগুলির কাছে আউটসোর্স করে দিয়েছে।

থার্ড পার্টি অ্যাডিমিনিস্ট্রটররা হাসপাতালগুলিঅথবা স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীদের সঙ্গে একটি MOU স্বাক্ষর করে এবং এই নেটওয়ার্ক হাসপাতালে যাঁরা চিকিৎসা গ্রহণ করবেন তাঁদের যেন ক্যাশলেস পরিষেবা দেওয়া হয় তা সুনিশ্চিত করে। এঁরা হলেন বীমাকারী(রা) এবং বীমাকৃত(দের) মধ্যে মধ্যস্থতাকারী, যাঁরা হাসপাতালের সঙ্গে কো–অর্ডিনেট করে এবং স্বাস্থ্য ক্লেইমগুলি চূড়ান্ত করে।

5. **হাসপাতাল**

একটি হাসপাতাল হলো যেকোনো প্রতিষ্ঠান যেখানে অসুস্থতা এবং/অথবা আঘাতের জন্য আন্তর্বিভাগীয় রোগীর পরিচর্যা এবং ডে কেয়ারের জন্য প্রতিষ্ঠা করা হয়েছে। যেখানে প্রযোজ্য, স্থানীয় কর্তৃপক্ষের কাছে হাসপাতাল হিসেবে নথিভুক্ত করা আছে এবং নথিভুক্ত ও স্বীকৃত ম্যাডিক্যাল প্র্যাক্টিশনারদের তত্ত্বাবধানে পরিচালিত হয় এবং অবশ্যই নিম্নলিখিত ন্যূনতম বিচার্য বিষয়গুলিকে পূরণ করে:

a) ১০,০০,০০০ জনসংখ্যার কম আছে এমন শহরগুলির ক্ষেত্রে অন্তত ১০টি আন্তর্বিভাগীয় রোগীর জন্য শয্যা থাকতে হবে এবং অন্যান্য জায়গাগুলির জন্য অন্তত ১৫শয্যা থাকতে হবে ;
b) সারা দিন রাত্রির জন্য স্বীকৃত নার্সিং কর্মী তার অধীনে কর্মচারী হিসেবে থাকতে হবে ;
c) সারা দিনরাত্রির জন্য স্বীকৃত মেডিক্যাল প্র্যাক্টিশনার(রা) থাকবেন :
d) তাদের নিজস্ব একটি সম্পূর্ণ সজ্জিত অপারেশন থিয়েটার থাকতে হবে যেখানে অস্ত্রোপচারের প্রক্রিয়া সম্পূর্ণ করা যাবে;
e) রোগীর দৈনিক রেকর্ড রক্ষা করা এবং সেগুলি বীমা কোম্পানির অনুমোদিত ব্যক্তির কাছে সহজপ্রাপ্য রাখতে হবে।

6. **মেডিক্যাল প্র্যাক্টিশনার**

একজন মেডিক্যাল প্র্যাক্টিশনার হলেন এমন একজন ব্যক্তি যিনি ভারতের যে কোনো রাজ্যের মেডিক্যাল কাউন্সিল থেকে বৈধ রেজিস্ট্রিশনের অধিকারী এবং তারফলে তার আইনী সীমানার মধ্যে মেডিসিন অনুশীলন করার যোগ্য; এবং তাঁর লাইসেন্সের সুযোগ এবং আইনী সীমার মধ্যে থেকেই

কাজ করেন। বীমা কোম্পানিগুলি যদিও অবাধেই এমন বিধিনিষেধ রাখতে পারেন যে রেজিস্টার্ড প্র্যাক্টিশনার বা তাঁর নিকট কোনো পরিবার সদস্যের বীমাকৃত হওয়া উচিত নয়।

### 7. **স্বীকৃত নার্স**

স্বীকৃত নার্স মানে এমন একজন ব্যক্তি যাঁর কাছে ভারতের নার্সিং কাউন্সিল অথবা ভারতের যে কোনো রাজ্যের নার্সিং কাউন্সিলের বৈধ রেজিস্ট্রেশন আছে।

### ৪. **যুক্তিগ্রাহ্য এবং প্রয়োজনীয় খরচ**

একটি স্বাস্থ্য বীমা পলিসিতে সবসময় এই ধারাটি থাকে। কারণ যেহেতু নির্দিষ্ট একটি চিকিৎসার জন্য এবং একটি নির্দিষ্ট ভৌগোলিক এলাকায় সেই চিকিৎসার জন্য যুক্তিগ্রাহ্য যে খরচ হবে সেই খরচের ক্ষতিপূরণ দেওয়া হবে।

একটি সাধারণ সংজ্ঞা হলো ঐ পরিস্থিতিটির চিকিৎসার জন্য যে খরচ করা হয়েছে সেটি চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় ছিল। সেই খরচ অবশ্যই একইরকম চিকিৎসার জন্য যে এলাকায় ঐ চিকিৎসা হয়েছে তার প্রচলিত স্তরের থেকে বেশি হবে না। ঐ চিকিৎসার জন্য এমন কোনো খরচ অন্তর্ভুক্ত করা হবে না যা কোনো বীমা না থাকলে করা হোতো না।

আইআরডিএ পরিষেবা বা সরবরাহের চার্জ হিসেবে যুক্তিগ্রাহ্য চার্জ নির্ধারিত করেছে, যেগুলি নির্দিষ্ট পরিষেবাদাতার জন্য স্ট্যান্ডার্ড চার্জ এবং রোগ/আঘাতের প্রকৃতি বিচার করে একই ধরনের পরিষেবার জন্য ভৌগোলিক এলাকা অনুযায়ী সঙ্গতিপূর্ণ হয়।

প্রদানকারীর বিল বাড়িয়ে দেওয়া থেকে বীমাকারীকে সুরক্ষা দেওয়ার জন্য এই ধারাটি রাখা হয়েছে। যে অসুস্থতার অনেক কম খরচে চিকিৎসা করা যায়, এমন সাধারণ অসুস্থতার জন্য বীমাকারীকে বেশি খরচের হাসপাতালে যাওয়া থেকেও প্রতিরোধ করে।

### 9. **ক্লেইমের নোটিস দেওয়া**

প্রতিটি বীমা পলিসি ক্লেইমের জন্য অবিলম্বে জানাতে এবং সমস্ত তথ্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে জমা দেওয়ার জন্য সময় দেয়। স্বাস্থ্য বীমা পলিসিতে, যেখানেই ক্রেতা ক্যাশলেসের সুবিধা পেতে চাইবেন, হাসপাতালে ভর্তি হওয়ার যথেষ্ট আগেই তা জানানো হয়। যদিও, পরিশোধের ক্লেইমগুলোর ঘটনায়, বীমাকৃত অনেকসময় বীমাকারীকে ক্লেইম সম্পর্কে জানানোর প্রয়োজন মনে করেন না, এবং বহু দিন/মাস চলে যাওয়ার পর তথ্যগুলি জমা দেন। বিল জমা দেওয়ার ক্ষেত্রে দেরি হলে তা বিলটি বাড়িয়ে দিতে পারে, বীমাকৃত/ হাসপাতাল জালিয়াতি করতে পারে ইত্যাদি। এরফলে বীমা কোম্পানির ক্লেইমের জন্য যথাযথ ব্যবস্থা করা প্রভাবিত হয়। সেইকারণে বীমা কোম্পানিগুলি ক্লেইমের জন্য অবিলম্বে জানানোর উপর জোর দেয়। ক্লেইমের জন্য তথ্য জমা দেওয়ার দিনের সময়সীমা সাধারণত ছাড়া পাওয়ার দিন থেকে ১৫দিনে স্থির করা আছে। এটি ক্লেইমের দ্রুত এবং সঠিক রিপোর্ট করাকে সম্ভব করে, এবং একইসঙ্গে এটি বীমাকারীকে যেখানে প্রয়োজন তদন্ত করে দেখার ক্ষেত্রেও সহায়তা করে।

আইআরডিএ নির্দেশিকায় নির্দিষ্ট করা আছে যে নির্ধারিত সময়ের পরে ক্লেইম সম্পর্কে জানানো/কাগজপত্র জমা দেওয়ার বিষয়টি অবশ্যই বিবেচনা করতে হবে যদি তারজন্য কোনো যুক্তিগ্রাহ্য কারণ থাকে।

### 10. **ফ্রি-তে স্বাস্থ্য পরীক্ষা**

একটি ব্যক্তিগত স্বাস্থ্য পলিসিতে, একজন ক্লেইম মুক্ত পলিসিধারককে ছাড়ের আকারে এই সাধারণত এই ব্যবস্থাটির সুবিধা দেওয়া হয়। পলিসি চলাকালীন সময়ে পর পর চার বছর তা যদি ক্লেইম-বিহীন থাকে, তাহলে তার শেষে, স্বাস্থ্য পরীক্ষার খরচটি বহু পলিসিতে পরিশোধ করে দেওয়া হয়। এটি সাধারণত চলতি তৃতীয় বর্ষে বীমাকৃত রাশির ১%গড় হারে নির্দিষ্ট করা আছে।

11. **ক্রমবর্ধিত বোনাস**

একজন ক্লেইম-বিহীন পলিসিধারককে উৎসাহিত করার আরো একটি উপায় হলো প্রত্যেকটি ক্লেইম-বিহীন বছরের জন্য একটি ক্রমবর্ধিত বোনাস দেওয়া। এর অর্থ হলো, পুনর্নবীকরণের সময় একটি নির্দিষ্ট শতাংশে বীমাকৃত রাশিটি বেড়ানো হবে, ধরা যাক বার্ষিক ৫% হারে এবং তাকে ৫০% পর্যন্ত বাড়ানো যেতে পারে যদি টানা দশ বছর ক্লেইম-বিহীন পুনর্নবীকরণ করা হয়।

আইআরডিএআই নির্দেশিকা অনুযায়ী, স্বাস্থ্য বীমা পলিসির ভিত্তিতে শুধুমাত্র ক্ষতিপূরণের উপর পুঞ্জীভুত বোনাস দেওয়া হতে পারে এবং বেনিফিট পলিসির জন্য নয় (ব্যক্তিগত দুর্ঘটনার পলিসি ছাড়া)। পুঞ্জীভুত বোনাসের অপারেশন স্পষ্টভাবে প্রস্পেক্টাস ও পলিসি নথিতে উল্লেখ থাকা উচিত। তারউপর কোনো একটি নির্দিষ্ট বছরে যদি একটা ক্লেইম করা হয়, জমা পুঞ্জীভুত বোনাস সেই হারেই কমবে যে হারে তা জমা হয়েছে।

**উদাহরণ**

একজন ব্যক্তি ৫,০০০টাকার প্রিমিয়াম দিয়ে ৩লক্ষ টাকার একটি পলিসি নিয়েছেন। দ্বিতীয় বছরে, যদি প্রথম বছরে কোনো ক্লেইম না ঘটে থাকে, তাহলে তিনি সেই একই প্রিমিয়াম দিয়েও ৩.১৫লক্ষ টাকা (আগের বছরের তুলনায় ৫% বেশি) বীমাকৃত রাশি হিসেবে পাচ্ছেন। দশ বছরের বেশি যদি ক্লেইম-বিহীন পুনর্নবীকরণ করা হয় তাহলে সেই পরিমাণ গিয়ে দাঁড়াতে পারে ৪.৫লক্ষ টাকায়।

---

12. **ম্যালাস/বোনাস**

স্বাস্থ্য পলিসিটিকে ক্লেইম-বিহীন রাখার জন্য যেমন উৎসাহভাতার ব্যবস্থা আছে, তার বিপরীতটিকে ঠিক বলা হয় ম্যালাস। এখানে, যদি একটি পলিসির অধীনে ক্লেইমগুলি খুব বেশি থাকে, তবে পুনর্নবীকরণের সময় ম্যালাস বা বোঝা প্রিমিয়াম সংগ্রহের সময় চাপানো হয়।

স্বাস্থ্য পলিসি একটি সামাজিক সুবিধার পলিসি এই দৃষ্টিভঙ্গি থেকে, এতোদিন পর্যন্ত ব্যক্তিগত স্বাস্থ্য পলিসিগুলিতে এই ম্যালাস চাপানো হয়নি।

যদিও, গ্রুপ পলিসির ক্ষেত্রে, ম্যালাস চার্জ করা হয়। ক্লেইমের অনুপাত যুক্তিগ্রাহ্য সীমার মধ্যে রাখার জন্য সার্বিক প্রিমিয়ামের উপর উপযুক্তভাবে বোঝা চাপানো হয়। আবার অন্যদিকে অভিজ্ঞতা যদি ভালো হয় তাহলে প্রমিয়াম হারের উপর ছাড়ের অনুমতি দেওয়া হয় যাকে বলা হয় বোনাস।

13. **ক্লেইম না করার ছাড়**

কিছু পণ্য আছে যারা বীমাকৃত রাশির উপর বোনাস দেওয়ার পরিবর্তে ক্লেইম বিহীন প্রতি বছরের জন্য প্রিমিয়ামের উপর ছাড় দেয়।

14. **কো-পেমেন্ট/কো-শেয়ারিং**

কো-পেমেন্ট হলো একটি ধারণা যেখানে একটি স্বাস্থ্য পলিসির অধীনে প্রত্যেকটি ক্লেইমের জন্য বীমাকৃত একটি অংশ বহন করবেন। এটি পণ্যটির উপর নির্ভর করে বাধ্যতামূলক বা স্বেচ্ছামূলক হতে পারে। কো-পেমেন্ট বীমাকৃতের মধ্যে নির্দিষ্ট একটি নিয়মানুবর্তীতা নিয়ে আসে যাতে অপ্রয়োজনীয় হাসপাতালে ভর্তি এড়ানো যায়।

কো-শেয়ারিং যাকে অতিরিক্ত বলা হয় এমন একটি স্থায়ী রাশি হতে পারে, অথবা অনুমোদনযোগ্য ক্লেইম পরিমাণের একটি শতাংশও হতে পারে। বাজারে কিছু পণ্য আছে যেখানে কিছু ধরণের অসুখের জন্যই শুধু কো-পেমেন্ট একটি ধারা হিসেবে রয়েছে। যেমন বড় কোনো অস্ত্রোপচার, অথবা সাধারণভাবে ঘটা কোনো অস্ত্রোপচার, অথবা নির্দিষ্ট একটি বয়স হয়ে যাওয়া ব্যক্তিদের ক্ষেত্রে।

## 15. **ডিডাক্টিবল/অতিরিক্ত**

স্বাস্থ্য পলিসিতে একে অতিরিক্ত-ও বলা হয়ে থাকে, এটা হলো স্থায়ী পরিমাণ একটা অর্থ যা বীমাকারীর ক্লেইম দেওয়ার আগে প্রারম্ভিকভাবে বীমাকৃতকে প্রদান করতে হয়, যেমন, একটা পলিসিতে যদি ডিডাক্টিবল বা বিয়োজ্য হয় 10,000টাকা হয়, বীমাকৃতকে প্রত্যেকটি বীমাকৃত লোকসানের জন্য 10,000টাকা জমা দিতে হয়। বর্ণনা করার জন্য, ক্লেইম যদি 80,000টাকার হয়, বীমাকৃতকে প্রথমে 10,000টাকা বহন করতে হবে এবং বীমকারী 70,000টাকা দেবেন।

হসপিটাল ক্যাশ পলিসির ক্ষেত্রে ডিডাক্টিবল বা বিয়োজ্য একটা নির্ধারিত সংখ্যক দিন/ঘন্টাও হতে পারে যা বীমাকারীর প্রদেয় যে কোনো সুবিধার আগে প্রযোজ্য হবে।

## 16. **ঘর ভাড়ার নিয়ন্ত্রণ**

বেশ কিছু পণ্য ওপেন এন্ডেড হয় যেখানে ক্লেইমের সময় বীমাকৃত রাশিই হলো সর্বোচ্চ পরিমাণ টাকা যা দেওয়া হয়। এখন বেশ কিছু পণ্য আছে যেখানে বীমাকৃতের ঘরের শ্রেণী বাছাইটিকে বীমাকৃত রাশির সঙ্গে সম্পর্কযুক্ত করে সীমাবদ্ধ করে দেওয়া হয়েছে। অভিজ্ঞতায় দেখা গেছে, হাসপাতালে ভর্তি থাকার সময়ের সব খরচ ঘরের ভাড়া অনুসারে হয়, বেশি ভাড়ার ঘরে থাকলে খরচের সব তালিকার অধীনে খরচও সেই অনুপাতে বেড়ে যায়। যদি পলিসিটিতে ঘর ভাড়ার সীমাবদ্ধতা প্রতিদিন বীমাকৃত রাশির ১% করে থাকে, তাহলে যদি কোনো ব্যক্তির বীমাকৃত রাশির পরিমাণ ১লক্ষ টাকা হয়, তবে তিনি প্রতিদিনের ঘর ভাড়ার জন্য ১০০০টাকা পাবেন। এর থেকে একটি ইঙ্গিত স্পষ্ট যে যদি কোনো ব্যক্তি বেশ দামি হাসপাতালে বিলাসবহুল চিকিৎসা পেতে চান, তবে তাঁকে যথাযথ প্রিমিয়ামে বেশি পরিমাণের বীমাকৃত রাশি কিনতে হবে।

## 17. **পুনর্নবীকরণযোগ্যতার ধারা**

স্বাস্থ্য বীমা সংক্রান্ত আইআরডিএ-র নির্দেশিকায় স্বাস্থ্য বীমাকে আজীবনের জন্য পুনর্নবীকরণযোগ্য হিসেবে বাধ্যতামূলক করে দিয়েছে। একটি বীমা কোম্পানি পুনর্নবী করতে একমাত্র তখনই অস্বীকার করতে পারে যদি দেখা যায় যে বীমাকৃত ব্যক্তি (বা তাঁর পক্ষ নিয়ে কেউ) হয় বীমাটি করানোর জন্য বা পরবর্তীকালে তাঁর সঙ্গে সম্পর্কিত কোনো জালিয়াতি, মিথ্যা বর্ণনা অথবা চেপে যাওয়ার মতো ভিত্তি পাওয়া যায়।

## 18. **খারিজের ধারা**

নিয়ন্ত্রণ বিধানকারীরা খারিজের ধারাটিকেও মাপকাঠিকৃত করে দিয়েছে এবং একটি বীমা কোম্পানি যেকোনো সময়ে পলিসিটি খারিজ করে দিতে পারে যদি দেখা যায় যে বীমাকৃত মিথ্যা বর্ণনা, জালিয়াতি, প্রকৃত ঘটনা না প্রকাশ করা অথবা অসহযোগিতার মতো কাজ করছেন।

অন্তত পনেরো দিনের লিখিত নোটিস রেজিস্টার্ড এ/ডি করে বীমাকৃতের শেষ যে ঠিকানা জানিয়েছেন সেখানে পাঠানো প্রয়োজন। যখন বীমাকারী পলিসিটি খারিজ করেন, তখন বীমার অনুত্তীর্ণ মেয়াদকালের সঙ্গে সংশ্লিষ্ট শেষ প্রিমিয়ামের একটি অনুপাত বীমাকৃতকে ফিরিয়ে দিতে হবে। অবশ্য যদি কোনো ক্লেইম পলিসিটির অধীনে না করা হয়ে থাকে।

যদি বীমাকৃত বীমাটি খারিজ করেন, তাহলে রিফান্ডটি কম সময়ের হারে হবে। এর অর্থ হলো, বীমাকৃত প্রিমিয়ামের রিফান্ড পাবেন তবে সেটি প্রো-রাটা বা অনুপাতিক হারের তুলনায় কম শতাংশের হারে। যদি কোনো ক্লেইম করা হয়ে থাকে তবে কোনো রিফান্ডও হবে না।

## 19. ফ্রি লুক ইন সময়

জদি একজন ক্রেতা একটি নতুন বীমা পলিসি কেনেন এবং তারপর পলিসির ডকুমেন্টগুলি পাওয়ার পর দেখেন যে শর্ত এবং শর্তাবলীগুলি যা তিনি চাইছেন তেমন নয়, তখন তাঁর বিকল্প কী?

আইআরএডিএআই এমন ধরণের সমস্যার দিকে নজর রেখে তার আইনে এরজন্য ক্রেতা-বন্ধুত্বমূলক ব্যবস্তা রেখেছে। ক্রেতা এটি ফিরিয়ে দিয়ে পারেন এবং রিফান্ডও পেতে পারেন তবে সেটি হবে নিম্নলিখিত শর্তাবলীগুলির বিষয়াধীন:

1. এটা কেবলমাত্র জীবন বীমা পলিসি এবং অন্তত এক বছরের মেয়াদের স্বাস্থ্য বীমা পলিসির ক্ষেত্রেই প্রযোজ্য হয়।
2. পলিসির ডকুমেন্ট পাওয়ার ১৫দিনের মধ্যে ক্রেতাকে এই অধিকার প্রয়োগ করতে হবে
3. সে কথা তাঁকে অবশ্যই বীমাকারীকে লিখিতভাবে জানাতে হবে
4. পলিসিতে কোনো ক্লেইম করা না হলেই কেবলমাত্র প্রিমিয়াম ফেরত হবে এবং সেইমতো অ্যাডজাস্ট করা হবে।
    a) যে সময়টির জন্য কভার থাকছে তখন আনুপাতিক হারে ঝুঁকির প্রিমিয়াম
    b) চিকিৎসাগত পরীক্ষার জন্য বীমাকারীর যে খরচ হয়েছে এবং
    c) স্ট্যাম্প ডিউটির চার্জ

## 20. পুনর্নবীর জন্য অন্তর্বর্তী সময়কাল

স্বাস্থ্য বীমা পলিসির একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো বীমার ধারাবাহিকতা বজায় রাখা। একটি পলিসির অধীনে সুবিধাগুলি তখনই বজায় থাকে যদি সেই পলিসি কোনোরকম বিরতি ছাড়াই পুনর্নবী করা হয়ে থাকে, সময়মতো পুনর্নবী করা হলো খুবই গুরুত্বপূর্ণ।

আইআরডিএআই-এর নির্দেশিকা অনুযায়ী, ব্যক্তিগত স্বাস্থ্য পলিসির পুনর্নবীকরণের জন্য একটি ৩০দিনের অন্তর্বর্তী সময়পর্ব দেওয়া হয়ে থাকে।

আগের বীমাটির মেয়াদ শেষ হয়ে যাওয়ার ৩০দিনের মধ্যে যদি পুনর্নবী করা হয়ে থাকে তাহলে ধারাবাহিকতা বজায় রাখার জন্য সব সুবিধা পাওয়া যাবে। বিরতির সময়ে যদি কোনো ক্লেইম করা হয়, তবে তা গণ্য করা হবে না।

পুনর্নবীকরণ করার জন্য বীমাকারী দীর্ঘতর অন্তর্বর্তী সময়পর্বের অনুমোদন দেওয়ার বিষয়টি বিবেচনা করতে পারে, সেটি অবশ্য স্বতন্ত্র্য পণ্যের উপর নির্ভরশীল।

উপরিল্লিখিত অধিকাংশ মূল ধারা, সংজ্ঞা, বাদ দেওয়া আইআরডিএ-এর জারি করা নির্দেশিকা অনুযায়ী স্বাস্থ্য নিয়ন্ত্রণ এবং স্বাস্থ্য বীমা মান নির্ধারণকারীর অধীনে মান নির্দারিত করা। ছাত্রদের পরামর্শ দেওয়া হচ্ছে একই বিষয়ের মধ্যে দিয়ে আবার যাওয়ার জন্য এবং সময়ে সময়ে আইআরডিএ যে নির্দেশিকা এবং সার্কুলার দেয় সেসম্পর্কে তাঁদের নিজেদেরকেও আপডেট রাখতে।

**নিজেকে যাচাই 2**

আইআরডিএ নির্দেশিকা অনুযায়ী, ব্যক্তিগত স্বাস্থ্য পলিসি পুনর্নবীকরণ করার জন্য ———— একটি অন্তর্বর্তী সময়কাল পাওয়া যায়।

I. পনেরো দিন
II. তিরিশ দিন
III. পঁয়তাল্লিশ দিন
IV. ষাট দিন

## সারাংশ

a) অপ্রত্যাশিত দুর্ঘটনা/ অসুস্থতা যার জন্য হাসপাতালে ভর্তি থাকতে হতে পারে এমন ঘটনার ক্ষেত্রে একটি স্বাস্থ্য বীমা পলিসি একজন বীমাকৃত ব্যক্তিকে আর্থিক সুরক্ষা দেয়।

b) কতোজন মানুষ পলিসির অধীনে কভার পাচ্ছেন তার ভিত্তিতে স্বাস্থ্য বীমা পণ্যের শ্রেণীকরণ করা হয়: ব্যক্তিগত পলিসি, ফ্যামিলি ফ্লোটার পলিসি, গ্রুপ পলিসি।

c) একটি হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচের পলিসি অথবা মেডিক্লেইম, অসুস্থতা/দুর্ঘটনার ক্ষেত্রে হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচটি পরিশোধ করে।

d) হাসপাতালে ভর্তি হওয়ার সময়ের আগে যতোদিন পর্যন্ত নির্দিষ্ট করা আছে (সাধারণত ৩০দিন) সেই সময়ের মধ্যে যে প্রাসঙ্গিক চিকিৎসাগত খরচ হয়েছে সেটিই হলো হাসপাতালে ভর্তি থাকার সময় পূর্ব খরচ, এবং যাকে ক্লেইমের অংশ হিসেবে বিবেচনা করা হবে।

e) হাসপাতালে ভর্তি হওয়ার সময়ের পরবর্তী যতোদিন পর্যন্ত নির্দিষ্ট করা আছে (সাধারণত ৬০দিন) সেই সময়ের মধ্যে যে প্রাসঙ্গিক চিকিৎসাগত খরচ হয়েছে, এবং যাকে ক্লেইমের অংশ হিসেবে বিবেচনা করা হবে, সেটিই হলো হাসপাতালে ভর্তি থাকার সময় পরবর্তী খরচ।

f) একটি ফ্যামিলি ফ্লোটার পলিসিতে, পরিবার যার মধ্যে স্ত্রী, নির্ভরশীল সন্তান এবং নির্ভরশীল মা-বাবা আছেন, তাঁদের একটি একক বীমাকৃত রাশির প্রস্তাব দেওয়া হয় যেটি গোটা পরিবারটির মধ্যে ফ্লোট করে।

g) হাসপাতালের দৈনন্দিন নগদ পলিসি হাসপাতালে ভর্তি থাকার সময়ের দৈনন্দিন খরচের জন্য বীমাকৃত ব্যক্তিকে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা দেয়।

h) নির্দিষ্ট কিছু উল্লিখিত জটিল অসুখ ধরা পড়লে একটি বিরাট পরিমাণ টাকা দেওয়ার ব্যবস্থা আছে যে পলিসিতে তাকে জটিল অসুখ পলিসি বলে।

i) একটি নির্দিষ্ট মনোনীত পরিমাণ (যাকে সীমা অথবা ডিডাক্টিবল বলা হয়)-এর অধিকন্তু একটি উচ্চতর বীমাকৃত রাশির জন্য উচ্চ ডিডাক্টিবল অথবা টপ-আপ কভার কভারের প্রস্তাব দেয়।

j) একটি নির্দিষ্ট সুবিধার কভার বীমাকৃতকে পর্যাপ্ত সুবিধা দেয় এবং বীমাকারীকে তাঁর পলিসিটির কার্যকরীভাবে মূল্য নির্ধারণ করতে সাহায্য করে

k) একটি ব্যক্তিগত দুর্ঘটনা (পিএ) কভার অপ্রত্যাশিত দুর্ঘটনার জন্য মৃত্যু এবং বিকলাঙ্গতার ক্ষেত্রে ক্ষতিপুরণের সুবিধা দিয়ে থাকে।

l) বহির্বিভাগের রোগীদের কভার যেমন দাঁতের চিকিৎসা, দৃষ্টির যন্ত্রের খরচ, রুটিন চিকিৎসাগত পরীক্ষা এবং পরীক্ষা ইত্যাদির জন্য, যেখানে হাসপাতালে ভর্তি থাকার প্রয়োজন নেই সেরকম চিকিৎসাগত খরচ দেওয়া হয়।

m) একটি গ্রুপ পলিসি একজন গোষ্ঠীর মালিক যিনি একজন নিয়োগকর্তা হতে পারেন, একটি সংগঠন, ব্যাঙ্কের ক্রেডিট কার্ড ডিভিশনও নিতে পারে, যেখানে একটি একক পলিসি ব্যক্তিদের একটি সম্পূর্ণ কভার দিতে পারে।

n) পরিবারের জন্য বীমাকৃত রাশির অধিকন্তু খরচ হয়ে গেলে কর্পোরেট ফ্লোটার অথবা বাফার কভারের পরিমাণ সেই অধিক খরচ মেটাতে সাহায্য করে।

o) ওভারসিজ মেডিক্লেইম /ভ্রমণ পলিসি একজন ব্যক্তিকে কভার দেয় যখন তিনি বিদেশে থাকাকালীন সময়ে দুর্ঘটনা, আঘাত এবং অসুস্থতার ঝুঁকির ক্ষেত্রে উন্মুক্ত থাকেন।

p) কর্পোরেট ঘন ঘন ভ্রমণ পরিকল্পনা হলো একটি বার্ষিক পলিসি যেখানে কর্পোরেটরা তাঁদের এক্জিকিউটিভ যাঁরা ঘন ঘন ভারতের বাইরে যান তাঁদের জন্য ব্যক্তিগত পলিসি গ্রহণ করেন।

q) বিভ্রান্তি এড়াতে বিশেষত বীমাকৃতদের জন্য স্বাস্থ্য বীমায় অনেক শর্ত ব্যবহার করা হয় আইন করে যার মান নির্ধারণ করে দিয়েছে আইআরডিএ।

**নিজেকে পরীক্ষার উত্তর**

**উত্তর 1**

সঠিক উত্তরটি হলো II.

হাসপাতালে ভর্তি থাকার সময় পূর্ব খরচের কভারের সময়পর্বটি যদিও বীমাকারী থেকে বীমাকারীর মধ্যে তারতম্য থাকে এবং সেটি পলিসিতে নির্দিষ্ট করা থাকে, সবচেয়ে প্রচলিত কভার হলো হাসপাতালে ভর্তি থাকার সময় পূর্ব তিরিশ দিন।

**উত্তর 2**

সঠিক বাছাইটি হলো I.

আইআরডিএ-এর নির্দেশিকা অনুযায়ী, ব্যক্তিগত স্বাস্থ্য পলিসির পুনর্নবীকরণের জন্য একটি ৩০দিনের অন্তর্বর্তীকালীন সময়ের অনুমতি পাওয়া যায়।

---

## নিজেকে যাচাইয়ের প্রশ্নাবলী

**প্রশ্ন 1**

হাসপাতালে ভর্তি থাকার খরচের পলিসির প্রেক্ষিতে নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক?

I. শুধুমাত্র হাসপাতালে ভর্তি থাকার সময়টিই কভার করা হয়

II. হাসপাতালে ভর্তি থাকা একইসঙ্গে হাসপাতালে ভর্তি থাকার পূর্ব এবং পরবর্তী খরচও কভার করা হয়

III. হাসপাতালে ভর্তি থাকা একইসঙ্গে হাসপাতালে ভর্তি থাকার পূর্ব এবং পরবর্তী খরচ কভার করা এবং একটি বিরাট পরিমাণ টাকা বীমাকৃতের মৃত্যুর গটনার ক্ষেত্রে পরিবারের সদস্যদের দেওয়া হয়ে থাকে

IV. প্রথম বছর থেকেই হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচ কভার করা হয় এবং যদি প্রথম বছর কোনো ক্লেইম না করা হয় তবে হাসপাতালে ভর্তি থাকার সময়ের পূর্ব এবং প্রাক সময়ের খরচেরও কভার দেওয়া হয়ে থাকে

**প্রশ্ন 2**

নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক তা চিহ্নিত করুন?

I. স্বাস্থ্য বীমা রোগ বিষয়টি সামলায়

II. স্বাস্থ্য বীমা মৃত্যু হারের বিষয়টি সামলায়

III. স্বাস্থ্য বীমা রোগ এবং একইসঙ্গে মৃত্যু হারও সামলায়

IV. স্বাস্থ্য বীমা রোগ এবং মৃত্যু হার কোনোটিই সামলায় না

**প্রশ্ন 3**

স্বাস্থ্য বীমায় যে ক্যাশলেস পরিষেবা দেওয়া হয় তার প্রেক্ষিতে নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক?

I. বীমা কোম্পানিগুলির শুরু করা এটি একটি পরিবেশ বান্ধব গো-গ্রিন উদ্যোগ। এটি শুরু করা হয়েছে বৈদ্যুতিন পেমেন্টকে উৎসাহ দিতে যাতে বাস্তিবিক টাকার নোটের প্রচলন কম করা যায় এবং গাছ বাঁচানো যায়।

II. বীমাকৃতকে কোনোরকম খরচ ছাড়াই বিনে পয়সায় পরিষেবা দেওয়া হয় এবং এরজন্য কোনো টাকা দিতে হয় না কারণ যেহেতু একটি বিশেষ প্রকল্পের অধীনে সরকার বীমা কোম্পানিকে এই টাকা দিয়ে দেয়।

III. যাবতীয় পেমেন্ট যা বীমাকৃত করবেন তা শুধুমাত্র ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমেই অথবা কার্ডের মাধ্যমেই করতে হবে কারণ যেহেতু বীমা কোম্পানি টাকা গ্রহণ করবে না

IV. বীমাকৃত টাকা দেন না এবং বীমা কোম্পানি সরাসরি হাসপাতালের সঙ্গে বিলের মীমাংসা করে

**প্রশ্ন 4**

স্বাস্থ্য বীমায় হাসপাতালের প্রেক্ষিতে পিপিএন-এর সম্পূর্ণ আকারটি সঠিকভাবে চিহ্নিত করুন।

I. পাবলিক প্রেফার্ড নেওয়ার্ক

II. প্রেফার্ড প্রোভাইডার নেটওয়ার্ক

III. পাবলিক প্রাইভেট নেটওয়ার্ক

IV. প্রোভাইডার প্রেফারেন্সিয়াল নেটওয়ার্ক

**প্রশ্ন 5**

নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক নয় তা চিহ্নিত করুন?

I. একজন নিয়োগকর্তা তাঁর কর্মচারীদের জন্য গ্রুপ পলিসি করাতে পারেন

II. একটি ব্যাঙ্ক তাঁর ক্রেতাদের জন্য গ্রুপ পলিসি নিতে পারে

III. একজন দোকানদার তাঁর ক্রেতাদের জন্য গ্রুপ পলিসি নিতে পারেন

IV. কর্মচারীদের জন্য একজন নিয়োগকর্তার নেওয়া গ্রুপ পলিসিটিতে কর্মচারীদের পরিবারকেও অন্তর্ভুক্ত করার জন্য প্রসারিত করা যেতে পারে।

---

## নিজেকে পরীক্ষার প্রশ্নের উত্তর

**উত্তর 1**

সঠিক বাছাইটি হলো II।

হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচের একটি পলিসিতে, হাসপাতালে ভর্তি থাকার সময় একইসঙ্গে হাসপাতালে ভর্তি থাকার সময়ের পূর্ব এবং পরবর্তী খরচও কভার করে।

**উত্তর 2**

সঠিক বাছাইটি হলো I।

স্বাস্থ্য বীমা রোগের (অসুখের হওয়ার হার) বিষয়টি সামলায়।

**উত্তর 3**

সঠিক বাছাইটি হলো IV।

ক্যাশলেস পরিষেবার অধীনে, বীমাকৃত টাকা দেন না এবং বীমা কোম্পানি সরাসরি হাসপাতালের সঙ্গে বিলের মীমাংসা করেন।

**উত্তর 4**

সঠিক বাছাইটি হলো II।

পিপিএন-এর অর্থ হলো প্রেফার্ড প্রোভাইডার নেটওয়ার্ক বা নেটওয়ার্কের পছন্দসই প্রদানকারী।

**উত্তর 5**

সঠিক বাছাইটি হলো III।

I, II, **এবং** IV নম্বর বিবৃতিটি হলো সঠিক। **III** নম্বর বিবৃতিটি ভুল কারণ একজন দোকানদার তাঁর ক্রেতাদের জন্য গ্রুপ পলিসি নিতে পারেন না।

# অধ্যায় 20

# স্বাস্থ্য বীমা আন্ডাররাইটিং

**অধ্যায়ের ভূমিকা**

এই অধ্যায়ের উদ্দেশ্য হলো স্বাস্থ্য বীমায় আন্ডাররাইটিং সম্পর্কে আপনাকে বিস্তারিত জ্ঞান দেওয়া। যে কোনো ধরনের বীমার ক্ষেত্রেই আন্ডাররাইটিং একটি গুরুত্বপূর্ণ দিক এবং একটা বীমা পলিসি ইস্যু করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই অধ্যায়ে, আপনি আন্ডাররাইটিংয়ের মূল নীতি, সরঞ্জাম ও এর প্রক্রিয়া সম্পর্কে একটা আন্দাজ পাবেন। এখানে আপনাকে গ্রুপ স্বাস্থ্য বীমার আন্ডাররাইটিং সম্পর্কেও তথ্য জানানো হবে।

**শিক্ষার ফলাফল**

A. আন্ডাররাইটিং কী?
B. আন্ডাররাইটিং–মৌলিক ধারণা
C. ফাইল এবং ব্যবহারের নির্দেশিকা
D. আইআরডিএআই-এর অন্যান্য স্বাস্থ্য বীমা আইন
E. আন্ডাররাইটিংয়ের জন্য মূলনীতি ও স্তর
F. আন্ডাররাইটিং প্রক্রিয়া
G. গ্রুপ স্বাস্থ্য বীমা
H. বিদেশ সফর বীমার আন্ডাররাইটিং
I. ব্যক্তিগত দুর্ঘটনা বীমার অন্ডাররাইটিং

এই অধ্যায় পড়ার পর আপনি সক্ষম হবেন :

a) আন্ডাররাইটিং বলতে কী বোঝায় তা বুঝিয়ে দিতে
b) আন্ডাররাইটিংয়ের মৌলিক ধারণা বর্ণনা করতে
c) আন্ডাররাইটাররা যে নীতি মেনে চলে ও সরঞ্জাম নিয়ে কাজ করে তা ব্যাখ্যা করতে
d) আন্ডাররাইটিং ব্যক্তিগত স্বাস্থ্য বীমা পলিসির প্রক্রিয়া সম্পূর্ণ করাকে বাহবা দিতে
e) কীভাবে গ্রুপ স্বাস্থ্য পলিসির আন্ডাররাইটিং করা হয় তা নিয়ে আলোচনা করতে

**এই পরিস্থিতিটা নজর করুন**

48 বছর বয়সী মনীশ একজন সফ্টওয়্যার ইঞ্জিনিয়ার হিসেবে কাজ করেন। মনীশ সিদ্ধান্ত নিয়েছেন নিজের জন্য একটা স্বাস্থ্য বীমা পলিসি নেবেন। তিনি একটা ইনসুরেন্স কোম্পানিতে গেলেন, সেখানে তাঁকে একটা প্রোপোজাল ফর্ম দেওয়া হলো, যার মধ্যে তাঁর শরীরের গড়ন ও স্বাস্থ্য, মানসিক স্বাস্থ্য, আগে থেকে থাকা অসুখ, তাঁর পরিবারের স্বাস্থ্য সম্পর্কিত ইতিহাস, অভ্যাস ও আরো বেশ কিছু সম্পর্কে একগুচ্ছ প্রশ্নের জবাব দিতে হবে।

প্রোপোজাল ফর্মটা পাওয়ার পর তাঁকে বেশ কিছু নথিও পেশ করতে হবে যেমন তাঁর পরিচিতি ও বয়সের প্রমাণপত্র, ঠিকানার প্রমাণ ও অতীতের মেডিক্যাল রেকর্ড। তারপর তাঁরা তাঁকে একটা হেল্থ চেক-আপ ও আরো কিছু মেডিক্যাল টেস্ট করাতে বললেন, এতে তিনি হতাশ হলেন।

মনীশ নিজেকে একজন স্বাস্থ্যবান মানুষ বলেই মনে করেন এবং তাঁর আয়ও বেশ ভালো। মনীশ খুব অবাক হলেন যে তাঁর ক্ষেত্রে বীমা কোম্পানি কেন এই ধরনের একটা দীর্ঘ প্রক্রিয়া নিচ্ছে। এমনকি এই সমস্ত কিছুর পর বীমা কোম্পানি তাঁকে বললো যে মেডিক্যাল পরীক্ষায় তাঁর হাই কোলেস্টেরল ও হাই ব্লাড প্রেসার ধরা পড়েছে, যা পরবর্তীকালে তাঁর হৃদরগের সম্ভাবনা বাড়িয়ে দিচ্ছে। যদিও তাঁরা তাঁকে একটা পলিসির প্রস্তাব দিচ্ছে, কিন্তু তার জন্য চড়া প্রিমিয়াম দিতে হবে, যে অঙ্কটা তাঁর এক বন্ধু যা দিচ্ছে তার তুলনায় অনেক বেশি। তাই মনীশ ওই পলিসিটা নিতে অস্বীকার করলেন।

এখানে, ইনসুরেন্স কোম্পানি তাদের আন্ডাররাইটিং প্রক্রিয়ার অংশ হিসেবে এই সমস্ত পদক্ষেপগুলি অনুসরণ করেছে। কোনো ঝুঁকি কবারেজ দেওয়ার সময় একজন বীমাকারীর সঠিকভাবে ঝুঁকির মূল্যায়ণ করা জরুরী এবং একটা যুক্তিসঙ্গত লাভ করার কথাও ভাবা দরকার। ঝুঁকিটা যদি সঠিকভাবে মূল্যায়ন করা না হয় এবং কোনো ক্লেইম হয়, তাহলে একটা লোকসান হবে। তারওপর বীমাকারী সমস্ত বীমাকৃত ব্যক্তির থেকে প্রিমিয়াম সংগ্রহ করে এবং এই অর্থটাকে তাকে একটা ট্রাস্টের মতো করে সামলাতে হয়।

## A. *আন্ডাররাইটিং কী ?*

### 1. আন্ডাররাইটিং

বীমা কোম্পানি সেই মানুষদেরই বীমা করাতে চায়, আশা করা যায় যাঁরা বীমা পুলে যে ঝুঁকি নিয়ে আসছেন তার অনুপাতে পর্যাপ্ত পরিমাণ প্রিমিয়াম তাঁরা ভরবেন। ঝুঁকি বাছাইয়ের জন্য একজন প্রস্তাবকের থেকে তথ্য সংগ্রহ ও তা বিশ্লেষণের এই প্রক্রিয়াই আন্ডারারাইটিং বলে পরিচিত। এই প্রক্রিয়ার মাধ্যমে সংগৃহীত তথ্যের ভিত্তিতে তারা সিদ্দান্ত নেবে যে তাঁরা একজন প্রস্তাবকের বীমা করাবেন কি করাবেন না। যদি তাঁরা বীমা করানোর সিদ্ধান্ত নেন তাহলে এই ধরনের ঝুঁকির থেকে যুক্তিসঙ্গত লাভ করতে হলে কত প্রিমিয়াম হওয়া উচিত, শর্ত কী হবে তা ঠিক করতে হবে।

রোগহারের ধারণার উপর ভিত্তি করেই দাঁড়িয়ে আছে স্বাস্থ্য বীমা। এখানে রোগহার বলতে বোঝায় একজন ব্যক্তির অসুস্থ হওয়ার সম্ভাবনা ও তার জন্য প্রয়োজনীয় চিকিৎসা ও হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনা কেমন রয়েছে। একটা বড় পরিসরে রোগহার বয়সের দ্বারা প্রভাবিত হয় (সাধারণত কমবয়সীদের তুলনায় বরিষ্ঠ নাগরিকদের মধ্যে এটা বেশি) এবং অন্যান্য প্রতিকূল বিষয়ের কারণেও এটা বাড়ে যেমন বেশি ওজন বা কম ওজন, অতীত ও বর্তমানের নির্দিষ্ট রোগ বা অসুস্থতার ইতিহাস, ধূমপানের মতো ব্যক্তিগত অভ্যাস, বর্তমান স্বাস্থ্যের অবস্থা এবং প্রস্তাবকের পেশা যদি সেটাকে বিপজ্জনক বলে বিবেচনা করা হয়। উলটোদিকে রোগহার নির্দিষ্ট কিছু অনুকূল বিষয়ের কারণে কমে যায় যেমন কম বয়স, একটা সুস্থ লাইফস্টাইল প্রভৃতি।

**সংজ্ঞা**

**আন্ডাররাইটিং** হলো একটি যথাযথভাবে ঝুঁকি মূল্যায়ণ এবং যে শর্তাবলীর উপর দাঁড়িয়ে বীমা কভার মঞ্জুর করা হবে সে ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার একটি পদ্ধতি।

---

### 2. আন্ডাররাইটিংয়ের চাহিদা

আন্ডাররাইটিং হলো একটা বীমা কোম্পানির মেরুদণ্ড কারণ অগোছালোভাবে ঝুঁকি গ্রহণ করলে অথবা অপর্যাপ্ত প্রিমিয়ামের কারণে বীমাকারী দেউলিয়া হয়ে যেতে পারে।অন্যদিকে, অতিরিক্ত খুঁতখুঁতে বা সতর্ক হলে বীমা কোম্পানিটি যেখান থেকে ঝুঁকি একরকমভাবে ছড়িয়ে দেওয়া যায় এমন একটা বড় পুল বানাতে ব্যর্থ হবে। তাই ঝুর্কি ও ব্যবসার মধ্যে সঠিক ভারসাম্য রাখাটাই গুরত্বপূর্ণ, তা করেই সংগঠনটাকে প্রতিযোগিতামুখী ও লাভদায়ক করা যায়।

সংশ্লিষ্ট বীমা কোম্পানি দর্শন, নীতি ও ঝুঁকির ক্ষুধার সঙ্গে তাল মিলিয়ে এই ভারসাম্য রাখার প্রক্রিয়াটা সম্পন্ন করে আন্ডাররাইটার। তাঁর কাজটা হলো ঝুঁকির শ্রেণীবিভাগ করে একটা সঠিক মূল্যে তা গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া। এই খেয়াল রাখা জরুরী যে ঝুঁকি গ্রহণ মানে হলো ভবিষ্যতে বীমাকারী ক্লেইম নিষ্পত্তির একটা প্রতিশ্রুতি।

### 3. আন্ডাররাইটিং - ঝুঁকি মূল্যায়ণ

আন্ডাররাইটিং হলো ঝুঁকি বাছাইয়ের একটা প্রক্রিয়া যা ব্যক্তি বা গোষ্ঠীর বৈশিষ্ট্যের ভিত্তিতে ঠিক হয়। এখানে ঝউরকির স্তরের ভিত্তিতে আন্ডাররাইটার সিদ্ধান্ত নেন ঝুঁকি গ্রহণ করা হবে কি হবে না এবং নিলে তা কত মূল্যে নেওয়া হবে।যে কোনো পরিস্থিতিতেই ঝুঁকি গ্রহণ করতে হয় সততা ও ন্যায়সঙ্গত ভিত্তিতে অর্থাৎ কোনো পক্ষপাত একই ধরনের প্রত্যেকটি ঝুঁকিকে শ্রেণীবদ্ধ করা উচিত।

এই শ্রেণীবিভাগটা হয় সাধারণত স্ট্যান্ডার্ড স্বীকৃতি চার্টের মাধ্যমে যেখানে প্রত্যেকটি ঝুঁকির পরিমাণ নির্ধারিত হয়েছে এবং সেই অনুযায়ী কত প্রিমিয়াম দাঁড়াবে তা বলা রয়েছে।

বয়স যদিও রোগের সম্ভাবনা পাশাপাশি মৃত্যুর সম্ভাবনাকে প্রভাবিত করে, তবে অবশ্যই মনে রাখতে হবে যে অসুস্থতা মৃত্যুর অনেক আগে আসে এবং সেটা মাঝেমধ্যেই হতে পারে। তাই এটা পুরোপুরিই যুক্তিসঙ্গত যে মৃত্যুর কভারেজের তুলনায় স্বাস্থ্য কভারেজের জন্য আন্ডাররাইটিং নিয়ম ও নির্দেশাবলী অনেক বেশি কঠিন হবে।

### উদাহরণ

ডায়াবেটিস রয়েছে এমন একজন ব্যক্তির মৃত্যুর তুলনায় হৃদরোগ বা কিডনির সমস্যা তৈরি হওয়ার সম্ভাবনা বেশি থাকে, এবং বীমার কভারেজ থাকাকালীন অবস্থাতেই তাঁর বারে বারেই স্বাস্থ্যের সমস্যা দেখা দিতে পারে। একটি জীবন বীমা আন্ডাররাইটিং নির্দেশিকা এই ব্যক্তিকে একটা গড় ঝুঁকি হিসেবে বিবেচনা করবে। যদিও মেডিক্যাল আন্ডাররাইটিংয়ের জন্য তাঁকে উচ্চ ঝুঁকি হিসেবে বিবেচনা করা হবে।

---

স্বাস্থ্য বীমায় আর্থিক বা আয় ভিত্তিক আন্ডাররাইটিংয়ের তুলনায় বাড়তি নজর দেওয়া হয় মেডিক্যাল বা স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের উপর। যদিও আর্থিক বা আয়ের দিকটা অবজ্ঞা করা যায় না কারণ সেখানে একটা বীমাযোগ্য স্বার্থ থাকতেই হবে এবং কোনো ধরনের প্রতিকূল বাছাই দুর করতে এবং স্বাস্থ্য বীমা চালিয়ে যাওয়া নিশ্চিত করতে আর্থিক আন্ডারারাইটিংও গুরুত্বপূর্ণ।

### 4. যে বিষয়গুলি অসুস্থতার সম্ভাবনাকে প্রভাবিত করে

ঝুঁকির মূল্যায়ণের সময় যে বিষয়গুলি রোগের সম্ভাবনা (অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি)-কে প্রভাবিত করে সেগুলি সতর্কতার সঙ্গে বিবেচনা করা উচিত, সেগুলি হলো নিম্নরূপ:

a) **বয়স:** বয়স ও ঝুঁকির স্তর অনুযায়ী প্রিমিয়াম ধার্য করা হয়। উদাহরণস্বরূপ, সংক্রমণ ও দুর্ঘটনার ঝুঁকি বেশি থাকায় শিশুর ক্ষেত্রে রোগ-সম্ভাবনার প্রিমিয়াম তরুণ প্রাপ্তবয়স্কদের তুলনায় বেশি। একইভাবে 45বছরের বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য প্রিমিয়াম বেশি হয়, কারণ এই ধরনের ব্যক্তির ডায়াবেটিসের মতো দীর্ঘস্থায়ী অসুখ থাকা, হঠাৎ হৃদরোগ বা অন্য ধরনের রোগের সম্ভাবনা বেশি থাকে।

b) **লিঙ্গ:** গর্ভধারনের সময় মহিলাদের রোগের অতিরিক্ত ঝুঁকি থাকে। তবে মহিলাদের তুলনায় পুরুষরা হৃদরোগে বেশি আক্রান্ত হন অথবা চাকরি সম্পর্কিত দুর্ঘটনার সম্ভাবনাও পুরুষদেরই বেশি থাকে কারণ তাঁরাই বেশি বিপজ্জনক কাজে যুক্ত থাকেন।

c) **অভ্যাস:** তামাক, অ্যালকোহল বা যে কোনো ধরনের মাদক সেবনের রোগের ঝুঁকির সঙ্গে সরাসরি সম্পর্ক থাকে।

d) **পেশা:** গাড়িচালক, ব্লাস্টার বা বিমানচালক প্রভৃতি নির্দিষ্ট পেশার ক্ষেত্রে সম্ভাবনা থাকে দুর্ঘটনার বাড়তি ঝুঁকির। একইভাবে এক্স-রে মেশিনচালক, অ্যাসবেস্টস শিল্পের শ্রমিক, খনিশ্রমিকরের কিছু নির্দিষ্ট পেশায় স্বাস্থ্য সম্পর্কির্ত ঝুঁকি বেশি থাকে।

e) **পারিবারিক ইতিহাস:** এরও বৃহত্তর প্রাসঙ্গিকতা রয়েছে কারণ জিনগত বিষয়গুলি অ্যাস্থমা, ডায়াবেটিস ও নির্দিষ্ট কিছু ক্যানসারের মতো রোগের ঝুঁকি তৈরি করে। এটা রোগের

সম্ভবনায় প্রভাব ফেলে এবং তাই ঝুঁকি গ্রহণের সময় এই বিষয়টাকে বিবেচনায় রাখা উচিত।

f) **গড়ন**: তাগড়াই, রোগা বা গড়পরতা গড়নও নির্দিষ্ট কিছু গোষ্ঠীর রোগের সম্ভাবনার সঙ্গে যুক্ত।

g) **অতীতের রোগ বা অস্ত্রোপচার**: এটা নির্ধারণ করে নিতে হবে যে আগের কোনো অসুখ থেকে শারীরিক দুর্বলতা তৈরির কোনো কারণ ঘটেছে কিনা অথবা তা নতুন করে হতে পারে কিনা এবং সেই মতো পলিসির শর্তাবলী ঠিক করা উচিত। উদাহরণস্বরূপ, কিডনির পাথর আবার তৈরি হয় বলে জানা এবং একইভাবে এক চোখে ছানি থাকলে আরেক চোখেও ছানির সম্ভাবনা বাড়িয়ে দেয়।

h) **বর্তমানে স্বাস্থ্যের হাল ও অন্যান্য বিষয় বা অভিযোগ**: ঝুঁকি ও বীমাযোগ্যতার স্তর নির্ধারণ গুরুত্বপূর্ণ এবং তা উপযুক্ত উন্মোচন ও মেডিক্যাল পরীক্ষার মাধ্যমে প্রতিষ্ঠা করা সম্ভব।

i) **পরিবেশ ও বাড়ি**: রোগের হারের উপর এগুলিরও প্রভাব রয়েছে

**নিজেকে যাচাই 1**

আন্ডাররাইটিং হলো ______________–এর প্রক্রিয়া।

I. বীমা পণ্যের বিপণন

II. ক্রেতাদের থেকে প্রিমিয়াম সংগ্রহ

III. ঝুঁকির নির্বাচন ও ঝুঁকির মূল্য নির্ধারণ

IV. বিভিন্ন বীমা পণ্য বিক্রি

## B. আন্ডাররাইটিং – মৌলিক ধারণা

### 1. আন্ডাররাইটিংয়ের উদ্দেশ্য

আমরা আন্ডাররাইটিংয়ের উদ্দেশ্য খতিয়ে দেখে শুরু করছি। দু'টি উদ্দেশ্য রয়েছে

i. বিরুদ্ধ-বাছাই ঠেকানো যা হলো বীমাকারীর বিরুদ্ধে বাছাই
ii. ঝুঁকির শ্রেণীবিভাগ করা ও ঝুঁকির প্রতি সুবিচার নিশ্চিত করা

**সংজ্ঞা**

**ঝুঁকির বাছাই** পরিভাষাটি দিয়ে বোঝানো হয় ঝুঁকির স্তরের নিরিখে স্বাস্থ্যবীমার প্রত্যেক প্রস্তাব মূল্যায়ণের প্রক্রিয়া এবং তারপর সিদ্ধান্ত নেওয়া আদৌ বীমা মঞ্জুর করা হবে কি হবে না, হলে কোন শর্তের ভিত্তিতে হবে তা ঠিক করা।

**বিরুদ্ধ-বাছাই (বা প্রতিকূল বাছাই)** হলো মানুষের প্রবনতা, যাঁরা আশঙ্কা করেন বা জানেন যে তাঁদের লোকসান হওয়ার সম্ভাবনা খুব বেশি, তাই বীমা আগ্রহী হন ও সেই প্রক্রিয়ায় ফয়দা তুলতে চান।

**উদাহরণ**

কাকে ও কীভাবে বীমার প্রস্তাব দেওবা হবে সেব্যাপারে বীমাকারী যদি বাছবিচার না করেন তবে ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, হার্টের সমস্যা বা ক্যানসারের মতো গুরুতর রোগে আক্রান্ত মানুষ, যাঁরা জানেন যে শীঘ্রই তাঁদের হাসপাতালে ভর্তি হতে হবে, তাঁদেরও স্বাস্থ্য বীমা কিনতে চেয়ে আগ্রহ প্রকাশ করার সম্ভাবনা থাকে, এতে বীমাকারী লোকসান হবে।

অন্যভাবে বললে, বীমাকারী যদি বাছবিচার না করে থাকেন তবে সেটা বিরুদ্ধ-বাছাই হয়ে যাবে এবং এই প্রক্রিয়ায় তাঁর লোকসান হবে।

### 2. ঝুঁকির প্রতি সুবিচার

আসুন আমরা এখন ঝুঁকির প্রতি সুবিচার বিষয়টা বিবেচনা করে দেখি। ''সুবিচার'' শব্দটির মানে হলো যে আবেদনকারীরা একই স্তরের ঝুঁকির মুখোমুখি তাঁদের অবশ্যই একই প্রিমিয়ামের শ্রেণীতে ফেলতে হবে। কতটা প্রিমিয়াম ধার্য করা হবে তা নির্ধারণ করতে বীমাকারীকে কোনো ধরনের মাপকাঠি রাখতে হবে। এতে গড়পরতা ঝুঁকি রয়েছে একই ধরনের প্রিমিয়াম দেবেন আবার যাঁদের ঝুঁকি বেশি তাঁরা বেশি প্রিমিয়াম দেবেন। বিপুল পরিমাণ মানুষ যাঁদের ঝুঁকিটা গড়পরতা তাঁদের জন্য একটা মাপকাঠি প্রয়োগ করা হবে আবার যাঁদের ঝুঁকির হার বেশি তাঁদের ঝুঁকির হারটা ঠিক করতে আরো বেশি সময় দেওয়া হবে।

#### a) ঝুঁকির শ্রেণীবিভাগ

সুবিচার আনতে আন্ডাররাইটার যে প্রক্রিয়ায় যুক্ত থাকেন সেটাই হলো **ঝুঁকির শ্রেণীবিভাগ** অর্থাৎ ব্যক্তিদের ক্যাটাগরিতে ভাগ করে তাঁদের ঝুঁকির স্তর অনুযায়ী বিভিন্ন ঝুঁকির শ্রেণীতে তাঁদের সাজানো হবে। এই ধরনের ঝুঁকির চারটি শ্রেণী রয়েছে।

### i. স্ট্যান্ডার্ড ঝুঁকি

এর মধ্যে সেই ব্যক্তিরা পড়েন যাঁদের অপেক্ষিত রোগ-সম্ভাবনা (অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা) হলো গড়পড়তা।

### ii. প্রেফার্ড ঝুঁকি

এরা হলেন তাঁরা যাঁদের অপেক্ষিত রোগ-সম্ভাবনা গড়ের তুলনায় কম এবং তাই এদের থেকে কম প্রিমিয়াম ধার্য করা হতে পারে।

### iii. সাবস্ট্যান্ডার্ড ঝুঁকি

এঁরা হলেন তাঁরা যাঁদের অপেক্ষিত রোগ-সম্ভাবনা গড়ের তুলনায় বেশি, তবে এখনও বীমাযোগ্য বলে বিবেচনা করা যায়। বীমার জন্য তাঁদের গ্রহণ করা হতে পারে তবে এর জন্য চড়া (বা অতিরিক্ত) প্রিমিয়াম দার্য করা হবে অথবা নির্দিষ্ট কিছু বিধিনিষেধ আরোপ হতে পারে।

### iv. ডিক্লাইন্ড ঝুঁকি

এঁরা হলেন তাঁরা যাঁদের বিকলত্ব ও অপেক্ষিত বাড়তি রোগ-সম্ভাবনা এতটাই বেশি যে একটা সামর্থ্যের মধ্যে থাকা খরচে এঁদের বীমার আওতায় আনা যায় না। কখনও কখনও একটা ব্যক্তিগত প্রস্তাব সাময়িকভাবে খারিজ করে দেওয়া হতে পারে যদি সম্প্রতি সেই ব্যক্তির অস্ত্রোপচারের মতো কোনো মেডিক্যাল সম্পর্কিত ঘটনা ঘটে থাকে।

## 3. বাছাই প্রক্রিয়া

আন্ডাররাইটিং বা বাছাই প্রক্রিয়া দুটি স্তরে হতে পারে:

- ✓ ফিল্ড স্তরে
- ✓ আন্ডাররাইটিং ডিপার্টমেন্ট লেভেলের স্তরে

**Diagram 1: আন্ডাররাইটিং বা বাছাই প্রক্রিয়া**




### b) ফিল্ড বা প্রাথমিক স্তর

ফিল্ড স্তরে আন্ডাররাইটিংয়ে **প্রাথমিক বা প্রাইমারি আন্ডাররাইটিংও** বলা যেতে পারে। এর মধ্যে একজন এজেন্ট বা কোম্পানি প্রতিনিধির সংগৃহীত তথ্য থাকে, যার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া

যায় বীমা কভারেজ মঞ্জুর করতে একজন আবেদনকারী উপযুক্ত কিনা। প্রাথমিক আন্ডাররাইটার হিসেবে এজেন্টই একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। বীমাকৃত করার জন্য সম্ভাব্য ক্লায়েন্ট সম্পর্কে জানতে–বুঝতে তিনিই সবচেয়ে ভালো জায়গায় থাকেন।

কিছু বীমা কোম্পানির এজেন্টদের একটা বিবৃতি বা একটা গোপন রিপোর্ট দিতে হয়। সেখানে এজেন্টকে প্রস্তাবক সম্পর্কে নির্দিষ্ট তথ্য, মতামত ও সুপারিশ জানাতে হয়।

**মরাল হ্যাজার্ড রিপোর্ট বা নৈতিক বিপদ রিপোর্ট** নামে একই ধরনের একটা রিপোর্ট বীমা কোম্পানির একজন আধিকারিকের থেকে চাওয়া হতে পারে। এই রিপোর্টগুলিতে সাধারণত প্রস্তাবিত জীবনের পেশা, আয়, আর্থিক অবস্থা ও সামাজিক পরিচিতি থাকে।

### নৈতিক বিপদ কী ?

বয়স, লিঙ্গ, অভ্যাস প্রভৃতির মতো বিষয়গুলি একটা স্বাস্থ্য ঝুঁকির শারীরিক বিপদকে উল্লেখ করে, এছাড়াও আরো কিছু বিষয় গভীরভাবে নজর করা উচিত। এটাই হলো ক্লায়েন্টের নৈতিক বিপদ যা বীমা কোম্পানির কাছে খুবই দামী প্রমাণিত হতে পারে।

খারাপ নৈতিক বিপদের একটা চরম উদাহরণটা হলো একজন বীমাকৃত জেনেবুঝেই একটা স্বাস্থ্য বীমা নিলেন যে খুব কম সময়ের মধ্যেই তাঁর একটা অস্ত্রোপচার হবে অথচ বীমাকারীর কাছে তিনি সেটা প্রকাশ করলেন না। এইভাবে এটা হলো শুধুমাত্র একটা ক্লেইম সংগ্রহ করার জন্য বীমা নেওয়ার একটা মরিয়া চেষ্টা।

লোকসান সম্পর্কে উদাসীনতা হলো আরেকটা উদাহরণ। কারণ বীমার থাকার কারণে বীমাকৃত তাঁর স্বাস্থ্য সম্পর্কে অসতর্ক মনোভাব নিতে পারেন, কারণ তিনি জানেন হাসপাতালের খরচ তো বীমাকারী সামলাবে।

'নৈতিক বিপদ'–এর আরেকটা ধরনও উল্লেখ করা জরুরী। এখানে বীমাকৃত হয়তো কোনো জালিয়াতি, কিন্তু যেহেতু তাঁর বিরাট অঙ্কের বীমা করা রয়েছে তাই সবচেয়ে দামী হাসপাতালে রুমে থেকে যা হয়তো তিনি বীমাকৃত না করলে করতেন না, তেমন সবচেয়ে ব্যয়বহুল চিকিৎসা ব্যবস্থাটাই তিনি পছন্দ করেন।

### প্রতারণামূলক নজরদারি ও প্রাথমিক আন্ডাররাইটার হিসেবে এজেন্টের ভূমিকা

একটা ঝুঁকি বাছাইয়ের ক্ষেত্রে বেশিরভাগ সিদ্ধান্তটাই নেওয়া হয়ে থাকে প্রোপোজাল ফর্মে প্রস্তাবক যে তথ্য জানিয়েছেন তার ভিত্তিতেই। আন্ডাররাইটিংয়ে বসে থাকা একজন আন্ডাররাইটারের পক্ষে এটা জানা খুবই কঠিন যে এই তথ্যগুলি সত্য নয় বা প্রতারণা করতে ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য দেওবা হয়েছে।

এখানেই এজেন্ট উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। তথ্যগুলি সত্য কিনা তা নিশ্চিত করার জন্য তিনিই সঠিক জায়গায় রয়েছেন, যেহেতু প্রস্তাবকের সঙ্গে এজেন্টেরই সরাসরি ও ব্যক্তিগত যোগাযোগ থাকে এবং তিনিই নজর করতে পারেন যে বিপথে চালনার উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে কোনো তথ্য চেপে যাওয়া হলো কিনা বা ভুল জানানো হলো কিনা।

### c) আন্ডাররাইটিং ডিপার্টমেন্ট স্তর

আন্ডাররাইটিংয়ের দ্বিতীয় স্তরটা হলো ডিপার্টমেন্ট বা অফিস স্তর। এখানে বিশেষজ্ঞ ও এমন ব্যক্তিরা থাকেন যাঁরা এই কাজে দক্ষ এবং যাঁরা কেসের সমস্ত প্রাসঙ্গিক তথ্য বিবেচনা করে সিদ্ধান্ত নেবেন বীমার জন্য প্রস্তাব গ্রহণ করা হবে কি হবে না এবং হলে কোন শর্তে হবে।

## C. ফাইল এবং ব্যবহারের নির্দেশিকা

এটি অবশ্যই মনে রাখতে হবে যে প্রত্যেক বীমাকারীকে তাদের পণ্যের মার্কেটিংয়ের আগে সেটিকে তৈরি করতে হবে এবং এটি আন্ডাররাইটিং দপ্তরের অন্যতম একটি কাজও। এর জন্য আইআরডিএআই নির্দেশিকাও চালু করেছে যা নিচে সারসংক্ষেপে দেওয়া হলো :

প্রতিটি কোম্পানি তাদের লক্ষ্যের ক্রেতাদের প্রয়োজনীয়তা, চাহিদা এবং ক্রয়ক্ষমতা, আন্ডাররাইটিংয়ের বিবেচনা, বীমার মূল্য, বাজারে প্রতিযোগিতার অবস্থা ইত্যাদিকে নজরে রেখে তাদের পণ্যগুলির নকশা করে। সেই কারণেই আমরা দেখি যে বিভিন্ন শ্রেণীর ক্রেতাদের জন্য বহু সংখ্যক পছন্দ বাছাই করার সুযোগ থাকে যদিও ভারতীয় বাজারের ভিত্তি স্তরে, এখনো হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচের নিরাপত্তার প্রতিবিধানমূলক পণ্যগুলিরই আধিপত্য বেশি।

প্রত্যেক নতুন পণ্যের প্রবর্তন করার আগে আইআরডিএ-এর অনুমোদনের প্রয়োজন। পণ্যটিকে নিচে যেমন উল্লেখ করা হয়েছে সেইমতো 'ফাইল এবং ব্যবহার' ধারার অধীনে নিয়ন্ত্রকের কাছে ফাইল করা প্রয়োজন। একবার প্রবর্তিত হয়ে গেলে, সেই পণ্যটি প্রত্যাহারের জন্য নির্দেশিকা অনুসরণ করা প্রয়োজন। ছাত্রদের পরামর্শ দেওয়া হচ্ছে যে ফাইল এবং ব্যবহারের নির্দেশিকা সংক্রান্ত সমস্ত ধারা, ফর্ম, আয় ইত্যাদির সঙ্গে নিজেদের পরিচিত করে নেওয়ার জন্য।

**আইআরডিএ নির্দেশিকা অনুযায়ী স্বাস্থ্য বীমা পণ্যের জন্য ফাইল এবং ব্যবহার প্রক্রিয়া :**

a) কোনো বীমাকারী কোনো ধরণের স্নাস্থ্য বীমা পণ্যকে বাজার প্রচলন করতে পারবে না যতোক্ষণ না সেটি ফাইল এবং ব্যবহার প্রক্রিয়া অনুযায়ী কোনো কর্তৃপক্ষের কাছ থেকে আগাম অনুমোদন পাচ্ছে।

b) অনুমোদিত কোনো স্বাস্থ্য পণ্যের ক্ষেত্রে যদি পরবর্তীতে কোনো সংস্কার বা পরিমর্জন করতে হয় তবে তারজন্যও সময়ে সময়ে যে নির্দেশিকা জারি করা হয় সেই অনুযায়ী কর্তৃপক্ষের আগাম অনুমতির প্রয়োজন আছে।

   1. কর্তৃপক্ষের দ্বারা অনুমোদিত কোনো নীতির যদি কোনো সংস্কার বা পরিমার্জন করা হয় তবে এমন সংস্কার বা পরিমার্জন কার্যকরী করার দিনের থেকে অন্তত তিন মাস আগে প্রত্যেক পলিসি ধারককে সে বিষয়ে নোটিস দিয়ে জানাতে হবে। এই সংস্কার এবং পরিমার্জনের কারণটি নোটিসে অবশ্যই জানাতে হবে, বিশেষত প্রিমিয়াম যদি বাড়ানো হয় এবং সেটি কতো সময়ের জন্য বাড়ানো হচ্ছে তার কারণ জানাতে হবে।

   2. প্রস্তাব পত্রে অবশ্যই প্রিমিয়াম সহ পলিসির শর্তের সংস্কার এবং পরিমার্জনের সম্ভাবনার বিষয়টি উল্লেখ করতে হবে।

c) ফাইল এবং ব্যবহারের আবেদনের ফর্মটির মান নির্ধারণ করে দিয়েছে আইআরডিএ এবং সেটি ডাটাবেস শিট এবং ক্রেতা সংক্রান্ত তথ্যের শিট সহ বহু সংযোজনীর সঙ্গে পাঠাতে হবে।

   প্রত্যেক বীমাকৃতকে কাস্টমার ইনফর্মেশন শিট সহ প্রস্তাব পত্র এবং কভারের আওতায় থাকা পলিসির বিস্তারিতের সঙ্গে দিতে হবে, যেগুলি বাদ দেওয়া হচ্ছে, ক্লেইমটি প্রদানযোগ্য হওয়ার আগে যদি কোনো অপেক্ষার পর্ব থাকে, যে অর্থ প্রদান করা হবে সেটি ক্ষতিপূরণের ভিত্তিতে

বা নির্দিষ্ট পরিমাণের ভিত্তিতে হবে, পুনর্নবীকরণের শর্ত এবং সুবিধা, কো-পে অথবা বাদ দেওয়ার যোগ্য এবং খারিজের শর্ত ইত্যাদি।

কর্তৃপক্ষের আগাম অনুমতির জন্য ফাইল এবং ব্যবহারের আবেদনটিকে অবশ্যই নিযুক্ত বীমা গণনাকারী এবং বীমা কোম্পানির সিইও-র দ্বারা শংসয়িত হতে হবে এবং সেগুলিকে এমন আকারে এবং এমন নথিপত্র সহ হতে হবে যা সময়ে সময়ে কর্তৃপক্ষ জানিয়ে দেবেন।

d) স্বাস্থ্য বীমা পণ্যের প্রত্যাহার

1. একটি স্বাস্থ্য বীমা পণ্য প্রত্যাহার করতে হলে, বীমাকারীকে প্রত্যাহার করার কারণ জানাতে হবে এবং বর্তমান পলিসি ধারকদের চিকিৎসার সম্পূর্ণ বিস্তারিত জানিয়ে কর্তৃপক্ষের আগাম অনুমতি নিতে হবে।

2. পলিসির নথিপত্রটিতে স্পষ্ট করে ভবিষ্যতে পণ্যটি প্রত্যাহারের সম্ভাবনার ইঙ্গিত দিতে হবে এবং পলিসিটি প্রত্যাহৃত হলে পলিসি ধারকের কাছে কী কী বিকল্প তিনি পেতে পারেন তারও ইঙ্গিত দিতে হবে।

3. বীমাকারীর অবগতিতেও যদি বর্তমান ক্রেতা সাড়া না দেন, তাহলে পলিসিটি পুনর্নবীকরণের দিন পলিসিটি প্রত্যাহার করে নিতে হবে এবং বীমাকারীর কাছে যে পলিসি উপলব্ধ আছে বীমাকৃতকে সেই নতুন পলিসিটিই নিতে হবে, যা বহনযোগ্যতার শর্তের বিষয়াধীন।

4. সম্ভাব্য ক্রেতার কাছে প্রত্যাহৃত পণ্যটিকে প্রস্তাব হিসেবে দেওয়া যাবে না।

e) যে কোনো পণ্য বাজারে প্রচলিত হওয়ার পর বছরে অন্তত একবার তার সমস্ত উপাদানগুলি নিযুক্ত বীমা গণনাকারীর পর্যালোচনা করতে হবে। যদি দেখা যায় যে পণ্যটি আর্থিকভাবে লাভজনক হচ্ছে না, অথবা কোনো নির্দিষ্ট একটি উপাদানের অভাব হচ্ছে, তাহলে নিযুক্ত বীমা গণনাকারী পণ্যটি যথাযথভাবে পর্যালোচনা করে দেখতে পারেন এবং ফাইল এবং ব্যবহার প্রক্রিয়ার অধীনে পর্যালোচনার জন্য আবেদন করতে পারেন।

f) একটি পণ্যকে ফাইল এবং ব্যবহারের অনুমতি দেওয়ার পাঁচ বছর পর, নিযুক্ত বীমা গণনাকারী পণ্যটির কাজ পর্যালোচনা করে দেখবেন। তিনি উপসর্গ, বাতিল হয়ে যাওয়া, সুদের হার, মূল্যবৃদ্ধি, খরচ এবং অন্যান্য প্রাসঙ্গিক উপাদান যা এমন পণ্যটির নকশা করার সময় বাস্তবে যে ধারণা করা হয়েছিল তার তুলনার পরিপ্রেক্ষিতে বিষয়টি দেখবেন এবং আগে যে ধারণা করা হয়েছিল তার উপযুক্ত যুক্তিগুলি অথবা পরিবর্তনগুলির জন্য নতুন করে অনুমতি চাইবেন।

## D. আইআরডিএআই-এর অন্যান্য স্বাস্থ্য বীমা আইন

ফাইল এবং ব্যবহারের নির্দেশিকার অতিরিক্ত হিসেবে, স্বাস্থ্য বীমা আইনের নিম্নলিখিতগুলিও প্রয়োজন:

a) সব বীমা কোম্পানিকেই একটি স্বাস্থ্য বীমা আন্ডাররাইটিং পলিসির বিবর্তন ঘটাতে হবে যা বোর্ড অব কোম্পানির মাধ্যমে অনুমোদিত হবে। পলিসিটিকে অন্যান্য বিষয়ের মধ্যেই প্রস্তাব ফর্মটির সুপারিশ করতে হবে যার মধ্যেই সম্ভাব্য স্বাস্থ্য পলিসিটি কেনার জন্য আবেদন করতে পারেন। এমন ফর্মে কোম্পানির জ্ঞাত পলিসি অনুযায়ী একটি প্রস্তাবকে আন্ডাররাইট করার জন্য যাবতীয় তথ্য অবশ্যই থাকতে হবে।

b) আন্ডারারইটিংয়ের নীতিটিকে কর্তৃপক্ষের সঙ্গে ফাইল করতে হবে। প্রয়োজনীয়তা অনুভব করলে পলিসিটিকে পরিবর্তন করার অধিকার কোম্পানি রেখে দেবে, কিন্তু সব ক'টি পরিবর্তনকে অবশ্যই কর্তৃপক্ষের কাছে ফাইল করতে হবে।

c) স্বাস্থ্য বীমার জন্য কোনো প্রস্তাব বোর্ড অনুমোদিত আন্ডাররাইটিং পলিসির উপর সম্পূর্ণ ভিত্তি করেই গ্রহণ বা খারিজ করা হয়। একটি প্রস্তাব যদি খারিজ হয়ে যায় তবে সেটি সম্ভাব্যকে চিঠি দিয়েই লিখিতভাবে জানিয়ে দিতে হবে, যাতে খারিজ করার কারণটি রেকর্ড হয়ে থাকে।

d) প্রিমিয়ামের উপর যদি কোনো আন্ডাররাইটিং অতিরিক্ত চার্জ ধার্য করা হয় তবে সে বিষয়ে অবশ্যই বীমাকৃতকে জানানো হবে এবং একটি পলিসিটি চালু করার আগে এই অতিরিক্ত সম্পর্কে পলিসি ধারকের কাছ থেকে সুনির্দিষ্ট অনুমতি অবশ্যই নেওয়া হবে।

e) যদি পলিসিটির কোনো পরবর্তী পর্যায়ে অথবা সেটি পুনর্নবীকরণ করার সময়, কোনো বীমা কোম্পানির আরো কোনো তথ্যের প্রয়োজন হয়, যেমন পেশার পরিবর্তন, তাহলে বীমাকৃতকে নির্ধারিত মানের ফর্ম পুরণ করার জন্য নির্দেশ দেবে এবং এমন ফর্মগুলিকে পলিসির নথিপত্রের অংশই করবে, স্পষ্ট করে সেখানে জানাতে হবে যে কোন ঘটনার পরিপ্রেক্ষিতে এমন তথ্য জমা দেওয়ার প্রয়োজনীয়তা রয়েছে এবং এমন ঘটনার ক্ষেত্রে যে শর্তগুলি প্রযোজ্য।

f) একই বীমাকারীর সঙ্গে সময় থাকতে প্রবেশ করা, পুনর্নবীকরণ চালিয়ে যাওয়া, ক্লেইমের পছন্দসই অভিজ্ঞতা ইত্যাদিতে পলিসিধারকদের পুরস্কৃত করার জন্য বীমাকারীরা কোনো উপায় অথবা উৎসাহদায়ক কিছু উদ্ভাবন করে নেবে এবং ফাইল ও ব্যবহারের নির্দেশিকা অনুযায়ী প্রস্তাবপত্রে এবং পলিসির নথিপত্রে এমন উপায় অথবা উৎসাহদায়কের সম্পর্কে খোলাখুলিই জানাতে হবে।

### স্বাস্থ্য পলিসির পরিবর্তন সংক্রান্ত নির্দেশিকা

আইআরডিএআই জীবন এবং স্বাস্থ্য বীমা পলিসির পরিবর্তন সংক্রান্ত নির্দেশিকা খুব স্পষ্টভাবে বের করে এনেছে। সেগুলি পর পর উল্লেখ করা হয়েছে নিম্নলিখিতভাবে :

1. নিম্নলিখিত ঘটনাগুলির ক্ষেত্রে বহনযোগ্যতা অনুমোদিত হবে :

a. পারিবারিক ফ্লোটার পলিসি সহ সাধারণ বীমা কোম্পানির চালু করা সব কটি ব্যক্তিগত স্বাস্থ্য বীমা পলিসিগুলি

b. একটি সাধারণ বীমা কোম্পানির কোনো গোষ্ঠী স্বাস্থ্য বীমা পলিসির অধীনে পরিবারের সদস্যদের কভার থাকা সহ, কোনো ব্যক্তি সদস্যের অধিকার আছে একই বীমাকারীর অধীনে এমন গোষ্ঠী পলিসি থেকে ব্যক্তিগত স্বাস্থ্য পলিসিতে অথবা একটি পারিবারিক ফ্লোটার পলিসিতে পরিবর্তিত হয়ে যাওয়ার।

2. শুধু পুনর্নবীকরণের সময় পলিসি ধারক পরিবর্তনের জন্য নির্বাচন করতে পারেন এবং পলিসিটি চলার সময়পর্বের মধ্যে না।

3. একজন পলিসিধারক তাঁর পলিসিটি অপর একটি বীমা কোম্পানিতে পরিবর্তন করে নিয়ে যেতে চাইলে তাঁকে, পরিবারের সব সদস্যসহ গোটা পলিসিটি বহন করার জন্য, এমন বীমা কোম্পানিতে আবেদন করতে হবে, যদি তাই হয় তবে, সেই আবেদন করতে হবে বর্তমান পলিসিটির প্রিমিয়াম পুনর্নবীকরণ করার দিনের অন্তত ৪৫দিন আগে।

4. আইআরডিএ-প্রস্তাবিত ফর্মে পুনর্নবীকরণের দিনের অন্তত ৪৫দিন আগে যদি পলিসিধারক আবেদন করতে ব্যর্থ হন তাহলে নতুন বীমাকারী পরিবর্তনের প্রস্তাব হয়তো দিতেও পারেন অথবা হয়তো নাও দিতে পারেন।

5. এমন তথ্য পাওয়ার পর, বীমা কোম্পানি আবেদনকারীকে জানাবে, প্রস্তাবের ফর্ম এবং বিভিন্ন স্বাস্থ্য বীমা পণ্য যেগুলির প্রস্তাব দেওয়া যেতে পারে সেই প্রাসঙ্গিক পণ্য সংক্রান্ত তথ্য আইআরডিএআই নির্দেশিকার সঙ্গে থাকা সংযোজনী '১'-এর সঙ্গে পোর্টেবিলিটি ফর্মটিও দেওয়া আছে।

6. পলিসি ধারক প্রস্তাব ফর্মটির পাশাপাশি পোর্টেবিলিটি ফর্মটিও পুরণ করবেন এবং সেই একই ফর্মগুলি বীমা কোম্পানির কাছে জমা দেবেন।

7. পোর্টেবিলিটি ফর্মটি পাওয়ার পর, বীমা কোম্পানি সম্পর্কিত পলিসিধারকের বিস্তারিত চিকিৎসাগত ইতিহাস এবং ক্লেইমের ইতিহাস সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানার জন্য বর্তমান বীমা কোম্পানির সঙ্গে যোগাযোগ করবে।

8. পোর্টেবিলিটি নিয়ে এই অনুরোধ পাওয়ার পর বীমা কোম্পানিটি এই অনুরোধ পাওয়ার ৭টি কর্মদিবসের মধ্যে আইআরডিএ-এর ওয়েব পোর্টালে বীমা পলিসি বহনের যে প্রস্তাবিত ডেটা ফরম্যাট রয়েছে সেখানে প্রয়োজনীয় তথ্য জানিয়ে দেবে।

9. নির্ধারিত সময় সীমার মধ্যে যদি বর্তমান বীমাকারী প্রয়োজনীয় তথ্য ডেটা ফরম্যাটে নতুন বীমা কোম্পানিকে দিতে ব্যর্থ হয়, তবে সেটিকে আইআরডিএ প্রচলিত নির্দেশিকাকে লঙ্ঘণ করা হিসেবে দেখতে হবে এবং সেই বীমাকারী বীমা আইন ১৯৩৮-এর অধীনে শাস্তিমূলক ধারার বিষয়াধীন হবে।

10. বর্তমান বীমা কোম্পানির কাছ থেকে তথ্য পাওয়ার পর, নতুন বীমা কোম্পানি প্রস্তাবটি আন্ডাররাইট করতে পারে এবং আইআরডিএ আইন(পলিসিধারকের স্বার্থের সুরক্ষা), ২০০২-এর আইন ৪(৬) অনুযায়ী পলিসিধারককে তাদের সিদ্ধান্ত জানিয়ে দিতে পারে।

11. উপরে উল্লিখিত সময় সীমার মধ্যে তথ্য পাওয়ার পর যদি, বীমা কোম্পানি কর্তৃপক্ষের কাছে ফাইল করা তাদের আন্ডাররাইটিং পলিসি অনুযায়ী ১৫দিনের সময়সীমার মধ্যে পলিসি ধারকের অনুরোধ সম্পর্কে তাঁকে কিছু না জানায়, তাহলে বীমা কোম্পানির আর অধিকার থাকবে না এই প্রস্তাবটি বাতিল করার এবং তাকে প্রস্তাবটি গ্রহণ করতেই হবে।

12. যখন পুনর্নবীকরণে সময় যদি নতুন বীমাকারীর কাছ থেকে পোর্টেবিলিটি গ্রহণ করা সংক্রান্ত সিদ্ধান্তটি অপেক্ষার পর্যায়ে থেকে থাকে

a. যদি পলিসিধারক অনুরোধ করেন, তাহলে, এই অল্প সময়ের জন্য একটি প্রো-রেট প্রিমিয়াম গ্রহণের মাধ্যমে চলতি পলিসিটিকে বর্ধিত করার অনুমতি দিতে হবে যা অবশ্যই অন্তত একমাসের জন্য হতে হবে এবং

b. নতুন বীমাকারীর কাছে থেকে নিশ্চিত পলিসি পাওয়ার সময় পর্যন্ত এবং বীমাকৃতের কাছ থেকে নির্দিষ্ট লিখিত অনুরোধ না পাওয়া পর্যন্ত বর্তমান পলিসিটি বাতিল করা যাবে না

c. এমন সমস্ত ঘটনার ক্ষেত্রে, নতুন বীমাকারী, যেখানেই প্রসঙ্গিক, সেখানে ঝুঁকি শুরু হওয়ার দিনটিকে স্বল্প সময়সীমা শেষ হয়ে যাওয়ার দিনটির সঙ্গে যাতে মিলে যায় সেটিকে স্বীকৃত করবে

d. যদি কোনো কারণের জন্য বীমাকৃত তাঁর বর্তমান বীমাকারীর সঙ্গেই পলিসিটি চালিয়ে যাওয়ার ইচ্ছা প্রকাশ করেন, তাহলে কোনো নতুন শর্ত প্রয়োগ না করে অবশ্যই নিয়মিত প্রিমিয়াম ধার্য করার মাধ্যমেই তাঁকে পলিসিটি চালিয়ে যাওয়ার অনুমতি দিতে হবে।

13. উপরে যেমন উল্লেখ করা হয়েছে পলিসি ধারক যদি সেই মতো স্বল্প সময়ের জন্য বর্ধিত সময়সীমাকে বেছে নেন এবং সেখানে যদি কোনো ক্লেইমের বিষয় থাকে সেক্ষেত্রে, যদি বর্তমান বীমাকারী ক্লেইমটি গ্রহণ করে নেন তবে পলিসি বছরের বাকি সময়ের জন্য বাকি থাকা প্রিমিয়ামটি বর্তমান বীমাকারী ধার্য করতে পারেন।

14. যে পলিসিটি বহন করা হচ্ছে সেটিকে গ্রহণ করার জন্য, বীমাকারী কোনো অতিরিক্ত বোঝা অথবা মাশুল শুধুমাত্র বহন করার লক্ষ্যের জন্য ধার্য করতে পারবে না।

15. একটি বহন করে আনা পলিসি গ্রহণ করার জন্য কোনো মধ্যস্থতাকারীকে কোনো কমিশন প্রদান করতে হবে না।

16. যে কোনো স্বাস্থ্য বীমা পলিসির জন্য, বর্তমান পলিসির অধীনে পূর্বে উপস্থিত রোগের পরিপ্রেক্ষিতে অপেক্ষার সময়পর্ব ইতিমধ্যেই অতিক্রান্ত হয়ে গেলে এবং সময় নির্ধারিত ছাড়গুলিকে বিবেচনায় নিতে হবে এবং নতুন করে বহন করা পলিসির অধীনে ঠিক সেই পরিমাণই কমিয়ে আনতে হবে।

টীকা 1: নির্দিষ্ট ধরণের রোগ অথবা চিকিৎসার জন্য নতুন পলিসিতে যদি আগের পলিসিতে সেই একইরকম রোগ এবং চিকিৎসার ক্ষেত্রে অপেক্ষার সময়পর্বের জন্য যদি বেশি সময় থাকে সেক্ষেত্রে, তাহলে অপেক্ষার অতিরিক্ত সময়পর্বটিকে বহনযোগ্য (পোর্টেবিলিটি) ফর্ম যেটি বহনকারী পলিসিধারককে জমা দিতে হবে সেটি নতুন আসা পলিসিধারকের কাছে স্পষ্ট করে ব্যাখ্যা করে দিতে হবে।

টীকা 2: গোষ্ঠী স্বাস্থ্য বীমা পলিসির ক্ষেত্রে, আগের পলিসিটিতে কোনো পূর্বে উপস্থিত রোগ বাদ দেওয়া/সময় নির্ধারিত বাদ দেওয়ার বিষয় থাকুক আর নাই বা থাকুক, সব নির্বিশেষে, লাগাতার বীমার কভার চালিয়ে যাওয়ার বছরের সংখ্যার ভিত্তিতে ব্যক্তিগত সদস্যদের উপরে উল্লিখিত কৃতিত্ব দিতেই হবে।

17. আগের পলিসিটির অধীনে বীমাকৃত রাশি এবং বর্ধিত বীমাকৃত রাশির উপর বহনযোগ্যতা অবশ্যই প্রযোজ্য হবে, বীমাকৃত যদি অনুরোধ করেন, তাহলে সেটি আগের পলিসির অধীনে আগের বীমাকারী (দের) কাছ থেকে পাওয়া ক্রম সঞ্চিত বোনাস পর্যন্ত বিস্তৃত করতে হবে।

উদাহরণ হিসেবে বলা যায়, যদি একজন ব্যক্তির বীমাকারী এ-এর কাছে ২লক্ষ টাকার এসআই থাকে এবং ক্রম সঞ্চিত বোনাস থাকে ৫০,০০০টাকা; যখন তিনি বীমাকারী বি-এর কাছে চলে যাচ্ছেন এবং সেটি গৃহীত হয়েছে, তাহলে বীমাকারী বি-কে সেই ব্যক্তিকে ২.৫০লক্ষ টাকার এসআই-এর প্রস্তাব দিতেই হবে এবং তারজন্য তিনি সেই ২.৫০লক্ষ টাকার উপরে প্রযোজ্য প্রিমিয়াম ধার্য করবেন। যদি বীমাকারী বি-এর কাছে ২.৫০লক্ষ টাকার কোনো পণ্য না থেকে, তাহলে বীমাকারী সবচেয়ে কাছের উচ্চতর যেমন ধরুণ ৩লক্ষ টাকার বীমার প্রস্তাব দেবেন এবং তারজন্য তিনি সেই ৩লক্ষ টাকার এসআই-এর উপর প্রযোজ্য প্রিমিয়ামই ধার্য করবেন। যদিও, বহনযোগ্যতা উপলব্ধ হবে শুধু ২.৫০লক্ষ টাকার উপরই।

18. পলিসি চুক্তিতে বীমাকারী স্পষ্ট করে পলিসি ধারকের মনোযোগ আকর্ষণ করবেন এবং প্রচার পুস্তিকা, বিক্রয়ের পুস্তিকা অথবা অন্য যে কোনো ধরণের নথিপত্রের মতো প্রচারমূলক উপাদান, যা কিছুই হোক না কেন, সেটি:

a. সব স্বাস্থ্য বীমা পলিসিই হলো বহনযোগ্য (পোর্টেবেল)

b. পলিসি ধারকের উচিত, বহনযোগ্যতার সুবিধা নেওয়ার জন্য, অপর বীমাকারীর প্রস্তাবটি গ্রহণে দেরি হয়ে যাওয়ার কারণে পলিসি কভারেজে যাতে কোনো ফাঁক না আসে তারজন্য পুনর্নবীকরণের বহু দিন আগেই অপর বীমাকারীর কাছে আবেদন করার উদ্যোগ নেওয়া।

## E. আন্ডাররাইটিংয়েরজন্যমূলনীতিওসরঞ্জাম

### 1. আন্ডাররাইটিংয়ের সঙ্গে প্রাসঙ্গিক মূল নীতিগুলি

জীবন বীমা বা সাধারণ বীমা, যে কোনো ধরনের বীমার ক্ষেত্রেই নির্দিষ্ট কিছু বৈধ নীতি থাকে, ঝুঁকি গ্রহণের সময় যা কাজে লাগে। স্বাস্থ্য বীমাগুলিও একইভাবে এই নীতিগুলি দ্বারা পরিচালিত হয় এবং কোনো লঙ্ঘিত হলে বীমাকারী দায় এড়ানোর সিদ্ধান্ত নিতেই পারেন। এই মূল নীতিগুলি হলো:

**1. পরম বিশ্বাস (উবেরিমা ফাইডস) এবং বীমাযোগ্য স্বার্থ**

### 2. আন্ডাররাইটিংয়ের জন্য সরঞ্জাম

এগুলি হলো আন্ডাররাইটারের জন্য তথ্যের উৎস এবং ভিত্তি যার উপর দাঁড়িয়ে ঝুঁকির শ্রেনীবিভাগ করা হয় এবং পরিশেষে প্রিমিয়াম ঠিক করা হয়। নিম্নলিখিতগুলিই হলো আন্ডাররাইটিংয়ের মূল সরঞ্জাম:

**a) প্রোপোজাল ফর্ম**

এই নথিটাই হলো চুক্তির ভিত্তি যেখানে জড়ো করা থাকে প্রস্তাবকের স্বাস্থ্য ও ব্যক্তিগত বিবরণ সম্পর্কে সমস্ত গুরুত্বপূর্ণ তথ্য (অর্থাৎ বয়স, পেশা, গড়ন, অভ্যাস, স্বাস্থ্যের অবস্থা, আয়, প্রিমিয়াম পেমেন্টের বিবরণ প্রভৃতি)। পণ্য অনুসারে ও কোম্পানির চাহিদা ও নীতি অনুযায়ী এর মধ্যে কিছু সরল প্রশ্ন থেকে একবারে বিস্তারিত প্রশ্নাবলী থাকে, যাতে জানানো তথ্যগুলি শম্পর্কে নিশ্চিত হওবা যায় এবং সেই মতো কভারেজ দেওয়া হয়। বীমাকৃত বিশ্বাস ভঙ্গ করলে বা কোনো তথ্য গোপন করলে পলিসি বাতিল হয়ে যেতে পারে।

**b) বয়সের প্রমাণপত্র**

বীমাকৃতের বয়সের ভিত্তিতে প্রিমিয়াম নির্ধারিত হয়। তাই এটা অপরিহার্য যে নথিভুক্তির সময় দেখানো বয়স উপযুক্ত প্রমাণপত্র দেখিয়ে যাচাই করাতে হবে।

### উদাহরণ

ভারতে এমন অনেক নথি রয়েছে যেগুলিকে বয়সের প্রমাণপত্র হিসেবে বিবেচনা করা যায় তবে সেগুলির সবগুলিই আবার আইনত গ্রহণযোগ্য নয়। বেশিরভাগ বৈধ নথিই দুটি বৃহৎ ক্যাটাগোরিতে ভাগ করা যায়। সেগুলি হলো :

a) বয়সের স্ট্যান্ডার্ড প্রমাণপত্র: এগুলির মধ্যে কয়েকটি হলো স্কুল সার্টিফিকেট, পাসপোর্ট, ডোমিসাইল সার্টিফিকেট, প্যান কার্ড প্রভৃতি।

b) বয়সের নন-স্ট্যান্ডার্ড প্রমাণপত্র: এগুলির মধ্যে কিছু হলো রেশন কার্ড, ভোটার আইডি, অগ্রজের ঘোষণা, গ্রাম পঞ্চায়েতের শংসাপত্র প্রভৃতি।

---

c) **আর্থিক নথি**

বেনিফিট পণ্যের জন্য ও নৈতিক বিপদ কমাতে প্রস্তাবকের আর্থিক অবস্থাটা জানাও বিশেষভাবে প্রাসঙ্গিক। সাধারণত যদিও আর্থিক নথি চাওয়া হয় কেবলমাত্র

a) ব্যক্তিগত দুর্ঘটনা কভারের ক্ষেত্রে অথবা

b) হাই সাম অ্যাসুয়োর্ড কভারেজের ক্ষেত্রে অথবা

c) যখন যে কভারেজ চাওয়া হয়েছে তার সঙ্গে বর্ণিত আয় ও পেশা মেলে না।

d) **মেডিক্যাল রিপোর্ট**

মেডিক্যাল রিপোর্টের চাওয়া হয়বীমাকারীর নিয়মের ভিত্তিতে এবং সাধারণত এটা বীমাকৃতের বয়স এবং কখনও কখনও পছন্দ করা কভারের পরিমাণের উপর নির্ভর করে। প্রোপোজাল ফর্মের কিছু প্রশ্নের জবাব দেওয়ার ক্ষেত্রে এমন কিছু তথ্য থাকে যেখানে মেডিক্যাল রিপোর্টের দরকার হয়।

e) **বিক্রয়কর্মীর রিপোর্ট**

বিক্রয়কর্মীদের কোম্পানির তৃণমূল স্তরের আন্ডাররাইটার হিসেবে দেখা যেতে পারে এবং তাঁদের রিপোর্টে তাঁদের দেওয়া তথ্য একটা গুরুত্বপূর্ণ বিবেচনার বিষয় হতে পারে। যদিও আরো ব্যবসা করার জন্য বিক্রয়কর্মীদের একটা ইনসেভটিভ থাকে, তাই একটা স্বার্থের সংঘাতও থাকে যেটা নজর রাখা দরকার।

**নিজেকে যাচাই 2**

আন্ডাররাইটিংয়ে _____________-এর পরম বিশ্বাসের নীতি মেনে চলা জরুরী।

I. বীমাকারী

II. বীমাকৃত

III. বীমাকারী ও বীমাকৃত উভয়

IV. মেডিক্যাল পরীক্ষক

**নিজেকে যাচাই 3**

বীমাযোগ্য স্বার্থ বলতে বোঝায়______________.

I. বীমা করা হবে যে সম্পত্তির তাতে ব্যক্তির আর্থিক স্বার্থ

II. যে সম্পত্তি ইতিমধ্যেই বীমাকৃত

III. যখন একই ক্ষতির জন্য একাধিক কোম্পানি কভার দেয় তখন প্রত্যেক বীমাকারীর লোকসানের অংশভাগ

IV. লোকসানের পরিমাণ যা বীমাকারীর থেকে উদ্ধার করা যাবে

## F. আন্ডাররাইটিংপ্রক্রিয়া

প্রয়োজনীয় তথ্য পাওয়া গেলেই আন্ডাররাইটার পলিসির শর্তের বিষয়ে সিদ্ধান্ত নেন। স্বাস্থ্য বীমা ব্যবসায়ে যে সাধারণ ধরণগুলি ব্যবহৃত হয় সেগুলি নিম্নরূপ:

### 1. মেডিক্যাল আন্ডারাইটিং

মেডিক্যাল আন্ডাররাইটিং হলো এমন একটি প্রক্রিয়া যেখানে প্রস্তাবকে মেডিক্যাল রিপোর্ট চাওয়া হয় স্বাস্থ্য বীমা পলিসির জন্য আবেদনকারীর স্বাস্থ্যের অবস্থা নির্ধারণ করতে। তারপর স্বাস্থ্য সংক্রান্ত সংগৃহীত তথ্য মূল্যায়ণ করে বীমাকারী সিদ্ধান্ত নেন কভারেজ দেওয়া হবে কি হবে না, দিলেও কতটা সীমা পর্যন্ত দেওয়া হবে এবং কোন শর্তের ভিত্তিতে দেওয়া হবে এবং ব্যতিক্রম কী থাকবে। এইভাবেই মেডিক্যাল আন্ডাররাইটিং নির্ধারণ করতে পারে ঝুঁকি গ্রহণ বা অস্বীকার করার বিষয়ে এবং কভারের শর্ত সম্পর্কেও।

মেডিক্যাল আন্ডাররাইটিংয়ে যদিও মেডিক্যাল রিপোর্ট পাওয়া ও তার পরীক্ষার জন্য প্রচুর খরচ জড়িয়ে আছে। বীমাকারী যখন উচ্চ স্তরের মেডিক্যাল আন্ডাররাইটিং করে  তাদের বিরুদ্ধে 'মাখন-তোলা' (কেবলমাত্র সবচেয়ে ভালো ধরনের ঝুঁকি স্বীকার এবং অন্যগুলি খারিজ করা)-র দোষারোপ করা হয়। এতে সম্ভাব্য ক্লায়েন্টদের মধ্যেও একটা হতাশা তৈরি হয় এবং ওই বীমাকারীদের কাছে বীমা করাতে আগ্রহী মানুষের সংখ্যাও কমে যায় কারণ অনেকেই প্রয়োজনীয় যাবতীয় তথ্য জানাতে ও প্রয়োজনীয় পরীক্ষা করাতে রাজি হন না।

ব্যক্তিগত স্বাস্থ্য বীমার জন্য স্বাস্থ্যের অবস্থা ও বয়স বিবেচনা করা আন্ডাররাইটিংয়ে গুরুত্বপূর্ণ। বর্তমান স্বাস্থ্যের হাল, ব্যক্তিগত ও পারিবারিক মেডিক্যাল ইতিহাসও আগে থেকে কোনো রোগ রয়েছে কিনা বা ভবিষ্যতে সম্ভাব্য স্বাস্থ্য সমস্যা ও অবস্থা যার জন্য হাসপাতালে ভর্তি হওয়ার প্রয়োজন পড়তে পারে বা অস্ত্রোপচারের দরকার হতে পারে সেব্যাপারে আন্ডাররাইটার আন্দাজ করতে সক্ষম হন।

তাছাড়াও প্রোপোজাল ফর্মটার ডিজাইন করা হয়েছে এমনভাবে যাতে অতীতে কোনো চিকিৎসা হয়ে থাকলে, হাসপাতালে ভর্তি হতে হলে ও কোনো অস্ত্রোপচার হয়ে থাকলে তার খবর টেনে বের করাযায়। আগের অসুখ আবার হতে পারে কিনা তার সম্ভাবনা, বর্তমান ও ভবিষ্যতে স্বাস্থ্যের উপর তার প্রভাব বা ভবিষ্যৎ জটিলতা সম্পর্কে মূল্যায়ণ করতে এটা আন্ডাররাইটারকে সাহায্য করে। কিছু রোগ যার জন্য প্রস্তাবক ওষুধ নিচ্ছেন শীঘ্রই যে কোনো সময়ে তার জন্য তাকে হাসপাতালে ভর্তি হতে পারে কিনা তাও খাতিয়ে দেখা যায়।

### উদাহরণ

হাইপারটেনশন, অতিরিক্ত ওজন/স্থূলকায় ও শর্করার হার বেশি, এই ধরনের মেডিক্যাল অবস্থা হার্ট, কিডনি ও নার্ভাস সিস্টেমের জন্য ভবিষ্যতে হাসপাতালে ভর্তির খুব বেশি সম্ভাবনা থাকে। তাই মেডিক্যাল আন্ডাররাইটিংয়ে ঝুঁকি মূল্যায়ণের সময়  এই অবস্থাগুলি সতর্কতার সঙ্গে বিবেচনা করা উচিত।

---

40 বছরের পর থেকেই সাধারণত স্বাস্থ্যের অবস্থার প্রতিকূল পরিবর্তন হয়, এটা হয় মূলত স্বাভাবিক বয়স বাড়ার কারণে, 45 বছরের আগে প্রস্তাবকের কোনো মেডিক্যাল পরীক্ষা করানোর

প্রয়োজন নেই (কোনো কোনো বীমাকারী আবার চাহিদাটাকে 50 অথবা 55 বছরও করে দিতে পারে)। মেডিক্যাল আন্ডাররাইটিং নির্দেশিকায় অবশ্য প্রস্তাবকের স্বাস্থ্যের অবস্থা সম্পর্কে তাঁর পারিবারিক ডাক্তারের স্বাক্ষরিত একটা ঘোষণাপত্র চাওবা হতে পারে।

ভারতীয় স্বাস্থ্য বীমার বাজারে ব্যক্তিগত স্বাস্থ্য বীমার জন্য মূল মেডিক্যাল আন্ডাররাইটিং বিষয় হলো ব্যক্তির বয়স। 45–50 বছরের বেশি বয়সী যখন প্রথম বারের জন্য নাম নথিভুক্ত করাবেন তখন তাঁর স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকি অনুমান করতে সাধারণত তাঁর নির্ধারিত প্যাথলজিকাল পরীক্ষা করানো দরকার, তাঁর বর্তমান স্বাস্থ্য অবস্থা সম্পর্কেও নির্দিষ্ট তথ্য পাওয়া দরকার। আগে থেকে কোনো রোগ থাকলে এই ধরনের পরীক্ষাগুলি তারও ইঙ্গিত দেবে।

**উদাহরণ**

মাদক, অ্যালকোহল বা তামাক সেবন সনাক্ত করা বেশ কঠিন এবং প্রোপোজাল ফর্মে প্রস্তাবক হয়তো জানান যে মাঝেমধ্যে তিনি এগুলি সেবন করে থাকেন। এগুলি সঠিকভাবে না জানালে স্বাস্থ্য বীমার জন্য আন্ডাররাইটিংয়ের কাজটা বেশ চ্যালেঞ্জিং। অতিস্থূলতা আরেকটা সমস্যা যা জনস্বাস্থ্যের একটা বড় বিপদ হয়ে দেখা দিচ্ছে এবং এর থেকে তৈরি হওয়া জটিলতার জন্য পর্যাপ্ত মূল্য নির্ধারন করতে আন্ডাররাইটিং সরঞ্জাম তৈরি করা দরকার।

2. **নন-মেডিক্যাল আন্ডারারাইটিং**

স্বাস্থ্য বীমার জন্য আবেদনকারী বেশিরভাগ প্রস্তাবকেরই কোনো মেডিক্যাল পরীক্ষার দরকার নেই। যদি নির্ভুলতার স্তর খতিয়ে দেখা যায় তবে লক্ষ্য করা যাবে এই ধরনের কেসের মাত্র এক-দশমাংশ বা তারও কমের মেডিক্যাল পরীক্ষায় খারাপ ফল আসবে, বীমাকারী কেসগুলির বেশিরভাগ ক্ষেত্রে মেডিক্যাল পরীক্ষা এড়িয়েই যেতে পারেন।

প্রস্তাবক যদি সমস্ত তথ্য সম্পূর্ণভাবে ও সততার সঙ্গে জানিয়েও থাকেন এবং সেগুলি এজেন্ট সতর্কতার সঙ্গে যাচাইও করে থাকেন তাহলেও মেডিক্যাল পরীক্ষার প্রয়োজনীয়তা কম হতে পারে। বাস্তবে ক্লেইমের হার সামান্য বাড়লে তা মেনে নেওয়া যেতে পারে যদি মেডিক্যাল চেকআপ বাবদ খরচ ও অন্যান্য খরচ বাঁচানো যায় এবং এতে প্রস্তাবকের অসুবিধাও খানিকটা কমবে।

বীমা কোম্পানিগুলি তাই এমন বেশ কিছু মেডিক্যাল পলিসি নিয়ে আসছে যেখানে প্রস্তাবককে কোন মেডিক্যাল পরীক্ষা করাতে হয় না। এই ধরনের ঘটনায়, কোম্পানিগুলি সাধারনত একটা 'মেডিক্যাল গ্রিড' তৈরি করে এটা চিহ্নিত করতে যে কোন বয়সে বা পর্যায়ে মেডিক্যাল আন্ডাররাইটিং করাতে হবে, এবং এই নন-মেডিক্যাল সীমাগুলি সতর্কতার সঙ্গে ডিজাইন করা হয় যাতে ব্যবস্থা ও ঝুঁকির মধ্যে একটা যথার্থ ভারসাম্য রাখা যায়।

**উদাহরণ**

মেডিক্যাল পরীক্ষার কোনো দীর্ঘ প্রক্রিয়ার মধ্যে না গিয়ে, অপেক্ষায় না থেকে ও প্রক্রিয়ার বিলম্ব এড়িয়ে এক ব্যক্তির দ্রুত একটা স্বাস্থ্য কভারেজ নেওয়ার দরকার ছিল, তাই তিনি একটা নন-মেডিক্যাল আন্ডাররাইটিং পলিসি বেছে নিয়েছেন। একটা নন-মেডিক্যাল আন্ডাররাইটিং পলিসিতে প্রিমিয়ামের হার ও বীমাকৃত রাশি ঠিক করা হয় স্বাস্থ্য সম্পর্কে কতগুলি প্রশ্নের জবাবের ভিত্তিতে, যার বেশিরভাগটাই বয়স, লিঙ্গ, ধূমপানের শ্রেণী, গড়ন প্রভৃতি। প্রক্রিয়াটা খুবই দ্রুত তবে প্রিমিয়ামটা আপেক্ষিকভাবে বেশি।

### 3. সংখ্যাসূচক রেটিং পদ্ধতি

আন্ডাররাইটিংয়ে এই প্রক্রিয়াটি অবলম্বন করা হয়, যেখানে ঝুঁকির প্রত্যেকটি উপাদানের উপর সংখ্যাসূচক বা শতাংশে মূল্যায়ন করা হয়।

বয়স, লিঙ্গ, জাতি, বৃত্তি, বাসভবন, পরিবেশ, শারীরিক গড়ন, অভ্যাস, পারিবারিকএবংব্যক্তিগতইতিহাসের মতো বিষয়গুলি যাচাই করা হয় এবং পূর্ব–নির্ধারিত মাপকাঠির ভিত্তিতে সংখ্যাসূচক ভিত্তিতে স্কোর দেওয়া হয়।

### 4. আন্ডাররাইটিং সিদ্ধান্ত

প্রাপ্ত তথ্য সতর্কতার সঙ্গে মূল্যায়ন করে যথাযথভাবে ঝুঁকির শ্রেনীবিভাগ করা হলে তবেই আন্ডারারাইটিং প্রক্রিয়া সম্পূর্ণ হয়। উপরের সরঞ্জাম এবং তাঁর বিবেচনার ভিত্তিতে আন্ডাররাইটার ঝুঁকিকে নিম্নলিখিত ক্যাটাগোরিগুলিতে শ্রেণীবিভাগ করে:

a) স্ট্যান্ডার্ড হারে ঝুঁকি গ্রহণ
b) অতিরিক্ত প্রিমিয়াম (লোডিং) –এর বিনিময়ে ঝুঁকি গ্রহণ, যদিও সব কোম্পানি এটা নাও করতে পারে
c) একটা শর্তাধীন মেয়াদ/শর্তের জন্য কভার খারিজ
d) কভার অস্বীকার
e) কাউন্টার অফার (বিধিনিষেধ অথবা কভারের অংশ অগ্রাহ্য)
f) উচ্চতর ডিডাক্টিবল অথবা কো–পে প্রয়োগ করা
g) পলিসির অধীনে লেভি স্থায়ী বর্জন

কোনো রোগকে স্থায়ীভাবে বর্জন করা হলে, পলিসি শংসাপত্রে তা অনুমোদিত হতে হবে। স্ট্যান্ডার্ড পলিসি বর্জনের থেকে এটা একটা অতিরিক্ত বর্জন হয় এবং চুক্তিতে এটাও একটা অংশ হয়।

আন্ডাররাইটারের বিশেষজ্ঞ ব্যক্তিগত ঝুঁকি মূল্যায়ন বীমা কোম্পানির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কারণ এটা বীমা ব্যবস্থায় ভারসাম্য রক্ষা করে। আন্ডাররাইটিং বীমাকারীদের একসঙ্গে নিয়ে গোষ্ঠী বানিয়ে প্রস্তাবিত ঝুঁকিগুলির জন্য একই স্তর ও যা তাঁরা সুরক্ষা দেওয়ার জন্য বাছবেন সেগুলির জন্য একই ধরনের প্রিমিয়াম ধার্য করে। পলিসিহোল্ডারদের কাছে এর সুবিধা হলো তাঁরা একটা মেলার মতো জায়গায় বীমার উপলব্ধতা দেখতে পান এবং প্রতিযোগিতামূলক দামে সেগুলি পান যেখানে একজন বীমাকারীর সুবিধা হয় রোগ সম্ভাবনার আন্দাজ দিয়ে তাদের পোর্টফোলিও রক্ষা করতে।

### 5. সাধারণ বা স্ট্যান্ডার্ড বর্জনের (এক্সক্লুশন) ব্যবহার

যা তাদের সমস্ত সদস্যের উপর প্রযোজ্য, অধিকাংশ পলিসি সেই বর্জনগুলি আরোপ করে। এগুলি স্ট্যান্ডার্ড বর্জন হিসেবে পরিচিত অথবা কখনও কখনও এগুলিকে সাধারণ বর্জন বলেও উল্লেখ করা হয়। স্ট্যান্ডার্ড বর্জন রূপায়ন করে বীমাকারীরা তাদের প্রয়োগে রাশ টানে।

আগের অধ্যায়ে এই একই বিষয় আলোচনা করা হয়েছে।

**নিজেকে যাচাই 4**

মেডিক্যাল আন্ডাররাইটিং সম্পর্কে নিচের কোন বিবৃতিটি বেঠিক?

I. মেডিক্যাল রিপোর্ট সংগ্রহ ও মূল্যায়নে প্রচুর খরচ যুক্ত।
II. স্বাস্থ্য বীমার জন্য মেডিক্যাল আন্ডাররাইটিংয়ে মূল বিষয়গুলি হলো বর্তমানে স্বাস্থ্যের হাল ও বয়স।
III. স্বাস্থ্য ঝুঁকির মূল্যায়নের জন্য প্রস্তাবককে মেডিক্যাল ও প্যাথলজিক্যাল পরীক্ষা করাতে হয়।
IV. ঝুঁকির প্রত্যেকটি উপাদানের উপর শতাংশ মূল্যায়ন করা হয়।

**Diagram 1: আন্ডাররাইটিং প্রক্রিয়া**



## G. *গ্রুপ স্বাস্থ্য বীমা*

### 1. গ্রুপ স্বাস্থ্য বীমা

মূলত গড় সূত্র প্রয়োগ করে গ্রুপ বীমার আন্ডাররাইটিং হয়, গ্রুপ বীমা বলতে বোঝায় একটা স্ট্যান্ডার্ড গ্রুপের সকল সদস্য একটা গ্রুপ স্বাস্থ্য বীমা পলিসির আওতায় কভার পান, গ্রুপের ব্যক্তিরা বীমাকারীর কাছে বিরুদ্ধ-বাছাই হতে পারেন না। তাই একটা গ্রুপকে স্বাস্থ্য বীমার জন্য স্বীকার করার সময় বীমাকারীদের এটা বিবেচনার মধ্যে রাখতেই হয় যে গ্রুপের কিছু সদস্যের মারাত্মক ও ঘন ঘন স্বাস্থ্যের সমস্যা হতে পারে।

গ্রুপ স্বাস্থ্য বীমার আন্ডাররাইটিংয়ে গ্রুপের বৈশিষ্ট্য বিশ্লেষণ প্রয়োজন যাতে মূল্যায়ন করা যায় যে এই গ্রুপটা বীমা কোম্পানির আন্ডাররাইটিং নির্দেশিকার মধ্যে পড়ছে কিনা পাশাপাশি গ্রুপ বীমা সম্পর্কে বীমা নিয়ন্ত্রকের দেওয়া নির্দেশিকা মেনে হচ্ছে কিনা।

গ্রুপ স্বাস্থ্য বীমার জন্য স্ট্যান্ডার্ড আন্ডাররাইটিং প্রক্রিয়া নিমনলিখিত বিষয়গুলির ভিত্তিতে প্রস্তাবিত গ্রুপের মূল্যায়ন জরুরী:

a) গ্রুপের ধরন

b) গ্রুপের মাপ

c) শিল্পের ধরন

d) কভারেজের জন্য যোগ্য ব্যক্তি

e) গোটা গ্রুপটাকেই কভার করাহচ্ছে কিনা অথবা সদস্যদের কভার না করার কোনো সুযোগ রয়েছে কিনা

f) কভারেজের স্তর – সকলের একইরকম কিনা বা আলাদা আলাদা

g) লিঙ্গ, বয়স, একক বা বহু অবস্থান, গ্রুপ সদস্যদের আয়ের স্তর, সদস্যদের টার্নওভারের হার, প্রিমিয়াম কি গোটাটাই গ্রুপ হোল্ডার দেবেন নাকি সদস্যদেরই প্রিমিয়াম প্রদান করতে হবে, এই সমস্ত বিষয়ের ভিত্তিতে গ্রুপ রচনা

h) বিভিন্ন ভৌগোলিক অবস্থানের মধ্যে ছড়িয়ে থাকা বিভিন্ন জায়গার ক্ষেত্রে স্বাস্থ্য পরিষেবার জন্য খরচের পার্থক্য

i) গ্রুপ বীমা পরিচালনায় একটি থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর (তাঁর নিজের পছন্দের বা বীমাকারীর বেছে দেওয়া একজন) থাকবে নাকি বীমাকারী নিজেই থাকবে সে ব্যাপারে গ্রুপ হোল্ডারের পছন্দ

j) প্রস্তাবিত গ্রুপের অতীত ক্লেইমের অভিজ্ঞতা

**উদাহরণ**

শীততাপনিয়ন্ত্রিত অফিসে কর্মরত সদস্যদের তুলনায় খনি বা কারখানায় কর্মরত শ্রমিকদের একটা গ্রুপের স্বাস্থ্যের ঝুঁকি বেশি। উভয় গ্রুপের রোগের ধরনও (যার জন্য ক্লেইম করা হয়) একেবারেই আলাদা। তাই উভয় ক্ষেত্র অনুযায়ীই বীমাকারী গ্রুপ বীমা পলিসির জন্য মূল্য ধার্য করবে।

একইভাবে তথ্য প্রযুক্তি কোম্পানিগুলির মতো হাই টার্নওভারের গ্রুপগুলির ক্ষেত্রে প্রতিকূল নির্বাচন এড়াতে বীমাকারীরা সতর্কতামূলক মাপকাঠি চালু করতে পারেন যেখানে বীমার উপযুক্ত হওয়ার জন্য কর্মচারীদের নির্দিষ্ট শিক্ষানবিসি সময়ের জন্য কাজ সম্পন্ন করতে হবে।

---

গ্রুপ স্বাস্থ্য বীমা ব্যবসার অতি প্রতিযোগিতামূলক চরিত্রের ফলে বীমাকারীরা গ্রুপ বীমা প্ল্যানের সুবিধায় টেকসই নমনীয়তা ও স্বনির্ধারণ মঞ্জুর করে। নিয়োগকর্তা-কর্মচারী গ্রুপ বীমা প্ল্যানে সময়ের সাথে সাথে সুবিধার ধরণগুলি বদলানো হয় এবং মানব সম্পদ বিভাগ এটাকেই কর্মচারী ধরে রাখার একটা সরঞ্জাম হিসেবে ব্যবহার করে। বেশিরভাগ সময়েই নমনীয়তাটা আসে বীমাকারীদের মধ্যে প্রতিযোগিতার ফলে, অন্য বীমাকারী বর্তমানের গ্রুপ বীমা প্ল্যানে যে সুযোগ-সুবিধা দিচ্ছে তার সঙ্গে থাপ খাওয়াতে বা তার থেকে আরও সুবিধা দিয়ে ব্যবসায় করায়ত্ত করে নিজেদের দিকে টেনে নিতে এই নমনীয়তা।

## 2. নিয়োগকর্তা-কর্মচারী গ্রুপের থেকে আলাদা আন্ডাররাইটিং

প্রথাগতভাবে নিয়োগকর্তা-কর্মচারী গ্রুপই গ্রুপ স্বাস্থ্য বীমা দেওয়ার জন্য সবচেয়ে সাধারণ গ্রুপ। স্বাস্থ্য পরিষেবার খরচ যোগাতে যদিও স্বাস্থ্য বীমা গ্রহন একটা কার্যকরী মাধ্যম হয়ে উঠেছে, তাই এখন বিভিন্ন ধরনের গ্রুপ তৈরি হচ্ছে। এই ধরনের পরিস্থিতিতে গ্রুপের আন্ডাররাইটিংয়ের সময় গ্রুপ রচনার চরিত্রটা বিবেচনা করা গ্রুপ স্বাস্থ্য বীমা আন্ডাররাইটারের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ।

নিয়োগকর্তা-কর্মচারী গ্রুপ ছাড়াও বীমাকারীরা বিভিন্ন ধরনের গ্রুপকে গ্রুপ স্বাস্থ্য বীমা কভারেজ দিয়ে থাকেন যেমন: শ্রমিক সংগঠন, ট্রাস্ট ও সোসাইটি, মাল্টিপল-এমপ্লয়ার গ্রুপ, ফ্র্যাঞ্চাইসি ডিলার, পেশাদার সমিতি, ক্লাব ও অন্য ভ্রাতৃপ্রতিম সংগঠন।

বিভিন্ন দেশের সরকার সমাজের গরিব অংশের জন্য গ্রুপ স্বাস্থ্য বীমার কভারেজের ক্রেতা হয়ে থাকে। ভারতে কেন্দ্রীয় ও রাজ্য উভয় স্তরের সরকারই গরিবদের জন্য জোরালোভাবেই গ্রুপ স্বাস্থ্য বীমা প্রকল্পের পৃষ্ঠপোষকতা করে যেমন আরএসবিওয়াই, যশস্বীনি প্রভৃতি।

এই ধরনের বিভিন্ন গ্রুপের ক্ষেত্রে মৌলিক আন্ডাররাইটিং বিবেচ্যগুলি সাধারণভাবে স্বীকৃত গ্রুপ আন্ডাররাইটিং বিষয়, অন্তর্ভুক্ত অতিরিক্ত বিষয়গুলির সঙ্গে একইরকম:

a) গ্রুপের মাপ (ছোট আকারের গ্রুপে মাঝে মধ্যেই পরিবর্তন হতে পারে)
b) বিভিন্ন ভৌগোলিক অঞ্চলে স্বাস্থ্য পরিষেবার খরচের স্তর বিভিন্ন
c) সমস্ত গ্রুপ শরিকই যদি গ্রুপ স্বাস্থ্য বীমা পরিকল্পনায় অংশ না নেন সেক্ষেত্রে প্রতিকূল বাছাইয়ের ঝুঁকি
d) পলিসিতে গ্রুপের সদস্যদের ধারাবাহিকতা

সস্তা দামে এই ধরনের গ্রুপ স্বাস্থ্য বীমার সুবিধা নিতে এলোমেলো গ্রুপ তৈরি খুব বেড়ে গেছে, একে বলা হয় 'সুবিধাবাদী গ্রুপ'। বীমা নিয়ন্ত্রক আইআরডিএ তাই গ্রুপ বীমার নির্দেশিকা জারি করেছে, বিভিন্ন ধরনের গ্রুপ সামলানোয় বীমাকারীর অবলম্বন করা মনোভাবকে নিয়ন্ত্রণ করতে। এই ধরনের নন-এমপ্লয়ার গ্রুপের মধ্যে রয়েছে:

a) কর্মচারী কল্যান সমিতি
b) একটা নির্দিষ্ট কোম্পানির ইস্যু করা ক্রেডিট কার্ড হোল্ডার
c) একটা নির্দিষ্ট ব্যবসার ক্রেতারা যেখানে বীমাটা অ্যাড-অন সুবিধা হিসেবে দেওয়া হয়ে থাকে

d) একটা ব্যাঙ্ক ও পেশাদার সমিতি বা সোসাইটির ঋণগ্রহীতারা

গ্রুপ বীমা নির্দেশিকার মূলনীতি হলো ব্যক্তিগত পলিসিতে যে সুবিধার কভারেজ পাওয়া যায় না কেবলমাত্র সেই নমনীয় ডিজাইন-এর সুবিধা পেতে ও খরচ কমাতে গ্রুপ তৈরি ঠেকানো। লক্ষ্য করা গেছে যে এই ধরনের 'সুবিধাবাদী গ্রুপ' প্রায়শই বীমাকারীর পক্ষে প্রতিকূল বাছাই হয়ে দাঁড়ায় এবং অবশেষে ক্লেইমের অনুপাত বেশি হয়। নিয়ন্ত্রক কর্তৃপক্ষের গ্রুপ বীমা নির্দেশিকা বীমাকারীকে দায়িত্বশীল বাজার আচরণ পালন করতে সাহায্য করে। এগুলিই বীমা কোম্পানির আন্ডাররাইটিংয়ে শৃঙ্খলা আরোপ করে এবং গ্রুপ প্রকেপর জন্য পরিচালন মাপকাঠি তৈরিতে গ্রুপ বীমা প্রকল্পের প্রচারেও নিয়মানুবর্তিতা নিয়ে আসে।

## H. বিদেশ সফর বীমার আন্ডাররাইটিং

বিদেশ সফর বীমার অধীনে মূল কভারটা যেহেতু স্বাস্থ্য কভার, আন্ডাররাইটিংয়ে তাই সাধারণভাবে স্বাস্থ্য বীমার রীতিই অনুসরণ করা হয়।

প্রিমিয়ামের হার নির্ণয় ও ঝুঁকি গ্রহণ করা হবে কোম্পানির নিজস্ব নির্দেশিকা মেনেই তবে নিচে কিছু গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয় দেওয়া হলো :

1. প্রস্তাবকের বয়স ও বিদেশ সফরের মেয়াদকালের উপর প্রিমিয়ামের হার নির্ভর করবে।
2. বিদেশে যেহেতু চিকিৎসা বেশ খরচসাপেক্ষ, তাই দেশীয় স্বাস্থ্য বীমা পলিসির তুলনায় স্বাভাবিকভাবেই প্রিমিয়ামের হার বেশি হয়।
3. বিদেশের মধ্যেও এমনকি মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডার প্রিমিয়াম সর্বোচ্চ।
4. পলিসি ব্যবহার করে একজন প্রস্তাবকের বিদেশে চিকিৎসা করিয়ে নেওয়ার সম্ভাবনা দূর করতে সতর্কতা নেওয়া উচিত এবং তাই প্রস্তাবের পর্যায়েই পূর্ব-বিদ্যমান রোগের অস্তিত্ব সতর্কতার সঙ্গে বিবেচনা করতেই হবে।

## I. ব্যক্তিগত দুর্ঘটনা বীমার অন্ডাররাইটিং

ব্যক্তিগত দুর্ঘটনা বীমার জন্য অন্ডাররাইটিংয়ে বিবেচ্য বিষয়গুলি নিম্নরূপ :

### রেটিং বা হার নির্ধারণ

ব্যক্তিগত দুর্ঘটনা বীমায়, প্রধান যে বিষয়টি বিবেচ্য তা হলো বীমাকৃতর পেশা। সাধারণভাবে বললে ঘরে, রাস্তায় প্রভৃতি জায়গায় ব্যক্তিগত দুর্ঘটনার সম্ভাবনা অনাবৃত অবস্থা সমস্ত মানুষের ক্ষেত্রে একই। তবে পেশার সঙ্গে সম্পর্কিত ঝুঁকিগুলি কাজের প্রকৃতির সঙ্গে হেরফের করে। উদাহরণস্বরূপ, একজন অফিস ম্যানেজারের কাজে ঝুঁকির সম্ভাবনা একটা বিল্ডিং তৈরি হচ্ছে সেই সাইটে কর্মরত সিভিল ইঞ্জিনিয়ারের থেকে অবশ্যই কম।

প্রত্যেক পেশা বা চাকরির জন্য হার নির্দিষ্ট করে দেওয়া মোটেই ব্যবহারিক নয়। তাই পেশাগুলিকে কয়েকটি গ্রুপে ভাগ করা হয়েছে, প্রত্যেক গ্রুপ কম বা বেশী একই ধরনের ঝুঁকির অনাবৃত অবস্থাকে তুলে ধরে। শ্রেণীবিভাগের নিম্নলিখিত পদ্ধতি খুবই সরল এবং ব্যবহারিকভাবে যুক্তিসঙ্গত বলে দেখা গেছে। ভিন্ন ভিন্ন কোম্পানির শ্রেণীবিভাগের নিজস্ব ভিত্তি থাকতেই পারে।

### ঝুঁকির শ্রেণীবিভাগ

পেশার ভিত্তিতে বীমাকৃত ব্যক্তির সঙ্গে ঝুঁকিগুলিকে তিনটি গ্রুপে ভাগ করা যেতে পারে:

- **ঝুঁকি গ্রুপ** I

  অ্যাকাউন্ট্যান্ট, ডাক্তার, আইনজীবী, স্থপতি, কনসাল্টিং ইঞ্জিনিয়ার, শিক্ষক, ব্যাঙ্কার, প্রশাসনিক কাজকর্মে যুক্ত ব্যক্তি, প্রাথমিকভাবে একই ধরনের বিপদের পেশায় যুক্ত ব্যক্তিরা।

- **ঝুঁকি গ্রুপ** II

  কেবলমাত্র তত্ত্বাবধানের কাজে যুক্ত বিল্ডার, কন্ট্রাক্টর ও ইঞ্জিনিয়ার, পশু চিকিৎসক, মোটরগাড়ি ও হালকা মোটর গাড়ির বেতনভুক্ত চালক এবং একই ধরনের বিপদের পেশায় যুক্ত ব্যক্তিরা।

  কায়িক শ্রমে যুক্ত সমস্ত ব্যক্তি (শুধু যাঁরা গ্রুপ III-তে পড়ছেন তাঁরা বাদে), নগদ টাকা বহনকারী কর্মচারী, গ্যারেজ ও মোটর মেকানিক, মেশিন চালক, ট্রাক বা লরি ও অন্যান্য ভারী গাড়ির চালক, পেশাদার অ্যাথলিট ও স্পোর্টসমেন, কাঠের মিস্ত্রি ও একই ধরনের বিপদের পেশায় যুক্ত ব্যক্তিরা।

- **ঝুঁকি গ্রুপ** III

  মাটির নিচে খনিতে কর্মরত ব্যক্তি, বিস্ফোরক ম্যাগাজিন, হাই টেনশন সাপ্লাই সহ বৈদ্যুতিক ইনস্টলেশনে যে শ্রমিকরা কাজ করেন, জকি, সার্কাস কর্মী, চাকা বা ঘোড়ার পিঠে রেস, শিকার, পর্বতারোহণ, উইন্টার স্পোর্টস, স্কিয়িং, আইস হকি, বেলুনিং, হ্যাং গ্লাইডিং, রিভার র‍্যাফটিং, পোলোর মতো কাজে যুক্ত ব্যক্তিরা এবং একই ধরনের বিপদের পেশা/কার্যকলাপে যুক্ত ব্যক্তিরা।

  ঝুঁকির গ্রুপগুলি যথাক্রমে 'স্বাভাবিক', 'মাঝারি' ও 'উচ্চ' হিসেবেও পরিচিত।

**বয়স সীমা**

কভারকৃত হওয়া ও পুনর্নবীকৃত হওয়ার জন্য সর্বোচ্চ ও সর্বনিম্ন বয়স সীমা একেকটা কোম্পানির ক্ষেত্রে একেক রকম। সাধারণত আদর্শ মাপকাঠিটা হলো 5 বছর থেকে 70বছরের সময়। তবে কোনো ব্যক্তির যদি ইতিমধ্যেই একটা কভার থাকে, তাঁর 70বছর পূরণ করার পরও পলিসি পুনর্নবীকরণ হতে পারে তবে 80বছর বয়স পর্যন্তই, এর জন্য একটা রিনিউয়াল প্রিমিয়াম বহন করতে হয়।

পুনর্নবীকরণ বা নতুন কভারের জন্য সাধারণত কোনো মেডিক্যাল পরীক্ষার দরকার হয় না।

**মেডিক্যাল খরচ**

মেডিক্যাল খরচ কভার হলো নিম্নরূপ:

- অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে দুর্ঘটনাজনিত শারীরিক আঘাতের সঙ্গে সম্পর্কিত মেডিক্যাল খরচের কভার পেতে এন্ডোর্সমেন্ট দিয়ে একটা ব্যক্তিগত দুর্ঘটনা পলিসিকে বাড়ানো যায়।
- পলিসির অধীনে অন্যান্য সুবিধার সঙ্গে এই সুবিধাগুলিও যুক্ত থাকে।
- এটা জরুরী নয় যে ব্যক্তিকে হাসপাতালে ভর্তি হতেই হবে।

**যুদ্ধ ও সম্বন্ধযুক্ত ঝুঁকি**

অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে বিদেশে অসামরিক দায়িত্বে কর্মরত ভারতীয় সেনা / বিশেষজ্ঞদের যুদ্ধের ঝুঁকি কভার দেওয়া হতে পারে।

- শান্তিপূর্ণ সময় বা স্বাভাবিক পর্বে ব্যক্তিগত দুর্ঘটনা পলিসি স্বাভাবিক হারের থেকে 50শতাংশ অতিরিক্ত হয় (অর্থাৎ স্বাভাবিক হারের 150 শতাংশ)
- সাধারণ হারের উপর 150শতাংশ অতিরিক্ত হিসেবে (অর্থাৎ স্বাভাবিক হারের 250শতাংশ হারে) ব্যক্তিগত দুর্ঘটনা পলিসি ইস্যু করা হয় অস্বাভাবিক/শঙ্কিত সময়কালে (অর্থাৎ এমন একটা সময়কাল যখন বিদেশে ইতিমধ্যেই যুদ্ধের মতো পরিস্থিতি হয়েছে বা হওয়া অবশ্যসম্ভাবী হয়ে গেছে অর্থাৎ যেখানে অসামরিক কর্তব্য পালনে ভারতীয় সেনাদের কাজ করতে হচ্ছে)

**প্রোপোজাল ফর্ম**

ফর্ম নিম্নলিখিতগুলি সম্পর্কে তথ্য প্রকাশ করে:

- ব্যক্তিগত বিবরণ
- শারীরিক অবস্থা
- অভ্যাস ও অবসর বিনোদন
- অন্যান্য বা পূর্ববর্তী বীমা
- পূর্ববর্তী দুর্ঘটনা বা অসুস্থতা
- উপকার ও বীমাকৃত রাশি নির্বাচন
- ঘোষণা

উপরে বর্ণিত চাহিদাগুলি নিম্নোক্তভাবে ব্যাখ্যা করা যেতে পারে:

- প্রসঙ্গত, বয়স, উচ্চতা এবং ওজন, পেশা পূর্ণ বিবরণ এবং গড় মাসিক আয়ের সঙ্গে সম্পর্কযুক্ত ব্যক্তিগত বিবরণ।
- বয়স এটাই দেখিয়ে দেয় যে কাঙ্খিত পলিসিতে প্রবেশের বয়সসীমার মধ্যে প্রস্তাবক রয়েছেন কিনা। ওজন ও উচ্চতা তুলনা করা উচিত লিঙ্গ, উচ্চতা ও বয়স অনুযায়ী গড় ওজনের টেবিলের সঙ্গে এবং প্রস্তাবক যদি গড়ের 15শতাংশ বেশি বা কম জানিয়ে থাকেন তাহলে আরো অনুসন্ধান করতে হবে।
- কোনো শারীরিক অপূর্ণতা বা খুঁত, দূরারোগ্য রোগ প্রভৃতি সম্পর্কিত শারীরিক অবস্থার বিবরণ
- যাঁর একটা অঙ্গ হানি হয়েছে বা একটা চোখের দৃষ্টিশক্তি চলে গেছে এমন প্রস্তাবকদেরই কেবলমাত্র অনুমোদিত কেসে বিশেষ শর্তে স্বীকার করা হয়। এরা অস্বাভাবিক ঝুঁকি গঠন করেন কারণ তাঁরা 'নির্দিষ্ট ধরনের দুর্ঘটনা এড়াতে কম সক্ষম এবং যদি অন্য হাত বা পা চোটগ্রস্ত হয় বা আরেকটা চোখের দৃষ্টিশক্তি প্রভাবিত হয় তাহলে নিষ্ক্রিয়তার স্তর ও মেয়াদ স্বাভাবিক তুলনায় আরো বেশি হবে।
- ডায়াবেটিস পুনরুদ্ধারকে মন্দীভূত করতে পারে কারণ ক্ষত দ্রুত নাও সারতে পারে এবং নিষ্ক্রিয়তা অসঙ্গতভাবে দীর্ঘায়িত হতে পারে। প্রস্তাবকের মেডিক্যাল হিস্ট্রি পরীক্ষা করতেই হবে এটা নির্ধারণ করার জন্য যে ক্ষত বা অসুস্থতা তাঁর ভবিষ্যতের দুর্ঘটনার ঝুঁকিকে প্রভাবিত করবে কিনা এবং কতটা করবে। এই ধরনের অবশ্যসম্ভাবী গুরুতর প্রকৃতির বহু অভিযোগ রয়েছে যা ঝুঁকিটাকে বীমার অযোগ্য করে দেয় যেমন হার্টের ভালভের অসুখ।
- পর্বতারোহণ, পোলো, মোটর রেসিং, অ্যাক্রোবেটিক্স প্রভৃতির মতো বিপজ্জনক অবসর বিনোদনে অতিরিক্ত প্রমিয়াম লাগে।

## বীমাকৃত রাশি

একটা ব্যক্তিগত দুর্ঘটনা বীমা বীমাকৃত রাশি সতর্কতার সঙ্গে নির্দিষ্ট করতে হয় যাতে সেগুলি উপকারী পলিসি হয় এবং কঠোর খেসারতের মধ্যে আটকে না থাকে। 'বৈতনিক কর্মসংস্থান'-এর মাধ্যমে উপার্জিত আয় বিবেচনায় সতর্কতা নেওয়া উচিত। অন্যভাবে বললে, বীমাকৃত রাশি নির্ধারণের সময় সেই আয়কে বিবেচনা করা উচিত নয় যা দুর্ঘটনার ফলে প্রস্তাবককে প্রভাবিত করবে।

বীমাকারী/আন্ডাররাইটারদের বীমাকৃত রাশি নির্দিষ্ট করার রীতি অনুযায়ী, যার জন্য কভার মঞ্জুর করা হবে সেই সঠিক অর্থ নির্ভর করে আন্ডাররাইটারের উপর। তবে সাধারণ অভ্যাসটা হলো মঞ্জুরকৃত কভার কোনোভাবেই বীমাকৃতের 72মাস/6বছরের উপার্জনের বেশি হওয়া উচিত নয়।

পলিসিটা যদি শুধুমাত্র মূলধনী সুবিধার জন্য হয় তবে বিধিনিষেধ কঠোরভাবে প্রযোজ্য হয় না। তবে অস্থায়ী মোট নিষ্ক্রিয় কভারের জন্য এটা হওয়া উচিত নয় যে প্রদেয় ক্ষতিপূরণের ক্ষেত্রে সেটা সেই মেয়াদকালে তাঁর উপার্জনের সঙ্গে অনুপাতহীন হবে। কভারটা যদি টিটিডি-র জন্য সাপ্তাহিক ক্ষতিপূরণ হয়, বীমাকৃত রাশি সাধারণত তাঁর বার্ষিক উপার্জনের দ্বিগুণ ছাড়াবে না।

বৈতনিক কর্মে নিযুক্ত নন এমন কোনো ব্যক্তিকে কভার দেওয়ার সময় যেমন গৃহবধূ, ছাত্র প্রভৃতি ক্ষেত্রে বীমাকারীকে নিশ্চিত হতে হয় যে তাঁরা এটা দিচ্ছেন শুধুমাত্র মূলধনী সুবিধার জন্য এবং এর জন্য কোনো সাপ্তাহিক ক্ষতিপূরণ দেওয়া হয় না।

**ফ্যামিলি প্যাকেজ কভার**

শিশু ও রোজগেরে নন এমন স্বামী বা স্ত্রীর জন্য কভার সীমাবদ্ধ থাকে মৃত্যু ও স্থায়ী বিকলাঙ্গতায় (আংশিক বা সম্পূর্ণ)। যদিও কোম্পানির নিজস্ব নিয়মের ভিত্তিতে সুবিধার টেবিল বিবেচনা করা যেতে পারে। কিছু কোম্পানি একটা নির্দিষ্ট সীমা পর্যন্ত রোজগেরে নন এমন স্বামী বা স্ত্রীর জন্য টিটিডি কভার অনুমোদন করে থাকে।

মোট প্রিমিয়ামের উপর সাধারণভাবে 5শতাংশ হারে একটা ছাড় মঞ্জুর করা হয়।

**গ্রুপ পলিসি**

বীমাকৃত ব্যক্তির সংখ্যা যদি নির্দিষ্ট সংখ্যা ছাড়িয়ে যায়, যেমন 100 তাহলে প্রিমিয়ামে একটা গ্রুপ ছাড় দেওয়া হয়। সংখ্যা কম হলেও যেমন 25হলেও গ্রুপ পলিসি ইস্যু করা হয় তবে কোনো ছাড় ছাড়া।

সাধারণভাবে নামবিহীন ভিত্তিতে পলিসি ইস্যু করা হয় কেবলমাত্র খুবই মূল্যবান ক্লায়েন্টকে, যেখানে সদস্যের পরিচিতি সন্দেহাতীতভাবে স্পষ্টতই প্রতিপাদ্য হয়।

**গ্রুপ ডিসকাউন্ট মাপকাঠি**

গ্রুপের নাম পাওয়ার নিরিখেই গ্রুপ পলিসি ইস্যু করা উচিত। গ্রুপ ছাড় ও অন্যান্য সুবিধা পাওয়ার জন্য প্রস্তাবিত ''গ্রুপ''কে স্পষ্টভাবেই নিম্নলিখিত ক্যাটাগোরির যে কোনো একটির আওতায় পড়া উচিত:

- কর্মচারীর উপর নির্ভরশীল ব্যক্তি সহ নিয়োগকর্তা – কর্মচারী সম্পর্ক
- প্রাক চিহ্নিত সেগমেন্ট / গ্রুপ যেখানে রাজ্য / কেন্দ্রীয় সরকারকে প্রিমিয়াম দিতে হয়
- একটা রেজিস্টার্ড কো-অপারেটিভ সোসাইটির সদস্যরা
- রেজিস্টার্ড পরিষেবা ক্লাবের সদস্যরা
- ব্যাঙ্ক/ডাইনার/মাস্টার/ভিসা ক্রেডিট কার্ড হোল্ডাররা
- ব্যাঙ্ক/এনবিএফসি-র ইস্যু করা ডিপোজিট সার্টিফিকেট হোল্ডাররা
